এইচ্ জি ওঞ্জেল্সের —— গৃছ্বা——

সম্পাদক নূপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ)ায়

 প্রথম প্রকাশ

 তৈন্ত , ১৩৫৬
পরিবর্ধিত দিতীর সংক্ষরণ
শ্রোবণ, ১৩৬১
জুলাই ১৯৫৪

প্রকাশ করেছেন অমিয়কুমার চক্রবর্তী শ্রামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা-১২

প্রচ্ছদ এঁকেছেন আ**শু বদ্যোপাধ্যা**য়

ছেপেছেন
প্রথম সাত ফর্মা—পুলিনবিহারী টাট
এইচ্ এস্ প্রেস, বরাহনগর
বাকী বই—খ্যামস্থন্দর ঘোষ
ঘোষ আর্ট প্রেস,
১৩৫এ, মুক্তারামবাবু খ্রীট, কলিকাতা-৭

বঙ্গান্মবাদ-স্বত্ত্বের একমাত্ত অধিকারী অভ্যুদ্র প্রকাশ-মন্দির এইচ্ জি ওয়েল্সের পুণাস্মৃতির উদ্দেশ্তে

এমন একদিন ছিল, থুব দূরে নয়, যথন বাঙলা সাহিত্যে অমুবাদের বিশেব কোন আদর ছিল না। সেই জন্ত অবস্থার চাপে এক শ্রেণীর লেথক অমুবাদ-কার্যকে পাঠকের রুচির দিকে লক্ষ্য রেথে নিজেদের খুশি নতন অবৈজ্ঞানিক করে তোলেন। সোভাগ্যের বিষয় পাঠকের রুচির পরিবর্তন হয়েছে। আজ অমুবাদ-কার্য তার যোগ্য আসন অধিকার করতে চলেছে। এবং সেই সঙ্গে অমুবাদকের দায়িত্বও যথাবিধি নির্দিষ্ট হতে চলেছে। এই দায়িত্ব-বোধ সম্বন্ধে একান্ত সজাগ হয়েই অভ্যাদয় প্রকাশ-মন্দির এইচ্জি ওয়েল্সের এই অপূর্ব ছোট গরগুলিকে বাংলা ভাষার অন্তঃপুরে নিয়ে এসেছেন।

বিংশ শতানীর বিশ্ব-জগতে বাঁরা নেথনী চালনার দ্বারা সাহিত্যে আলোড়ন আনতে পেরেছেন, ওরেলস তাঁনেরই একজন। অতি সাধারণ মধ্যবিত্ত ঘরের সন্তান তিনি। প্রথম জীবনে বছ ধাকা সামলে তাঁকে সাহিত্যক্ষেত্রে গৌছতে হয়। তাঁর আগ্রীয়-স্বজনেরা কিশোরকালেই তাঁকে টাকা রোজগারের তাগিদে দোকানে ঠেলে দিয়েছিলেন, সেথান পেকে সম্পূর্ণভাবে নিজের চেষ্টায় তাঁকে বেরিয়ে আসতে হয়। সামান্ত স্থ্ন মাষ্টারী করতে করতে তিনি নিজের উচ্চশিক্ষার ব্যবস্থা করেন। ছেলেবেলা থেকেই বিজ্ঞানের দিকে ছিল তাঁর স্বাভাবিক আকর্ষণ এবং বিজ্ঞানের ছাত্র হিসাবেই তিনি বিশ্ববিত্যালয়ের ডিগ্রী অর্জন করেন। সোভাগ্যবশতঃ কলেছে বিজ্ঞানের ছাত্ররূপে তিনি সেই যুগের অন্তত্ম শ্রেষ্ঠ বিজ্ঞানী টি এইচ্ হাক্সলের সংস্পর্শে আসেন এবং তাঁর ভবিশ্বং চিন্তাধারায় এই বিজ্ঞান-নায়কের দান বিশেষ প্রভাব বিস্তার করে।

বিজ্ঞানের ছাত্র হিনাবে ওয়েল্দ্ সাহিত্যে বিজ্ঞানের একটা স্বতম্ম স্থান করে দিয়েছেন। বিংশ শতান্দীর নাগরিক হিসাবে আমাদের দৃষ্টিভঙ্গীর মধ্যে যে বৈজ্ঞানিকতা অন্তপ্রবিষ্ট হয়ে গিয়েছে, ওয়েল্দ্ তার স্থােগ নিয়ে বৈজ্ঞানিক সত্যের সঙ্গে কবি-কল্পনাকে মিশিয়ে এক অপূর্ব রহস্তলাকের স্থাষ্ট করেছেন। বিজ্ঞানের সন্তাব্য সত্যকে তিনি পাকা ওতাদেশে, মতর্ন হদ স্থি কল্পনার সঙ্গে এমনভাবে সংযুক্ত করেন যে অসম্ভবকে আর অসভব বলে মনে হয় না, কল্পনাকে শুরু রূপকক্ষা বলে উড়িয়ে দিতে পারা যায় না। তাঁর ছোট গল্লগুলির মধ্যেই তাঁর এই সাহিত্যিক কৌশল স্থলরভাবে ফুটে উঠেছে। এবং বর্তমান গ্রন্থের প্রত্যেকটি গল্পই সৈই বৈশিষ্ট্যে উজ্জ্ল হয়ে আছে। এই গল্পগুলির মধ্যে পাঠক বর্তমান যুগের একজন শ্রেষ্ঠ কলা-কুশলী সাহিত্যিকের নিপুণতা যোল আনাই সম্ভোগ করতে পারবেন এবং সেই সঙ্গে মানব-মনের হুজ্ঞের এক রহস্ত-লোকের সংস্পর্শে এসে নব নব আনন্দ ও বিশ্বয়ের চেতনা অমুভব করবেন।

न्द्रपञ्चक्ष हटडेगिशाशास

দ্বিতীয় সংস্করণে সমস্ত গল্পগুলি পরিমার্জিত হল, ছটো নতুন গল্প সংযোজিত হল! প্রকাশক

দৃষ্টিহীনের দেশ

শিঘোরাজো থেকে তিনশোর বেশী, কোটোণ্যাক্সির তুষারের থেকে একশো মাইল দূবে, ইকুষেডরের এাত্তেদ পাহাড়ের সবচেয়ে যন্ত ও ত্বধিগম্য অতুর্বর দেশে, সমগ্র পৃথিবীর লোক-চক্ষ্র অন্তরাকে রয়েছে সেই রহস্ত-ঘন পাহাড়ী উপত্যকা, দৃষ্টিহীনের দেশ। অনেক, অনেক দিন আগে পরিচিত পৃথিবী থেকে বিপদসম্বুল, তৃষার-ভল সভীর্ণ গিরি-সঙ্কট অতিক্রম করে এই উপত্যকার প্রশাস্ত ঘনতাম তৃণভূমিতে লোকের আসা সম্ভব ছিল এবং সত্য সত্যই পেক্দেশীয় অন্তাজদের একটি পবিবার তাদের স্পেনীয় শাসনকর্তার লালসা আর অত্যাচারের হাত থেকে আহারকার জ্বল্স সেই উণ্ত্যকায় এনেছিল। তারপরেই মিন্দোবাম্বার দেই প্রবল বিপর্যয়—সতের দিন ধরে কুইটোতে রাত্রিব মত অন্ধকার, ইয়াগুলাচিব ফু**টন্ত জলে** স্নুর গুলায়াকুইল পর্যন্ত সমস্ত মাছের মরে ভেদে ওঠা, **প্রশাস্ত** মহাসাগরের সম্প্র তীরব্যাপী পাহাড়ধ্বসা, বরফ জ্বে যাওয়া, হঠাৎ বক্তা নামা,—অবর্ণনীয় বিশুগুলা। ভারণর একদিন আরাউকার একদিকের সমগ্র চূড়া বক্তের বেগে ভেঙে পড়ে এই দৃষ্টিহীনের দেশকে চিরকালের জ্বন্ত অনুসন্ধানী মানুষের পদচিহ্ থেকে বঞ্চিত করে ফেলেছে। কিন্তু সেই আদিম অধিবাদীদের মধ্যে একজন পৃথিবীর এই মহাবিপর্যয়ের সময়ে উপভ্যকার ঠিক এই দিকে রয়ে গিয়েছিল। তাই তাকে বাধ্য হয়ে ভূলভে হল ওণাশের স্থন্দর-শ্রী উপত্যকা, তার স্ত্রী-পুত্র, বন্ধু-বান্ধব, আস্থীয় স্বজন, তার ধন সম্পত্তি; নীচের অপরিচিত পৃথিবীতে আবার নতুন

করে তাকে জীবনযাতা শুক্ষ করতে হল। গুরারোহ পর্বত্যের আশা-বাদী অভিযাতী দে, এই অভাবনীয় বিপদে মৃত্যান হয়ে পড়েনি; চেষ্টা করেছিল নতুন করে বাঁচতে—কিন্তু অস্থাে সে অন্ধ হয়ে গেল এবং তার মৃত্যু হল এক খনির গভীরতম অন্ধকারে। কিন্তু তার মৃথের কাহিনী আজও এ্যাণ্ডেসের আশেপাশে উপকথা হয়ে বেঁচে আতে।

সেই উপত্যকার তুর্গ থেকে তার ফিরে এদেশে আদার কারণ সে জানাল। শৈশবে একদিন একটা লামার পিঠে কতক মাল-পত্তের সঙ্গে বেঁধে তাকে ঐ উপত্যকায় নিয়ে যাওয়া হয়। ঐ উপত্যকায় মহয়-প্রাধিত কোনে। বস্তুরই অভাব নেই—হস্বাহ জল, শক্ত-শ্রামণ ক্ষেত আর স্নিগ্ধ জলবায়ু; পাহাড়ের উর্বর মেটে ঢালুতে হস্বাত্ ফলের বাগান, আর এঞ্দিকে শৈল-ম্বলিত তুষার-ক্তুপের ওপর হর্ভেন্ত ও উন্নত পাইন্-বন। মাথার ওপর অনেক, অনেক উচুতে তিনদিক ঘিরে রয়েছে তুষার-মৃকুট ধৃদর-ভাামূল উত্ত্রন্ধ পর্বত-শিখর, কিন্তু প্রবল তুষারত্রোত দেদিক দিয়ে না গিয়ে পাহাড়ের অক্ত পাশ দিয়ে বয়ে যায়, ভাধু মাঝে মাঝে প্রকাণ্ড ভূষার-ভূপ উপভ্যকার দিকে ভেঙে ভেঙে পড়ে। এই উপভ্যকায় নেই মেঘ-মেতুর বর্ষার ঘনঘটা বা তীব্র তুষারপাত, কিন্তু উচ্ছল ঝর্ণার প্রাচুর্বে সমস্ত উপত্যকা নদীমাতৃক দেশেই মতই শহাভামল। সেধানকার অধিবাসীরা হথেই ছিল। তাদের গুহ-পালিত পশুর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছিল, কিন্তু একটি কারণে ভাদের সমস্ত হুথ নই হয়ে গেল। ভাদের সমস্ত স্থ্য নষ্ট করার পক্ষে কারণটি নিতাপ্ত তুচ্ছ নয়। এক অজানা অহথে সে দেশ সংক্রামিত হয়ে উঠেছিল,— নবজাত সমস্ত শিশু, এমন কি কিশোরদেরও অনেকেই অন্ধ হয়ে গেল। এই অন্ধ মহামারীর করালগ্রাস থেকে দেশকে রঞা করার क्कार्ट क्वारना ७ वृक्ष वा मरखन महारन रम ममछ निभन, पूर्वात भव,

তুচ্ছ করে সঙ্কীর্ণ গিরিণাখ দিয়ে উপত্যকার এদিকে চলে এসেছিল। তথনকার দিনে এই সব অহুখের কারণ তাদের পাপের কলৈ বলেই ধরে নেওয়া হত, জীবাণুর বিষাক করণের কথা কেউ চিন্তা করত না। তাই তার ধারণা হয়েছিল যে, ওই উপত্যকায় পুরোহিত-বিহীন প্রথম অধিবাসীদের মান্দর-প্রতিষ্ঠায় অবহেলাই এই তুরারোগ্য অহথের একমাত্র কাবণ। সে চেয়েছিল এই উপত্যকায় তৈরি **হো**ক স্থলর, সাধা।সধে, বাঞ্ছিত-ফল-প্রশানক্ষম একটি মন্দির। সে মন্দিরে থাকবে কোনও সাধুসম্ভের পবিত্র চিহ্ন, দেবতার আশীর্বাদ আর মাহুষের বিখাদের সমন্বয়ে গ্রথিত কোনও রহস্তপূর্ণ পদক বা অস্ত কিছু। তার ধলিতে ছিল উপতাকা থেকে নিয়ে আসা থানিকটা কাঁচা রূপোর টকরো। কি করে সেটিকে পেল তার কোনও সমুত্তর দিতে পারত না, অথচ এত জোর গলায় সে জানাত যে সে যে উপত্যকা থেকে আসছে সেখানে একটুকরোও রূপো পাওয়া যায় না, যে তাকে এক অপটু মিথ্যানাদী ছাড়া আর কিছুই মনে করা যেত না। সে জানাল, উপত্যকার অধিবাদীলের অর্থে বা অলম্বারে বিশেষ কোনো প্রয়োজন না থাকায় তারা সমংখ একত্র সংগ্রহ করে ভাকে দিয়েছে, শুধু তাদের এই নিদারুণ তুর্ভাগ্যের বিক্দ্ধে কোনো দৈব সাহায্য লাভের জন্ম। কল্পনা করতে পারি নিচেও এই পৃথিবী সম্বন্ধে সম্পূৰ্ণ অনভিজ্ঞ সেই ক্ষীণদৃষ্টি, রোদে-পোড়া, তুর্বল পাহাড়িয়া ভার কাহিনী কোনো এক তীক্ষ্দৃষ্টি মনোযোগী পুরোহিতের কান্তে বলছে; আরও একটি ছবি চোথের উপর ভেসে ওঠে-উপতাকাকে দেই বিপদের হাত থেকে রক্ষা করবার জন্ম কোনোঃ অমোঘ দৈব প্রতিষেধক নিয়ে ফেরার জক্ম তার উদগ্র ব্যাকুলভা, সেই বিরাট ভূকম্পের পর গিরিস্ফটের মুথে অসজ্বনীয় উত্ত স্তুপ দেখে অনীম হতাশায় উদ্বেলিত হাদ্যে স্থায় হয়ে থাক।: ভার এই হর্ভাগ্যের কাহিনীর শেষটুকু আমার জানা নেই,

ভগু জানি, কয়েক বছর পর তার শোচনীর্য মৃত্যু হয়েছিল । হায়রে,
দ্রদেশী গৃহহার । যে ঝানর জল-প্রবাহে একদিন গিরিসফট তৈরী
হয়েছিল, তা আজ একটি গুহার মুখ ভেদ করে ঝরে পড়ছে এবং
তার এই অসংলগ্ন কাহিনী লোকের মুখে মুখে ঘুরে, 'কোন্ এক অজানা
অন্ধ জাগতের রূপকখা'য় পরিণত হয়েছে। আজও সে কাহিনী ভানকে
পাওয়া যায়।

শেই বিশ্বত, বিচ্ছিন্ন উপত্যকার সামান্তসংখ্যক অধিবাসীদের भरपा रमटे অञ्चर्णे हिन्ने खाँगी हर्य तर्य रनन । तृष्क्रता कीनपृष्ठि हर्य গেল, যুবকের। অতান্ত অল্প দেখতে লাগল এবং ভাদের ভবিশ্রৎ সম্ভানের। হল একেবারে অন্ধ। কিন্তু সমগ্র পৃথিবার অগোচরে সেই তুষার-বেষ্টিত উপত্যকায় জীবন-যাত্রা ছিল স্থলর, সরল এবং সহজ। দেখানে ছিল না কোনো কাটা গাছ বা ঝোপ, কোনো প্তঙ্গ বা হিংম্র জন্ত-ভুগু ছিল একপাল লামা, যাদের তারা এক দিন সেই তিরিশঙ্কটের শুকনো নদীর বালি ধরে তাদের আসার সময় অতি কটে টেনে এনেছিল। এত ধীরে ধীরে তাদের দৃষ্টিশক্তি ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে আস্চিল যে ভারা ভাদের এই চরম ক্ষতি লক্ষ্য করেনি। তাদেব অন্ধ সম্মানদের তারা এই উপত্যকায় খুরিয়ে ফিরিয়ে এত স্থপরিচিত করে দিয়েছিল যে তার প্রতিটি আনাচ কানাচ পর্যন্ত তাদের মনে গাঁথা হয়ে গিয়েছিল। স্বতরাং সেই উপত্যকার সকলেব কাছ থেকে দৃষ্টি চিবকালের জন্ম হারিয়ে গেলেও দে জাত নিংশেষ হয়ে যায় নি। পাথরের উন্ন তৈরি করে আগুনের ব্যবহারেও তার। পারদর্শী হয়ে উঠল। তারা সরল প্রকৃতির ছিল, শিক্ষার বিশেষ ধার ধারত না। স্পেনীয় সভাতাও তাদের মধ্যে বিশেষ রেখাপাত করতে পারেনি। প্রাচীন পেরুর ললিত কলা আর হারিয়ে-যাওয়া দর্শনের ক্ষীণ ধার। মাত্র তাদের মধ্যে রয়ে গিয়েছিল। এক এক করে কেটে গেল কয়েক পুরুষ।

কত জিনিম তারা ভূলে গেল, কত জিনিষ আবার উদ্ভাবন কবে নিল। যে বিশাল পৃথিবী থেকে ভারা একদিন ্ই উপভ্যকায় এদেছিল, তার অভীত ঐতিহ্য আজ রূপকথা। সববিষয়েই তারা ছিল সক্ষ শক্তিমান, ছিল না ওধু দৃষ্টি। তারপর তাদেব মধ্যে জন্মগ্রহণ করল একজন অপূর্ব মৌলিক মন নিয়ে—ভার বাক্পটুতা, তার যুক্তিপ্রয়োগের ক্ষমতায় সে তাদের শীর্ষপানীয় হথে উঠল। তারপর এল আর একজন। তারা চলে গেল, কিন্তু ভবিয়াৎ নাগরিকদের মনে তারা অক্ষয় রেখাপাত করে গেল। এই অল্পসংখ্যক নাগরিক সংখ্যায় ও বৃদ্ধিতে ক্রমবর্ধমান হয়ে তাদের সামাজিক ও অর্থনৈতিক সমস্ত সমস্তার সমাধানও ম্থাসম্ভব করতে লাগল। এক এক করে কেটে গেল কয়েক পুরুষ। আবার কয়েক পুরুষ কেটে গেল। যে লোকটি একদিন সামান্ত একটি রূপোর টুকরো নিয়ে এই উপত্যকার বাইরে বিশাল পৃথিবীর জনতার মধ্যে চিরকালের মত হারিয়ে গিয়েছিল, তাব পরে পনের পুরুষ কেটে গেছে। এমন সময় হঠাৎ বাইরের পৃথিবী থেকে একজন এই অধিত্যকার জন-সমান্দের মধ্যে এসে পড়েছিল। এবং সেই লোকটিরই এই কাহিনী।

কুইটোর কাছাকাছি কোনো এক জায়গার সে ছিল পাহাড়িয়া,
—উত্তাল সাগ্রহাত্রায় দেশদেশাস্তরের জীবনের সঙ্গে ছিল তার
পরিচয়, অভিনব মৌলিক পন্থায় হয়েছিল তার শিক্ষা সমাপন।
এক অভিযাত্রী ইংরেজদল এসেছিল ইকুয়েডরে পাহাড়ে চড়াব জন্ত ;
তিনজন স্কইস্ প্রথপ্রদর্শকের মধ্যে একজন হঠাৎ অস্ত্র্যু হয়েছিল।
এই উৎসাহী দৃঢ়প্রতিজ্ঞ যুবককে তার জায়গায় নেওয় হয়েছিল।
একটি হুটি করে একে একে প্রায় প্রত্যেকটি পর্বতশিশর সে
অতিক্রম করল, তারপর এল তার এ্যাণ্ডেসের সর্বোচ্চ পর্বত-শৃক্ষ
পেরাস্কোটোপেটল অভিযান। এশনেই সে বহির্জগতের কাছে
নিশ্চিক্ছ হুয়ে যায়। এই আক্ষিক ছুর্ঘটনার কাহিনী অনেকবার

লেখ। গ্রেছে, তার মধ্যে পয়েন্টারের বিবরণীই সবচেয়ে উল্লেখযোগ্য। তিনি নাটকীয় ঘাতে-সংঘাতে প্রাণবস্ত করে তুলেছেন মুনেজের সেই বোমহর্ষক অস্ত্রধান-কাহিনা—কী অভুত অধ্যবসায়ের সঙ্গে সেই অভিয়াত্রী দল খাড়াই পাহাড় বেয়ে অতি কটে শেষ এবং সর্বোচ্চ পর্বত-শিখবের পাদদেশ পর্যন্ত উঠেছিল, কীভাবে একটি পাথবের উপর তুষারের মধ্যে বাজিবাসের ব্যবস্থা করেছিল এবং কি করে তাবা জানতে পারল যে স্থনেজ তাদের মধ্য থেকে চলে গেছে। তারা সকলে চীংকারে দিগস্ত মুখরিত করে তুলেছিল, কিন্তু কোনও উত্তর পায় নি। তাদের সমবেত চীংকার আর বাশির শব্দে সমত্র পাহাড় প্রাত্থনিত হয়ে উঠেছিল, অবশিষ্ট রাভে আর তারা চোখের পাতা এক করতে পারে নি।

ভোরের পালোয় স্থনেজের পড়ে যাওয়ার চিহ্ন স্পষ্ট হয়ে উঠল। বোনো আর্তনাদের সময়ও বোরহয় সে পায় নি। পূবে, পায়াড়ের পজানা দিকে—অনেক, অনেক নীচে পাড়াই ঢালুতে শৈল-য়ালিড ছুমার-কুপের মধ্যে সে পিছিলিয়ে পড়েছিল। তার ঝালিত পথের শেষ চমেছিল উত্তুপ্ধ ভয়াবহ পর্বত-শৃপ্তের পাদদেশে, তারপার সব অস্কার। ফেনেক, অনেক নীচে এক সয়ীর্ব, পর্বত-বেষ্টিত উপত্যকা, সেই বিস্তৃত দৃষ্টিহীনের দেশের সারবন্দী গাছ দ্রজে মলিন হয়ে আছে। কিন্তু তারা জানতে পারেনি যে ওই-ই সেই দৃষ্টিহীনের দেশ,—অল্প কোনো সমীর্ব উপত্যকা থেকে তার প্রভেদ লক্ষ্য করতে তারা পারেনি। এই ছুর্ঘটনায় ভীত হয়ে তারা বিকেল বেলায় পর্বতারিকে য়ুছে যোগদান করতে হয়েছিল। আজ্বন্ত পেরাস্থকোটোপেটল তার অজ্বেম্ব পর্বতশৃক্ষ উন্নত করে স্বানীরবে দাঁড়িয়ে রয়েছে, শুধু পর্বত-শৃক্ষের পাদদেশে পয়েন্টারের আশ্রহ-শিবিরের ধ্বংসাবশেষ ত্রার-জুপে সমাধিলাভ কবেছে।

কিন্তু যে মাতুষটি পড়ে গিয়েছিল, বেঁচে গেল সে।

প্রায় ত্'হাজার ফুট নিচে আগেকার চেয়েও অনেক্লপাড়াই একটি বরফের ঢালের ওপর ভ্যাব-মেঘের মাঝে এসে পড়ে সে অজ্ঞান হয়ে গেল, কিন্তু ভাগাক্রমে তার শ্বীরের একটা হাড়ও ভাঙেনি। সেখান ধেকে আবার চিট্কে ঘ্বতে ঘ্রতে যেশানে গিয়ে পড়ল সেথানকার ঢালু তত্টা গড়ানে নয়। থানিকটা গড়াবার পর তার সঙ্গে নেমে-আসা নরম সালা তুষার-জ্বপের মধ্যে সে নিস্তব্ধ হয়ে রইল ৷ জ্ঞান হলে পর তার যেন কেমন মনে হতে লাগল যে সে অক্সন্থ হয়ে বিছানায় শুয়ে আছে। তারপর তার সহজাত পাহাড়ী বুদ্ধিতে সে তার প্রকৃত অবস্থা বুঝতে পারল। নিজেকে কোন রকমে তৃষারমৃক্ত করে একটু বিশ্রাম করে নিয়ে আকাশের তারা লক্ষ্য করে বাইরে বেরিয়ে এল। কিছুক্ষণ উপুড় ১য়ে চুপচাপ শুয়ে সে ভাবতে লাগল—দে এখন কোথায়, তার কী চয়েছে। সমস্ত অঙ্গপ্রতাঙ্গ ভাল করে লক্ষ্য করল। কোটের বোতামগুলো চুর্ন হয়ে গেছে. কোটটি মাথার সঙ্গে জ্ঞানো। ছুরিট। পকেট থেকে পড়ে গেছে, থৃতনির সঙ্গে শক্ত করে বাঁধা থাকা সত্ত্বও টুপিটা কোথায় গেছে হারিয়ে। মনে পড়ল, পাহাড়েব ওপর ভার আশ্রন্থানটির দেওয়াল উচু করার জন্ম দে আল্গা পাথর খুঁজছিল। তার বরফ-কাটা কুঠারও নিকদেশ ক্রেছে।

মনে হল, সে নিশ্চয়ই পড়ে গেছে এবং কতথানি পড়েছে, ওপর দিকে, তাকিয়ে দেখতে লাগল। উদীয়মান চাঁদেব আলো তার খালনপথকে অস্বাভাবিক উচু এবং ভয়য়র করে তুলেছে। ভয়ে ভয়ে সে হতবৃদ্ধির মত দেখতে লাগল—ওপরের পর্বত-শৃক্ষ কেমন করে অপসংখ্যান অন্ধ্যার ছাড়িয়ে ধীরে ধীরে মাথা তুলছে। তার ভৌতিক ও রহস্থাময় সৌলর্ঘে অভিভৃত হয়ে সে হাসতে হাসতে হঠাৎ উন্মাদের মত ফ্ পিয়ে ফ্ পিয়ে কেঁদে উঠল ...

অনেকশণ পরে তার মনে হল জা তৃষার-শৃদ্ধের নিয়তম প্রান্তে এইস বিশৃত্তি। চাঁদের আলায় দেখা যায়, নীচে ঈষৎ ঢালু পাহাড়ের এক অন্ধকার কোণে যেন পাথর-ছড়ানো একটুকরো সর্জ্বাস বিছোনো রয়েছে। কোনও রকমে পায়ে ভর দিয়ে উঠে দাঁড়াল, শরীরে অত্যস্ত বেদনা। সর্বাঞ্চের স্থূপীকৃত তৃষার ঝেড়ে ফেলে কোনো রকমে সেই সর্জ্ব ঘাসজমিতে নেমে গেল। তারপব একটা বড় পাথবের পাশে ঝুপ্ করে ভয়ে পড়ল। ভিতরের পকেট থেকে ফাস্ক বের করে একবার গলা ভিজিয়ে নিয়ে নিঃসাড়ে ঘুমিয়ে পড়ল।

অনেক, অনেক নীচে থেকে গাছের পাথিদের সমবেত কলতানে তার মুম ভাঙল।

উঠে বসল সে। তাকিরে দেখল, থাঁজ ।টা পাহাড়ের পাশে এক গভীর থাদের পাদদেশে ছোট একটুকরো ঘাসজ্ঞমির ওপর সে রয়েছে । তারই সামনে আর একটা পাহাড়ের দেয়াল আকাশ পর্যন্ত মাথ। তুলে দাঁছিয়ে । এই তুই পাহাড়ের মধ্যবতী প্রপশ্চমম্থী গিরিপথ প্রভাত-কিরণে ঝলমল করে উঠেছে; আলত পাহাড়ে অবকদ্ধ পশ্চমের ঢালু গিরি-সন্ধট পর্যন্ত সোলায় হেদে উঠছে। মনে হল, তার নীচেও ঠিক এই রকমই আর একটি থাঁজনেমে গেছে; সেই নালি-পথের তুষার পার হয়ে একটা চিমনির মত চোথে পড়ল। চিমনিটার ফাটল দিয়ে কিরঝির কবে তুষার-গলা জল ঝরছে, কোনো তুংসাহসিক হয়ত মরিয়া হয়ে দেটা বেরে নামতে পারে। যতথানি কঠিন মনে হয়েছিল, তার চেয়ে সহজ্ঞই সে দেখল এবং সেখান থেকে আর একটি সব্জ ঘাসজ্মিতে সে নেমে এল। তারপর তেমন কোনো কঠিন চড়াই পাহাড় না ভেঙে সে ঢালু জ্মির ওপরে একসার থাডাই গাছের কাছে এসে উপস্থিত হল। নিজের উপস্থিতি সম্বন্ধ সম্পূর্ণ সচেতন হয়ে সেই গিরি-

সক্ষটের দিকে ম্থে ফেরাল। এই গিরিস্কট শেষ হয়েছে এক ত্ণাচ্ছাদিত সমতল ভূমিতে, কতকগুলো অপরিচিত ধরণের পাথরের কুটির সেধানে ইতস্ততঃ বিক্ষিপ্ত। এক এক সময় তাকে হামাগুড়ি দিয়ে পাহাড়েব গা বেয়ে নামতে হচ্ছিল। কিছুক্ষণ পর ভোরের স্থের কাঁচা আলো গিরি-স্কটের অন্তরালে মিলিয়ে গেল,, কলম্থর পাথির সঙ্গীত হারিয়ে গেল, হিমশীতল বাতাসে প্রাতঃকালীন উজ্জ্লতা মান হয়ে এল। কিন্তু দ্রের সেই উপত্যক। আর তার কুটির আরও উজ্জ্ল দেখাতে লাগল। পাহাড়ের গায়ে এক অপরিচিত গুল্ম একটা ফাটল থেকে তার স্কৃত্ত ভালপাল। ছড়িয়ে বাইরে বেরিয়ে আসতে চাইছে, তারই একটি ভাঁটা তুলে নিয়ে কামড়ে দেখল, বেশ স্ব্যাহ।

অবশেষে প্রায় তুপুরে সেই গিরিদইটের মুখ-গহরর পার হয়ে যখন দে রৌদ্রুকরোজ্জন সমতল ভূমিতে এসে প্রভল তথন বেলা হিপ্রহর। অত্যন্ত প্রান্তদেহে একটা পাথরের ছায়ায় বদে পড়ল। ঝাণার জলে জলপাত পূর্ণ করে আকঠ পান করল। সামাক্ত বিশ্রামের পর সে কুটিরগুলোর দিকে যাত্র। করল। সমস্তই কেমন যেন অস্তুত বোধ হতে লাগল। যতই এগিয়ে যেতে লাগল, সেই উপত্যকাব সমগু পারি-পার্শ্বিক আরো বিচিত্র, আরো অপরিচিত বলে মনে হল। ফুল্বর বঙিন ফুল-ছড়ানে৷ তুর্বাশ্রামল সমতল উপত্যকাটিব প্রায় সর্বত্তই অত্যক্ত যত্র ও সাবধানতার সঙ্গে জল-সেচন ও চাষের ব্যবস্থা করা হয়েছে। উপত্যকার ওপরে একটা প্রাচীর, মনে হয় যেন একটা জ্লপ্রণালীকে বেঁধে রাথা হয়েছে। ছোট ছোট জলের ধারা সেগান থেকে বেরিয়ে এসে সমন্ত উপত্যকার গাছপালার মধ্যে সজীবত। এনে দিয়েছে। ওপরের পাহাড়ের ঢালু গায়ে অপ্রচুর তৃণভূমিতে একপাল লামা চরে বেডাচ্ছে। দীমান্ত দেয়ালের এখানে দেখানে লামাদের জন্ম আগ্রাহের ব্যবস্থা আছে। জ্বল-সেচনের নালাগুলি উপত্যকার মাঝখানে একটি প্রধান থালে গিয়ে পড়েছে। এই খালটি খুব সমান উচু পাঁচিল দিয়ে

বাধ দেওয়া। এই জ্বাসেচনের প্রণালী আর সাদা-কাল্লো পাথরে বাধানো অঙুঙি, রাভাগুলো এই নির্জনতার বুকে নাগবিকতার ছাপ একৈ দিয়েছে।

মধ্য-গ্রামের বাজিগুলো তার পরিচিত পাহাজী গ্রামের ঘর বাজির
মত ইতস্তত:বিক্ষিপ্ত ও খুপরিকার নয়। মাঝের রান্থাটি আশ্রুষ
রক্ষের পরিকার, তার ত্'পাশে বাজিগুলো সাববন্দী ভাবে সাজানো।
বাজির সামনের দিকটা রঙচঙে, একটা করে দরজা সেধানে উকি দিছে।
কিন্তু কোথাও জানলার চিহ্নাজ নেই। অসতকভাবে ও অনিয়মে
বাজীগুলো রঙ করা—কোথাও ধুসর, কোথাও মেটে, কোথাও শ্লেটের
মতো কালো, কোথাও গাঢ় বাদামী রঙ়। এই অভুত বঙ্বাহাবী
পল্ভারা দেখে সেই অভিযাজী পথিকের মনে 'অন্ধ' কণাটি সন্দেহ হয়।
তথনই ভার মনে হছ, বাত্জের মত অন্ধ কোনো লোক এই পল্ভারা
করেছে।

থাড়াই ধরে নেমে দেয়ালের কাছে এসে সে দেখল, উপত্যকার শেষ
প্রাপ্তে একদল স্ত্রা ও পুরুষ স্থূপীকৃত ঘাসের ওপর বসে সামান্ত বিশ্রাম
করছে, গ্রামের কাচাকাছি কতগুলো ছেলে শুয়ে আছে, এবং তারই
পুর কাছে তিনটি লোক কাঁধের ভারে জলপাত্র নিয়ে একটা সক রাস্তা
ধরে ঘরবাড়িগুলোর দিকে যাচ্ছে। তাদের পরিধানে লামার চামড়ার
পোষাক, চামড়ার জুতো এবং বেল্ট, কাপড়ের টুপি। পর পর এক সারে
সারা রাত্রির অনিদাগ্রস্ত লোকের মত হাই তুলতে তুলতে ধারে ধারে
তারা যাচ্ছিল। তাদের হাবে-ভাবে এমন সম্ত্রান্ত আচরণ প্রকাশ পাচ্ছিল
যে মনেজ প্রথমে একট্ ইত্ততেঃ করল, কিন্তু তারপর একটা পাথরের ওপর
উঠে নিজেকে স্পান্ত করে জাহির করে সে এক তীর চীৎকার করল—
সারা উপত্যকায় সেই চীৎকারের প্রভিধ্বনি ঘূরে বেডাতে লাগল।

লোক তিনটি হঠাৎ থেমে পড়ে চাবিদিকে মাথা ঘোরাতে সাগল। মনে হল, তারা বেন কাকে খুঁজছে। তাই ফুনেজ তার হাত-পা ছুঁড়ে তাদের ইনারা করতে লাগল। কিন্তু তারা তার অক-প্রত্যেদ সকালনের কিছুই দেখতে না পেয়ে কিছুকণ পরে দুর্বের পাহাড়ের দিকে তারই চীৎকারের প্রত্যান্তরে সমন্বয়ে চীৎকার করে উঠল। মুনেজও চীৎকার করে উঠল, তারণর আরও একবার, তারণর নিফল হাত-পা ছোড়ার পর তার মনে আর একবার 'অন্ধু' কথাটা দাডা দিল। বলে উঠল, 'বোকা লোকগুলো নিশ্চয়ই অন্ধ'।

অবশেষে অনেক চীৎকার আর আক্রোশ প্রকাশের পর দে যথন একটা ছোট পুল দিয়ে ঝর্ণা পার হয়ে দেয়ালের মাঝের দরজা অতিক্রম করে ভিতরে তালের কাছে এল, তথন সে স্পষ্ট বৃঝতে পারল যে তারা একেবারে অন্ধ। এইটিই যে সেই রূপকথার দৃষ্টিহীনেব দেশ, তাতে আর তার সন্দেহ রইল না। এ বিষয়ে নি:সন্দেহ হতেই এক তৃ:সাহসিক অভিযান তার মধ্যে সাড়া দিয়ে উঠল। লোক তিনটে পাশাপাশি দাঁড়িয়ে রয়েছে। তার দিকে একেবার ৭ না তাকিয়ে, ভুধু তার দিকে কান পেতে তারা তাব অপরিচিত পদধ্বনি লক্ষ্য করতে লাগল। ভয়-পাওয়া লোকের মত তারা গা-ঘেঁষে দাঁড়িয়ে রয়েছে। তালের চোথের পাতা বোজা, চোথ গর্ভে বসানো—চোথের তারা যেন কোথায় শুকিয়ে বসে গেছে। তালের পীতাভ মুধে ভীত পাংশু ছায়া।

'মাহৰ,' তুৰ্বোধ্য স্পেনীয় ভাষায় কে এঞ্জন বলল, একটা মাহৰ—কিংবা কোন ভৌক্তিক আত্ম পাহাড় থেকে নেমে এসেছে।

কিন্ত শপ্পতিষ্ঠ যুবকের নবযৌবনের দৃগ্য পদক্ষেপে ছনেজ এগিয়ে এল। হারানো উপত্যকা আর দৃষ্টিহীনের দেশের সমস্ত কাহিনী তথন তার মনে ভীড় করে এসেছে, তার চিন্তার জালে কোনে। গানের সঞ্চারীর মত একটি কলি শুধু বারবার ঘুরে বেড়াতে লাগল:

দৃষ্টিহীনের দেশের রাজা একচকু মাত্রষ দৃষ্টিহীনের দেশের রাজা একচকু মাত্রষ তাই অত্যন্ত ভদ্রতার সঙ্গে সে তাদের প্রভিবাদন করলু। গোজা তাকিয়ে তীদের সঙ্গে কথা বলতে লাগল।

ও কোথা থেকে আসছে ভাই পেড়ো ? একজন প্রশ্ন করল। পাহাড়ের ভেতর থেকে।

পাহাছের ওপার থেকে আমি আসছি, ছনেজ বলে উঠল—, কৈ উঁচু পাহাড় থেকেও অনেক দূরে আমার দেশ—যেথানে মাতৃষ্ধ দেখতে পারে। বোগোটার কাছাকাছি সে জায়গা; সেথানে লক্ষ লক্ষ লোকের বাস, সেথানে শহরের শেষ প্রান্ত দৃষ্টির অন্তরালে হারিছে যায়।

দৃষ্টি ! পেছে। বিড় বিড় করে উঠল, দৃষ্টি ? পাহাড়ের ভেতর থেকে ও আসতে, দ্বিতীয় অন্ধ বলে উঠল।

চনেজ লক্ষ্য করল, ওদের কোটের কাপড় অন্তুত ধরণের; প্রত্যেকটিই বিভিন্নভাবে সেলাই করা।

তার দিকে একট। হাত বাড়িয়ে সকলকে এক সঙ্গে তার দিকে এগিয়ে আসতে দেখে সে চমকে উঠল। এই প্রসাবিত হাতগুলো এড়াবার জন্ম পিছু সবে গেল সে।

তার এই সরে-যাওয়া আদ্দেজ করে চট্ করে তার হাতটি আঁকিড়ে ধরে তৃতীয় অন্টে বলল, এদিক এস।

মুনেজকে ধরে তারা হাত দিয়ে তার সমস্ত শরীর অমুভব করতে
শাগল। তাদের কাদ শেষ না হওয়া পুর্যন্ত একটিও কথা সে বলল না।

সাবধান, একটা চোখে আঙুল চেপে সে চীংকার করে উঠল।
তার চোখের পাতার ওঠা নামা অফ্টর করে তারা যেন তার শরীরে
এক অস্তুত জিনিষের সন্ধান পেয়েছে। আবার তারা তার চোখেব
পাতাটা অক্টর করার চেষ্টা করল।

পেড়ো নামে লোকটি বলল, এ এক অভুত জীব, কোরিয়া।
ভর থস্থদে চুলে হাত দিয়ে দেখ, যেন লামার ঘন লোম!

যে পাছাডে ওর জন্ম, ও ঠিক তারই মত কর্কণ, স্থনেজের অ-কামানো দ্যুডিতে তার ভিজে, নরম হাত বুলিয়ে কোরিয়া বলল, শরে হয়ত ও একটু ফল্পর হবে। মনেজ তাদের পরীক্ষার হাজ থেকে রক্ষা পাওয়ার একটু চেয়া করল, কিন্তু তার। তাকে বজ্রমৃষ্টিতেই ধরে রেখেছিল।

সাবধান, আবার বলে উঠল সে।

কথা বলছে,—তৃতীয় লোকটি বলল, তবে নিশ্চয়ই এ একটা মানুষ।

উঃ! তার কোটের অমহণতায় পেড্রো চমকে ওঠে। ডুমি ভাহলে পৃথিবীতে এসেছে ? পেড্রো জিজ্ঞাসা করল।

পৃথিবীর বাইরে এসেছি। পর্বত আর তার ভ্ষার-নদী ছাড়িরে, এখান থেকে স্থের দ্রত্বের আধাআধি দ্বে আমার দেশ। বারো দিন সমুদ্রের পথ পেরিয়ে। বিশাল পৃথিবীর বাইরে এসে পড়েছি।

তারা তার কথায় কান-ই দিল না। কোরিয়াবলল, আমাদের পূর্বপুরুষেরা বলে গেছেন যে প্রাকৃতিক উপাদানে মান্ত্রের স্পষ্ট হতে পারে, যেমন ধর,—উত্তাপ, জলীয় বাষ্প, আর যত সব পচা আর গলিত পদার্থ।

পেছো বলল, একে মাতকারদের কাছে নিয়ে যাওয়া যাক্।

কোরিয়া বলন, আগে চীৎকার করে সকলকে সাবধান করে দাও, নয়ত ছোটরা ভয় পাবে। কী মজার ব্যাপার!

তরি। চীৎকার করে উঠল। পেড্রো এগিয়ে গিয়ে স্থনেজের হাত ধরে তাদের বাড়ীর দিকে নিয়ে খেতে লাগল।

সে তার হাত ছাড়িয়ে নিয়ে বলল, আমি দেখে চলতে পারি।
দেখা। কোরিয়া আকাশ থেকে পড়ল।

ই্যা, দেখা, ভার দিকে ফিরে ফুনেজ বলে উঠল, কিন্তু ভক্সনি পেড়োর জ্বলপাত্তের ওপর হোঁচট থেয়ে পড়ল। ওর সুমন্ত ই ক্রিয় এখনো অপরিণত, তৃতীয় অন্ধটি জানাল— ধান্ধা থায়, আজে-বাজে অর্থহীন কথা বলে। ওকে হাত ধরে নিমেচল।

বেশ, কোমাদের য^{় ইচ্ছে}, স্থনেজ হাসতে হাসতে তাদের সঙ্গে অগিয়ে চলল।

মনে হয়, তারা দৃষ্টির কথা কিছুই জানে না। যাই হোক্, সময় মত ভাদের সমস্ত সে শিথিয়ে দেবে ।

দ্র থেকে মাহুষের কোলাহল স্পষ্ট হয়ে ওঠে, গ্রামের মাঝের রাস্তায় কতক লোকের মৃতি জড় হডেও দেখা যায়।

দৃষ্টিংগীনের দেশের অধিবাদীদের সঙ্গে প্রথম সাক্ষাতে যতথানি সেআশা করেছিল, তার চেয়ে অনেক বেশী তার শক্তি ও ধর্ষ পীড়ন
করল তাকে। কাছে এগিয়ে এসে দেখল, জায়গাটা অনেক বড়, সেই
পলন্তরা আরো অভুত এবং একদল শিশু ও স্থা-পুরুষ তাকে বিরে
তাদের নরম হাতে ধরে, তার কথা শুনতে শুনতে চলেছে (চোধ
বোজা সত্তেও মেয়েদের অনেককে বেশ হুল্বরী দেখে তার মনে
আনন্ত হল)। কয়েদের অনেককে বেশ হুল্বরী দেখে তার মনে
আনন্ত হল)। কয়েদির আনেককে বেশ হুল্বরী দেখে তার মনে
আনন্ত হল)। কয়েবটি শিশু জার তরুণী ভয়ে ভয়ে তার কাছ থেকে
দ্বে দ্রে ইটিছিল। ভাদের নরম ক্রমেরের কাছে নিজের
কর্কশ ও ভারী পলা সভাই কেমন বিসদৃশ মনে হছিল। ভার
ভিনটি পথ-প্রেদর্শক তাকে ধরে ভারিক্ষি চালে ইটিতে
ইটিতে অনুসর্গকারীদের বলল, পাহাড়ের ভেতরের একটা বুনে।
লোক।

বোগোটা,—দে উত্তর দিল, বোগোটাগ, পাহাড়ের চূড়ার ওপারে:
আমার বাস।

পেছে। বলল, বুনো লোক, ভাই বুনো কথা বলছে। জনলে না,—বোগোটা! ওর মন এথনো তৈরী হয় নি; এই সবে কথা বলতে শিথেছে।

একটা ভোট ছেলে তার হাত ধরে সঞ্জোরে নাডা দিয়ে ভেংচি কেটে বলে উঠল,—বোগোটা।

ই্যা, বোগোটা। ভোমাদের এই গ্রামের ভূলনায় সে এক মহানগর। আমি এসেছি বিশাল পৃথিবী থেকে—সেধানে মাহ্নের চোথ আছে, দেখতে পারে।

প্রর নাম বোগোটা, সকলে বলাবলি করতে লাগল।

কি কাণ্ড! বলে উঠল কোরিধা—এইটুকু আসতেই ও ছ্'বার হোঁচট থেয়েছে!

চল চল, ওকে নিম্নে মাতক্ষরদের কাভে যাওয়া যাক্।

তারা ইঠাং তাকে একটা দরজা দিয়ে একটা ঘরে ঠেলে চুকিয়ে দিল। ঘরটি অন্ধকার, পিচের মত কালো। শুধু এককোণে একটা আগুন টিপ টিপ করে জলতে। তার পিছনে যে জনতা ভিড় করে দাঁজাল, দিনের আলোর ক্ষীণতম আভা ছাড়া আর সবই তাদের আড়ালে ঢাকা পড়ে গেছে। তাদের অত্তকিত ধালা থেকে সামলে নেবার চেটা করার আলেই সে একজন বসে-থাকা মান্ত্রের পায়ের শুপর হুমড়ি থেয়ে পড়ে গেল। পড়বার সময় তার প্রসারিত হাত কার মুখের ওপর সন্ধোরে গিয়ে পড়ল, অন্তত্তব করল তার নরম শরীরেব কোমলতা এবং শুনতে পেল এক কুদ্ধ চীংকার। কতগুলো হাত তার দিকে এগিয়ে আস্ছিল,—তাদের সঙ্গে কিছুক্ষণ তাকে লড়াই করতে হল। এক তরফা য়ুদ্ধ। হুঠাং সমস্থ পরিস্থিতি তার চোথের সামনে ভেসে ওঠায় নিঃসাড় হয়ে শুয়ের রইল সে।

বলল, আমি পড়ে গেছি, এই দারুণ অন্ধকারে আমি কিছুই দেখতে পাচ্ছিনা।

সামাত্র নিস্তরতা, মনে হল যেন তার চতুদিকের দৃষ্টিংশীন লোকেরা তার কথাগুলো বোঝবার চেষ্টা করছে। তারপর কোরিয়ার কণ্ঠম্বর শোনা গেল—ও এই সবেমাত্র তৈরি হয়েছে। ইটিতে ইটিতে টলে छैल পড়ে, जांत मार्य गार्य এমন कथा वरन य¥त रकारना मारने इंग्रेना

অক্স সকলেও তার সম্বন্ধে এমন স্ব কথা বলতে লাগল যা সে প্রতিষ্ঠিত তাতে বা ব্যাতে পারল না।

একটু থেমে জিজ্ঞাস করল, উঠে বসব কি **গু আমি আর** আপনাদের সঙ্গে হাভাহাতি করব না।

প্রামর্শের পর তাকে বদতে দে ওয়া হল।

বুদ্ধের গলায় কে একজন তাকে প্রশ্ন করতে শুরু কবল, আর উত্তরে এই দৃষ্টিহীনের দেশের অন্ধকারের বর্ষীয়ান অধিবাদীদের হনেক বোঝাবাব চেষ্টা কবতে লাগল—এই উপত্যকার বাইরের বিশাল পৃথিবীর রহস্ত; আকাশ, পাহাড়, দৃষ্টি এবং এই ধরণেব আশ্চর্য দ্বিনিষ। কিন্তু তারা কিছতেই তার কোনো কথা বিশাস করবে না বা বুঝবে না। এতটা মুনেজ আশঙ্কা করতে পারেনি। তার অনেক কথার মানেও তারা বুঝতে পাবে না। চৌদ্দ পুরুষ ধরে এখানকার অধিবাসীরা অন্ধ, দৃষ্টির জগতের সঞ্চে সমস্ত সম্পর্ক তাদের ছিল্ল, সমস্ত জিনিষের নাম তাদের মন থেকে মুছে বদলে গেছে। বাইবের পৃথিবীর কথা আজ তাদের কাছে ছোটদের রূপকথার মত; এবং তাদের চারিপাশের পাহাড়ের পাঁচিলের বাইরের স্বকিছুর সঙ্গে তাদের সমন্ত সম্পর্কও লুপু। এই অন্ধ আধ্বাসীদের মধ্যে প্রতিভাদম্পন্ন ব্যক্তিও জন্মগ্রহণ করেছেন; বিগত দিনের দৃষ্টিমান পূর্বপুরুষদের যত বিশাস যত সংস্থার তাদের মধ্যে তথনো ছিল-তার মূলে তারা কুঠারাঘাত করে জানালেন,—ও সব কল্পনা, বুজরুকি। তার বদলে তাঁরা সে-সবের নতুন অর্থ করে দিলেন ৷ দৃষ্টির সঙ্গে সঙ্গে उत्पत्र कज्ञनामकिछ थर्व हर्ष अत्मिष्टिल। अत्मत्र कज्ञना हिल व्यथरम চক্ষু সম্পর্কিত। কিন্তু ধীরে ধীরে তা নিজের রূপ বদলে নতুন করে কান আর আঙ্লের সঙ্গে জড়িয়ে পড়ল। ধীরে ধীরে হনেজ

একথা ব্যক্তি পারল, ব্ধতে পারল যে তার জন্ম এবং প্রতিভার জন্ম এদের কাছ থেকে যে শ্রদ্ধা বা বিশ্বম দে আশা করেছিল, দেদিক থেকে তাকে নিতান্ত নিরাশ হতে হবে। দৃষ্টির সঠিক বাাধ্যার জন্ত ছনেজের ক্ষীণ প্রচেষ্টাকে ওরা কোনো আমলই দিলনা—দৃষ্টি নাকি নবজাত প্রাণীর অসংলয় অমৃভৃতির বহি:-প্রকাশ! একটু হতাশ হয়ে দে এবার তাদের কথায় কান দিল। অদ্ধ অধিবাদীদের মধ্যে বয়োজ্যেষ্ঠ যিনি, তিনি তাকে জীবন, দর্শন এবং ধর্মে শিক্ষা দিতে লাগলেন—প্রথমে এই পৃথিবী (অর্থাৎ তাঁদের উপত্যকা) শুধু পাথরের মধ্যে এক নির্জন বিশাল গর্ত মাত্র ছিল, তারণর এল নিস্পাণেরা, তারপর লামা এবং অন্যান্ত জীবজন্ত যাদের সামান্ত বোধশক্তি আছে, তারপর এল মাহ্য । সব শেষে এলেন পরীরা—বাঁদের গান কিংবা ঝটপট শক্ষ শোনা যায়, কিন্ত ছোঁয়া যায়না। হুনেজ তো প্রথমে ব্রুতেই পারল না তারা কারা—হঠাৎ মনে হল, হয়ত পাধি হতে পারে।

তিনি স্থনেজকে বলে চললেন, কি করে সময়কে 'উষ্ণ' এবং 'শীতল' করে ভাগ করা হয়েছে,—অন্ধাদের দিন আর রাত—গরমে ঘূমোতে এবং ঠাণ্ডায় কাজ করতে কী আনন্দ! সে না এলে এতক্ষণে এই দেশের সকলেই ঘূমে নি:সাড় হয়ে পড়ত। তিনি বললেন, স্থনেজকে আলাদ। করে এই জন্ম তৈরী করা হয়েছে যে, তাঁরা যে জ্ঞান আহরণ করেছেন তা তাকে শিখতে হবে এবং তার মানসিক বিকাশের অপরিপূর্ণতার ও টলে টলে পড়ে যাণ্ডয়ার জন্ম তাকে অত্যন্ত যত্ন এবং সাহসের সঙ্গে সমস্ত কিছু শিখতে হবে। তাই শুনে দরজার আশেপাশের সকলেই সানন্দ গুঞ্জনে সমর্থন জানাল। তিনি বললেন, এখন অনেক রাত হয়েছে—কারণ অন্ধরা দিনকে রাত বলে—তাই সকলেরই এখন ঘূমিয়ে পড়া দরকার। স্থনেজ জানাল সে জানে, কিছু তার আগে সে চায় খাবার।

খাবার এল—বাটিতে করে লামার ত্থ খার পোড়া নোন্তা কটি।
তাকে ধরে একটি নির্জন জায়গায় নিয়ে গেল, যেখান থেকে তারা তার
থাওয়া শুনতে পারবে না। যতক্ষণ না আবার পাহাড়ী সন্ধ্যার
শীতলভায় দিন শুরু করতে তাদের উঠতে হয়, ততক্ষণ যেন সেধানে ঘুমিয়ে থাকে। কিন্তে শুনেজ একট্র গড়াল না।

বরং দে দেখানে উঠে বসল, এবং তার এখানে আসার পর থেকে
অপ্রত্যাশিত ঘটনাগুলি মনের মধ্যে বারবার আলোচনা করতে লাগল।
প্রতি মৃহুর্তেই সে ২েসে উঠিছিল—কখনও ম্বায়, কখনও বা কৌতুকে।
অপরিণত মন!—নিদ্বের মনে বলল,—এখনও ইন্দ্রিয়-শক্তি পায় নি!
ওরা জানে না যে ওদের অর্গ-প্রেরিত রাজাকে, ওদের প্রভূকে ওরা

অপমান করছে। ওদের আমার মতে এবং পথে আনতেই হবে।
আমার এখন শুধু ভেবে দেখা দরকার।

সুৰ্যান্ড হল, তথনও দে ভাবছে।

মুনেজ ছিল সৌন্ধের উপাসক। সেই উপত্যকার চারপাশের পাহাড়ের ওপরে জমাট ত্যারে ও ত্যার-স্রোতে স্থান্তের রক্ত-রঙীন আলোর থেলা—এরকম সে কোনো দিন আর তার জীবনে দেখে নি। উত্ত্যুত্ব পর্বত-শিথর থেকে তার দৃষ্টি নেমে এল গোধ্লির মান আলোয় ন্থিমিত ছোট গ্রামে আর তার সমত্বক্ষিত শহ্মামল ক্ষেতের ওপর। হঠাৎ সে অভিত্ত হয়ে উঠল, তাকে এই অবিনশ্বর সৌন্ধ্য উপভোগের জন্ম দৃষ্টিশক্তি দেওরার সে ভগবানকে ধক্সবাদ দিল।

গ্রাম থেকে তাকে ডাকছে সে শুনতে পেল,—-ওহে, ও বোগোটা ! এদিকে এস।

শুনে সে হেসে উঠে দাঁড়াল। একবার শেষবারের মত সে দেখাতে চায়, দৃষ্টির সাহায্যে মাছ্যের পক্ষে কী করা সম্ভব! তারা তাকে থুঁজে কিববে, কিন্তু ধরতে পারবে না।

নড়ে না, বোগোটা ! দেই গলা শোনা গেল।

নি:শংক হৈলে ও পথ একে সম্ভর্গণে ছ'পা পাশে সরে দাঁড়াল। ঘাস মাড়িও না, বোগোটা। ও নিয়ম নেই।

মনেজ নিজেই তার পায়ের শব্দ ভনতে পায় নি ! ৩।২ শে ৩।র এই কথায় আশ্চর্য হয়ে দাভিয়ে রইল।

সেই গলার মালিক কালো-সাদায় খচিত্ পথ ধবে ছুটে এল। আবার পথেব ওপর ফিরে এসে মুনেজ বলল,—এই যে আমি।

তোমাকে ভাকা মাত্র কেন ভূমি এলে না ?১অহ্ব লোকটি বলে উঠল,—তোমাকে কি ছোট ছেলের মত হাত ধরে নিয়ে যেতে হবে ? ভূমি কি হাঁটার সঙ্গে সঙ্গে শুনতে পাও না ?

মুজেন হাদল,—আমি দেখতে পারি।

'দেখা' বলে কোনো কথা নেই,—একটু থেমে অন্ধ লোকটি জানাল। এই পাগলামি ছেড়ে আমার পায়ের শব্দ ধরে চল।

একটু বিরক্ত হয়েই মুনেজ চলল। বললে,—খামারও সময় আসবে। হাা, তুমি শিখতে পাববে, অন্ধ লোকটি উত্তর দিল,—পৃথিবীতে অনেক কিছু শেখার আছে।

তোমাদের কি কেউ এলে নি যে, 'দৃষ্টিহীনের দেশের রাজা একচক্ষ্ মান্ত্র' ?

ঘাড় ফিরিটে অন্ধ লোকটি অন্তমনস্কভাবে বলল, দৃষ্টিহীন মানে কি গু চার দিন কেটে গেল, পঞ্চম দিনেও দৃষ্টিহীনের দেশের রাজাকে তাঁর প্রজারা এক অপদার্থ ও নির্বোধ বিদেশী — এর বেশী আর কিছু মনে করতে পারল না!

হনেজ দেখল, নিজেকে জাহির করা যতথানি সোজা সে মনে করেছিল তা নয়; অনেক, অনেক কঠিন। মনে মনে অভর্কিত আক্রমণে রাজ্য ছিনিয়ে নেওয়ার জন্ধনা-কল্পনা করা সত্ত্বেও সে তাদের প্রতিটি কথা শুনছিল, শিথছিল দৃষ্টিহীনের দেশের আচার ব্যবহার, নিয়ম-কাছন। রাতে হাঁটা, চলা বা কাজ করা ভার কাছে অভ্যন্ত বিরক্তিকর বোধ হল, দে স্থির করে ফেলল ফে.এই নিয়মের মুলেই প্রথমে আঘাত কঠন ১ন পরিবর্তন আনবে।

ওরা শ্রমজীবি, অনাড্সর ওদের জীবন। ধর্ম বলতে হাধ বলতে মালুব বা বোঝে, স্বই মানত ওরা। পরিশ্রেম ওরা করত, কিন্তু অতিরিক্ত নয়; প্রয়োজনের মত ধাছাও পরিধেয় ওদের ছিল, বিশ্রামের জ্ঞানিদিষ্ট ছিল দিন আর ঝতু; ছিল নাচ-গান-বাজনা, ছিল ভলবাসা, ছিল শিশু-সন্তান।

তাদের নিয়ন্ত্রিত পৃথিবীতে দরদ ও আয়নির্ভরতা দেখলেও চোধ জুড়িয়ে যায়। যে দিকেই ভাকাও, সমস্তই তাদের প্রয়োজনের মত তৈরি করা। উপত্যকার প্রত্যেকটি রান্তাই পরস্পরের সঙ্গে সমান এক কোণ করে চলেছে, শুধু বাকের ওপর পৃথক এক থোঁচ দিয়ে তাদের পার্থক্য বোঝানো যায়। পথ আর মাঠ থেকে সমন্ত বাধা, সমন্ত অস্থবিধে দ্বে করে দেওয়া হয়েছে। সমস্ত ব্যবস্থা নিজেদের স্থা-স্ববিধা অস্থামী করা। তাদের ইন্দ্রিয়-শক্তি অত্যন্ত সজীব, দশ বারো পা দ্রের লোকের সামান্ত অঙ্গ-সঞ্চালন পথস্ক তারা শুনতে পারে, ব্রুত্তে পারে। আরো প্রথব তাদের দ্বাণ শক্তি, পরস্পরের পার্থক্য তারা ক্রুরের মত তৎপরকার সঙ্গে শক্তই বলে দিতে পারে। যে লামারা পাহাড়ের ওপর থেকে নীচে থাবারের লোভে নেমে এসেছিল, তাদের ভারা সহজে ও স্কুল্কচিত্তে চরায়। স্থনেজ নিজের শক্তি জাহির করার লোভ যখন আর সামলাতে পারল না, তথনই সে প্রথম ব্রুতে পারল, কত সহজ ও নিংশক্ষ তাদের গতি।

প্রবোচনায় সফল না হওয়াতে দে বিদ্রোহ করল।

প্রথমে সে সকলকে অনেকবার এই দৃষ্টির কথা জানাল। বলল, তোমরা শোন, লক্ষ্য কর,—আমার মধ্যে এমন সব জিনিষ আছে, বা তোমরা বুঝতে পারছ না।

ভাদের মধ্যে ত্'একজন ত্'একবার তার কথা শুনেছে, মুখ নীচু করে

বৃদ্ধিমানের মত তার দিকে কান পেতে বসেছে, আরু সে তাদের বৃধিয়ে গেছে—'দেখা' মানে কি। তার শ্রোতাদের মধ্যে ছিল একটি মেয়ে,—
অক্ত সকলের মত তার চোথের পাতা লাল কিংবা গতে বিদানো নয়;
মনে হয়, যেন লজ্জায় সে তার চোধ আড়াল করে রাখতে চায়।
য়্নেজের একমাত্র আশা, অস্তত তাকেও যদি বোঝানো য়য়। সে বলে
যেত দৃষ্টির কথা সৌল্র্যের কথা, দ্র নীল আকাশের আন্তরণে ধুসরাভ
পাহাড়ের কোলে রক্ত-রতীন স্র্রোদয়, পাহাড় ঘিরে ঘন পাইন ও
দেবদাক গাছ, উচ্চল ঝর্ণা...আর তারা তার এই সব কথা ভনত অতায়
বাসক্ষনক সন্দিশ্বতায়।

তারা তাকে জানাল যে পৃথিবীতে পাহাড় বলতে কিছুই নেই, যে পাধরের শেষে লামারা চরে বেড়ায়, তা-ই হল পৃথিবীর শেষ; সেধান থেকে এক বিবব-বহল ছাল উঠে গেছে—সেই গর্ত দিয়ে শিশির মার তুষার-পাত হয়। সে দৃঢ়কঠে যদি জানাত যে তাদের বিশাসমত পৃথিবীর শেষ নেই বা ছাল নেই, তারা বলত যে তার এ কল্পনা অলীক। আকাশ, মেঘ, আর তারা সম্বন্ধে তার সাধ্যতম বিশাল বিবরণ সব্বেও তাদের বিশাসমত মহণ ছালের পরিবর্তে তাদেব তারা এক বিপদাকীর্ণ বিশাল শৃত্যতা ভিন্ন আর কিছু চিন্তা করতে পারত না।

দৃষ্ঠিগীনের দেশের ধর্মশাস্ত্রে বলে, মাথার ওপরের গোলাকার ছাদ অত্যন্ত মহণ। স্নেজ ভেবে দেখল, এভাবে তাদের মনে বিশ্বাস জ্ব্রানো সম্ভব হবে না; বরং এতে তাদের মনে আঘাত দেওয়াই সম্ভব—তাই ওভাবে তাদের মনে বিশ্বাস জ্ব্রাবার ত্রাশ। ত্যাগ করে সে চেষ্টা করতে লাগল দৃষ্টির ব্যবহারিক মৃল্য দেখাতে। এক সকালে সে দেধলে পেছে। সতের নম্বর পথ ধরে ভিতরের কোনো বাড়ি থেকে এদিকে আসছে; কিন্তু তথনো সে শ্রবণ বা খ্রাণেন্দ্রিয়ের নাগালের অনেক দ্রে: এ কথা সে তাদের জ্বানাল। ভবিশ্বং-বক্তার মত সে বলে উঠল, আর একটু পরেই পেছো এখানে এসে উপস্থিত হবে। সে কথা ভবে এক বৃদ্ধ আনালেন যে সতেত্ব নম্বর রাতায় পেড়োর কোনো কাজ নেই এবং তাঁর কথার সতাতা প্রমাণের জন্মই যেন পেড়ো কিছুদ্র এসেই লমালম্বি দশ নম্বর পথ ধরে আবার বাইরের পাঁচিলের দিকে ফিরে গেল। পেড়ো না আসাতে তাবা প্রনেজকে বিজ্ঞাপ করে উঠল। পরে যথন সে পেড়োকে তার ঐ অছুত ব্যবহাবের কারণ জিল্লাসা করল, সে প্রথম সমস্ত মন্ত্রীকাব করে প্রচুর মিথা। কখা বলতে লাগল, এমন কি শেষপর্যন্ত মারমুখো হয়ে উঠল।

তারপর স্থানেক ক্ষানাল, দেয়ালের কাছাকাছি উচু সমতলভূমির ওপর
দীড়িয়ে দ্বের বাড়িগুলোর ভিতর কী হচ্ছে তা বলে দিকে পারে।
দ্ব থেকে শুধু মাহ্মের চলাচলই লক্ষ্য করা যায়, কিন্তু তারা চেয়েছিল,
ঘরের ভিতর কি হড়ে তাই জানতে। জানলা-বিহীন ঘরের ভিতর কী
হচ্ছে তা সে কি করে বলতে পারবে । এই বার্থতা, এবং তার জ্বন্তু
তাদের বান্ধ পরিহাসই তাকে তাদের বিক্লছে দেহ-শক্তি প্রয়োগ করতে
বান্ধা করেছিল। একবার মনে হল, একটা বর্ণা নিয়ে হঠাৎ ও'একটা
লোক মেরে চোথের উপকারিলা দেখিয়ে দেওয়া উচিত। এই চিন্তা
ভাকে এতদ্র অভিভূত করেছিল যে সভাই সে একটা বর্ণা হাতে তুলে
নিস। তারপর একটি সত্য সে নিজ্যে স্বয়ে আবিদ্ধার করল যে,
ক্ষার যাই হোক, কোনো অন্ধকে সজ্ঞানে আঘাত করা একেবারে
অস্তর ।

স্থানেজ একটু ইতগত করছিল, কিন্তু ততক্ষণে ভারা সকলেই ভার বর্শ ধরার কথা জ্ঞানতে পেরে গেছে। সম্রস্ত হয়ে উঠল ভাবা, একদিকে মাথা ছলিয়ে, তার দিকে কাণ ফিরিয়ে ভারা আনতে চাইল, শেষ পর্যন্ত ভার মতলব কী।

বর্শাটা বেখে দাও,—একজন বলে উঠল। সমস্ত শরীরে ভার এক অসহায় বিভীষিকা। আর একটু হলেই পেড্রো ভার আদেশ মেনে নিতে গিয়েছিল। এইচ্ জি •ওয়েল্সের গল

ভারপ^{র্ট} হঠাৎ সে একজনকে এক ধাকায় একটি বাড়ির দেয়ালের ওপর ফেলে দিয়ে ছুটে গ্রামেব বাইরে পালিয়ে গেল।

একটা ক্ষেত আড়াআড়িভাবে পার হয়ে সে রান্তার ধারে এসে বসল। মাঠের ওপর ঘাস-মাড়ানো পায়ের চিহ্ন স্পষ্ট হয়ে ফুটে উঠছে। যুদ্ধকালীন উৎসাহের আভাস সন্ত্বেও মুনেন্দের মনে কিংকত ব্য ভাবটাই প্রবেশতর হয়ে উঠছে। তার মনে হল—মানসিক নিম্নন্তরেব ক্ষীবের সঙ্গে যুদ্ধ করা উচিত নয়। 'খনেক দ্রে একদল লোক বর্দা আর লাঠি নিয়ে বিভিন্ন রাস্তা ধরে তার থোঁজে এগিয়ে আসতে। এগিয়ে আসতে ধাঁরে ধাঁরে, নিক্তেদের মধ্যে কথা বসতে বলতে; মাঝে মাঝে থেমে বাতাসে আল নিয়ে উৎকর্ণ হয়ে উঠছে।

প্রথমবার তাদের ঐভাবে দেখে ফুনেক হেনে উঠেছিল, কিন্তু পরে আর হাদে নি।

একজন দেই ক্ষেত্তে তার গায়ের দাগের সন্ধান পেয়ে গেল। তারপর
নীচু হয়ে তাব সেই পায়ের দাগ অফুড্র করে অগ্রসর হতে লাগল।
পুরো পাঁচ মিনিট ধরে সে দেখল অফুসরণকারী গ্রামবাসীদের ধীর
অগ্রাগমন, তারপর.....তখনই তার কিছু একটা করা দরকার—
এই কথাটা মনে হতেই সে ক্ষেপে উঠল। উঠে দাভিয়ে ঘিরে-আসা
অভুসরণকারীদের দিকে একবার এগিয়ে গিয়ে কি মনে হওয়াতে আবার
ফিবে এল। তারা তখন অর্ধচন্দ্রাকারে দাভিয়ে স্থির হয়ে কি
যেন ভনতে।

বজ্রমৃষ্টিকে তাব বশাটিকে ধরে সে-ও স্থির হয়ে দাঁড়াল। ওদের আক্রমণ করা কি উচিত হবে গ

তার কানের বাছে যেন বাছতে লাগল বিশ্বত এক হার—'দৃষ্টিহীনের দেশের রাজ। একচকু মাসুষ'।

ওদের আক্রমণ করা কি উচিত হবে ?

উচু ছ্রারোহ পর্বংশিখরের দিকে একবার সে তাকাল, আর

একবার তাকাল ধার পদক্ষেপে এগিয়ে আস, অমুসরণকারীদের দিকে। আরে। অংক্তেগেকি তাদের পিছনে বাড়ি থেকে বেরিয়ে আসছে।

ওদের আক্রমণ করা কি উচিত হবে ?

বোগোটা! একজন চীৎকার করে উঠল, বোগোটা, কোথায় তুমি ?

আরো শক্ত মুঠোয় বর্শটো ধরে সে এগিয়ে গেল। তার নড়াচড়ার

সক্তে সক্তে তারাও ঘিরে ফেলতে লাগল তাকে। সে বিড়বিড় করে
বলতে লাগল,—আমার গায়ে হাত দিলে ওদের আমি খুন করে
ফেলব—একেবারে খুন করে ফেলব! তারপর সে চীৎকার করে
বলল,—শোন তোমরা, এই উপত্যকায় আমার যা খুসি আমি তাই
করব। ভনতে পেলে? ভনতে পেলে তোমরা? আমার যা ইচ্ছে
ভাই করব এবং যেখানে খুসী সেধানে যাব।

ভারা তার দিকে ক্রত এগিয়ে এল—চার-হাত-পায়ে, তবু তাড়াতাড়িই বলতে হবে। এ যেন কানামাছি পেলা, একজন ছাড়া সকলেরই চোথ বাঁধা। একজন চীংকার করে উঠল,—ওকে ধরে ফেল!

হঠাৎ নিজেকে একদল অহসরণকারীর রচিত একটি বৃত্তেব মধ্যে আবিষ্ণার করে সে ব্ঝতে পারল, আর ইতন্তত করা নয়, এখনি তাকে কাজে নামতে হবে।

গলা চড়িয়ে দৃঢ় প্রভায়ের স্থরে চীৎকার করতে গিয়ে তার গলা ভেঙে পড়ল,—তোমনা ব্রতে পারছ না, তোমার অস্কু, দৃষ্টিংীন; আর আমার দৃষ্টি আছে। সরে যাও আমার কাছে থেকে।

বোগোটা! বশা ফেলে দিয়ে ঘাসের ওপর থেকে চলে এস!
নাগরিক-স্থলভ রুচ্তার সঙ্গে কোধের অভিবাজিও তাদের এই ছকুমে
প্রেকট হল।

আমি মারব, --উত্তেজনায় ফুঁপিয়ে উঠল সে, ভগবানের দোহাই,
আমি মেরেই ফেলব। সরে যাও আমার কাছ থেকে।

কোথায়, কোথায় সে যাবে এই ব্যুহ্ ভেদ করে? সে জামগা

সে জানে দাঁ, তব্ ছুটাতে লাগল। সব চেয়ে কাছের অন্ধ লোকটির কাছ থেকে সে ছুটে পালাল—কি করে আর অন্ধতে নে আঘাত করে! তাকে আঘাত করা নির্মম পাশবিকতা ছাড়া আর কিছুই নয়। একবার থেমে চারিদিকে তাকিয়ে তাদের পরিবেইন থেকে মৃক্তিলাভের আশায় সে হঠাৎ ছুটাে শুরু করল। যেধানে ফাঁক একটু বেশী সেখানেই ছিল তার লক্ষ্য, কিছু তার চারপাশের লোকেরা যেন তাল মতলব বৃঝতে পেরেই সেই জায়গাটিকে বন্ধ করে ফেলল। সামনে লাফিয়ে পড়ে যখন দেখল এবার আর নিশুার নেই, ধরা পড়তেই হবে,—সাঁ।—ই্যা, সাঁ করে বর্ণাটি ছুড়তেই ঠিক বিঁধে গেল। একটি নরম হাতের কোমল স্পর্শ এক মৃহুতের জন্ম সে তার দেহে অফুভব করেছিল, কিছু সেই মৃহুতেই লোকটি যন্ত্রণায় চীৎকার করে উঠে মাটিতে পড়ে কাতরাতে লাগল। সঙ্গে সঙ্গে বেরিয়ে গেল সে।

ছুটতে ছুটতে সে রাস্তার কাছে এসে পড়ল, আর তার পিছু পিছু অদ্ধের দল বর্ণা আর শাবল ঘ্রিয়ে যথাসম্ভব শীগ্গির এগিয়ে আসতে লাগল।

ঠিক সময়েই সে তার পিছনে পায়ের শব্দ শুনতে পেয়েছিল। তাকিয়ে দেখল, একজন লম্বামত লোক তার দিকে ছুটে এসে তার পায়ের শব্দ শুনে বর্ণাটি ঘূরিয়ে মারমার চেঠা করছে। রাগে ক্ষোভে উন্মন্ত হয়ে সে তার আতভাদীকে লক্ষ্য করে বর্শা ছুঁড়েই ঘূরে দাঁড়াল। বর্শাটি তার গায়ে না লেগে একগজ দ্বে গেঁথে পড়ল। তারপর সামনের একজনকে ধাকা। দিয়ে ফেলে কোন রকমে পথ পরিষ্কার করে চীৎকার করতে করতে কুটে পালাল।

ভয়ে বিহবল হয়ে তথন সে ক্যাপার মত এপাশে ওপাশে ছুটে বেড়াতে লাগল, প্রতি মৃহুতে চারিদিকে ভাকাতে গিয়ে হোঁচট খেতে লাগল বারবার। হঠাৎ একবার সে পড়ে গেল—ভার পড়ার শব্দ ভনতে পেল তারা। অনেক দ্রে সীমান্তের পাচিলের ছেট দরজাটি দেখা যাঁতেই ওই যেন তার স্বর্গ! পাগলের মৃত তার দিকে সে ছুটে চলল। দেখানে না পৌছোনো পর্যন্ত একবার পিছন ফিরে আক্রমণকারীদেব দিকে তাকাবার কথাও তার মনে হল না; কোনো রকমে পোলটি পার হয়ে খাহাড়ের কিছুদ্র বেয়ে উঠে গেল। একটা লামা ভুধু বিস্মিত, ভীত, সম্রত্ত হয়ে লাফিয়ে তার দৃষ্টির অস্তরালে হারিয়ে গেল। সে ততক্ষণে দেইখানে ভয়ে পড়ে পেদ হয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁপিয়ে কাঁদছে।

হঠাৎ-রাজ্যাধিকাবের সমস্ত স্বপ্ন এইভাবে ভার ব্যব হল।

শুধু এই অভাবনীয় ঘটনা চিস্তা করেই দৃষ্টিহীনের উপত্যকার দেয়ালের বাগরে সে ছুই রাজ ছুই দিন খনাহারে আর নিরাশ্রায়ে কাটিয়ে দিল। এই চিস্তার মধ্যেই সে প্রায়ই গভীর বিজ্ঞাপের সঙ্গে মনে মনে আউড়ে যেতে নিরর্থক মিথ্যা প্রবাদটি—দৃষ্টিহীনের দেশের রাজা একচক্ষু মান্ত্র। যুদ্ধে এই লোকদের জয় করে আধিপত্যের কথা সে প্রায়ই চিস্তা করত, কিন্তু এতক্ষণে একটি কথা তার স্পষ্ট ধারণা হয়ে গিয়েছিল যে, তাব পক্ষে এ কাজ একেবারে অসম্ভব। ভার কোনো অন্ত নেই, আর এব প্র এখন তা সংগ্রহ করাও প্রায় অসম্ভব।

সভ্যকার বৃশ্চিক দংশন সে বোগোটাতে থাককেই মর্মে মর্মে অন্তর্ভব করেছে, কোনো মন্ধকে হত্যা করতে সে অন্তর থেকে সাড়া পায় না। কিন্তু স্তিট্ট যদি সে তা পারত, তবে সকলকে নৃশংস হত্যার ভয় দেখিয়ে তাব আদেশ প্রতিপালন করাতে তার বাধা থাকত না। কিন্তু—একদিন, আজ কিংবা কাল—তাকে তো ঘুমোতেই হবে।.....

পাইন বনে ঘুরে ঘুরে থাবার সংগ্রহের প্রাণাস্তকর পরিশ্রম, বাত্তে ভ্যার-পাতে পাইন শাখার নীচে উত্তপ্ত থাকার বার্থ চেষ্টা, আর কোন কৌশলে একটি লামাকে ধরে ফেলবার স্থার-প্রাহত আশা—হয়ত বা এইচ্জি জ্যুল্সের গল

পাথরের আনীতেই তাকে মৈরে কেলে তার মাংস থেয়ে কুষা নির্ভিকরা,—সব চেইটেই সে করেছে। কিন্তু লামারা তাদের অফিনাসী বাদামী চোখে বরাবর তাকে সন্দেহ করে এসেছে, তাকে কাছে দেখলেই বিরক্তি জানিয়ে দূরে সরে গেছে। বিতীয় দিনে এক প্রবল আতহ তার মধ্যে কাপন ধবিয়ে দিল। অবশেষে সে দৃষ্টিহীনের দেশের দেয়ালের কাছে সন্ধির উদ্দেশ্যে গুঁড়ি মেরে নেমে এল। একটা ঝার্পার ধার দিয়ে চীৎকার করতে করতে হামাগুড়ি দিয়ে এগিয়ে চলল সে। ত'ল্পন অন্ধ শেষ পর্যন্ত চীৎকার জনতে তার কাছে এগিয়ে এল।

আমি পাগল হয়ে গিয়েছিলাম,—দে বলে উঠল,—কিন্তু জান তো, তথন আমি দবেমাত্র জন্মগ্রহণ করেছি।

সে আরও জানাল থে এখন তার জ্ঞান হয়েছে এবং সে তার কুতকর্মের জন্ম অমুতাপ করতে লাগল।

সে এত চর্বল আর অস্থ হয়ে পড়েছিল যে, আনেক চেষ্টা সন্ত্রেও কালা সামলাতে পারল না। তারা এই কালাকে স্কল্ফণ বলে ধরে নিল।

তারা প্রশ্ন করল, দে এখনো দৃষ্টির কথা ভাবে কিনা।

না, না,—দে প্রতিবাদ করে উঠল,—ও আমার গোকামি। ও কথার মানে হয় না—কোনো মানেই হয়না।

মাথার ওপর কি আছে १—এরপরে তাদের প্রশ্ন।

একজন মান্তবের একশো গুণ উচুতে এই পৃথিবীর অতি মন্ত্রণ পাথরের তৈরী ভাদ। এই পৃথস্ত বলে সে আবার ঝবঝর করে কেঁলে ফেলল, বলল,—আর কোনো প্রশ্ন করার আগে আমাকে থেতে দাও, নয়ত্ত আমি মারা যাব।

এদের কাছ থেকে সে আশা করেছিল কঠিনতম শান্তি, কিছ এই অদ্ধেরা সহ করতে জানে। তার এই বিলোহকে তারা তার মূর্বতা ও নিক্টতার আর একটি প্রমাণস্বহুণ ধরে নিল। তাই শুধু তাকে করেক ঘা চাবুক মারার পর তাকে সবচেরে সহক্ত অথচ সবচেরে ভারী কাজ করিতে দিল। অন্ত কোনো উপায় না দেখে সে-ও তাই মেনে নিল।

কর্মন সে অস্থ্য হরে থাকায় তারা তাকে অত্যন্ত যত্ত্বের সঙ্গে সেবা কর্ম। এতে তার আফুণ্ট্ত্য আরও বেনী হয়ে উঠন। কিন্তু তার স্বচেয়ে তৃঃথের কারণ হয়ে দিড়োল তাকে জোর করে অন্ধকার ঘরে উইয়ে রাখা। অন্ধ দার্শনিকেরা এদে তার মনের অন্থিরতা আব মাথার অন্থিরতা আর মাথার ওপরের পাথরের ঢাকনা সম্বন্ধে সন্দিশ্ধতার জন্ম এমন ভীষণভাবে বকুনি দিতে লাগল যে মাঝে মাঝে তার সত্যসতাই সন্দেহ হল যে সে হয়ত নিজের ভূলেই মাথার ওপবেব সেই পাথরের হাদ দেশতে পাছে না।

এইভাবে সনেজ ক্রমশ সেই দৃষ্টিহীনের দেশের পুরোপ্রি অধিবাসী হয়ে গেল, সেই দেশের জনসমষ্টিও এক একজন নিজ নিজ বৈশিষ্ট্য নিয়ে তার চোথে ধবা দিতে লাগল, তাব দলে পরিচিত হল। দেই দলে পাহাড়ের ওপারের জগৎ ক্রমেই দ্বে, বহুদ্রে দবে গিয়ে এক অলীক কল্পনায় পরিণত হল। সে পেল মনিব ইয়াকুবেক,—না রেগে গেলে অত্যন্ত দয়ালু ব্যক্তি। পেড্রেণ ইয়াকুবের ভাইগো; আর মেডিনা-সারোটে ইয়াকুবের সবচেয়ে ছোট মেয়ে। মেডিনা-সাবোটের ম্থ ক্ষরে, ক্গঠিত, কিন্তু অল্পদের নারী-সৌন্দর্যের আদর্শ মত তেলতেলে ম্থ না হওয়ায় অল্পদের জগতে তার কোনো আদর ছিল না। কিল্ক মনেজের তাকে প্রথমেই অপ্র্ক্রী বলে মনে হল; পরমূহতে মনে হল, সমস্ত পৃথিবীর মধ্যে সে স্বচেয়ে ক্ষরী। তার ম্কিত চোথের পাতা সেই উপত্যকার আর সকলের মত গতে ঢোকান কিংবা লাল নয়; বরং মনে হত, যেকোনো সময়েই সে চোথ মেলে তাকাবে। আর ভার ছিল টানা টানা ক্র—অল্পদের মতে যা সৌন্দর্যের হানিকর। ভার ছিল টানা টানা ক্র—অল্পদের মতে যা সৌন্দর্যের হানিকর। ভার কণ্ঠস্বরও বলিষ্ঠ, উপত্যকার বোনো যুবকের তীক্ব কানকে

9

আনন্দ দিক্ত্বিপারার মও নয়। তাই তার একজনও প্রেমাম্পদ ছিল না।

তাই একদিন মুনেজের মনে হল, যদি সে একবার তার হৃদর অধিকার করতে পারে তবে তার জীবনের অবশিষ্ট দিনগুলি সে এই উপত্যকায় স্থাধই কাটাতে পারবে।

সে তাকে লক্ষ্য করতে লাগল, তার ছোটখাট কাজ করে দেওয়ার পূর্ণ স্থান্যের দেওয়ার পূর্ণ স্থান্য সে গ্রহণ করত এবং একদিন দেখল যে মেজিনা-সারোটেও তাকে লক্ষ্য করছে। এক বিশ্রামের দিনে ভারা ছু'জন তারার আবছা আলায় পাশাপাশি বসেছিল, দূর থেকে এক মিষ্টি গান ভেসে আসছিল। মেজিনা-সারোটের হাতের ওপর সে হাত রাখল, তারপর একটু সাহস করে সেই হাত চেপে ধরল। সেও প্রতিদানে অত্যক্ত কোমলভাবে একটু চাপ দিল। আর একদিন অন্ধকারে খাবার সময় সে হঠাৎ লক্ষ্য করল, মেজিনা-সারোটের হাত অতি চুপিচুপি তাকে খুঁজে বেড়াচ্ছে। ঠিক সেই সময়ে হঠাৎ আগুনটা উজ্জ্বল হয়ে ওঠামাত্র হারে তার মুখের কমনীয় ভাব লক্ষ্য করল।

মুনেজের অত্যন্ত ইচ্ছা হল তার দঙ্গে কথা বলে।

এক জ্যোৎস্থা-ঝলসিত রাত্রে যথন মেডিনা-সারোটে বসে চরকা কাটছিল, স্থনেজ তার কাছে গেল। সেই আলোয় তাকে ঘিরে এক রহস্তের রূপোলী জাল স্ঠি হয়েছিল। সে তার পায়ের কাছে বসে প্রেম-নিবেদন করল। জানাল সে তাকে কত ভালবাসে, তার তাকে কত স্থলর মনে হয়। তার প্রেমিক কঠের স্পস্তম কোমলতা মেডিনা-সারোটেকে প্রথমে একটু ভীত করে তুলেছিল, কারণ সেদিন পর্যন্ত তার সঙ্গে কেউ সোহাগের স্থরে কথা বলে নি। মেডিনা-সারোটে কোন উত্তর দিল না, তবে বোঝা গেল, স্থনেজের কথা তার থুব ভাল লেগেছে।

ভারপর থেকে স্থােগ পেলেই দে তার সঙ্গে কথা বলত। সেই উপত্যকাই ক্রমে তার চােথে একমাত্র জ্গং হয়ে দাঁড়াল, আর এই পাহাড়ের ওপারের সেই স্থালোকিত পৃথিবী মনে হল রাক্থা, হয়ত সে-ই একীশন ক্রিনা-সারোটের কানে কানে তার রঙীনু গল্প শোনাবে। অত্যন্ত ভয়ে, সতর্কভাবে সে তাকে দৃষ্টির কথা জানাল।

মেডিনা-সারোটের , কাছে দৃষ্টি মন্ত এক কবি-কল্পনা হয়ে দাঁড়াল।
নক্ষত্র, পাহাড়-পর্বত আক্ত্র তার অ্বলর আলোকোজ্জন মুখের কথা সে
এক ভীত অপরাধীর মত শুন হ। বিখাস করতে পারত না, ব্রুতেও
পারত অল্লই—কিন্তু আনন্দে তার সারা শরীর রোমাঞ্চিত হয়ে উঠত,
মনে করত, সে যেন সমস্ত ব্যুতে পেরেছে।

স্থনেশ্বের ভালবাস। ভীক্তা কাটিয়ে উঠল। প্রক্ষণেই সে চাইল ইয়াকুব আর অক্সাক্ত মাতক্রেদের কাছে গিয়ে তাকে দাবী করতে, কিন্তু মেডিনা-সারোটে ভয় পেয়ে দেরী করতে লাগল। তার এক বড় বোনই প্রথম ইয়াকুবকে গিয়ে জানাল যে স্থনেজ আর মেডিনা-সারোটে পরস্পাবকে ভালবাসে।

প্রথম হতেই বিস্তু মুনেজ আর মেডিনা-সারোটের বিষের প্রস্তাবে ভীষণ প্রতিবাদ হল; তাব কারণ, তাদের ধারণায় মুনেজ হীনস্তরের জীব, মূর্য, অযোগ্য এবং সাধারণ মান্ত্রের থেকে অনেক নিমন্তরের। তাদের সকলের আভিজাতো কলম্ব আনবে বলে তার বোন প্রতিবাদ আনাল; আর রুদ্ধ ইয়াকুব তার ন্যু, থেয়ালী ভূত্যটিকে সামাল্য মায়া-মমতা করলেও এ প্রস্তাবে একেবারে অমত জানাল। সমস্ত জাতিকে কলুষিত করা হবে বলে যুবকদল ক্ষেণে উঠল, একজন শেষ অবধি মুনেজকে হত্যা করতে পর্যন্ত গিয়েছিল। কিন্তু সনেজই প্রথমে তাকে জাঘাত করল। ক্ষীণালোক গোধ্লিতেও এই প্রথম সে দৃষ্টির স্থবিধ এখানে পেল, ভাই দে মারামারি শেষ হওয়ার পরও আর কেউ তাকে আঘাত করতে সাহস করে এগিয়ে যামনি। তবু তারা বলল, এ বিয়ে অসম্ভব।

বৃদ্ধ ইয়াকুব তার ছোট মেয়েকে অত্যন্ত ভালবাসত, তাই তারু কাঁধের ওপর মাথা রেখে তাকে কাঁদতে দেখে সে হুঃখই পেল। এইচ্জি ভ্রেল্সের গল

জান তে মা, ও একটা এক নম্বরের বোকা; ও কোনো জিনিষ্ট ঠিকভাবে করতে পারে না। আব তা ছাডাও ওই ক্রেন্সক অন্ত্ত থেয়াল আছে।

আমি জানি বাবা,—মেডিনা-সারোটে কেঁদ্ধে উঠল, কিছু ও আগের চেয়ে ভাল হয়েছে, দিন দিনই ভালে। হছে। অবি বাবা, ও কত স্বাস্থানা, কত দরালু—পৃথিবীর সকলের চেয়েই ও ভাল। আর ও আমাকে ভালবাসে—আর, আর, বাবা—আমি—আমিও ওকে ভালবাসি।

র্দ্ধ ইয়াকুব দেখল, তাকে সান্ধনা দেওয়া অসম্ভব। আর তা ছাড়া সত্য কথা বলতে গেলে কি, কতগুলো কারণের দ্বন্থ সে সুনেক্ষকে অত্যন্ত পছন্দ করত। তাই জ্বানলা-বিধীন মন্ত্রণাকক্ষে বসে সে উপত্যকার মাতকারদের কথাবাত। শুনতে শুনতে সময় বুঝে বলল,— ও আগের চেয়ে অনেক ভাল হয়েছে। একদিন হয়ত দেখব, ও আমাদেরই মত জ্বানী হয়েছে।

ভারপর মাতক্ষরদের একজন অনেক ভেবে চিস্তে একটি উপায় আবিষ্কার করলেন। তিনি ছিলেন এদের মধ্যে একজন মন্তব্জ চিকিৎসক, তার ছিল অভুত প্রতিভাদীপ্ত দার্শনিক ও আবিষ্কারকের মন। হনেজের অভুত বিশেষস্থলো সারানোব মতলব তাঁর মনে বেশ লাগল। একদিন ইয়াকুবের উপস্থিতিতে তি'ন হনেজের কথা তুললেন।

আমি বোগোটাকে পরীক্ষা করে দেখেছি,—তিনি বললেন, ওর অস্থথের সমস্ত কারণই আমার কাছে জলের মত পরিদ্ধার হয়ে গেছে। আমার•মনে হয়, খুব সম্ভব ওকে একেবারে সারানো যাবে।

বৃদ্ধ ইয়াকুব বলল, আমিও বরাবর সেই আশাই করে এসেছি ওর মন্তিক্ষে গণ্ডগোল আছে, জানালেন অন্ধ চিকিংসক। অন্থ মাভব্ববেরা ফিস্ফিস্ করে তা স্বীকার করলেন। এখন দেখতে হবে, কিসের জন্ম গণ্ডগোল। স্তাি, কিসের জন্ম ? বৃদ্ধ ইয়াকুব প্রশ্ন করল। নিজের প্রশ্নেরই উত্তর দিলেন ডাক্তারী, কিসের জন্ন ? ওই যে অম্বৃত জিনিনা বিশ্বের ওবলচে চোধ, যা মুখের উপর পোকার টিপলে সামান্ত গর্ত হয়ে যায়,—সেখানেই ওর রোগ। আর তার জন্তই বোগোটার মন্তিম্ব বিক্ত হয়ে গেছে। তাছাড়া ওর চোখের পাতার লোম আছে, চোখের পাতা ওপরে নীচে নামে—এবং সেইজন্ত ওর মন্তিম্ব তালে তালে বেড়ে কমে এক আলোড়নের স্বাষ্টি করছে।

याँ, त्रक देशाकूत चान्तर्य दल,— जाहे नाकि ?

ইয়া। আর আমি একরকম নিশ্চয় করে বলতে পারি যে, তাকে একেবারে সারিয়ে তুলতে হলে আমাদের শুধু একটি সহজ ও সরল অপারেশন করতে হবে, অর্থাৎ এই চুষ্ট জিনিষ্টিকে স্রিয়ে ফেলতে হবে।

তবে কি সে প্রকৃতিস্থ হবে ?

ই্যা, তবে সে একেবারে প্রকৃতিস্থ হবে, একজন অভিজ্ঞান্ত ভন্তবোকে পরিণত হবে।

বিজ্ঞানের ভয় হোক,—বলে উঠল বৃদ্ধ ইয়াকুব, তারপর তক্ষ্রি মুনেজকে এই আনন্দ-সংবাদটি দিতে ছুটল।

কিন্তু হনেজের এই ভত-সংবাদ গ্রহণের ধরণ তার খুব ভাল লাগল না—কেমন যেন হতাশা, উংসাহের মতাব, তার ব্যবহারে ফুটে উঠল। তাই ইয়াকুব বলল.—তোমার ধরণ দেখে পাঁচন্ধনে বলতে পারে যে ভূমি আমার মেয়েকে ভালবাস না।

তারপর মেডিনা-সাবোটে এসে তাকে অন্ধ ডাক্তারের কাছে থেতে অন্থরোধ করতে লাগল।

তুমি কি চাও যে আমার এই দৃষ্টি আমি হারাই **। সে জিজ্ঞাস।** করল।

মেডিনা-সারোটে শুধু মাথ। নাড়ল।
দৃষ্টিই আমার জগৎ!
মেডিনা-সারোটের মাথা আরো ঝুঁকে পড়ল।

পৃথিবীতে কত হলর ইলর জিনির আছে, ছোট্ হলর হলর জিনির—বড়ীন ফুল, পাহাড়ের গায়ে গাছ-খ্রাওলা, শিনির হলর নরম কমনীয়ভা, আকাশে চলমান মেঘ, প্র্যান্ত, নকজনল। আর তৃমি! তথু তোমার জ্ঞাই চোথ থাকা দরকার। তোমার হলর পবিত্র ম্থ, ভোমার রক্তিম অধর, ভোমার হলর কেরছিলে, এই চোথই আজ তোমাকে আমার কাছে ধরে রেখেছে; অথচ ম্থের দল এই চোথকেই নাই করতে চায়! কি হবে! এর পর থেকে আমি তোমাকে তথু ম্পর্শ করব, তোমার কথা ভানব, কিছু আর কোনোদিনই তোমাকে দেখতে পারব না। এই পাহাড়, পাথর আর অক্ষকারের আচ্ছাদনের নীচে আমাকেও আগ্রম নিতে হবে—সেই ভয়ত্তরর আচ্ছাদনে, যার গণ্ডীতে তোমাদের সমন্ত কল্পনা থবি হয়ে আছে।.....না, না, তৃমি আমাকে

় এক অস্বত্তিকর সন্দেহ তার মনে জেগে উঠল। সে সেখানেই **এই** প্রেসক ত্যাগ করে একেবারে নীরব হল।

আমার মনে হয়,—মেডিনা আন্তে আন্তে বলল, সৰ সময়—তারপর আর কথা শেষ করতে পারল না. থেমে গেল।

কি বলছ ? একটু ভীত ভাবেই সে প্রশ্ন করে উঠল। আমার ইচ্ছা, সব সময় তুমি ওরকম কথা বোলো না। কীরকম ?

আমি জানি, কথাওলো খ্ব ভাল,—তোমার কলনা, তাও জানি, আমি ভালও বাসি, তবু এখন—

এক ভীত সংশবে শীতল হয়ে গিয়ে সে অক্ট্রেরে বলল—এখন ? মেডিনা-সারোটে একেবারে নীরব, নিধর।

তুমি কি বলতে চাও—তোমার মনে হয়,—সামার ভাল হবে, এতে আমার ভাল হবে—

সমস্তই যেন তার কাছে পরিকার হয়ে আসছিল। স্বাঁকে একটা জালা, ইট্রাইন্ট্রিস্রার এই পরিপতির জন্ম একটা জালা তার স্বাঁক ছেয়ে ফেলছিল। কিছু সবাংলাপিয়ে মেডিনা-গারোটের কোনো কিছু না-বোঝার জন্ম মনে জাগল এক সংযোগন।—করুণার মত এক অমুভৃতি।

হা ভগবান, এক দীখি নিশাস কেলে সে বলল। মেডিনা-সারোটের রক্তহীন পাংশু মুখে সে স্পষ্ট বুঝতে পার চিল,—শুধু যে কথা সে মুখ ফুটে বলতে পারচেনা, তার জন্ম তার সমস্ত হাদয়কে ক্তবিক্ষত করে কত কট সে স্বাকার করে নিয়েছে। তুই হাত দিয়ে তাকে জড়িয়ে ধরে চুখন করে উঠল, তারপর তুজনে নীরব হয়ে বসে রইল।

অভান্ত ধাঁরে ধীরে স্পষ্ট করে সে বলল, আচ্ছা,—যদি আমি রাজি হই ?

আর সে তার উদ্ধেল হালয়কে ধরে রাথতে পার**ল না, তু**ই হাত দিয়ে তাকে জড়িয়ে ধরে মেডিনা-সারোটে হু-হু করে কেঁলে উঠল। ফু^{*}পিয়ে ফু^{*}পিয়ে বলল, যদি তুমি রাজি হও, সতাি যদি তুমি রাজি হও!

যে অস্ত্রোপচার তাকে দাত আর নিক্টতা থেকে অন্ধ অধিবাদার পর্যায়ে আনবে, তার এক সপ্তাহ আগে থেকে প্রনেজের চোথে মুম নেই। স্থকরোজ্জল উফ দিনের বেলায় যথন সকলে নিজার মগ্ন, সে তথন বলে ভাবছে বা লক্ষাহীন ভাবে ঘুরে বেড়াচ্ছে, আর ভার এই উভর-সন্ধটের সময়ে মনকে সংযত করতে চেটা করছে। সে ভার শেষ উত্তর দিয়ে দিয়েছে, জানিয়েছে তার পূর্ব স্মৃতি; তবু সে নিশ্চয় হতে পারছে না। দেখতে দেখতে কাজের সময় কেটে গেল, স্থ আকাশে উঠল, পাহাড়ের চূড়ায় চ্ড়ায় চড়িয়ে পড়ল তার সোনালি আলো, আর সেই সঙ্গে শুক্ক হল তার দৃষ্টির শেষ দিন। মেডিনা-সারোটে ঘুমোতে মাবার আগে ভার সক্ষে সে কিছুক্ষণ এক্ষ ছিল।

दक्षण, कान कार चानि (मथएक शांदव मा।

বোলনা, ওকথা বোলনা !—মেডিনা-সারোটে ফু'পিয়ে উঠল : স্থানক্ষের হাত হুটো তার সমস্ত শক্তি দিয়ে চেপে ক্রি নিজের ক্ষ বেদনাকে সংযত করার আপ্রাণ চেষ্টা করতে লাগল

পরা তোমাকে একট্ও আঘাত কর্মেনা,—মেডিনা-সারোটে বলল, এই যে যন্ত্রণা তুমি সহা করতে যাচ্চ, এই ব্যথা স্থীকার করে নিচ্চ, সে তো শুধু আমারই জ্ঞা। প্রগো, ধদি কোনো নারীর হাদয় দিয়ে, জীবন দিয়ে কথনো সম্ভব হয়, তবে আমি তা প্রতিপুরণ করবই করব।

নিজের এবং মেডিনা-সারোটের জন্ম দে করণায় মৃত্যান হয়ে পড়ল।
সবল বাহু দিয়ে তাকে সজোরে বেইন করে, অধর তুটো ভার
অধরে চেপে ধরে, তার স্থানর মৃথের দিকে অপলক দৃষ্টিতে সুনেজ শেষ
বারের মত চেয়ে রইল। বিদায় ভার দৃষ্টিকে উদ্দেশ্য করে অক্ট্
স্থাবে দেবলল, বিদায় !

তারপর ধীর পদক্ষেপে সে সেখান থেকে চলে গেল।

মেডিনা-সারোটে তার অপক্ষমান পদধ্যনি স্পষ্ট শুনতে পাচ্ছিল। সেই পদধ্যনিতে সে এমন এক ছন্দ খুঁছে পেল যাতে সে নিছেকে আর ধরে রাখতে পারল না, কালায় একেবারে ভেঙে পড়ল।

ছনেজ স্থির করেছিল, সাদা নাসিসাস ফুলে ঝলসিড নির্ধন তুবাভামল এক মাঠে গিয়ে তার এই আত্মত্যাগের মৃহুর্ত পর্যস্ত একা থাকবে।
কিন্ত থেতে যেতে সে চোধ তুলে তাকিয়ে দেখল নবারুণ ভূর্যোদয়—
দেবদ্তের মত ভর্ণবর্মে শোভিত প্রভাত খাড়াই পাহাড় থেনে নেমে
আসছে......

মনে হল, এই অনস্ত ঐশ্বর্ধের কাছে সে, এই উপভ্যকার আছ জগৎ, তার প্রেম আর অক্সান্ত সমস্ত কিছু নরককুণ্ড ছাড়া লা' কিছুই নয়।

আসেবার মতাহ্যায়ী সে মাঠের দিকে বেঁকে গেল না, এগিয়ে চলল

সামনে। অন্ধ জগতের প্রাচীর পার হয়ে পাহাড়; তার দৃষ্টি তথন উত্তুদ পর্বতাশিক্ষর কর্ষ-ঝলসিত ত্যারের ওপর একাগ্রনিবন্ধ।

এই অনস্ত সৌধ্রে দে তার সমপ্ত হৃদয় দিয়ে উপলব্ধি করল, তার কল্পনা নীল আকাশে জান। মেলে এই সৌন্ধেরও উপের্ব উড়ে গেল। আর এই দৃষ্টিই সে আজ চিরকালের মত হাবাতে চলেছে!

বে দেশ ছেড়ে সে চলে এসেছিল, যে দেশকে সে আপনার মত পেয়েছিল, আজ সেই বিশাল জগতেব কথা তার বারবার মনে পড়তে লাগল। এই পাহাড়ের সীমানা ছাড়িয়ে তার দৃষ্টি চলে গেল দৃরে, वहमृत्त-मित्नत गतिया, तार्खन आलारकाष्ट्रन तरस्याय राहे अगना সৌন্দর্যমণ্ডিত বোগোটায়; সহরের সর্বত্র স্থন্দরভাবে সাজান তার প্রাসাদ তাব ঝর্ণা, প্রস্তরমৃতি আর শ্বেড মর্মরের অট্টালিকার মধ্যে। কল্পনায় ভেসে উঠল এক অনাগত ভবিষ্যতের ছবি,—এক গৃহোন্মধ পশিক এই গিরিসম্বটের ভিতর দিয়ে তার সহরের জনাকীর্ণ পথের ধারে প্রতি মুহুর্তে এগিয়ে আসবে। দিনের পর দিন নদীপথ ধরে বিশাল বোগোটা থেকে বিশালতর পৃথিবীর পানে যাত্রা—সহর ছাড়িয়ে, গ্রাম পার হয়ে, বন মঞ্ভূমি অতিক্রম করে, চলোমি-চঞ্চ নদীর পথে— একদিন তার তীর হারিয়ে যাবে, বিশাল স্টীমার জলে আলোড়ন তুলে আসবে, দেখা যাবে সমুদ্র—অনন্ত সাগর, তার হাজার দ্বীপ, হাজার হাজার ঘীপ, আর তার জাহাজগুলোকে বছদুরে অম্পষ্ট দেখা যাবে বিশাল পৃথিবীকে ঘিরে অবিরত যাত্রায় নিরত। দেখানে পাহাড়ের দীমানা ছাড়িয়ে আকাশ দেখা যায়—এখানকার মত ছোট্ট এতটুকু খালার মত নয়--বাঁকানো অমেয় নীল আকাশ, যেন এক গভীর নীল শমুত্র, তাতে ঘৃণীয়মান তারার দল ভাসছে......

সে পাহাড়ের পর্ণাটিকে আরো গভীর, সন্ধিশ্ব চোথে লক্ষ্য করওে সাগল।

যদি কেউ ওপবের চিমনির মত পাহাড়ে জায়গাটা ছাড়িয়ে উঠতে

পারে, তবে হয়ত দে থবা । তাইনের মাঝে এদে দাড়াবে—বে পাইনের নারি গিরিসভ্ট পার হয়ে উ চু হয়ে উঠে গিয়েছে। তালের পূ হয়ত সেই পর্বতশিখরের ভগ্নস্থ প অভিক্রম করাও অসঙ্গ হবে না। দেখান থেকে হয়ত আরো একটু উঠে তৃষার-শৃলের সীচে কোনো একটা উ চু জায়গা পাওয়া যাবে। সেই চিমনির মত পার্শড়ে জায়গাটায় অক্বতকার্ষ হলে আরো পূর্বে কোনো জায়গা দিয়ে হয়ত সে উঠে যেতে পারবে। তারপর স্ মৃক্তি—স্বচ্ছ প্রভাতের পীতাভ আলোয় তৃণের মত ঝালসে-ওঠা তৃষারের ওপর, উত্তুক্ত পর্বতশ্লের মাঝামাঝি ভায়গায় তার মৃক্তি।

একবার গ্রামেব দিকে তাকিয়ে সে সোজা পিছন ফিরে দামনে চোখ মেলে একমনে লক্ষ্য করতে লাগল।

একবার মেডিনা-সারোটের কথা মনে হল, কিন্তু সে ততক্ষণে আনেক ছোট, অনেক দ্বে চলে গেছে।

যেখান থেকে সে দিনের আলে। দেখতে পেয়েছিল একবার সেই পাহাড়ের দেয়ালের দিকে তাকাল।

ভারপর ধীর পারে মত্যন্ত সতর্কভাবে দে উঠতে শুক্ষ করন।

এইভাবে চলতে চলতে যথন স্থাত্তির সময় হল, তথন সে বিশ্রামের জন্ত থামল। সে তথন অনেক, অনেক উঁচুতে। আরো উচুতে সে উঠেছিল, যদিও এখনো সে উচুতেই রয়েছে। তার পোষাক শতচ্ছিল, তার সর্বাঙ্গ রক্তাক, কত-বিক্ষত; কিন্তু সে যেন সহজ্ঞাবে বিশ্রাম করছে, মুখে তথনো হাসি লেগে রয়েছে।

সে যেখানে শুয়ে ছিল, দেখান থেকে উপত্যকাটিকে মনে হচ্ছিল
মাইলখানেক নীচে এক গর্তের মধ্যে। কুয়াশায় আর পর্বতের ছায়ায়
সেই উপত্যকা তথন মলিন হয়ে গেছে, কিন্তু তার চার পাশে পর্বতশিখরের ত্যারে ত্যারে তথন স্থাত্তের রঙীন আলোর রোশনাই।
পাহাড়ের মেটে পাথর ভেদ করে সবুজ খনিজ পদার্থের রঙ স্টে উঠেছে,
স্ফটিকের ত্যতি এখানে সেখানে জলে উঠেছে, স্কর ছোট ছোট কমলা

রঙের গাছ-খাওলা তারই মৃথের একান্ত কাছে । গৈরিসমটের জিতর গভীকরে বুলন হায়:—নীল ঘন হয়ে বেগুনী রঙ নিয়েছে, বেগুনী রঙ উজ্জ্বল আলো-অধ্বারিতে পরিণত হ্যেছে; আর মাথার ওপরে অনস্ত আকাশের নিঃসীম শৃষ্ট হ্য়।

কিন্ত এসবের দিকে ৈসে আর বিশেষ লক্ষ্য করল না, সেধানেই নিক্সুপ হয়ে পড়ে রইল। যেথানে সে নিজেকে রাজা বলে মনে করেছিল, সেই দৃষ্টিহানের উপত্যকা থেকে রক্ষা পাওয়ার প্রশান্তিতে যেন তার মুখে হাসি ফুটে উঠল।

স্থান্তের জ্যোতি মান হয়ে গেল, রাত এল। তথনো সেই শীতল তারার আলোর নীচে দে তৃপ্ত মনে শান্তিতে শুয়ে রয়েছে।

—ञ्नोन गङ्गाभाषात्र

সুন্দর পোধাক

এক ছিল ছোট্ট ছেলে। তার মা তাকে এনটা চমংকার পোষাক তৈরি করে দিয়েছিলেন। সবুজ আর সোনারি, তার রঙ,; আর এমন অভ্ত তার কার্ক্কার্য, যে বলে বোঝান যায় না। যেমন কোমল, তেমনি স্কা। গলায় আবার একটা কমলা রঙের টাই! নতুন বোতামগুলো তারার মত জলজল করে। পোষাকটা পেয়ে তার সে কী গর্ব, কী আনন্দ! প্রথমবার সেটা পরে সেলয় আঘনাটার সামনে দাঁড়িয়ে অবাক বিস্থায়ে, অধীর আনন্দে অনেকক্ষণ ধরে দেখেছিল; কিছুতেই নিজেকে সরিয়ে নিতে পারে নি।

তার ইচ্ছে করত এই পোষাক পরে সব জায়গায় হায়, সব রক্ষ লোককে তার পোষাক দেখায়। মনে মনে চিস্তা করতে লাগল, কোন্ কোন্ কায়গা দে দেখেছে, কোন্ কোন্ দৃষ্ঠের কথা জনেছে। করনা করতে লাগল, সেই নতুন পোষাকটা পরে দে যদি সেই সব দৃষ্ঠে, দেই সব জায়গা দেখতে যায়, কী মন্ধাই না হবে তাহলে। তার ইচ্ছে করে, পোষাকটা পরে এক্সনি ছুটে মাঠের লম্বা লম্বা ঘাসের মধ্যে গিয়ে উপস্থিত হয়.—স্থের আলোয় উদ্ভাসিত মাঠ! শুধ্ পোষাকটা পরে এক্ষরা, আর কিছু না হোক! কিছু তার মা বললো, না, তা হয় না। জামাটা খুব যত্মে রাখতে হবে, কারণ এমন চমংকার পোষাক তো আর পরে পাওয়া যাবেনা! খুব যত্ম করে এটাকে রেখে দেবে, বিশেষ কোন অফুষ্ঠানেই কেবল এ ব্যবহার করবে। এটাই তোমার বিবাহের পোষাক। বোতামশুলো নিয়ে তিনি পাতলা কাগজে মুড়ে দিলেন, পাছে তাদের চাকচিকা মান হয়ে যায়, তারা পুরোনো হয়ে যায়। জামার কল্পির কাছে, কফুইয়ের কাছে, এবং অন্ত যে যে জায়গা সহজে জ্বাম হতে পারে সেই

জায়গাশুলোর ওপরে মা স্যত্বে ছোট ছোট লাটি লিয়ে দিলেন। ওর
কিন্তু এ সুরু দুল্লী লাগত, ও আপত্তি করত এতে। নিন্তু কী করতে
পারে সে? অনে ধুম্কে, অনেকবার ব্রিয়ে স্থ্রিয়ে বলে অবশেষে
মা তাকে রাজী কর লেন। পোষাকটা খুলে ফেলে, ভাঁজে ভাঁজে
পাট করে সে তুলে রেই দিল। এ যেন পোষাকটা ফিরিয়ে দেবারই
সামিল। স্বস্থ্যে তার ইচ্ছে করত পোষাকটা পরে। কবে আগবে
সেই শুভদিন, সে মহা স্মারোহ, যথন সে আবাব এ পোষাক
পরতে পারবে, যথন আর ধুলোয় দাগী হবার ভয়ে তাতে পটি দিতে
হবে না, চকচকে বোতামগুলোর ওপরেও থাকবে না পাতলা কাগজের
আবরণ! কী আনন্দই না দেশিন হবে, কোন ভাবনা থাকবে না—কী চমংকারই না দেখাবে!

প্রায়ই সে তার পোষাকের স্বপ্ন দেখত। একদিন স্বপ্ন দেখল, একটা বোতাম থেকে সে পাতলা কাগজ খুলে ফেলেছে। দেখল, বোতামটার জেলা যেন কমে গেছে একটু। সে অত্যন্ত বিমধ হয়ে উঠল। অনেকবার বোতামটা পালিশ করল, কিন্তু তাতে যেন সেটা আরও নিপ্রভ হয়ে গেল। তার ঘুম ভেঙে গেল, শুরে শুরে বোতামটার কথা চিন্তা করতে লাগল—কেমন যেন একটু মান হয়ে গেছে। জামা পরার শুভদিন—তা সে ঘবেই হোক—যথন আগবে, ভখন এই বোতামটার জ্যোতি দেখা যাবে সামাল মান,—একথা চিন্তা করে কত দিন তার উদ্বেগের ওপর দিয়ে কেটেছে। ওর মা পরে যথন একদিন ওকে জামাটা পরতে দিলেন, ওর থুব ইচ্ছে হল ওপরের কাগজটা একটু খুলে একবার দেখে, বোতামগুলো ঠিক আগের মতই উচ্ছেল আছে কিনা।

ফিটফাট সেক্তে সে গির্জার দিকে এগোতে লাগল, কাগজ খুলে বোতামটা দেখবার অদম্য ইচ্ছা মনে জাগছে। কারণ, একথা তো ভূললে চলবে না যে, তার মা কেবল মাঝে মাঝেই তাকে এ পোষাকটা প্রতে দিতেন,—এই যেমন, রি.বারে গির্জায় যাবার সময়। তাতেও তাকে অনেক কর্মে সাবধান করে দিতেন। তাও আবা ক্রুক্তির রবিবারে নয়। বৃষ্টিপাতের কিংবা ধূলো ওড়ার কোন ক্রুম সম্ভাবনা থাকরে না বা পোষাকটার কোন রকম ক্ষতি হতে পারে এমন কোন লক্ষণ দেখা যাবে না,—ওধু এমন সময়েই তিনি তাকে এএপাষাক পরতে দিতেন—বোডামগুলো পাতলা কাগজে স্যত্মে মোড়া থাকত, আর এখানে ওখানে পটি দেওয়া থাকত। কড়া রোদ্মর লেগে পাছে তার রঙ্ ফিকে হয়ে যায়, এই আশহায় মা তার হাতে একটা ছাতা দিয়ে দিতেন। আর প্রতিবারেই এ-রকম উল্লেখযোগ্য ঘটনার পর পোষাকটা আশ করে চমংকার ভাবে ভাঁজে ভাঁজে পাট করে রেখে দিত, ঠিক যেমনটি মা ভাকে দিখিছেছিলেন।

ভার পোষাকের ব্যাপারে মায়ের এই সব কড়াকড়ি সে সব সনয়ে মেনে চলতো। কিন্তু একদিন রাত্রে ঘুম ভেঙে যেতে সে আর পাকতে পারল না। অভ্ত রাত্রি, জ্ঞানলার বাইবে চাঁদের আলো ঝকমক করছে। ভার মনে হল, অভ্যদিনের সাধারণ চাঁদের আলো এ নয়; এ রাত্রিও সাধারণ রাত্রি থেকে আলাদা। ঘুমের ঘোরে এই অভ্ত চিন্তা করতে করতে সে কিছুক্ষণ শুমে রইল। চিন্তার সঙ্গে চিন্তার ধারা মৃক্ত হয়ে যেন ছায়ায় ফিসফিসিনির মত বোধ হতে লাগল। হঠাং সে তাব ছাট্ট বিছানার ওপরে অত্যন্ত সম্বর্গণে উঠে বসল। হলমের স্পান্দন অভ্যন্ত বেড়ে গেছে, পা থেকে মাথা পর্যন্ত কাঁপছে থরখর করে। সে ভার মন দ্বির করে ফেলেছে—এবার সে ভার পোষাকটা পরবে, যেমন করে পরা উচিত ঠিক তেমনি করেই পরবে। এ-বিষয়ে তার মনে আর কোন দ্বিধা, কোন ইতন্তত ভাব নেই। তার ভয় করতে লাগল—ভীষণ ভয় করতে লাগল, কিন্তু আনন্দও হল খুব।

বিছানা থেকে উঠে জানলার ধারে একটু দাঁড়াল। বাগানে চাঁদের আলোর বন্তা নেমেছে। সে যা করতে বাচ্ছে, ভার কথা চিন্তা করে শিউরে উঠল। বাতাসে বিনির একতান, ছোট ছোট জোট জাগা প্রাণীন করি অক্ট চীংকার। পায়ের তলায় কাঠির মেবেতে শক্ত হচ্ছে। তার পোষাক ঘেখানে ছিল সেলিকে এগিয়ে গেল, অতি সম্বর্গণে—পাছে কাফর ঘুম ভেঙে যায়। ধীরে ধীরে পোষাকটা তুলে নিল। সাবধানে, অত্যন্ত আগ্রহ সহকারে বোতামগুলো থেকে কাগজ খুলে ফেলল, যেবানে যেখানে পটি দেওয়া ছিল সব উঠিয়ে দিয়ে আবার তাকে ঝকঝকে করে তুলল, ঠিক যেমনটি ছিল প্রথম যথন তার মা তাকে এটা দিয়েছিলেন—মনে হয়, সে যেন কতদিন আগের ঘটনা! একটা বোতামপ্র এতটুকু স্লান হয়নি; এই অভি আদরের পোষাকের কোঝাও একটা স্তর্ভো প্রস্ত ফিকে হয়ে য়ায় নি। নিঃশব্দে পোষাকটা পরতে পরতে কেঁদে ফেলল সে, কিছ্ক এই কায়াও তার আজ ভারি ভাল লাগল। আবার ক্রত ধীর পদক্ষেপে সে সেই জানলাটার কাছে গেল। এক মৃহুত দাঁডাল সেধানে। চাঁদের আলোয় ঝলমল করছে গের পোষাক, বোতামগুলো তারার মত মিটিমিটি জলছে।

কারপর যথাসম্ভব নিঃশব্দে সে নীচে বাগানের পথে নেমে এল।
দাঁড়িয়ে রইল বাড়ির।দকে তাকিয়ে। সাদা,—দিনের আলোয় যেমনটি
দেখা যায় প্রায় তেমনি দেখাছে। তার নিজের ঘরের জানলা ভির বাড়ীর সব জানলা বন্ধ, ঘুমস্ত লোকের চোখের মত। গাছের হির ছায়া দেয়ালে পড়ে ঘন বুননি-দেওয়া জালের মত রূপ নিছেছে।

রান্তিব বেলা কিন্তু বাগানটা দিনের বেলার থেকে একেবারে অন্তর্কম দেখতে। চাঁদের আলো বোপের ভেতরে ক্ষডিয়ে পড়ে এক বারণা থেকে অন্ত বারণা পর্যন্ত ভৌতিক মাকড্সার জালের মন্ত বিছিয়ে রয়েছে। ফুলগুলো সব টাটকা ঝকঝকে, কেন্ট সাদা কেন্ট কালচে লাল। গাছের অদৃশ্র অন্তর্রালে থেকে নাইটিক্লেল ডাকছে; বিশিষর একটানা স্থরে আর নাইটিকেলের গানে খেকে থেকে শিউরে উঠতে বাতাস।

শ্বাতে কোথাও বিকার নেই, কেবল মদির বহুপ্তমন ছায়া। প্রত্যেকটি পাঁতা, প্রতিটি সক ভাল রত্বথচিত শিশিরে পুকুষ্টক করছে। অন্থ রাতের চেয়ে শীত অনেক কম; আকাশও বেল কোন্ মায়ায় হঠাৎ অনেক প্রশন্ত হয়ে উঠেছে, নেমে এসেছে অনেক কুছি। হাতীর দাঁতের রঙের প্রকাণ তারায় ভরা।

অসীম আনন্দ গত্তেও সে একবারও চীৎকার করে উঠল না, গান ধরক না। ভর পাওয়া লোকের মত সে কিছুক্ষণ দাঁড়িয়ে রইল, তারপর অভুত কাঁণ শব্দ করতে করতে ত্হাত বাড়িয়ে ছুটতে লাগল, যেন বিরাট নিটোল সমস্ত জগৎটাকে সে একসকে আলিখনে বন্ধ করতে চায়। বাগানের চারিদিকে যে পরিছার পথ পাতা রয়েছে, সে পথে সে চলল না,—বাগানের ভেতর দিয়ে, ভিজে, বড় বড়, হুগদ্ধ লভাগাছের মধ্যে দিয়ে, রজনীগদ্ধা, নিকোটিন, সাদা ফুলের রাশি পেরিয়ে, প্যাভেতারের পাশ দিয়ে, একইটে জল ভেঙে—সে একটা ফাঁকা জায়গায় এসে দাড়াল। এইভাবে সে বড় জললটার কাছে এসে উপন্থিত হল। তারপ্র সেই জ্লল ভেদ করে ছুটতে লাগল। কাঁটায় বিদ্ধ হতে হতে সে চলল,—তার এত আদরের পোষাক থেকে স্ভো ছিঁডে ডিঁডে যাছে, কিছ লোনো বাধাই সে মানল না, কারণ সে জানে, প সমস্তই তাব সেই পোষাক পরার অল-বিশেষ, যে পোষাক পরবার জন্তে সে এতদিন এত লালায়িত হয়ে চিল। বলল, পোষাক পরে কী আনন্দইনা আমার হছে,—কী মজা!

জন্প পার হয়ে সে গিয়ে পড়ল হাঁদের পুকুরে—অন্তত দিনের
আলোয় যাকে হাঁদের পুকুর বলা হয়। রাত্রে কিন্তু এখন তাকে দেবে
মনে হল, সে যেন এক প্রকাশু পাত্র, ভেকের ভাকে মন্ত জ্যোংলা-ধারায়
কানায় কানায় ভরা,—অপরূপ জ্যোংলাধার। এঁকে-বেঁকে জড়িয়ে পাকিয়ে
অন্তুত প্যাটার্লে জমে রয়েছে। সেই জলে সে নেমে গেল। এক হাঁটু—
এক কোমর,—এক কাঁধ জল। তুহাতে জলে আঘাত কয়ে কালো আয়

বলমলে তেওঁ তুলল—কাপতে কাপতে তুল্দে লাগল তেউগুলো।
ভাদের মধ্যে ছিয়ে দেখা গেল, তীরের ঘনসন্নিবিষ্ট গাছের লাভার ফাঁকে
কাঁকে খচিত রহৈছে তারার দল। দাঁতেরে পুকুরটা পার হয়ে ওপারে
গিয়ে উঠল। তার গ বেয়ে বেয়ে পড়ছে—জল নয়, খাঁটি রপোর ধারা।
উইলোর বিকৃত ঝোপ মেরিয়ে, বড় বড় ঘাস ডিডিয়ে সে চলতে লাগল।
কল্প নিশাসে বড় রান্তার ওপরে এসে থামল। কী মজা। এই সমারোহের
উপযুক্ত পোষাক আচে বলেই না এত আনন্দ!

তীরের মত সিধে বড় রাস্তাটা একেবারে টাদের নীচে ঘন নীক আকাশের গায়ে গিয়ে পড়েছে। ছ্দিকে নাইটিকেলের গান; মাঝখান দিয়ে চিরে চলে গেছে সাদা ঝকঝকে রাস্তাটা। সেই পথ দিয়ে সেচলতে লাগল—কথনো দৌড়ে, কখনো লাফিয়ে, কখনো সানন্দে হাঁটতে হাঁটতে;—পরণে সেই চমৎকার পোষাক, তার মা অক্লান্ত পরিশ্রমে কন্ড ভালবেসে তার জন্তে যেটা তৈরী করেছিলেন। রাম্ভার পুরুর্ধলো তার কাছে মনে হল, নরম, সাদায় সাদা। এগিয়ে চলতে লাগল সে। একটা মন্ত প্রজাপতি তার ভিক্লে শরীরের চারিদিকে পতপত করে উড়ে বেড়াতে লাগল। প্রথমে সে প্রজাপতিটাকে বিশেষ কক্ষ্য করেনি, তারপর সে তাকে দেখে হাত নাড়তে লাগল। প্রজাপতিটা তখন তার মাথার চারিদিকে ঘুরতে লাগল। সেই তালে তালে সেও নাচতে লাগল—ক্ষার প্রজাপতি! আদরের প্রজাপতি! অভুত, অপুর্ব রাজি! আমার পোষাক তোমার ভাল লাগে না প্রজাপতি! তামার ডানার মত, পৃথিবী আর আকাশের এই রূপোলি আন্তরণের মত ক্ষার নয়।

প্রজাপতিটা ঘ্রতে ঘ্রতে ক্রমেই তার কাছে আসতে লাগল; অবশেষে তার ভেলভেটের ডানার ছে:য়া তার ঠোটে লাগিয়ে দিকে:

পরন্দিন কালে পাথরের গতেঁর মধ্যে তার মৃতদেহ পাওয়া গেল। তার স্থানর পোষাকে বক্তের ছাপ লেগেছে—প্কুরের পার্গীছা লেগে ময়লা হয়ে গেছে, দাগ ধরে গেছে। কিন্তু কী প্রফুল ভাব তার মুধে! দেখলেই বোঝা যায়, কত আনন্দে দে মারা গছে,—একবারও তার মনে হয়নি, সেই শীতল রকতের ধারা হাঁসের পুকুরের স্থাওলা ছাড়া আর কিছুই নয়!

—অমিয়কুমার চক্রবর্ত্তী

নতুন তারা

নতুন বংশরের প্রথম দিনে তিনটি মানমন্দির থেকে প্রায় এক সঙ্গেই ঘোষণা করা হল যে, সৌরমগুলের দূরতম গ্রহ নেপচুনের কার্যকলাপ অত্যন্ত অস্বাভাবিক হয়ে পড়েছে। ডিসেম্বর মাসে অগিল্ভি প্রথম এই বলে দৃষ্টি আকর্ষণ করেন যে, নেপচুন গ্রহের গতিবেগে শৈথিলা মেখা দিয়েছে বলে তার সন্দেহ। পৃথিবীর অধিকাংশ লোকই নেপচুনের অবস্থিতি সম্বন্ধেই উদাসীন, অতএব এই অভিমত ও পরবতী আবিদ্ধার —যে নেপচুনের কাছাকাছি অস্পষ্ট একটি আলোকবিন্দু যেন দেখা মাচ্ছে,—নিতান্ত জ্যোতিবিদ মহলেন বাইরে বিশেষ কোন উত্তেজনার স্থিষ্টি করল,—আরো বেশি, যথন ক্রমেই এই আলোক বৃহত্তর ও উজ্জ্বাত্র হয়ে দেখা দিতে লাগল—যখন বোঝা গেল যে নেপচুন আর ভার এই নতুন উপগ্রহটি নির্যারিত কন্ধপথ পরিত্যাগ করে অভ্তপুর্ব এক পদ্ধা সম্বন্ধর করে চলেছে।

বিজ্ঞানের ছাত্র ছাড়া খুব কম লোকেরই সৌরজগতের বিরাট্ড সম্বন্ধে ধারণা আছে। প্রতি মৃহুর্তে হৃষ ছুটে চলেছে—ভার চারিদিকের অসংখ্য বিন্দুর মত গ্রহ, ধূলিকণাব মত উপগ্রহ আর ধুমকেতৃণ দশকে সঙ্গে নিয়ে.. সুর্যের এই রাজত্বের উন্মৃক্ত অসীমতা মানুষের কল্পনারও বাইবে। মানুষের আবিদ্ধানে যতটা জানা গেছে তা ছচ্ছে এই যে, নেপচুনের গতিপথেব প্রান্তে দশ লক্ষের হুকোটি গুণ মাইল পড়ে রয়েছে—যোগানে উত্তাপ নেই, আলো নেই, শব্দ নেই,—কিছু নেই। এই বিপুল আয়ভনের প্রান্তে নেপচুনের প্রতিবেশী নিকটতম ভারাটির গভিপথ। এর মাঝে কখনে। অত্তবিতে ক্যেকটি ক্লক্ষায়ী ধুমকেতৃকে মাত্র দেখা গেছে, যারা মৃহুর্তে জলে মৃহুর্তপ্রেই মিলিয়ে

গেছে। বিংশু শতাকীর প্রারম্ভে হঠাৎ মাত্রম আবিদ্ধার ক্রল এই শৃক্তের
মধ্যে এক নতুন পথিক, এক নতুন তারা—ভারী, ুইনিলার একটা
পদার্থ, হঠাৎ আকাশের রহক্তময় অন্ধকার থেকে ক্রম নিয়ে স্থের
উজ্জলোর দিকে ছুটে চলেছে। দিভীয় দিনেই এই তারাটাকে দেখা
গেল যে-কোনো ভালো যন্ত্রের মধ্যে দিয়ে, লিও তারকামালার মধ্যে
রেগুলাদের কাছাকাছি ছোট্ট একটি বিশ্বর মত।

নববর্ষের তৃতীয় দিনে সংবাদপত্র মারফত বিশ্ববাসীকে প্রথম জানানা হল জ্যোতিছ-মগুলের এই নতুন অভিধির কথা ও এর উপস্থিতিব প্রকৃত গুকুছ। লগুনের এক পত্রিকা 'গ্রহ-সংঘর্ষ' এই নাম দিয়ে সংবাদটি ছাপল ও ছুশেনের সঙ্গে একমত হয়ে মন্তব্য করল যে এই অভ্তুত নতুন গ্রহটির সঙ্গে সম্ভবত নেপচুনের সংঘর্ষ হবে। ছোট্ট থবরটি মুখর হয়ে উঠল সম্পাদকীয় প্রবছে। তেসরা জাহুযারী ভারিষে পৃথিবীর সমন্ত প্রধান প্রধান সহরের অধিবাদীরা সকলেই খবরটা জানল, সকলেরই মনে জাগল আবছা কেমন আভঙ্ক আকাশের নতুন রহস্ত নিয়ে;—আর সমন্ত পৃথিবীতে স্থান্তের পিছনে পিছনে যথন রাত্রি নেমে এল, হাজাব হাজার লোক আকাশের দিকে তাকিয়ে দেখতে লাগল—পুবাতন প্রিচিত ভারকাব দল।

পরদিন প্রভাষ পর্যন্ত। লওন সংরের শীতের প্রভাষ। পোলাক্দ অন্ত গেল, মিলিয়ে গেল তারার দল। কয় পাতৃর প্রভাতের আলো আন্তে মান্তে জমছে, যে-সব ঘরে লোকজনের ঘুম ভাওছে সে সব ঘরের জানলায় জলছে গ্যাস আর বাতির হলদে শিখা। কিন্তু এই প্রভাষে পথে যার। ছিল, ওটাকে দেখতে পেল স্বাই,—বিটের হোই-ভোলা পুলিস-পাহারাদার, গৃহহীন পথচারী, গৃহম্থী লম্পট, গোহালা আর খবরের কাগজভয়ালা, কারখানাগামা কারিগ্র,—আর সহবের বাইরে চাষারা দেখল মাঠে যাবার পথে, ছিঁচকে চোরেরা দেখল ঘরে ফেরবার মুখে, প্রভাষের ঘুমভাঙা দেশ জুড়ে সকলে দেখল; আর সমূত্রে নাবিকরা দেখল আকাশে তাকিয়ে—বিরাট একটা জলন্ত তারা হঠাৎ পশ্চিম আনিংশে এনে ঝুলছে।

এত বড় তারা (দেখা যায় না। যেদিন সন্ধ্যাতারাটা স্বচেরে বেশি অলজন করে, তাই চেয়েও উজ্জন। সুর্যোদয়ের একঘন্টা পরেও, — মিটমিট করে নয়, স্পষ্ঠ সাদা জলজনে হয়ে আকাশে ফুটে রইল নতুন তাবাটা। যে-সব দেশে বিজ্ঞান-চেতনা পৌছয়নি, সে সব দেশের অধিবাসীরা হাঁ করে তারাটা দেখতে লাগল, ভয় পেল; একে অপরকে বলতে লাগল,—আকাশের এই রকম অভ্তপূর্ব অগ্নি-চিহ্ন যুদ্ধ আনে, ধ্বংস আনে। ব্রোর আর হটেনটট্, গোল্ডকোস্টের নিগ্রো, ফরাসী, স্প্যানিশ আর পোটু গিল্ল অধিবাসীরা নবোদিত স্থ্যের ক্রমবর্ধমান উত্তাপের নীচে দাড়িয়ে দেখতে লাগল এই আশ্বর্থ নতুন তারার অন্তর্গমন।

এদিকে পূর্বরাত্রে শতশত মানমন্দিরে অসম্ভব উত্তেজনা। স্থান্থ আকাশের তৃটি গ্রহ বিপুল বেগে ছুটে আসছে—এই ঘটনা, এই বিশাল প্রথমেকে দেখবার আর চিত্ররূপে ধরে রাখবার উদ্দেশ্যে নানা যন্ত্রপাত্তি সংগ্রহ করবার জ্বতো বৈঞানিকদের কর্মব্যস্ততা। অচেনা একটা গ্রহ কোথা থেকে ছুটে এসে আঘাত করল নেপচুনকে, এই বিরাট সংঘর্ষের ফলে যে প্রচণ্ড উত্তাপের স্থাই হল তাতে তৃটি গ্রহ এক সঙ্গে মিলে স্থ ইল ভাল উত্তাপের স্থাই হল তাতে তৃটি গ্রহ এক সঙ্গে মিলে স্থ ইল ভাল উত্তাপের ক্ষালাক-মণ্ডল। স্থাদেয়ের ত্যালা আপে থেকে এই নবজাত বিরাট শেত তারকা। পৃথিবীর চারিদিকে ঘুরতে ভক্ত করল। একে দেখে স্বচেয়ে আশ্রেম্ হল জাহাজের নাবিকরা, থেকে থেকেই বাদের আকাশের দিকে তাকাতে হয়—যারা এর থবর কিছুই আগে শোনেনি। হঠাৎ দেখল, ছোট্ট একটি চাঁদ যেন উঠেছে, একেবারে মাথার ওপর উঠে দাঁডিয়েছে তাক হয়ে, তারপর রাজিশেষের সঙ্গে নেমে গেছে, ক্রমে মিলিয়ে গেছে পশ্চিম আকাশে।

প্রদিন যথন আবার ইয়োরোপের আকাশে তারাটা উঠন, একে

দেশবার জন্তে ভাড়ের পরি ভাড়—যত মাঠ আর বাড়ির ছাদ আর পাহাডের ঢান্ জুড়ে। জনজনে তারাটার সামনে প্রোক্ষন খেত আভা। আগের দিন যারা তারাটি দেখেছিল তারা আবার দেখে বিশ্বরে চীংকার করে উঠন—আবো বড দেখাছে তারাটাকে, জাথো ভাখো, আরো জনজনে হয়ে উঠেছে! সত্যি, এই নতুন, আতর্ষ তারা আর তার চারিদিকের ভল্ল বলয়েব ঔজ্জন্যের কাছে চতুর্থীর টাদও যেন মান হয়ে গিয়েছিল।

সমগ্র জনতা সমন্বরে চীৎকার করল,—আরো বড়, আরো জলজলে তাবাটা! কিন্তু বিভিন্ন মানমন্দিরে স্থ্যোতিবিদরা রুদ্ধ নিশাদে একে অপরের দিকে মৃথ-চাওয়া-চাথি কবলেন, অফুট স্থরে বললেন—আরো এগিয়ে এদেছে, আজু আরো কাছাকাছি এদে পড়েছে ওটা!

'আরো কাছাকাছি'— তৃটি কথা ধট্থট্ করে বেজে উঠন টেলিগ্রাফে, স্পদন তুলল টেলিফোনের তারে, আর সহস্র সহরে ছাপাথানার কপোক্সিররা নোংরা হাতে অক্ষর বদালো— 'আরো কাছাকাছি।' আফিনে কাজ কবতে করতে লোকে হঠাৎ এক অন্ত উপলব্ধির আঘাতে কলম কেলে নিল, হাজারো জাগগায় লোকে কথা বলতে বলতে শুরু হয়ে গেল হঠাৎ ভেবে, ঐ তৃটি কথার কী ভয়ন্বর দ্যাবনা! 'আরো কাছাকাছি'— ভোরবেলাকার স্তাজাগ্রহ পথে পথে ছুটে চলল, মুধ্রিত হল শাস্ত গ্রামের বনবীথিতে।

নাচের আদরে রঙীন মেয়েরা কথাটা শুনে না ব্রেও বোঝার ভান কবে হেদে বলল, আবো কাছাকাছি? তাই নাকি ? ভারি মছা তো? যাবা বার করেছে তাদের বৃদ্ধি কিন্তু খুব! শীত-রাজের নিঃসঙ্গ যাযাবর কথা তৃটিতে সান্ত্রার আখাস খুঁজল আকাশের দিকে তাকিয়ে,—আহ্নক না আবো কাছে, তাহলেও কি এই কন্দনে ঠাণ্ডাটা একটু কমবে না? সম্মুতের শিল্পরে বনে বোক্সমানা এক নারী ভাবল, নতুন তারা? উচলেই ব'কি আর না উঠলেই বাকি? দিনের আলো চক্রবালে অদৃশ্য হল, প্রটিনিষায়কারে সমস্ত ভারার সংশে সংশে নতুন ভারাটাও আকাশে ফুটে উঠল। আর্ন ভারাটা এত উজ্জ্ব যে টাদের দেখে মনে হল, এ খেন টাদের পাণ্ড্র প্রেডমৃতি। দক্ষিণ আফ্রিকাব এক সহরে এক ধনীর বিয়ে, বর-বধ্র আগমনে রাস্তা আলোক-সজ্জ্বিত করা ইয়েছে। এক চাটুকার বললে, কর্তার বিয়েতে আকাশেও রোশনাই করা হয়েছে। ছটি নিগ্রো প্রেমিক-প্রেমিকা বক্তার ভূত-প্রেতের ভয় না মেনে এক বাশ-বনের নীচে আশ্রেয় নিয়েছিল; সেখানে জ্বোনাকির আলো-অম্বকারে আকাশের দিকে তাকিয়ে নতুন ভারা ওবা দেখল। ওদের মনে হল, এ তারা খেন ওদের স্বন্ধে উঠেছে। ওর আলোয় কেমন অভূত শান্তি ওরা পেল।

অকশান্তবিদ পণ্ডিত হাতের সামনে খেকে কাগজগুলো দূরে সরিছে রাখলেন। একটা সাদ। শিশিতে এখনো কিছুটা ওবুধ রয়েছে যা খেয়ে চার রাজি না ঘুমিয়ে তিনি সমানে কাজ করে যেতে পেরেছেন। দিনের বেলা তিনি কলেজে পেছেন, ঘণ্টার পর ঘণ্টা অধ্যাপনা করেছেন যথারীতি গাছার্যে, তারপর ঘরে ফিরে সমন্ত রাত ধরে অতিক্রম করেছেন গণিতেব সমৃত্র। আঙ্গ পরিশ্রম শেষ, গৌছে গেছেন সর্বনাশা উপকৃলে। ঔষধ-থাওয়া বিলম্বিত পরিশ্রমের ফলে গস্তীর মৃথে মদির ক্লান্তির শুদ্ধ ছাপ। অন্যাপক কিছুক্ষণ বসে ভাবতে লাগলেন। তারপর টেবল থেকে উঠে গিয়ে জানলাটা খুলে দিলেন। অগণিত বাড়ির ছাদ আর চিমনির ওপারে আকাশের মাঝামানি উঠেছে এই নতুন তার্যাটা। তারাটার দিকে পণ্ডিত চেয়ে রইলেন, যেন এই সমর্থ শক্রর চোথের দিকে ক্লান্ট ভাবে বললেন, কিন্তু তোমাকে আমি ধরেছি,—সমন্ত বন্ধান। অ্যাম ধরেছি আমার মন্তিক্লের মধ্যে। আমার পরিবর্তন নেই, এখনো না।

ওধুধের শিশেটার নিকে তাকিয়ে বললেন, আর ঘুমের দরকার হবেনা।

পরদিন গুণুরবেলা ঠিক ঘডির কাটার মত অধ্যাপক ক্লাসে চুকলেন।
নিত্য অভ্যাসমত টুপিটা টেবলে রেখে একটু বিলা খড়ি বেছে নিছে
হাতে চেপে ধরলেন। ছাত্ররা জানে, হাতে ইছি না থাকলে অধ্যাপক
পড়াতে পাবেন না। ওটা তাঁর এক মন্ধার মুদ্রাদোষ। সামনে ভক্ষণ
শিক্ষাথার দল—আগামী দিনের প্রতিভূ। স্বাভাবিক ভাবে অধ্যাপক
বলতে শুক্ল করলেন,—এমন একটি ঘটনা ঘটেছে যে ঘটনা আমার
ক্ষমতার বাইরে,—এর ফলে তোমাদের সমস্ত কোস শেষ করা সম্ভব হয়ে
উঠবে না। সংক্ষেপে একটা কথা কেবল বলার আছে—তা হচ্ছে এই
যে, মনুন্থ-সমাজে জীবনটাই বুথা।

ছাত্ররা ম্থ চাওয়া-চায়ি করে এ ওর দিকে—বিজ্ঞানীর ম্থে এ কী কথা ? পাগল হয়ে গেলেন না কি ? কেউ মুখ টিপে হাসল, কয়েকজন স্থিব বিস্মিত দৃষ্টিতে তাকিয়ে রইল অধ্যাপকের দিকে।

এটা গণিতেরই ব্যাপার। যে গণিত-বিচারের ফলে এই সিদ্ধান্তে আমি পৌছেছি, আজ ভোমাদের আমি হতটা সম্ভব তা বোঝাতে চেটা করব।

ঘড়ি নিয়ে অধ্যাপক এগিয়ে গেলেন ব্ল্যাকবোর্ডের কাছে। জীবনটা বৃধা,—সেটা অঙ্কের ব্যাপার! ফিস ফিস করে কেউ বলল। আর কেউ বললে, চুপ, চুপ করো, শোন কি বলছেন!

তারপর আন্তে আন্তে ছাত্ররা ব্রুতে লাগন।

সেদিন রাত্রে তারাটা উঠল একটু দেরি করে। বধন উঠল, তার ক্যোতিতে সমস্ত আকাশ স্বচ্ছ নীল হয়ে গেল, করেকটা ছাড়া সমস্ত তারা গেল অদৃশু হয়ে। সাদা জলস্ত ভারাটা ধালি চোধেই ধরা পড়ে। আগের চেয়ে অন্কে বড়, আর কী অন্তুত স্কর দেখতে! শীতপ্রধান দেশের লোকে দেখল, তারাটার চারদিকে কেইন ধৌহার মত মন্ত বড় বলয়; গ্রীমপ্রধান দেশের পরিষ্কার আকাশে মনে হলু টাদের সিকি ভাসের চাইতে তারাটা ছোট নয়। দে সব দেশের আকাশ, মাটি, নতুন তারার মান মহুঁব নালাভ আভায় স্বপ্লিল হয়ে উঠল—নিম্প্রভ হয়ে গেল বাভিব হলদে আলো।

সেরাত্রে পৃথিবীর কারো চোথে ঘুম নেই। পৃথিবীর সমস্ত জনপদ জুড়ে লক্ষ লক্ষ মৌমাছির গুঞ্জনের মত শব্দ, শহরে শহরে সেই গুঞ্জন রূপ নিল সহস্র ঘন্টাধ্বনিতে। ছাদে আর গির্জায় আর মন্দিরে মিনারে ঘন্টা. বাজতে লাগল—আর ঘুমিয়ো না, আর পাপ কোরো না, ভরবানকে ভাক। পৃথিবীর পরিক্রমার সঙ্গে সঙ্গে, রাত্রি গভীর হবার সঙ্গে সঙ্গে ঐ তার্টা বৃহত্তর, উজ্জ্বতর হয়ে মাধার ওপরে এসে উঠল।

সেদিন রাত্রে পৃথিবীতে কারে। চোথে ঘুম নেই। সহরে, বলরে আর শ্বরুপ পথে আলো আর ভয়ার্ত লোকের ভীড়। সম্বাচারী সমস্ক জাহাজের পাটাতন ভতি যাত্রী উত্তর-আকাশের দিকে তাকিয়ে, কেননা সাণিত-বিদ পণ্ডিতের সাবধান-বাণী ইতিমধ্যে তারে বেতারে সারা জগতে ছড়িয়ে পড়েছে, তার অহ্বাদ হয়ে গিয়েছে একশো ভাষায়। ঐ নতুন তারা আর নেপচুন অগ্রি-আলিঙ্গনে আবদ্ধ হয়ে ক্রত থেকে ক্রততর সভিতে ছুটে চলেছে স্থের দিকে। ইতিমধ্যেই এই অগ্রিপিণ্ড প্রতি মৃহুর্তে অতিক্রম করছে একশো মাইল, আবার মৃহুর্তে মৃহুর্তে বাড়ছে ওর পাতিবেগ। পৃথিবী থেকে অবশ্র দশ কোটি মাইল দ্রে ওর গতিপথ, কিন্তু সেই পথেরই খুব কাছাকাছি বৃহত্তম গ্রহ বৃহস্পতি আর তার উপগ্রহটির স্থা-পরিক্রমার কেন্দ্র। মৃহুর্তে মৃহুর্তে বৃহস্পতি আর ওর মধ্যে আকর্ষণ তীব্রতর হয়ে উঠছে। এই আকর্ষণের ফল হবে কী গ্রথমত বৃহস্পতি এই আকর্ষণের ফলে তার সোজা পথ থেকে বিচ্যুক্ত হয়ে পড়বে। আর ঐ জলস্ত তারাটা এই নতুন আকর্ষণ সূর্যে পৌছবার পোজা পথ থেকে দরে একটু অধ্বিত্ত পথে হেলে যাবে। সেই বিদ্যাপ পোজা পথ থেকে সরে একটু অধ্বিত্ত পথে হেলে যাবে। সেই বিদ্যাপ

এইচ্জি ওয়েল্সের গ্রু 45 অনুসরণ করলেই পৃথিবীর দক্ষে ওর সংবর্ষ। যদি ধাকা নাও লাগে, ভাহলেও এত কাছ দিয়ে যাবে, যার ফলে 'ভূমিকম্প হবে, সমস্ত জীবস্ত আর মৃত আরেয়গিরিতে একসকে আগুন জলে টুঠবে, আকাশে ছুরক্ত ঝড় উঠবে, সমুদ্র-তরঙ্গ উদ্দামতায় ঝড়কে হার মানাবে, আর শল্পি-উত্তাপে সব কিছু নিংশেষ হয়ে যাবে।'—এই হল বৈজ্ঞানিকের मावधान-वागी।

আর তাঁব সাবধান-বাণী সভ্যে পরিণত করবার জ্ঞেই যেন মাধার ওপরে অবজন করে জনছে আসম সর্বনাশের ঐ নিষ্ঠুর জীবস্ত ভ্রকু ঐ নি:সঙ্গ নতুন তারা।

সরোরাত ধরে নিম্পন্দ নেত্রে তারাটার দিকে তাকিয়ে অনেকের মনে হল, সত্যি যেন ওটা সারা আকাশ হামাগুড়ি দিয়ে এগিয়ে আসছে। সমস্ত মধ্য-ইয়োরোপ, ফান্স আর ইংল্যাণ্ডে যে কুলাশা আর ভুষার জমেছিল তা ক্রমে ক্রমে গলে যেতে লাগল।

অবশ্য সমন্ত পৃথিবীর লোক যে আতকে মৃহ্মান হয়ে পড়ল এ কথা ঠিক নয়। মাহুষ স্বাভাবিক পরিবেশ আর অভ্যাদেব দাস। অভুত দৃশ্য অম্বর্হিত হলে দিনের বেলা আবার অধিকাংশ লোকই নিজের নিজের কাজে ব্যক্ত হয়ে পড়ল। সহরে সহরে তুএকটা ছাড়া সব দোকানই সময়ে খুলল বন্ধ হল, ভাক্তাররা বোগী দেখল, কেরাণীরা চাকরি করল, শ্রমিকরা জড় হল কারখানায়, পড়ান্তনো করল ছাত্তেরা, প্রেমিকরা একে অপরকে খুঁজল, স্বয়োগের থোঁজে ঘুবল চোর, আর কৃট চিন্তার জাল বুনল রাজনীতিকের গোষ্ঠী। সমস্ত রাত ছাপাথানায় ধবর ছাপা হতে লাগল, কেবলমাত্র কয়েকজন পান্ত্রী ঠিক করলেন, মিথা!-. আতমগ্রন্থ লোকদের জনায়েত বন্ধ করার জন্ম গির্জার দরজা ধুলবেন না। অনেক খবরের কাগছ টিপ্লনী ছাপল, ১০০০ খুটান্তেও এমনি সবাই ভেবেছিল যে পৃথিবীর বুঝি শেষ হবে। কিন্তু হয়েছিল কি ? আর তা ছাড়া ঐ নতুন তারাট। তারাই নয়—কেবল মাত্র গ্যাস, একটা ধুমকেতু মাত্র। তারা যদি হত তাহলে কথনো পৃথিবীকে ধান্ধা দিতে আসত না। যা অভ্তপূর্ব, তার আতত্বের গোঁ-টাকে সর্বপ্রই ঠাট্টা করে উডিয়ে দিতে চাইল বলিষ্ঠ সাভাবিক বৃদ্ধি। এইদিন সন্ধ্যাবেলা গ্রীনউইচ টাইম সোয়া সাতটার সময় নতুন তারাটার বৃহস্পতির সবচেয়ে কাছাকাছি গিয়ে পৌছবার কথা। তথনই সারা পৃথিবী দেখবে, ব্যাপারটা কী হয়। অনেকেরই ধারণা জ্লেছে যে গণিত-বিদ অধ্যাপকের সাবধান-বাণী নিজের নাম জাহির করবার এক ব্যাপক উপায়। অভএব থানিকটা উত্তেজিত তর্কবিতর্কের পর অবশেষে স্বাভাবিক বৃদ্ধি পরম আত্মবিখানে বিছানায় ঘুমতে গেল। আর সারা ছনিয়ার বর্বরতা নতুনত্বেব বিশ্বয় কাটিয়ে উঠে আবার আপন কাজে নিযুক্ত হল। এধানে ওধানে ক্ষেকটা কৃকুর কেবল ভাকতে লাগল, নক্তন ভারার বিশ্বয়ের কথা শ্বরণ করে।

ভারপর একঘন্টা পরে ভারাট। ঠিক উঠল ;—আগেকার রাত্তের চাইতে বড় নমু মোটেই। আনেকেই জেগে ছিল, বৈজ্ঞানিকের ভবিশ্বৎ-বাণার কথা ভেবে স্বাই এগচোট হাসল, মনে মনে স্বন্ধিব নিংখাস ফেল্ল—বিপদ কেটে গেছে।

হামি বন্ধ হতে দেরি হল না। তারাটা বড় হতে লাগল, ঘণ্টায় ঘণ্টায়, ধীরে ধীরে,...প্রতি ঘণ্টায় একটু করে বাড়ছে, প্রতি ঘণ্টায় আকাশের চূড়ার দিকে এগোছে। ক্রমে রাজি দিনের মত উদ্ভাসিত হয়ে গেল। যদি তারাটা সোজা পৃথিবীর দিকে আসত, রহম্পতির আকর্ষণে থানিকটা গতিবেগ হারিয়ে বাঁকা পধ ধরে যদি তাকে এগোজে না হত, তাহলে এক দিনের বেশি লাগত না। লাগল কিন্তু পাঁচদিন প্রকে আমাদের গ্রহের কাছাকাছি এসে পৌছতে। পরাদন রাজে ইংল্যাপ্তের আকাশে যথন তারাটা দেখা গেল, তথন তার আহতন টাদের তিনভাগের একভাগ। ইংল্যাপ্তের সমস্ত বর্ফ গলে পেল। আমেরিকার আকাশে তারাটা দেখাল প্রায় পূর্ণ টাদের মত,

চোণ ঝলদে যায় এমনিশালা আর গবম। দলে দলে উন্তপ্ত বাতাদ বইতে শুক্ত করুল। ভাজিনিয়া, ব্রেজিল আর দেউ ্লরেল উপত্যকায় ত্রন্ধ বজ্ঞমেঘ, চকিত বিহাৎ আর ঝ্ঞাবাতের ফাঁকে ফাঁকে থাকাশে থেকে পেকে তাবাটা জলজন কবে উঠতে লাগলন ম্যানিটোবায় বরফ গলে এল প্রচণ্ড বলা। আর পৃথিবীর সমস্ত পর্বত- চূড়ায় যত ত্র্যার, সমস্ত গলে গেল নেইরাছে; স্বউচ্চ প্রদেশ থেকে সমস্ত নদী পিছিল পরিপূর্ণ হয়ে ফুলে উঠে তীত্র গতিতে নামতে লাগল, বহু ভাঙা গাছ আর মান্থেরে মৃতদেহকে বহন কবে। তাবার ভৌতিক আলোয় নদীব জল বাডছে, ফুলছে; উপতাকায় এদে কুল ছাপিয়ে গেল, বহুলায় উন্তন্ত হয়ে অনুসরণ করল পলায়মান জনপদ্বাদীব পিছু পিছু।

মার্জেনির উপকৃল বরাবব দক্ষিণ আটলান্টিক সাগরের উত্তর দিক জুড়ে সমুজ্জল এভূতপূর্ব ভাবে ফে'পে উঠল, বছম্বানে ঝডের বেগ সমুধ্র-ব্যাকে ধারু। দিয়ে নিয়ে গেল শত শত মাইল অভ্যন্তরে, ডুবে গেল কত শত নগরী। সমস্ত রাত্রি ধরে উত্তাপ এত বাড়ল যে স্থোদয়কে মনে হল যেন ছায়ার মত্য়দয়। মাটির নীচে গুরু গুরু কম্পন বেডেই চলেছে, শেষে উত্তরমেক বৃত্ত থেকে হর্ণ উপমীপ পর্যন্ত আমেরিক। জুড়ে পাহাড ধ্বদে পড়ছে, ভূমি ফেটে গহরর হয়ে যাছে ধ্লোয়। কোটোপ্যাক্সি পাহাড়ের প্রো একটা দিক বাদে গেল একটা কম্পনে, লাভা-প্রবাহ অবর্ণনীয় বেগে ছড়িয়ে একদিন উন্মন্ত প্রবাহে সমুদ্রে গিয়ে পৌত্র।

এদিকে প্রশান্ত মহাসাগরের ওপর দিয়ে এগিয়ে চলেছে কারা,
পিচনে চলেছে নিশুভ চাঁদ, আর সক্ষে স্কে চলেছে ঝঞ্চাবায়। উৎস্ক হয়ে অসুসরণ করছে সম্ভ-বক্তা, ফুলে ফেঁপে উঠছে তরক, ধীপের পর দ্বীপের ওপর ঝাঁটিয়ে নিয়ে যাচ্ছে জনমাহ্য। প্রচণ্ড উত্তাপ আর চোধ-অন্ধ-করা উজ্জন দেই ভীষণ তংক, পঞ্চাশ ফুট উচু জলের একটা দেরালের মত ভয়ন্বর ফ্রতগতিতে ক্ষ্তিত হত্তারে ছুটতে ছুটতে অবশেষে এদিয়ার দীর্ঘ উপকূলে আছডে পড়ল, চাঁনের উপত্যকার ওপর দিয়ে বয়ে গেল বক্সার মত। স্থের চেয়ে বুংদাকার স্থের চেয়ে উজ্জল আর উত্তপ হয়ে উঠেছে তারাটা। জনাকীর্ণ বুংং ভ্থণ্ডের ওপর নির্মাম জ্যোতিতে ঐকিয়ে রইল সে,—আর সহর আর গ্রাম, কতে। শ্যাগোডা আর পথ, গাছপালা আর শস্তক্ষেত্র আর জলস্ত আকাশের দিকে অসহায় আতক্ষে নিদ্রাহীন চোধ মেলে চাওয়া লক্ষ লক্ষ লোকের ওপর পডল তাব দৃষ্টি;—তারপব এল দ্বাগত ক্রমবর্ধমান বক্সার শব্দ। সেই রাজে লক্ষ লক্ষ অসহায় মান্তবের এলোমেলো পলাহন—উত্তাপে শিথিল-হয়ে-আসা শরীর, নিরুদ্ধ নিশ্বাস; পিছনে প্রাচীরের মত বিবাট সাদা বক্সা আন্তথ্যন। তাব পরে মুহ্য।

সমন্ত চীন দেশ ঐ তারার খেত আলোয় উদ্থাসিত হয়ে গেল, কিন্তু জাপান, জাভা আব পূর্ব-এসিয়ার অন্যান্ত ঘীপগুলির ওপর তারাটা জলভে লাগল ঝাপসা লাল রঙের একটা গোলার মত;—কেননা এসব ঘীপের প্রত্যেকটি আগ্রেরগিরি থেকে শুরু হল আগপ্তকের অভিনন্দন। খোঁয়া আর ছাই আব বাম্পে ছেয়ে গেল আকাশ। ওপরে ছুটছে লাভা আর বাম্প আর অঙ্গার, নিচে ফুঁসছে বলা, সমন্ত পৃথিবী যেন ভূমিকম্পে ছলে ত্লে উঠছে. কেঁপে উঠছে মৃহ্মুঁহ!

তিমত আর হিমালয়ের শ্বরণাভীত যুগের তুষার একটু পরেই গলতে শুরুক করল, লক্ষ্ণ লক্ষ্য ঝরণা গভীর থেকে গভীরতর হয়ে একে অপবের আঙ্গে মিশে মিশে ঝরে পড়তে লাগল ব্রন্ধ আর হিন্দুস্থানের সমতলভূমিতে। ভারতের মধ্যভূমির জটিল শিখরে শিখরে জলে উঠল সহস্র আগুন; আর পাদদেশে চঞ্চল জলধারার লেলিহান রক্তশিধার ছায়া কাঁপতে লাগল; সেখানে কত কালো কালো প্রাণী নিবীর্ষভাবে শেষ্টিটা করতে লাগল আত্মরক্ষার। আর বিস্তাণি নদীপথ বেছে অসংখ্যানরনারী কাগ্ডারহান বিমৃত্তায় ভেশে চলল উন্মুক্ত সমুদ্রের সন্ধানে—সর্বশেষ আশাহ।

এবার থেকে তারীটা অত্যন্ত তাড়াতাড়ি বড় হতে লাগল, বাড়তে লাগল তার নৈতাপ আর জ্যোতি। উষ্ণ মহাসাগরের উজ্জ্বল প্রভা মান হয়ে গেল, ঝটিকা-তাড়িত জাহাজের বিন্দু-শোভিত কালো কালো ভরঙ্গ দাপাদাপি করতে লাগল অবিরাম। সেই ক্ষ্রিত তরঙ্গমালা থেকে ভৌতিক ফলার মত পাকচক্রে আকাশে উঠতে লাগল বাষ্প।

তারপর ঘটল এক প্রহেলিকা। ইয়োরোপে যার। আবার তারাটা ওঠার জক্ত অপেক্ষা করছিল, তাদের মনে হল, পৃথিবীর আবর্তন যেন স্থল হয়ে গেছে। পাহাড়-ধ্বসা, অট্টালিকা ধ্বসা আর বক্তার হাত এড়িয়ে যারা অজ্ঞ উচু নীচু উন্মৃক্ত ভূমিতে আশ্রয় নিয়েছিল, তাবা ঘণ্টার পর ঘণ্টা অসম্থ প্রতীক্ষায় চেয়ে রইল আকাশের দিকে,—তারাটা কিন্তু উঠল না। অনেক প্রোণো নক্ষ এবুন্দ, লোকে যাদের ভেবেছিল চিরকালের মক্ত হারিয়ে গেছে, ভারা আবার দেখা দিল। ইংল্যাণ্ডের উত্তপ্ত মাটি কেবল কেঁপে কেঁপে উঠলেও আকাশ কিন্তু উত্তপ্ত, পরিষ্কার হয়ে গেল। গ্রীম প্রধান দেশেও সিবিয়াস্, ক্যাপেলা, আর এ্যাল্ভেবেরন্ প্রভৃতি কয়েকটি ভারা আবার দেখা গেল বাম্পের আত্মবণের মধ্যে দিয়ে। প্রাম দশঘণ্টা পরে আবার বিরাট ভারাটা উঠল; ভগন দেখা গেল ভারাটার ঠিক মাঝখানে কালে। একটা বৃত্ত। ঠিক সক্ষে সক্ষেই উঠল ক্ষম।

এসিয়া মহাদেশের ওপর আকাশের চক্রমণ থেকে যেন পিছনে পড়ে যেতে লাগল তারাটা। হঠাৎ ঠিক ভারতবর্ষের ওপরে যথন, ওর আলো এল নিশ্রভ হয়ে। সিদ্ধুন্দ থেকে গলানদী পর্যন্ত সমস্ত উত্তর ভারতভূষি সারা রাত যেন জলজলে বিরাট একটা জলাভূমি, তার ওপর জেগে আছে যত মন্দির আর প্রাসাদ, টিলা আর পর্বত, তাদের ওপরে মানুযের জটলা। যেথানে জলের ওপর জেগে আছে একটু জমি, সেখানে আশ্রয় নিয়েছে মানুষের পর মানুষ, তারপর গরমে ঝলসে আর আতত্তে কেঁপে টুপটাপ করে জলে নেমে পড়েছে। সমস্ত দেশ জুড়ে একটা স্থাবিপুল

হাগকার যেন উঠছে, এমনি সময় এই হতাশার অগ্নিক্ত্তের ওপর কিসের হায়া যেন বুলিয়ে গেল, ঠাণ্ডা বাতাস বইল এক ঝলক, আব ঘনিয়ে এল মেঘ। তাবাটার দিকে তাকালে চোথ যেন অন্ধ হয়ে যায়; কিছু এখন দেখা গেল, কালো একটা চাকা তারাটার মাঝখানে যেন ভেসে উঠছে। ওলা আসলে চাঁদ, নত্ন ভালা আব পৃথিবীর মাঝখানে এসে পড়েছে। সমন্ত লোক এই হঠাৎ-রক্ষা-পাওয়ার আবেগে ভগবানকে ডেকে উঠল, কিছু ঠিক সেই মৃহুতে ই এক অন্ত গারণাতীত বেগে পূর্ব-দিগস্ত থেকে লাফিয়ে ছুটে এল স্থা। তারপব স্থা, চন্দ্র আব ঐ নতুন ভারা আকাশপটে ত্রস্ত ভাবে বিচরণ করতে লাগল।

ইয়োরোপের দর্শকের চোথে তারা আব স্থা পূর্ব-চক্রবাল থেকে যেন ঠিক পরপব উঠল। তারপর আকাশের কিছুটা অংশ ধরে একের পিছনে অপরে উন্মাদের মত ছুটল। তারপর আন্তে আন্তে প্রান্তে ওদেব গতি গেল মন্থব হয়ে; ক্রমে ঠিক মাধার ওপবে আকাশের চূড়াব ওপর উঠে শুধু হয়ে দাঁড়াল তৃটি মণ্ডল, উভয়ের প্রচণ্ড জ্যোতি এক সঙ্গে যেন মিশে পেল। চাঁদকে আব তারার ছাহান্ধণে দেখা গেল না, দারা আকাশের জালোয় কোথায় হাবিয়ে গেছে দে। যে দব মান্ত্র তথনো বেঁচে ছিল, ক্র্যা, উত্তাপ ক্লাকি খার হতাশার বিমৃত,—বিভান্ত চোগ মেলে এই দৃশ্র দেখল। কোন কোন মান্ত্র অবশ্র বৃত্তাত পারল এই সঙ্গেতের অর্থ কা।

এই ধরিত্রী আর তাবা নিকটতম হয়ে এসেছিল, একে অপরকে আকর্ষণ কর্ছিল চরম আগস্তুণে, তারপর হঠাৎ তারটো সরে গেল দূরে। এবার কর্মন ক আগস্তুক চলেচে, সরে যাচেছ দূর থেকে দ্রাস্থে। এবার ক্রেষ্
আকর্ষণে স্থের অভ্যস্তুরে তার চরম যাতা!

এবার ক্ষমলো মেথের পরে মেঘ, নভামগুল হারিয়ে গেল দৃষ্টির ওপারে, বজ্র আর বিত্যুতের অলকারে সজ্জিত হল ধর্মী। রুষ্টি নামলো সারা পৃথিবী জুড়ে—এমন বর্ষণ, যা কেউ কথনো দেথেনি। এযথানে যোধানে আগ্রেমগিরি অগ্রিনাহ উৎক্ষেপ করেছিল, মেঘের চক্রাতপ

থেকে সেগানে অঝোরে ঝরতে লাগল কাদা ! সর্বত্ত ভূমি গাসিয়ে কর্দমাক্ত ধ্বাসা, বশেষের চিহ্ন ফেলে বেথে এগিয়ে চলল জল, আবার উঠল ভাঙা, ঝড়ের পরের সমুস্ত গীবেব বিশ্রন্ত ক্ষ্ণালের মত রইল স্প্রিণ আবর্জনা আব কভ মান্ত্র আর অমান্ত্রের শ্বঁতদেহ। দিনের পর দিন ধরে এমনি জল সরে যেতে লাগল, কভ বাড়ি ঘর গাছপালা টেনেনিয়ে যেতে লাগল, প্রোভের টানে মাটি সরে সরে তৈরি হতে লাগল কত গভীব নাল। আব কত বিরাট বাধ। তারকা বিদায় নিয়েছে, নিজে গেছে উত্তাপ আর আলো, এবার কদিন ধরে ভুধু অন্ধকার। এ অন্ধকার কেটে যাবার পরেও অনেক দিন ধরে ভূমিকম্প কিন্তু থামল না।

তারাটা যথন বিদায় হয়েছে, আবার ক্পীড়িত মান্নুষের পাল সাহস সঞ্চয় করে গুটি গুটি ফিরে আসছে। বিধ্বস্ত নগরী, মুৎপ্রোধিড ধাছাগার আর বিনষ্ট শত্যক্ষেত্রে ক্রমে আবার তারা জমায়েড হচ্ছে। একদিনের প্রলয় এডিয়ে যে কটা ক্ষাহাজ ভেসে আছে, তাবা পালছেঁড়া হালভাঙা হয়ে পরিচিত বন্দবেব কাছে ফিরে আসছে আন্তে আন্তে নতুন পথ আর স্বল্প ক্লের নতুন নিশানাকে সন্ধান করে করে। ক্রমে বড়ে একেবারে শাস্ত হয়ে এল। দিনগুলো আগেব চেয়ে আবো গ্রম, স্থ যেন আরো বড় বোধ হতে লাগল, আব চাঁদের ওচ্ছারা শুকিয়ে হয়ে গেল আগেব তিনভাগের একভাগ; অমাবক্যা আসতে লাগল প্রো আশীটা দিন।

পুরোনো সভাতার কতটা গেল কতটুকু বাঁচল, বিজ্ঞান নীতি আর লংক্ষৃতি কতটা বক্ষা পেল, মাহুষে মাহুষে নতুন করে কী সম্বন্ধ গড়ে উঠল, সে ববর এ গল্পে নয়। নতুন যুগের নাবিকরা দেখল, আইস্ল্যাও গ্রীণল্যাও আর ব্যাভিন উপসাগরেল তাঁরভূমি শক্তভামলা হয়ে উঠছে। উত্তপ্ত পৃথিবীর মাহুষরা ক্রমে ক্রমে ছড়িয়ে পড়ল উত্তর আর দক্ষিণ মেকতে। সে ঘটনাও এ কাহিনীতে অবাধর। নতুন তারার আবির্তাবে শুকু হয়ে ওর মন্তর্ধানের সক্ষেই এগলের শেষ।

鲐

সোরজগতের এই বিচিত্র ঘটনা মঞ্চলগ্রহের জ্যোভিবিদরা বিপুল
তংক্ষক্যের সঙ্গে পর্যবেশণ করছিলেন। (মঞ্চল-গ্রেছ জ্যোভিবিদ
আছেন বৈকি, যদিও তাদের চেহারা এই পৃথিবীর মাম্বদের মত
মোটেই নয়) তাঁবা অবশ্য বাাপারটা লক্ষ্য করছিলেন তাদের নিজ্প
দিক থেকে। একজন লিখলেন, 'আমাদের সৌরজগতের মধ্যে দিয়ে
যে বিরাট নক্ষত্রমণ্ডলটা স্থের দিকে ছুটে গেল, তার আয়তন আর
উত্তাপ এত প্রচণ্ড যে, আশ্চর্যের বিষয় এই যে সেটা পৃথিবী-গ্রহের সঙ্গে
ধাকা লাগতে লাগতে কোন রক্ষম পাশ কাটিয়ে যাওয়া সত্তেও গ্রহটার
ক্ষতি হয়েছে নিতান্ত যৎসামান্ত। ভূথওওলাের যে সব সীমানা আমাদের
পরিচিত তার কোনটারই অদল বদল হয়নি, জ্লভাগও যেমন ছিল ঠিক
তেমনিই আছে। একটু পরিবতনি যা চোপে পডে তা হচ্ছে এই যে
ছুটো মেরু অঞ্চলের যে সাদাটে রউটা, (জ্মাট ভূষারের জন্তে তাদের
এই ধাবণা) সেটা যেন একটু কমে গিয়েছে।' মাত্র ক্ষেক লক্ষ্ম মাইল
দূরে থেকে যদি দেখা যায়, তাহলে মানব-জগতের প্রচণ্ডতম সর্বনাশও
শ্রমনি অকিঞ্ছিৎকর হয়েই ধরা পড়ে।

—নিম লচন্দ্র গঙ্গোপাধ্যায়

পাইক্র্যাফ্টের গোপন রহস্ত

ও বেখানে বসে আছে, সেধান থেকে আমার দৃংত্ব বারো গজের বেকী। হবে না। ঘাড় ফেরালেই ওকে দেখতে পাই, এবং ওর দিকে ভাকাবে প্রায়ই আমাদের দৃষ্টিবিনিময় হয়। ওর দৃষ্টিতে তথন ফুটে ওঠে—

ইয়া, অনেকটা মিনতির ভাবই ফুটে ওঠে। এবং তার সঙ্গে সন্দেহও মেশানো থাকে কতকটা।

চুলোয় যাক ওর সন্দেহ! ইচ্ছা করলে অনেক আগেই ওর সমস্ক রহক্ত প্রকাশ করে দিতে পারতাম। কিন্তু আমি তা কবিনি, এবং সেদিক দিয়ে ওর নিশ্চিন্তই থাকা উচিত—মানে ওর মত মেদবহুল ব্যক্তির পক্ষে যদি কখনো নিশ্চিন্ত হওয়া সম্ভব হয়! আর তা ছাড়াও, ওর রহক্ত প্রকাশ করলেই বা বিশ্বাস করছে কে গু

আহা, পাইক্যাফ্ট, বেচারা! মাংসের প্রকাও পিও একটি। কওনের সমস্ত ক্লাব খুঁজনেও ওরকম স্থল ব্যক্তি আর একটি পাওয়া যাবে না।

ক্লাবের একটা ছোট টেবলে আগুনের ধারে বসে গোগ্রাসে থেয়ে চলেছে। কী থাছে ও? সতর্ক, চোরা দৃষ্টিতে তাকিয়ে দেখি, আমার দিকে লক্ষ্য রেথে একথও গ্রম মাথন-মাথানো কেক-এ দাঁত বসাছে। আরে গেল, আমার দিকে তাকানো কেন বাপু ?

ই্যা ঠিক হয়েছে, আমি মনস্থির করে ফেলেছি। তুমি যথন কিছুতেই তোমার নীচতা ত্যাগ করবে না, আমাকে উপযুক্ত সম্মান দেবে না,— এথানে, তোমার চোথের সামনে বসেই তোমার সমস্ত ঘটনা লিপিবজ্ব করব। তোমাকে আমি অনেক সাহায্য করেছি, আড়ালে রেথে রক্ষা পর্যন্ত করেছি; আর তার প্রতিদান-স্বরূপ তুমি আমার ক্লাব-জীবন ছুর্বিসহ করে তুলেছ—কেবল সেই এক কথা, করুণ দৃষ্টিতে বারবার একঘেয়ে এক অমুনয়,—প্রকাশ কোরো না, আমার রহক্ত প্রকাশ কোরো না!

আর তা ছাড়াও, ঐ রাক্ষদের মত খাওয়াও আমি বরদান্ত করতে পারি না।

এই সব কারণেই আমি পাইক্র্যাফ্টের গোপন তথ্য প্রকাশ কগতে ৰসেছি,---সম্পূর্ণ তথ্য, এবং সম্পূর্ণ তথ্য ভিন্ন আর কিছুই নয়।

পাইক্রাফ টের সব্দে এই ধুনপান-কক্ষেই আমার আলাপ হয়। আমি তথন সবে নতুন মেম্বার হয়েছি, বয়স অল্ল; মাড় ও ভাব কাটিয়ে উঠতে পারিনে তথনে।। পাইক্রাফ্ট লক্ষ্য করেছিল তা। একা বদে আছি, ভাবছি মেম্বারদের সক্ষে ভাল করে আলাপ করতে পারলে বেশ হত। এমন সময় হঠাৎ এল সে; প্রকাণ্ড প্তনি, হয়া ভূঁড়ি বাগিয়ে একরকম পড়াতে গড়াতে এসেই ঘোঁহি ঘোঁৎ করতে করতে একটা চেয়ার টেনে আমার পাশে বসল। তারপর জোরে জোরে কিছুক্ষণ নিশাস ফেলে দেশলাহ্রের সঙ্গে থানিকটা ধ্বন্ধাবন্তি করে একটা চুক্ট ধরাল। ভারপর আমাকে উদ্দেশ করে কি যেন বলল, দেশলাইটা ভাল জলছে না, নাকি। তারপর সে আমার সঙ্গে আলাপ শুক্ত করল। যতগুলো বেয়ারা পাশ দিয়ে গেছে, তালের প্রত্যেককে থামিয়ে তার নিজম্ব তীক্ষ্ণ পাতলা গলায় দেশলাইয়ের কথা জানিয়েছে।—সে যা-ই হোক, কতকটা এভাবেই আমাদের আলাপ হয়।

একথা সেকথার পর সে থেলাধুলো সম্বন্ধে আলোচনা শুরু করল। তারপর আমার শরীরের গঠন আর গায়ের রঙের কথা তুলল,—আপনার শরীর একহারা,—একহারা কেন, হয়ত রোগা-ও বলা চলে। গায়ের রঙ আমার হয়ত বিশেষ ফর্সা নয়—আমার প্রপিতামহী যে হিন্দু ছিলেন, এজ্যু আমি কিছুমাত্র লজ্জিত নই—কিন্তু তাই বলে যে কোন শুপরিচিত ব্যক্তি হঠাৎ আমাকে দেখেই তা বুঝতে পারবে, এ আমি পছন্দ করি না। গোড়া থেকেই ভাই আমার মন পাইক্র্যাফ্টের শুপরে বিরূপ হয়ে উঠেছিল।

আমার সম্বন্ধে এত কথা বলার উদ্দেশ্যই কিন্তু ছিল তার নিজের প্রসঙ্গের অবতারণা করা।

বলল, আপনি বোধহয় আমার থেকে খুব বেশী পরিশ্রম করেন না; আর আপনার খাওয়াও বোধহয় আমারই মত ৄ (অত্যন্ত ছুল ব্যক্তিমাত্রের মতই তারও ধারণা ছিল, সে কিছুই থেত না) তারপর বাকা হাসি ২েসে বলল, অথচ দেখুন, আমাদের মধ্যে কত পার্থকা!

তখন সে শুরু করল নিজের মেদবছল শরারের কথা। একই কথা বলতে লাগল বারবার—রোগা হবার জন্ত সে কী কী করেছে এবং আরে: কত কি করবে, লোকে তাকে কী করতে বলেছে বা তার মত অবস্থায় লোকে রোগা হবার জন্ত কী করেছে। বলল, এমানতে হয়ত মনে হবে, শুধু খাজনিয়ন্ত্রণ করে অথবা শুষুধের ব্যবহারেই শরীরের পুষ্টি অথবা মেদ দমন করাসম্ভব। এমনি সব যত বাজে কথা তার। অত্যন্ত বিরক্ত লাগত।

এক আধবার হয়, তবু এরকম ব্যবহার ক্লাবে বরদান্ত করা চলে।
কিন্তু কিছুদিন পরে মনে হল, অনেক সহ্য করেছি, আর সম্ভব নয়। ও
মেন পেয়ে বসেছে আমাকে! যথনি ধ্মপানের কক্ষে প্রবেশ করেছি,
সঙ্গে সঙ্গে এসে উপদ্বিত হয়েছে। থেতে বসেছি, অমনি পাশে এসে
গোগ্রানে থেতে ভক্ষ করেছে। সব সময়ে যেন লেগেই রয়েছে পেছনে!
তবে এইটুকুই আশাসের কথা যে, সে ভধু আমার একার পেছনেই লাগে
না। কিন্তু প্রথম থেকেই তার ব্যবহারে মনে হত, কেমন করে যেন সে
ভানতে পেরেছে, এমন একটা বিশেষ কিছু আমার মধ্যে থাকা সম্ভব
অক্য কারে মধ্যে যা নেই।

বলত, ওন্দ্রন কমাবার জন্ম আমি দব কিছু করতে রাজি আছি,—
—সব কিছু। বলত, আর ফুলো ফুলো গাল হুটো তুলে আমার দিকে
উ'কি মেরে তাকাত।

পাইক্র্যাফ্ট, বেচারা! আবার সে ৰটি বাঞ্চাচ্ছে, নিশ্চয় এখনি আবার মাধন-মাধানো কেক্এর অর্ডার দেবে! একদিন সে কাজের কথা পাড়ল। বলল, আমাদের পাশ্চাত্য
চিকিংসা-শাস্ত্রকে চিকিংসা-বিজ্ঞানের শেষ কথা বলে মনে করলে ভূল
হবে। শুনেছি প্রাচ্যে— এই পর্যন্ত বলে হঠাং থেমে গিয়ে আমার
দিকে এমন অভ্তভাবে তাকিয়ে রইল য়ে মনে চল যেন কোন জলজভ
ভার চৌবাচ্চা থেকে তাকাচ্ছে।

হঠাৎ আমি ক্ষেণে উঠলাম,—কে আপনাকে আমাব প্রণিতামহীর ব্যবস্থালিপির কথা বলেছে বলুন ভো ?

ঘুদি পাকিয়ে দে বলল, কেন, কী হয়েছে ?

এই এক সপ্তাহের মধ্যে অনেকবার আমাদের দেখা হয়েছে, আর প্রতিবারেই আপনি আমার এই গোপন তথ্য সম্বন্ধে স্থূল ইন্ধিত করেছেন।

তা, ধরা যথন পড়েই গেছি আর স্বীকার না করে লাভ কি ? ই্যা, আমি শুনেছি—

প্যাটিদনের কাছ থেকে দ

হাা, তবে প্রতাক্ষভাবে ন। হলেও এক রকম তাই বটে।

আমার মনে হল, ও মিথ্যা বলছে।

জানেন, প্যাটিদন যা করেছিল ত। সম্পূর্ণ নিজেব দায়িত্বই ?

ঠোঁট ছুটে। বন্ধ করে দে ঘাড় নাড়ল,—মেনে নিল আমার কথা।

আমার প্রশিতামহীর ব্যবস্থালিপি নিয়ে নাড়াচাড়া করা বিশেষ
নিরাপদ নয়। বাবা তে। আমাকে প্রায় প্রতিজ্ঞা করিয়েই নিয়েছিলেন,—

— কিন্তু প্রতিজ্ঞা করিয়ে নেন নি তো?

না, কিন্তু তিনি আমাকে সাবধান করে দিয়েছিলেন। নিজেও তিনি মাত্র একবার তঃ ব্যবহার করেছিলেন।

ख! किन्छ, -- आश्रान की वरलन ? धक्न-धक्न, यनि এकवादित क्न --

—ব্যবস্থালিপিওলো অভ্যস্ত অভ্ত। এমন কি, তাদের গন্ধ পর্যন্ত ...
না, দে হয় না।

কিন্ধ এতদুর অগ্রসর হয়ে আমার কথায় ছেড়ে দেবে, সে বান্দা

পাইক্র্যাফ্ট নয়। তা ছাড়া এ আশহাও আমার ছিল যে, একবার যদিও ধৈর্য হারায় আর নিস্তার নেই, হঠাৎ হয়ত আমাকে আক্রমণ করেই বসবে। এ আমার এক তুর্বলতা, স্বীকার করতে লজ্জা নেই। কিন্তু তাব ওপরে আমি এত বিরক্ত হয়েছিলাম যে, ইচ্ছাহল বলি,—য়ও, তোমার নিজের দায়িতে যা খাল করে। গিয়ে। প্যাটিসনের যে প্রসন্ধ ইতিপূর্বে তুলেছি সে সম্পূর্ণ অক্ত ব্যাপার, এবং এ ক্ষেত্রে অবাস্তর। তবে, তাকে যে বাবস্থালিপি দিয়েছিলাম, জানতাম তা সম্পূর্ণ নিরাপদ। অক্ত গুলোর সম্বন্ধে আমার কোন সঠিক ধারণা ছিল না, বরং মোটাম্টি এই ধারণাই ছিল যে তাদের নিরাপত্তা সম্বন্ধে সন্দেহ করবার যথেষ্ট কারণ আছে।

কিন্তু পাইক্র্যাফ্টের ওপর ওদের ফলাফল যদি বিষাক্ত হয়েই দীখোয়—

স্বীকার করতে লজ্জা নেই,—স্মানার মনে হল, এমন কিছুর সন্ধান পাওয়া অত্যস্ত কঠিন হবে পাইক্র্যাফ্টের পক্ষে যা কথনো অনিষ্টকর হতে পারে!

সেদিন সন্ধ্যাবেলা অন্তুত-গন্ধওয়ালা চন্দনের বাক্সটা সিন্দুক থেকে বের করে থসগসে চামড়াগুলো নেড়ে-চেড়ে দেগতে লাগলাম। আমার প্রণিতামহীর হয়ে যিনি ব্যবস্থালিপিগুলো লিখে রেখেছিলেন, বিবিধ রকমের চামড়ার ওপরে বোধহয় তাঁর তুর্বলতা ছিল। তাঁর হাতের লেখাও ছিল অত্যন্ত জড়ানো। অনেক কিছুরই পাঠোদ্ধার করতে পাবলাম না, এবং যেটুকুর পারলাম তাও অতি কটে; যদিও ইণ্ডিয়ান দিভিল সার্ভিদের দৌলতে হিন্দী ভাষা সম্বন্ধে কিছু জ্ঞান আমাদের বংশে পুক্ষাস্ক্রমে চলে আসছে। তবে, একটা ব্যবস্থা-লিপির পাঠোদ্ধার আমি ঠিকই করেছিলাম। দিন্দুকের ধারে মেকের ওপর বলে অনেকক্ষণ ধরে দেটা নিধে নাড়াচাড়া করতে লাগলাম।

भद्रद्र पिन भारेक्याक हेटक वननाम, धरे व्य थहा दिनश्हन,-

সঙ্গে সঙ্গে সে ব্যগ্রভাবে হাত বাড়ালো, কিছু আমি চট্ করে হাত সরিষে নিলাম। বললাম, আমার ষতদ্র মনে হচ্ছে, এটা হল ওজন কমাবার জন্ম। (পাইজ্যাফ্ট—ও!) অবশু আমি একেবারে নিশ্চিত হতে পার্ছি না, তবৈ আমার মনে হচ্ছে তাই! কিছু আমার উপদেশ যদি অনতে চান তো বলব, এ না নেওয়াই আপনার ভাল—ভেবে দেখুন, আপনার জন্মই আমি আমার রক্ত পর্যন্ত করতে বসেছি—কারণ, যতদ্র জানি, আমার প্রপিতামহার দিকের পূর্বপুক্ষরা একট্ অভুত ধরণেরই ছিলেন,—ব্রলেন তো?

তাংলেও আমি পরীকা কবে দেখতে চাই, পাইক্র্যাফ্ট বলন।

আনার আমি চেয়ারে হেলান দিয়ে প্তলাম। অনেক চেষ্টা করণাম, কিন্তু আমার বল্পনা কিছুতেই দানা বেঁধে উঠতে পাবল না। ওকে জিজ্ঞাসা করলাম, আছে। মি: পাইক্র্যাফ্ট, রোগা হয়ে গেলে আপনাকে কেমন দেখতে হবে, একবার ভেবে দেখেছেন কি পূ

যুক্তিতে বুঝবে, সে পাত পাইক্রাফ্ট নয়। ওকে প্রতিজ্ঞা , করালাম, এর ফলে যা-ই হোক, নিজেব শরীর নিয়ে আর কথনো ও আমাকে একটা কথাও বলবে না। তারপর ব্যবস্থালিপিটা ওর হাতে দিয়ে দিলাম। অত্যন্ত বেয়াডা জিনিষ কিন্ত,—সাবধান করে দিলাম ওকে।

সেজন্ত আপনাকে ঘাবড়াতে হবে না, বলে সে ব্যবস্থালিপিটা গ্রহণ করল।

51থ বড় বড় করে সে ব্যবহালিপিটার দিকে তাকাল—বললে, কিছ—কিছ—

এতক্ষণে ও আবিছার করেছে, ব্যবস্থালিশিটা ইংরেজী ভাষায় লেখান্য। বললাম, আমি সাধ্যমত একটা তর্জমা কবে দিছিছ।

ভাল ভর্জমাই করে দিলাম। তারপর সপ্তাহ ছয়েক আমাদের মধ্যে কোন ব্যাবার্জা হর্মা; যত্বার সে আমার কাছে আসতে চেয়েছে চোথ রাভিয়ে চলে যেতে ইন্ধিত করেছি, আর সেও আমাদের চুক্তি ভক্ষ করেনি। এইভাবে কেটে গেল ছু' সপ্তাহ, কিন্তু দেখা গেল, পাইক্রাফ ট একটুও বোগা হয়নি। তখন সে বগত, বগতে বাধ্য হচ্ছি মশাই, এতে কিছুই হচ্ছে না। নিশ্চয়ই কোন গগুলোল আছে কোথাও, না হলে কোনো উপকার পাক্তি না কেন? আপনি কিন্তু আপনার প্রশিতামহীর প্রতি ঠিক স্থবিচার করছেন না।

ব্যবস্থাপত্ৰটা কোপায় ?

শস্তর্পণে পকেট থেকে বের করে ব্যবস্থাপত্তি। আমার হাতে দিল। তালিকাটার ওপরে চোব বুলিয়ে নিয়ে জিজ্ঞাসা করলান, জিমট। খারাপ ছিল জো ?

না তো! কেন, তাই কি হওয়া উচিত ছিল নাকি ?

আমাৰ প্রপিতামহীর ব্যবস্থাপত্তের ব্যাপারে এ তো বলাই বাছল্য!
বধনি কোন বিশেষ নির্দেশ না থাকবে ব্রুতে হবে, সবধেকে খাবাপ
জিনিষ ব্যবহার করা উচিত। এ বিষয়ে তাঁর অত্যন্ত কড়াকড়ি ছিল।
এব কয়েকটা ব্যাপারে অবশ্য কথনো কথনো অন্য ব্যবস্থাও দেওয়া
বেতে পারে। আপনার কাছে ব্যাট্ল্-সেকের টাটকা বিষ আছে গ

জ্যাম্ব্যাকের দোকান থেকে এবটা ব্যাটল্-ত্মেক কিনেছিলাম, দাম পড়েছিল—

ষ্ড ই পড়ুক, সে ব্যাপার আপনার। এই শেষের নির্দেশট।—
আমি একজনকে চিনি, যে—

হ^{*}! আছো, আমি অন্ত ব্যবস্থাগুলোর কথাও লিখে দিছি। ও ভাষা সধ্যক্ষ আমার ষভটুকু জ্ঞান তাতে মনে হয়, এর বানামটা। অত্যস্ত গোলমেলে। হাা, বলতে ভূলে গেছি, 'কুকুর' বলতে এখানে বোঝাবে, 'পারিয়া-কুকুর।'

ভারপর প্রায় একমাদ কেটে গেছে। পাইক্যাফ্ট রোজ সাবে

আদে। একটুও রোগা হয়নি, এবং ফলে তার উদ্বেগও রয়ে গেছে সমানই। আমাদের সর্ত সে ভক্ষ করেনি, যদিও মাঝে মাঝে হতাশভাবে মাথা নেড়ে সর্তের প্রতি অমর্যাদ। প্রকাশ করেছে। একদিন বলল, আপনার প্রপিত্যমহা—

বাধা দিয়ে আমি বলে উঠলাম, সাবধান, তাঁর বিকদ্ধে একটি কথাও নয়।

ও চুপ করল।

আমি ভেবেছিলাম, পাইক্র্যাফ্ট হয়ত আমার ব্যবস্থাপত ব্যবহার করবে না; কারণ, তিনজন নতুন মেম্বারের সঙ্গে যেভাবে সে সেদিন নিজের বপুর বিশালভা সম্বন্ধে কথা বলছিল ভাতে মনে হল, ও নতুন ব্যবস্থাপতের সন্ধানে রয়েছে। এহেন সময়ে সম্পূর্ণ অপ্রত্যাশিত ভাবে ওর টেলিগ্রাম এল।

টেলিগ্রাম নিখে ছোকরাটা সোজা আমার কাছে এসে চীৎকার করে উঠল, মি: ফর্মালীন! টেলিগ্রামটা হাতে নিয়ে তথনি থুলে ফেললাম।

केश्वरत्रत्र त्माहाहे, हत्न आञ्चन-भाहेक्याक् है।

হ'! বেশ বুঝলাম, প্রপিতামহীর স্থনাম অব্যাহতই রয়েছে। স্ত্যি বলতে কি, অত্যক্ত আনন্দ হল, আনন্দের আতিশয্যে ভোজন-প্রবী বেশ ভাল করেই সম্পন্ন করলাম।

হলঘরের পোর্টারের কাছে তার ঠিকানা পেলাম। রুম্দ্বেরিতে একটা বাড়ির ওপরের তলার ফ্ল্যাটে সে থাকত। কফি-টফি সেরে চুকটের অপেক্ষানা রেখেই সেখানে গিয়ে হাজির হলাম।

সামনের দরস্থার কাছে জিজ্ঞাসা করে জানলাম, পাইক্রাফ্টের. বোধহয় অস্থ করেছে; তুদিন মোটে বেরোয় নি। 'তিনি আমাকে ডেকেছেন', একথা জানাতে তারা আমাকে ওপরে পাঠিয়ে দিল।

भत्रकात वाहरत माफिर्य घणे। वाकानाम। मत्न मत्न वननाम,

ব্যবস্থাপত্রটা ও না নিলেই পারত। ভয়োবের মত যার থাওয়া, তার শ্রীরটাও ভয়োবের মতই হওয়া উচিত।

এক জাঁদরেল গোছের স্ত্রীলোক এসে দরজার ফাঁক দিয়ে উকি মেরে দেখল—তার মাধার টুপি ঠিক জায়গায় নেই সুথে উদ্বেগের চায়া।

সামি নাম জানাতে বিধাভরে দরজা খুলে দিল। বললে, তিনি বলেছিলেন, আপনি এলে যেন ভিতরে নিয়ে আসা ২য়। কোধায় আমাকে পথ দেখিয়ে নিয়ে যাবে তা নয়, দাঁড়িয়ে দাঁড়িয়ে কেবল আমাকে লক্ষ্য করতে লাগল। তারপুর চুপিচুপি বলল, তিনি স্থার দরজা বস্তু করে আছেন।

वश्व करत्र !

ইয়া ভারে, কাল স্কাল থেকে দরজা বন্ধ করে আছেন, কাউকে ঘরে চুকতে দিভেন না আর থেকে থেকে গালাগালি করছেন। উ: কী ভয়ানক!

ওর দৃষ্টি অমুসরণ করে দরজার দিকে তাকালাম। ঐ ঘরে ? আজে ইয়া।

ব্যাপারটা কি ?

বিষয়ভাবে ঘাড নেড়ে বলল, পথোর জন্ম বড় জালাতন করছেন, ভারে। বলেন, এমন পথ্য চাই যাতে পেট ভরে। যা পেয়েছি জোগাড় করে দিয়েছি। সাজ্যাতিক একটা কিছু বোধহয় উনি পেয়েছেন।

ভিতর থেকে একটা তীক্ষ স্বর ভেসে এল, কে, ফর্মালীন ? পাইক্রাফ্ট নাকি ? বলে সক্ষোরে দরজায় ধাক্কা দিলাম। ওকে চলে যেতে বলুন।

বললাম।

দরজার ভিতর থেকে কেমন একটা অন্তুত শব্দ শোনা গেল; কে যেন অন্ধকাবে দবজার হাতলটা হাতড়াচেছ। পাইক্র্যাফ্টের প্রিচিত ঘেঁাৎ ঘেঁাৎ শব্দও কাণে এল। वननाम, ठिक चाह्न। ठटन दशह दन।

चारता चरनककन करिं रान, किन्द उत्थ मत्रका थुनन ना।

ইঠাৎ চাবি ঘোরানোর শব্দ শোনা গেল। পাইক্রাফ্ট বলল, ভেতরে আহন।

গাতল ঘুরিয়ে থুলে ফেললাম দরজাটা। সভাবতই আশা করেছিলাম, পাইজ্যাফ টকে সামনে দেখতে পাব।

কিন্ত কোথায় সে।

কীবনে কথনো আমি এতটা হতভম্ব হইনি। যেখানে চুকলাম সেটা হল তার বসবার ঘর। জিনিষপত্র অগোছাল, ইতপ্তত ছড়ানো; বই পত্রের মধ্যে রয়েছে থাবারের প্রেট, ডিস; চেয়ারগুলো উল্টে পড়ে রয়েছে। কিছু পাইক্রাফ্ট—

ঘাবড়াবার ¢ছুই নেই মশাই, ঠিক আছে। দরভাট। বন্ধ করে দিন,—পাইক্র্যাফুটের গল। শোনা গেল। এডক্ষণে আমি তাকে আবিষ্কার করলাম।

দরজার ওপথে কোণের দিকে কাণিদের কাছে সে রয়েছে—কে যেন ছাদের সঙ্গে এটি থেছে তাকে। উদ্বেগ ও ক্রোধ একসঙ্গে তার মূথে ফুটে উঠেছে। ইাপাতে ইাপাতে, বিকৃত অক্ত শ্বী করতে করতে বলল, দরজাটা বন্ধ করে দিন; কারণ একবার যদি সে এ অবস্থায় দেপতে পায় আমাকে—

দরজা বন্ধ কথে দূরে গিয়ে তাকে শশ্য করতে লাগলাম। বললাম, জানেন, হঠাৎ যদি হাত ফল্কে পড়ে যান তো ঘাড়টি একেবারে ভেঙে ধাবে।

হায়, দে সৌহাগ্যও কি আমার হবে! করুণ, হতাশার স্বরে পাইক্যাক্ট ৰলল।

আপনার মত ব্যবে, আপনার ওজন নিয়ে, কেউ যে এরকম শিওস্থলভ কসরৎ দেখাতে যেতে পারে— থাক থাক, ঢের হয়েছে ৷ তার মুখে বেদনার ছাপ ফুটে উঠল,
——আপনার পাজী প্রপিতামহী—

মৃথ সামলে কথা বলবেন বলছি! তাকে সাবধান করে দিলাম।
দাঁড়ান, বলছি আপনাকে সব। অস্তুত মৃথভঙ্গী করে পাইক্র্যাফ্ট
বলে উঠল।

কী অবলম্বন করে ওথানে আছেন বলুন তো?

হঠাৎ দেখলাম—কই, ও তো কিছুই অবলম্বন করে নেই! ও তো শুধু ভেদেই রয়েছে ওধানে—ও যদি গ্যাদে-ভঙি বেলুন হত তাহলে যেমন করে ভেদে থাকত হেমনি! ছাদ থেকে নিজেকে ছিনিয়ে নিম্নে দেঘল বেয়ে নেমে আসতে চেষ্টা করল। ইাফাতে ইাফাতে বলল, সেই ব্যবস্থালিপি—আপনার প্রপিতামহী—

थदमात ! ही ९ कात करत छेठनाग।

খোদাই করা কি একটা ছবির ক্রেম কথা বলতে বলতে অক্সমনম্ব-ভাবে ধবেছিল, হঠাৎ দেটা খুলে যেতেই দে আবার সদ্দোরে ছিটকে ছাদে চলে গেল, আর ছবিটা দোফার ওপরে পড়ে চুর্গ হয়ে গেল। এভঞ্জনে ব্যালাম, ওর শবীরের সর্বত্র সাদা সাদা দাগগুলো কিসের। অভি সম্পূর্ণি, কিসের একটা ভাক অবলম্বন করে আর একবার সে নেমে আসবার চেটা করল।

অমন প্রকাও বপুনিয়ে নীচের দিকে মাথা করে ছাদ বেয়ে মেঝের নেমে আসবার চেই:--সে ইক অতি অপূর্ব দৃষ্ঠ। ওই ব্যবস্থালিপি, --সে বলল, অত্যক্ত বেশী কার্যকরী হয়েছে।

কি রকম ?

ওন্ধন চলে গেছে—প্রায় সব ওন্ধন আমার চলে গেছে। এতক্ষণে ব্রালাম ব্যাপারটা।

হায় ভগৰান ! – কিন্তু বলতে কি ফি: পাইক্র্যাফ ্ট, আপনি চেয়ে-ছিলেন, রোগা হতে ; কিন্তু কেবলই ওজন ক্যাবার কথাই বলে এসেছেন ! যাই হোক, আমি অত্যন্ত খুসি হলাম, তথনকার মত পছন্দই করে ফেললাম ওকে। আফান আপনাকে সাহায্য করি, বলে তাকে হাত ধরে নামিয়ে আনলাম। মেঝের নাগাল পাবার জ্ঞাসে পাছুঁড়তে লাগল। ঝড়ের দিনে ঝাণ্ডাধ্রে রাখার দৃশ্য মনে পড়ে গেল।

একটা টেবল দেখিয়ে দিয়ে বলল, ওই টেবলটা নিরেট মেহগেনী কাঠের, খুব ভারী। একবার যদি আমাকে ওর তলায় চুকিয়ে দিতে পারেন—

তাই দিলাম। বন্দী বেলুনের মত ত্লতে লাগল সে। দৃরে দাঁড়িয়ে ওর সঙ্গে কথা বলতে লাগলাম।

একটা চুকট ধরিয়ে বললাম, বলুন খুলে, ব্যাপারটা কী। থেলাম তো ওষ্ধটা।

কেম্ন লাগল ?

डेः की खघग्र !

আমারও দেই ধারণাই ছিল। আমার প্রপিতামহীর প্রায় সং ব্যবস্থাপত্তেরই প্রতিটি অফুপান, তাদের মিশ্রণ, এমন কি তার ফলাফল পর্যস্ত,—আর যাই হোক অস্তত খুব জ্বস্তু যে হবেই, এ বিষয়ে আমার সন্দেহমাত্র ছিল না। আমার দিক দিয়ে—

—প্রথমে আমি ছোট্ট এক চুমুক খেলাম।

18

ঘণ্টাথানেক পরে মনে হল, যেন অনেকটা ভাল বোধ করছি, বেশ্ হালকা লাগছে। তথন আমি স্থির করলাম, সবটাই থেয়ে ফেলর।

षाशश, विष्ठाता!

আমি নাক বন্ধ করে ছিলাম। একটু একটু করে হালকা হতে লাগলাম, আর কেমন যেন অসহায় বোধ হতে লাগল।

হঠাৎ ক্ষেপে উঠল পাইক্রাফ ্ট —তাহলে এখন আমি কী করৰ ছাই ? একটা জিনিষ বেশ স্পষ্টই ব্যাতে পারছি যা আপনার এখন কিছুতেই করা উচিত হবে না। একবার যদি ঘরের বাইরে ফাঁকায় বেরোন, তে। আপনি কেবল ওপরেই উঠতে থাকবেন। বলে ওপবের দিকে হাত তুলে দেখিয়ে দিলাম। তখন আবার আপনাকে পেডে আনবার জন্ত সাণ্টোজ-তুমগুকে * পাঠাতে হবে।

কিন্তু এ ভাব কেটে যাবে ভো?

ঘাড় নেড়ে বললাম, দে ভরদায় থাকতে পারেন না।

দিতীয়বার কেপে উঠল সে, আশেপাশের চেয়ারগুলোর ওপরে সজোরে পাছুড়িতে লাগল। ওর মত প্রকাণ্ড মোটা লোকের কাছে যতটা থারাপ ব্যবহার আশাহা করা যায়, তার কিছুই ও বাদ দিল না। আমার সহয়ে, আমার প্রসিতামহীর সহয়ে, যা তা বলতে লাগল।

বললাম,—আচ্ছা, একবারও আমি আপনাকে ও ব্যবস্থাপত গ্রহণ করতে বলেচি ?

উদার হাদয়ে ওর সমস্ত অণমানের থোঝা ঝেড়ে ফেলে, ওর চেয়ারের হাতলে বসে, শাস্ত হয়ে স্থির ভাবে ওর সঙ্গে কথা বলভে লাগলাম।

ওকে বোঝাতে চেষ্টা করলাম, এ ঝঞ্চাট ও নিজেই মাথ। পেতে নিষেছে, এবং ফলে যা হয়েছে একদিক দিয়ে ঠিকই হয়েছে তা। নিশ্চয়ই ও থুব বেশী থেয়ে ফেলেছে। ও কিন্তু তা স্বীকার করতে চায় না। এই নিয়ে আবার কিছুক্ষণ স্থামাদের মধ্যে তর্ক চলল।

ক্ষে সে এত ভাষণ চীৎকার শুরু করে দিল যে বাধা হয়ে আমাকে ও আলোচনা থেকে বিরত হতে হল। তারপর বললাম, আর ভা ছাড়াও, আপনি একটা মহা অস্থায় করেছেন। আপনার বল। উচিত ছিল, 'রোগা' হবেন,—তাহলে সভ্যি বলা হত। কিন্তু অসমানের ভয়ে আপনি বলেছেন, 'ওজন' কমাবেন। আপনি—

ব্রেজিলের স্থবিখ্যাত বৈমানিক।

বাধা দিয়ে সে জানালো সে সব বুঝেছে; জিজ্ঞাসা করল, এখন তার কী করা উচিত।

বললাম, আপনার এখন নতুন পরিস্থিতি অন্নযায়ী ব্যবস্থা করা উচিত। এতক্ষণে আমরা স্তিয়কারের কান্দের কথায় এলাম। বললাম, হাতে ভব দিয়ে ছাদে হাঁটা শেপা এখন বোধ্যয় আরে আপনার পকে তেমন কটিন হবে না—

কিছ ঘুমোৰ কি করে ?

সে এমন কিছু মৃষ্কিলের ব্যাপার নয়। তারের সতরঞ্জী জাতীর একটা কিছু কৈরী করিয়ে তার নীচে বিছানার মত কিছু ফিতে দিয়ে মঞ্বুভ করে বেঁধে দেবেন। তাওপর একটা কম্বল বা চাদর টাদর দিয়ে ধারগুলো ওর সঙ্গে বোতাম দিয়ে এঁটে দেওবা, এ মার এমন কি অস্থ্রব ব্যাণার? তবে ইয়া, স্ত্রীলোকটকে সমস্ত ব্যাপাব খুলে জানাতে হবে।

একটু মাণত্তির পর সে মামার কথায় রাজি হল। (স্ত্রীলোকটিকে এট সব অস্তুত উল্টোপান্টা করার ব্যাপারগুলে। জানাতে সে বেশ সহজ্ব ভাবেই তা নিল —আমরাও আশস্ত হলাম)।

বললাগ, ইচ্ছে করলে লাইত্রেমী মবের সিঁড়িটাও সাধনি ঘরে রেখে দিতে পারেন, আব আপনার খাবারও বইয়ের তাকের ওপবে দেওয়া যেতে পাবে। ইচ্ছেমত নীচে নেমে আস্বাবও একটা সহজ্ঞ উপায় আমি আবিষ্কার করলাম—

বৃটিশ এন্সাইক্লোপিভিয়াটা (দশম সংশ্বরণ) ওপরের তাকে বেথে দিলেট হল, গোটা ছট থণ্ড তুলে নিলেট নেমে আসতে পারবেন। আমরা ঠিক করলাম, দেয়াল বরাবর লোহার রেলিং মতন থাকবে, শান্তে একটু নীচুতে কোথাও নামতে হলে গোন অন্ত্রিধে না হয়।

ক্রমে আমি পাইক্র্যাফ্টের ব্যাপারে রীতিমত উৎসাহিত হয়ে। উঠগাম। স্ত্রীলোকটিকে ভেকে সমস্ত ধুলে বলা, বিছানা উল্টো করে পাতা, এ সমস্তই আমাকে কথতে হল। এসব নিয়ে দিন-ডগতাৰ ফ্লাটেই থাকতে হল আমাকে। ক্ল্-ড্লাইভাবেৰ কাজে আমার হাক চলে ভাল; তার জন্ম শেশ কয়েকটা ছোটখাই কাজ করে দিলাম—এই যেমন ঘণ্টিটা যাতে নাগালে পায় দেজন্ম সেটার সঙ্গে একটা তার জ্যুতে দেওয়া, ইলেক্ট্রিক বাভিগুলোর মুখ উন্টে ওপরের দিকে করে দেওয়া, ইলাদি। সমস্ত ব্যাপারটাই যেমন অস্কৃত, ভেমনি কৌতুক—কর। মন্থত পোকার মত পাইক্ল্যাফ্ট ছাদে গ্রুড়ি মেরে বেড়াচ্ছে, আর দ্বকাব ওপরের চৌকাঠ ধরে এঘর থেকে শ্ববে ঘ্রে বেড়াচ্ছে, ক্লাবে আদা একেবারে বন্ধ,—এ ভাবতেও ভারি আনল হয়।......

আমার সর্বনাশা উদ্ভাবনী শক্তিই কিন্তু শেষ প্রস্থ আমাকে পেয়ে বসল। ওর ঘরে আগুনের ধারে বদে ওর ছইস্কি ধ্বংস করছি, ছালে ওর প্রিয় কানিশের কোনে একটা টাকিশ কমল বিভিয়ে ও প্রেছে। হঠাৎ আমার মাধার বৃদ্ধিটা ধেলে গেল।

আারে আরে, পাইক্রাফ্ট ! এ সবেব তে: কোন প্রযোজন' নেই ! সীদার অন্তর্বাস ! ভাল করে চিন্তা না করেই বলে ফেলপাম,— কাজি যা হ্বার হয়ে গেল। কথাটা শুনে পাইক্রাফ্ট প্রায় কেঁছে ফেলল, বললে, আবাব কি ভাহলে সব ঠিক হয়ে—

পূর্বাপর ভাল কবে চিন্তা না করেই সমস্ত বহস্ত ওব কাছে উদবাটিত করে দিলাম—সীসার পাত কিছুন, তারপর সেটাকে চেপ্টা করে গোল গোল করে কেটে নিন, তারপর সেগুলো আপনার অন্তর্বাসের সঙ্গে যথেষ্ট পরিমাণে সেলাই করে নিন। ভূতো যা পরবেন, তারপ্ত ভলায় সীসার পাত লাগান, হাতে নিন নিরেট সীসার পলি। ব্যাস, আর দেখতে হবে না। বন্দী জীবন ছেডে আবাহ বাইরে বেরোভে পারবেন। এমন কি, ভ্রমণে যেতে পারেন—

আরো ভাল একটা যুক্তি মাথায় এল। বল্লাম, জাংগজড়বির ভয়ও আর আপ্নার রইল না। কিছু স্থামাবাপড়, আর নিতার প্রয়োজনীয় মালপত্র কিছু নিয়ে বাকী সব ফেলে দিন, সোজা আকাশে ভেসে যাবেন—

উচ্ছাদের মাথায় হঠাং তার হাত ক্ষম্পে হাতৃড়িটা পড়ে গেল। আর একট হলেই আম্পুর মাথান পড়েছিল আরকি!

বলেন কি মশাই, আবার আমি ক্লাবে যেতে পারব!

সঙ্গে সঙ্গে আমার উৎসাহ নিবে এল। অস্ট্রভাবে বললাম হাঁ।,—
ভা, পারবেন বৈকি।

ও ক্লাবে আসতে পারল। নিয়মিতই আসছে আবার। আমার পেছনে বসে গোগ্রাসে পেয়ে চলেছে; মাথন-মাথানো রুটি, চা,—এবার নিয়ে িনবার হল। ওর যে শক্ষন বলতে প্রায় কিছুই নেই, ও যে খানিকটা বিরক্তিকর উদর-সর্বস্থ মাংসের পিও ভিন্ন আর কিছুই নয়, পোষাকে ঢাকা থানিকটা মেঘ শুধু, মাচ্যের মধ্যে তুচ্ছাতিতুচ্ছ, অভ্যক্ত অকিকিংকর,—সেই স্ত্রীলোকটি আর আমি ছাড়া ত্রিভ্বনে আর কেউ ভা জানেনা। বসে বসে লক্ষ্য করছে, কথন আমাব লেগা শেষ হবে। স্থবিধে পেলেই আমার পথবোধ করবে, সমুদ্রের টেউনের মত সগর্জনে ঝাঁপিয়ে পড়বে আমার ওপরে।...

ও কেমন বোধ করছে কেমন বোধ করতে না, মাঝে মাঝে ওর কেমন মনে আশা হয় এ ভাব ঘেন একটু একটু করে কেটে বাচ্ছে,— বার বার এদব কথ। আমাকে শোনাবে, আর থেকে থেকে জিজ্ঞাসা করবে,—বাাপারটা গোশনে রেথেছেন তো । কেউ যদি জানতে পারে ভো বড় লজ্জার কথা হবে সত্যি!

...বেশ বোকা বোকা দেখায় কিন্তু—ভাদেব তলায় ওভাবে গুঁড়ি মেরে ভেদে বেডানো—

আমার আর দরজার মাঝখানে ঘাঁটি আগলে ও বসে রয়েছে। ' ওকে এডিয়ে কী করে যাব ভাই ভাবচি!

—নমিতা চক্রবর্তী

অপহৃত বীজাণু

বীজাপুতত্ববিদ্ মাইক্রোস্কোপের তলায় একটা ক্ষাঁচের স্লাইড চড়িরে দিয়ে বললেন, এই হচ্ছে বিখ্যাত কলেরার বীজাপু।

ফ্যাকাশে লোকটি মাইক্রোস্কোপের ফোকর দিয়ে তাকাল। সে এই ধরণেব ব্যাপারে আদৌ অভ্যন্ত নয় বোঝা যায়। শীর্ণ ভ্রন্থ ভাত দিয়ে সে অপব চোথটা ঢাকল।

বলল, আমি কিছু দেখতে পাচ্ছি না।

বীজাগুতত্বিদ্ বললেন, জুটা একটু ঘোরাও। তোমার দেখবার মত ফোকাস বোধহয় মাইজোস্কোপ পাচ্ছে না। এক এক জন লোকের দৃষ্টিশক্তি অম্যায়ী ওর তফাৎ হয়। একচুল এদিক বা ওদিক ঘোরালেই ঠিক হয়ে যাবে।

ওঃ! এখন আমি দেখতে পাচ্ছি! তবে খুব বেশী এমন কিছু দেখবার নেই। পাটল রঙের কতকগুলো ছোট ছোট ফুটকি আর ভোরা। অথচ এইসব ক্দে ক্দে জিনিসগুলোই ক্রমাগত বহুগুণ করে বেড়ে বেড়ে একটা গোটা সহরকে ছারখার করে ফেলে! তাজ্কব ব্যাপার!

লোকটা উঠে দাঁড়িয়ে মাইজোস্কোপ থেকে সাইডটা ছাড়িয়ে জানলার সামনে হাতে করে ধরে শুধু চোথে দেখতে লাগল। বেশ ভাল করে লক্ষ্য করে সে বলল, কিছুই দেখা যাচ্ছে না! তারপর একটুইতন্ত জঃ করে বলল, আচ্ছা, এগুলো কি এখনো জ্বান্ত? এখনো কি এরা বিপজ্জনক?

বীজাণুতত্ববিদ বললেন, এদের মেরে ফেলে শোধন করা হয়েছে।
আমার ইচ্ছে করে সারা ত্নিয়ায় এদের যত জাতভাই রয়েছে স্বাইকে
এইভাবে মেরে ফেলি।

পাতৃর মাহ্রটি একটু হেদে বলল, আমার মনে হয়, আপনার। এই

জাতীয় বীজাণুকে জীবস্ত আর সক্রিয় অবস্থায় রাথতে পারেন না, ভাই ন_ং ?

বীজাপুতত্বিদ্ বললেন, ঠিক তার উল্টো। আমরা যে শুধু তারাথি তা নয়, আমরা তা রাথতে বাধ্য। এই বলে তিনি উঠে গিয়ে একটা গাঁল-করা টিউব নিয়ে এদে বললেন, বেমন দেখ, এর মধ্যে জ্যান্ত কলেরা-বীজ্ঞাপু রয়েছে। একটু ইতন্তত: কবে তিনি বললেন, এককথায় একে বলা যায়,—বোতলে-ভতি কলেরা!

লোকটির মুথে মুহুর্তের জন্ম একটি পরিতৃপ্তির ভাব ফুটে উঠে আবার তক্ষনি মিলিয়ে গেল। সে যেন ত্রোথ দিয়ে ছোট্ট টে বটাকে গিলতে লাগল। মুথে শুধু বলল, এই ধরণের মারায়ক জিনিষ আপনার কাছে রাথেন! তার উক্তির মধ্যে উল্লাসের যে স্বটি বীজাণুভত্বিদ্ শক্ষা করলেন, ভা ঠিক স্থাবলে মনে হল না।

এই লোকটি তাঁর বন্ধুর কাত পেকে পরিচয়পত্র নিয়ে এসে আজ স্পুরে তাঁর সলে দেখা করেছে। সেই থেকেই বীজাত্বত্তবিদ্ তার প্রতি একটা আকর্ষণ বোধ করছেন—নিজের হলে তার প্রকৃতির বৈপরীত্য অহতে করে। ওর পাতলা কাল চুল, গাঢ় ধুসর রঙের চোথ, ক্ষীণ বঠস্বর, সম্ভ্রুত্ত করে। ওর পাতলা কাল চুল, গাঢ় ধুসর রঙের চোথ, ক্ষীণ বঠস্বর, সম্ভ্রুত্ত আচরণ, অন্থির অথচ তীক্ষ আগ্রহ,—সব কিছুই তাঁর অত্যন্ত নতুন মনে হচ্ছে, তিনি নিত্য যাদের সংস্পর্শে আসেন, সেই সব সাধারণ বিজ্ঞান্সেবীদের একঘেরে আলাপ-আলোচনার মধ্যে এ যেন একটা মুখবদল। শ্রোতা তাঁর বিষয়বস্তব মারাত্মক প্রকৃতিতে গভীরভাবে অভিত্ত হতে দেখে, স্বাভাবিকভাবেই তিনি তার মোক্ষম দিকটি ধরলেন।

চিন্তায়িতভাবে টিউবটাকে হাতে ধরে তিনি বলতে লাগলেন, ইয়া, এর মধ্যে রয়েছে বন্দী মহামারী। কোন পানীয় জল সরবরাহের জায়গায় মাত্র এইরকম একটি ছোট্ট টিউব স্থেডে ফেল, আর এইসব স্থাতিস্থা বীজাণু,--- হাদের শোধন করতে পরীক্ষা করতে মাইক্রো-

स्थापत উচ্চতম শক্তি मत्रकात अर, यात्मत्र कान थान वा शक्ष त्नरे,---তাদের বল,—যাও, চৌবাচ্চার পর চৌবাচ্চা ভতি করে ঝাঁকে ঝাঁকে বেড়ে চল। অম্নি সহরের মধ্যে গৃক্তি পাবে মৃত্যু-যে মৃত্যু রহজমঃ, ষাকে ধবা-ছোঁয়া যায় না, যে মৃত্যু বিত্যুতের মত জ্রুভগামী, ভয়াবহ, বেদনা আর অমর্যাদায় ভরা। দে এখানে যাবে দেখানে যাবে আর শিকার খুঁজবে। কোথাও সে স্তার কাছ থেকে স্বামীকে ভিনিয়ে নিয়ে यात्व, द्यापा या-त द्याम (थर्क मुखानत्क इत्रव क्यूट्व, द्यापान छात्व मुक्ति (मर्व कर्ज्रवात व्यरक, भारतिकी क्षिप्त क्षाप्त कर्ष व्यरक । জলের নালী বেয়ে চলবে সে, রাস্তা দিয়ে গুডি মেরে চলবে সে. আর ষে সব বাড়ীতে জল ফুটিয়ে পাওয়া হয়না, খুঁজে খুঁজে সেইসব বাড়ী বেখ করে তাদের মধ্যে চুকে শাস্তি দেবে তাদের অধিবাসীদেব। সোডা-লেমনেডের কারথানার জলাধারে হানা দেবে সে. ধোয়ার সময় শাকপাভার মধ্যে চুক্তে, আর বরফের মধ্যে থাক্বে স্থপ্ত হয়ে। মাটি তাকে নেবে শুষে, ভার ভেতর থেকে দে আবার আবিভূতি হবে বারণা আর কুপের জলের মধ্য দিয়ে, অপ্রত্যাশিতভাবে সহস্র সংস্থানে: घां छात्र कल थावात क्रायनाम तम थाकरव ७२ (পতে, मानात्रलंत वावश्रं ঝাণাণ্ডলিতে সে এন্তত থাকবে শিশুদের দেহে প্রবেশের অপেকায়। একবার তাকে জল-সরবরাহের মধ্যে চালু করে দাও, তারপর যতক্ষণ পর্যন্ত আবার আমরা ভাকে থামাতে আর আটকাতে না পারহি, এই মহানগরীকে সে ক্রমাগত বিপর্যন্ত করতে থাকবে।

হঠান তিনি থেমে গেলেন। অলম্বারপ্রীতিই তাঁর দুর্বল গা, একথা গ তিনি শুনেছেন।

किन्द्र ध्यात त्म मुम्पूर्ग निवाभन, वृक्तान, मम्पूर्ग निवाभन।

ফ্যাকাশে লোকটি মাধা নাড়ল, চক্চক্ করতে লাগল তার চোধ ছুটি। গলা পরিস্কার করে দে বলল, এইসব বন্মাইস বিপ্লববাদী গুলো একে বারে বোকা; শুধু বোকা নয়, আছু! এইরকম জিনিষ হাতের কাচে থাকতে ভারা বোমা ব্যবহার করে মরে কেন? আমার মনে হয়—

দরজায় একটি মৃত্ আঘাত, আঙুলের লঘু স্পর্শের শব্ধ শোনা গেল। বীজাণুতত্ববিদ্দরজা খুঁললেন। তাঁর স্ত্রী এনে দাড়িয়েছিলেন। ফিস্ ফিস্করে তিনি বললেন, মাত্র এক মিনিট!

বীকাপুতত্বিদ্ আবার যথন বীকণাগারে ফিরে এনেন, তথন আগন্তক ঘডি দেখছিল। দে বলল, আমি ধারণাই করতে পারিনি, আপনার একঘণ্টা সময় নষ্ট করে ফেলেছি। চারটে বাজতে আর বারো মিনিট আছে। অথচ আমার এথান থেকে সাড়ে তিনটের সময় যাওয়া উচিত ছিল। কিন্তু আপনার এইসব জিনিম সত্যিই অত্যন্ত চিত্তাকর্ষক। না, আমি আর এক মুহুত ও অপেকা করতে পারি না। চারটের সময় আমার একটা কান্ধ আছে।

ধক্তবাদের পুনরাবৃত্তি করতে করতে সে ঘর থেকে বেরোল।
বীজাণ্ডত্বিদ্ সদর অগধি তার সঙ্গে গেলেন। তারপর তিনি চিন্তিত
ভাবে বীক্ষণাগারের দিকে ফিরলেন। এই আগস্কুককে কোন্ জাতের
মাস্থয়ের মধ্যে ফেলা যেতে পারে তাই তিনি মনে মনে ভাবছিলেন।
লোকটা নিশ্চয়ই টিউটনিক নয় বা সাধারণ ল্যাটিন গোষ্ঠীরও নয়।
মনে মনে বীজাণ্তত্বিদ্ বললেন, একটা অস্থস্থ জীব! যাই হোক,
বীজাণ্র টিউবের দিকে ধ্রেরকম হাঁ করে তাকিয়েছিল, আমার তো ভয়
ছচ্ছিল। এমন সময় একটা বিরক্তিকর চিন্তা তাঁর মনে ঘা দিল।
তিনি বেঞ্জির দিকে ফিরে গিয়ে আবার অত্যন্ত তাড়াভাড়ি লেখবার
টেবিলটির দিকে গেলেন। তারপর বান্তভাবে পকেটের মধ্যে
থোঁজার্থু জি করে দরজার দিকে ছুটে গেলেন। নিজের মনে বললেন,
ছয়তো হলঘরের টেবলের ওপর রেখে এসেছি।

তারস্বরে চীংকার করে ডিনি ডাকলেন, মিনি ! কি ! দূর থেকে একটি কঠস্বর ভেসে এল। ्राट्याटक द्योरकाटक मामत्मव मत्रका निरंत्र दविद्य वाष्ट्रित मिँकि ভেঙে রাক্ষায় নেমে গেলেন।

मत्रकाम अग्रदत भक्त अपन मिनि अम् लिया काननात नित्क हुटी গেল। রান্তায় একটি রোগা লোক একটা ঘোড়ারে গাড়ীতে উঠছিল। বীজাণুতত্ববিদ টুপিহীন অবস্থায় কার্পেটের চটি পরে দৌড়ে ভাকে ধরতে গেলেন। একটা চটি পা থেকে ছুটে গেল, কিন্তু সেদিকে তিনি ল্রাকেপ করলেন না। মিনি বলল, পাগল হরে গেছেন উনি। সর্বনেশে ওঁর এই বিজ্ঞান ৷ জানলা খুলে সে তাঁকে ডাকতে বাবে, এমন সময় द्याना लाकि धि अमित्क मूथ रक्तान । जात्क तम्थ मिनित धात्रण इन, এরও মাথা থারাপ। লোকটা তাড়াতাড়ি বীজাপু তত্তবিদকে ८। थिए शार्षामानक किছू वनन। शाष्ट्रित पत्रका मरकारत वस हरव গোল, গাড়োয়ানের চাবুকের শব্দ শোনা পেল, ঘোড়ার খুরেরও আওয়াজ হল এবং মৃহুর্তের মধ্যে গাড়ীটা বড় রান্তায় পৌছে মোড় ফিরে মৃষ্টির বাইরে চলে গেল। বীজাণুতত্ত্বিদ্ও ভার পিছনে ছুটতে ছুটভে व्यक्ष इरह शिलन।

জানলা দিয়ে ঝুঁকে মিনি এক মুহূর্ত সব দেখে আবার মাধা ফিরিছে 'निम। একেবারে হতভদ হলে গিয়েছিল সে। মনে মনে ভাবল. ন্ত্র অবশ্য মাধায় ছিট আছে, কিছ তাই বলে থালি একজোড়া ছোট এমোজা পরে লপ্তনের পথে বের হওয়া! একটা ভাল বৃদ্ধি তার মাথায় এল। অত্যন্ত ব্যন্তভাবে বনেটটি পরে নিয়ে স্বামীর জুতোজোড়া ধবের করলে, হলের মধ্যে গিয়ে পেগ থেকে তাঁর টুপি আর হাকা ওভার-কোটটা পাড়ল, ভারপর নিচে নেমে এল। সৌভাগ্যক্রমে একটা গাড়ি সামনে দিয়েই যাচ্ছিল, ভাকে ভেকে দে বলল,—বড় রাভা ধরে হাভেলক ं cकार्ताले व मिरक हन, दार यमि बामना धक्छि खन्तारकन दाशा भाहे। ভরবোক ছুটে চলেছেন, তার গাবে একটা ভেলভেটের কোট আছে कि भाषात्र हेलि त्नरे।

আজে, ভেলভেটের কোট ? আর মাধায় টুপী নেই ? আচ্ছা আচ্ছা আছে। বলে গাড়োয়ান অত্যন্ত সহজভাবে খোড়াকে চাবুক মারল, যেন নিত্যনৈমিত্তিক ব্যাপার একটা,—তার জীবনের প্রত্যেকটি দিনই যেন দে এই নিশানা লক্ষ্য করেই গাড়ি চালিয়ে আসছে।

স্থাভারস্টক হিলের ঘোড়ার গাড়ির আডার গাড়োয়ান আর ছোটলোকদের ৬োট্ট যে দলটি জমায়েত হয়, কয়েক মিনিট বাদে কিরোজা রঙের ঘোড়া-জোড়া একটা গাড়িকে ভয়ানক বেগে ছুটজে দেখে সেখানকার সবাই চমকিত হয়ে উঠল।

যখন গাড়িট। পাশ দিমে গেল, তাবা চুপ করে রইল। চলে গেলে বুড়ো টুট্ল্ম নামে পরিচিত হাউপুট লোকটি বললে, ও তো হাবি হিক্স্! কি হথেছে ওর ?

ঘোড়ার জনারককারী ছেলেটি বলল, কলে চাবুক চালাচ্ছে ও!
টমি বাইল্স্বলল, আরে! এই আর একটা বন্ধ পাগল আসছে!
বুড়ো টুট্ল্স্বলল, এ তো আমাদের জ্বজ্ঞ। তোরা যা বলেছিস্,
শাগলই বটে! আমার মনে হয় ও হারি হিক্স্কে ধরতেই ছুটছে।

গাড়োয়ানদের আডায় এই দলটির মধ্যে প্রাণচাঞ্চল্য দেখা দিল। সমস্বরে চীংকার করে তারা বলতে লাগল, চালাও জর্জ, জ্বেতা চাই,—

কি ধরে ফেল্বে ওকে, চালাও চাবুক!

ঘোড়াদের ভদাবককারী ছেলেটি বলল, আরে, একটি মেয়ছেলে:
য়াচছে ! একটি মেয়ে!

বৃড়ো টুট্ল্স্ বলল, সভিচই তো, আরেকটা গাড়ি আসছে আবার।
স্থামকেঁডের সব গাড়োয়ানগুলো আজ একসঙ্গে জেপে গেল নাকি ?
ভদারককারী ছেলেটি বলল, এবার একটা মেয়ে।

বুড়ো টুট্লুস্ বললে, মেয়েটা ছুটছে তার মরদের পিছুপিছু। সাধারণতঃ এর উন্টোটাই ঘটে।

মেয়েছেলেটার হাতে কি রয়েছে ?

দেখাচ্ছে তো একটা টুপির মত।

কী মজা! বুড়ো জর্জের ওপর বাজি ধরলাম—তিনেতে এক ভলারককারী হেলেটি চেঁচিয়ে বলল, চালাও!

ভূম্ল হৈচৈ আর হাততালির মধ্যে দিয়ে মিনি চলল। এদব তার মোটেই ভাল লাগছিল না, কিন্তু সে অঞ্চল করল তাকে কর্তব্য পালন করতে হচ্ছে। হ্যাভারস্টক হিল এবং ক্যাম্ডেন হাই স্ট্রীট দিয়ে গাড়ি মাচ্ছিল। জানলা দিয়ে সামনেব দিকে তাকিয়ে মিনি দেখল গাড়োয়ানটা মহা উৎসাহে তার ছয়ছা ভা স্বামীটিকে ক্রমাগত দুরে নিয়ে চলেছে।

সর্বপ্রথম পাড়িটির ভিতরে সেই লোকটি এক কোণে জড়সড় হয়ে বলেছিল। শব্দ করে হাতত্টো মুড়ে সে মুঠোর মধ্যে ধরেছিল সেই টিউবটি, এমন একটা বিরাট ধ্বংসকাণ্ডের অঙ্কুর যার মধ্যে বিরাজ করছিল। ত্রাদে আর উল্লাদে মেশা এক অভত অমুভৃতি জাগছিল তার মনে। উদ্দেশ্য সিদ্ধ হওয়ার আগেই ধরা পড়ার আশহা মনকে জুডে থাকলেও তার পিছনে অস্পষ্টভাবে মার একটা প্রকাণ্ড আতক ছিল-অপরাধের ভয়াবহত্ব উপলব্ধি করে শিউরে উঠছিল সে। কিন্তু উল্লাসের মাত্রা ছিল ভয়ের চেয়ে অনেক বেশী। তার আগে আর কোন বিপ্লবকারীর মাথায় এই পরিকল্পনা আসেনি। রাভাকল ভেলাণ্ট প্রভৃতি যে সমস্ত প্রদিদ্ধ লোকদের খ্যাতিকে সে এতদিন ঈর্ব্যা করে এনেছে, তারা তার তুলনায় একেবারে নিম্প্রভ হয়ে যাবে। কেবলমাত্র क्लमत्रवताह (कक्किंटिक निःमरंभरत्र शुँ क वात करत्र अकें। ट्रोवाक्रात মধ্যে টিউৰটা ভেঙে ফেলার ওয়ান্তা ! পরিচয়পত্র জাল করে রুণায়নাগারে एक कि रुम्द्र जारवहें ना स्म रुखार वह निष्क्र का निष्क्र कि শেষ পর্যন্ত সারা পৃথিবীর কানে ভার নাম পৌছবে। যে সমস্ত লোক ভাকে বিজ্ঞপ করেছে, অবহেলা করেছে, তার সদ অবাস্থিত বোধে वर्জन करत्रहरू, (भारव ভाলেরও ভাকে মানতে হবে। মৃত্যু, মৃত্যু, মৃত্যু ! তারা সর্বদাই ভার সঙ্গে এমন ব্যবহার করেছে, খেন তার কোন গুরুত্ব নেই! সারা জগৎ তাকে দাবিয়ে রাথবার বড়যন্ত্র করেছিল, এবার দে তাদের শেখাবে একটা মাহুষকে বিচ্ছিন্ন করে রাখলে কী ফল হয়! ভাবতে ভাবতে সে একবার বাইরের দিকে তাকাল। এই পরিচিত রাস্তাটার নাম কি? নিশ্চয়ই গ্রেট সেণ্ট জ্যাগুলু স্ট্রীট। কিন্তু দৌড়-পালার কি হল? গাড়ির ভিতর থেকে গলা বাড়িয়ে দেখল বীজ্ঞাণুতত্ববিদ্ আর মাত্র পঞ্চাশ গজের মত পিছনে রয়েছেন! এতে তার খুব খারাপ লাগল। এখনো তার ধরা পড়ার সম্ভাবনা রয়েছে। সে টাকার থোঁজে পকেটে হাত চুকিয়ে একটা আধ গিনি পেল। বাইরে দিয়ে উপরে হাত বাড়িয়ে সে এই আধ গিনিটা গাড়োয়ানের সামনে তুলে ধরে চেঁচিয়ে বলল, জারো বেশী পাবে, যদি একেবারে নাগালের বাইরে চলে যেতে পারি।

ভার হাত থেকে টাকাটা ছিনিয়ে নিয়ে গাড়োয়ান বলল, বছৎ আছা! বলে দে গাড়ির বেগ আরো বাড়িয়ে দিল। গাড়িটা হেলে পড়ায় কামরার ভিতর, অর্ধ-দণ্ডায়মান বিপ্লববাদী দরজার উপর হাত রেখে টাল সামলাবার চেষ্টা করল। কিন্তু তার ফলে তার হাতের কাঁচের টিউবটা ধাকা থেয়ে ভেঙে টুকরো টুকরো হয়ে গেল। ভার উপরের অংশ গুঁড়ো হয়ে পাড়ির মেঝেমর ছড়িয়ে গড়ল। গালাগালি দিয়ে বনে পড়ল সে। দরজার গায়ে যে ফোঁটাগুলো লেগে ছিল, করুণ দৃষ্টিতে ভাকিয়ে রইল তাদের দিকে। থরথর করে কেঁপে উঠল সে।

আছো, আমিই না হয় প্রথমে যাব! যাক্গে, সহীদই হব নাহয়। সেও মন্দের ভালো। কিন্তু এটা যেন নোংরা মৃত্য়! এতে যত যুদ্ধণার কথা লোকে বলে তভটা যন্ত্রণা হয় কিনা কে জানে!

সক্ষে সক্ষে তার মাধায় একটা চিন্তা থেলে গেল। পায়ের নিচে হাতড়ে সে ভাঙা টিউবের তলার দিকটা খুঁজে বার করল। তার মধ্যে তথনো একট্থানি ছোট্ট ফোঁটা ছিল। সে হ্নিশ্চিত হ্রান্ন জন্ত সেট্রু পান করে নিল। নিশ্চিত হ্রায় ভাল। কোন ধিক দিয়েই

এখন আর তার ব্যর্থতার সম্ভাবনা রইল না। তারপর তার মনে হল, আর তো এখন বীজাস্থতত্বিদের কাছ থেকে পালানোর দরকার নেই! ওয়েলিংটন দ্রীটে পৌছে সে গাড়োয়ানকে থামতে বলল, তায়পর গাড়ি থামলে বেরিয়ে পড়ল। নামবার সময় তারণ পা টলতে লাগল আর মাথার মধ্যে সব কিছুই গোলমেলে ঠেকতে লাগল। এই কলেরার বিষ খ্ব ক্রুত কাজ করে। সঙ্কেতে সে গাড়োয়ানকে চলে যেতে বলে ছ্হাত বুকের উপর ভাঁজ করে রেখে ফুটপাথের উপর দাড়িয়ে বীজাস্তব্বিদের আগমনের প্রতীক্ষা করতে লাগল। তার ভদীতে কেমন একটা করণ ভাব,—আসয় মৃত্যুর বোধ তার মধ্যে এক অপুর্ব মহিমা ফুটিয়ে তুলেছিল। অনুসরণকারী উপস্থিত হওয়া মাত্র সে ভাক্তিল্যের হাদি হেসে তাঁকে অভ্যর্থনা জানাল।

বিপ্লবের জয় হোক! বড় দেরি করে ফেললে, বরু! আ্মি বীজাহ থেয়ে ফেলেছি। কলেরা ছড়িয়ে পড়েছে!

বীজান্তত্ত্ত্ত্বিদ্ নিজের গাড়ি থেকে চশমার মধ্য দিয়ে উৎস্কভাবে লোকটার দিকে তাকালেন। বল কি! তুমি থেয়ে ফেলেছ? বিপ্লববাদী! ও এখন আমি বুঝতে পারছি! তিনি আরো কিছু বলতে যাচ্ছিলেন, কিন্তু আত্মান্ত্রণ করে চুপ করে গেলেন। তাঁর মুখের এককোণে মৃত্ হাসি ফুটে উঠল। তিনি নামবার জন্মে গাড়ির দরজা খুললেন, কিন্তু তাই দেখে বিপ্লববাদী নাটকীয়ভাবে তাঁর কাছ থেকে বিদায় নিয়ে ছুটতে আরম্ভ করল। সতর্কভাবে নিজের সংক্রামিত দেহ দিয়ে যত বেশী সম্ভব লোককে ধান্ধা দিতে দিতে সে ওয়াটারল সেত্র দিকে দৌড়োতে লাগল। তার দিকে চেয়ে বীজান্মতত্ত্বিদ্ এমনি ভ্রায় হয়ে রইলেন যে মিনি যথন তাঁর টুপি জুতো আর ওভারকোট নিয়ে ফুটপাথের উপর দেখা দিল, তথন তিনি একট্ও অবাক হলেন না । জিনিষগুলো এনে খুব ভাল করলে,—বলে তিনি বিপ্লববাদীর বিলীয়মান মুত্রির দিকে চেয়ে চিন্তাময় হয়ে গেলেন।

দেই ভাবেই তিনি বললেন, তোমার ভেতরে চলে যাওয়াই ভাল। মিনির এখন স্থির বিশাস হল যে উনি পাগল হয়ে গেছেন। সে ভার निष्यत माग्रिष्य शार्षात्रानत्क वाष्ट्रित मित्क शाष्ट्रि स्कताचात हकूम मिन। গাড়ি ঘুরতে শুরু করলে বীজামুতত্বিদ বললেন, ও: ৷ জুতো পরতে হবে ? নিশ্চয়ই ! বিপ্লববাদী এখন সম্পূর্ণক্রণে তার দৃষ্টির বাইরে চলে গেছে। হঠাৎ একটা কিন্তৃত ব্যাপারের কথা ভেবে বীজাহতত্ববিদ্ ट्टरम উঠে वनलनन, खवन किनियाँ। थूवरे खक्षनूर्व, मस्मर तिरे! দেখ, যে লোকটা আমার বাড়িতে এসে আমার সঙ্গে দেখা करत्रिक, ও इष्ट धक्कन विश्ववामी। नाना, खळान इरामाना, ভাহদে আর বাহিটা ভোমায় বলতে পারব না। সে যে বিপ্লববাদী একথা না জেনে আমি তাকে অবাক করতে চেয়েছিলাম। সেই নতুন জীবাণু, যার কথা তোমাকে বলেছিলাম, যা অনেক জাতের বাঁদরের rece नौल ছোপ সৃষ্টি কলে,— मেই বীজাণুর টিউৰ তাকে দেখিয়ে বোকার মত বলেছিলাম, এই হচ্ছে এশিয়াটিক কলেরার বীজাণু। আরু অমনি ও সেইটেকে নিয়ে দৌডোলো লগুনের জল বিষিয়ে नित्छ । তা यनि পারত, সে নিশ্চঃই এই সভা সংরের জিনিষ্প্রলো নীল করে তুলত। সেই বীজাণুটা এখন ও গিলে ফেলেছে। অবশ্ত. আমি বলতে পারিন। কী হবে। কিন্তু তুমি জান, ওইতেই সেই বেড়ালছানাটা নীল হয়ে গিয়েছিল, তিনটে কুকুরছানার শরীরের थानिकरे। थानिकरे। नौन राम शिराहिन, जात अकरे। ठछारे शाथ रामहिन षात नीन। किन्छ अथन विज्ञान शक्त, आद्या किन्नू वीकानू देखती করবার ঝঞাট আর খরচ এখন আমাকে পোয়াতে হবে।

এই গরমের দিনে কোট পরতে হবে ৈ কেন ৈ মিসেস জ্যাবারের সক্ষে দেখা হতে পারে, সেইজ্বে ে গেতা আর হিমকুও নয়, তার আরু গরমের সময় কোট গায়ে দিতে হবে কেন ? ও: । আছে৷, আছে৷ !
— স্থমর মুখোপাধ্যায়

নতুন গতিশক্তি

পিন্ খ্ঁজতে খ্ঁজতে গিনি পাওয়ার মত বরান্ত হয়েছিল আমার বন্ধু প্রফেসর গিবার্ণের। গবেষণা করতে করতে কেউ কেউ বা সন্ধান করছিল তার চেয়ে বেশী পেয়েছে, এমন থবর আমি আগেও ভনেছি; কিন্তু প্রফেসর গিবার্ণের মতন অতথানি লাভ নিশ্চয়ই কারো হয়নি। বান্তবিক, এবার সে এমন একটি জিনিষ অস্তত পেয়েছে যা মানবজীবনে বিপ্লব স্পষ্টি করতে পারবে। তার এ পাওয়াটাও আশ্চর্ষ ধরণের। অলস লোকগুলোকে বর্তমান, কঠোর জীবন্যাআর উপযোগী কর্মঠ করে তুলতে হবে, এই ছিল তার ইচ্ছা; সেই উদ্দেশ্তে স্বায়ুমগুলীর একটা ব্যাপক উত্তেজক পদার্থ আবিদ্ধার করতে গিয়ে সে এই মহামূল্য সম্পদ্টির সন্ধান পার। জিনিষ্টির আমাদ করেক্বার আমি প্রেছি, তাতে আমার উপর কী ফল হয়েছিল সেটাই আমি খুলে বলব! মত্ন উত্তেজনার খোঁজ করতে গিয়ে কত অস্তুত অভিজ্ঞতালাভ হয়, ভার প্রমাণ এই কাহিনী থেকে পাওয়া যাবে!

অনেকেই জানেন, কোক্স্টোনে প্রফেসর গিবার্ণ আমার প্রতিবেশী।
আমার যতদ্র শারণ হচ্ছে, তার বিভিন্ন বয়সের ছবি ইতিমধ্যেই স্ট্রাপ্ত
ম্যাগাজিনে বেরিয়েছে—সে বোধহয় ১৮৯৯ সালের শেষ দিকে।
কিন্তু তা যাচাই করে দেখা আমার পক্ষে সন্তব নয়, কারণ সে সময়কার
বাঁধানো পত্রিকাগুলো আমি যাঁকে ধার দিয়েদিলাম তিনি আর তা
ফিরিয়ে দেননি। তবে, পাঠকের হয়ত মনে আছে গিবার্ণের চেহারা,—
তার উন্নত ললাট, বড় বড় কালো জ্র জোড়া, যাতে তার মৃথে
একটা কুর ভাব ফুটে উঠেছিল। আপার স্থাপ্রগেট রোভের পশ্চিম প্রাক্তে
একধানি মনোরম গৃহ গিবার্ণের। এ অঞ্জের মিশ্রিভ পৃথক পৃথক
বাড়িপ্তলো সভাই চিন্তাকর্ক। গিবার্ণের বাড়ির সামনে মৃরিশ স্টাইকের,

গাড়ীবারান্দা, ছাদ ও দেয়ালের সংযোগস্থল ফ্লেমিশ, ত্রিভূজাকৃতি।
দীর্ঘারতন মৃলিয়ন জাতীয় জানলা-সংযুক্ত ঘরখানিতে বসে সে কাজ করে।
এই ঘরটিতে সন্ধ্যাকালে আমরা ছ্জনে একসঙ্গে বসে কতই না আলাপ
করেছি, ধুমপান করেছি। অত্যন্ত রসিক ব্যক্তি সে, তা ছাড়া, তার
কাজ সম্বন্ধেও আমার সঙ্গে কথা বলতে সে ভালবাসত। আলাপ আলোচনায় যারা উৎসাহ ও প্রেরণা পেয়ে থাকে সে তাদের অগ্রতম,
সেইজন্ত নতুন গতিশক্তির তাৎপর্য আমি প্রায় গোড়া থেকেই জানবার
ক্যোগ পেয়েছি। অবশ্র গিবার্নের পরীক্ষামূলক কাজের বেশীর ভাগ
চোক্স্টোনে না হয়ে গাওয়ার স্ট্রীটের হাসপাতালের পাশের ক্ষরে নতুন
ল্যবরেটরীতে হত। সে-ই প্রথম এই ল্যবরেটরীতে কাজ করেছে।

প্রত্যেক্ই জ্বানেন, অন্তত বৃদ্ধিমান ব্যক্তিমাত্রেই জ্বানেন যে, যে বিশেষ বিভাগে কাজ করে গিবার্ণ দেহ-বিছায় অভিজ্ঞ ব্যক্তিদের মধ্যে এতখানি স্থনাম অর্জন করেছে, সেটা হচ্ছে স্বায়্মগুলীর ওপরে ঔষধের व्यक्तिया। अत्निष्ठ, निजाकनक द्यमना-नियात्रक व्यवः मृत्याहनकात्री ওযুধগুলি সম্বন্ধে তার মত ব্যুৎপত্তি-সম্পন্ন দ্বিতীয় একজন নেই। রসায়নজ্ঞ হিসাবেও তার যথেষ্ট খ্যতি। গ্যংলিয়ন নার্ড-সেল এবং মেরুদণ্ডের স্বাতম অংশকে কেন্দ্র করে যে গভীর জটিল রহস্তের অন্ধকার ঘিরে রয়েছে, সেই গাঢ় অন্ধকার ভেদ করে, আমার মনে হয় একটু না একটু আলোর সন্ধান সে পেয়েছে। তার অভিক্ততার ফলাফল সে নিজে প্রকাশ না করলে আর কোন মাত্রের পক্ষে তা উদ্যাটন করা হয়ত অসম্ভব হত। স্বায়ুতন্ত্রের উত্তেজক পদার্থের প্রশ্ন নিয়ে গভ কয় বছর ধরে দে বিশেষ করে মাথা ঘামাচ্ছে এবং দেদিক দিয়ে নতুন গতিশক্তি আবিষ্ণারের আগে অনেকটা এমন অন্তত তিনটি স্নিদিষ্ট ও সম্পূর্ণ নিরাপদ উত্তেজক পদার্থ সে উদ্ভাবন করেছে; এর জন্ম তার কাছে চিকিৎদা-বিজ্ঞানের ঋণী থাকা

উচিত। অবসাদ দেখা দিলে গিবার্ণের বি-সিরাপ নামক ওযুধটির ব্যবহারে যত লোকের জীবন-রক্ষা হয়েছে, সমূত্র-উপকৃলে লাইফ-বোটের সাহায়েও তত লোকের জীবন-রক্ষা হয়েছে কিনা সন্দেহ।

কিছ এগুলোর কোনটাতেই আমি এখনও সৃদ্ধ হৈতে পারিনি,— প্রায় এক বছর আগে সে আমাকে বলেছিল,—এগুলো হয়ত দেহের কেন্দ্রশক্তি বাড়িয়ে দেয়, কিছু স্নায়্তন্তের ওপর এর কোন ফল হয় না, বরং এগুলোর ব্যবহারে স্নায়্র পরিবহন-ক্ষমতা কমে গিয়ে কেন্দ্রীয় শক্তি বেড়ে যায় মনে হয়। তা ছাড়া প্রত্যেকটি ওয়্ধ সমান কাল করে না, আর যা কাজ করে তাও শুধু স্থান বিশেষে। কোনটা অল্প ও হাদ্যন্তে উত্তেজনার হৃষ্টি করে কিছু মন্তিছকে প্রায় অচেতন করে রাথে; কোনটায় আবার মন্তিছে মাদকতার সঞ্চার হয় কিছু স্নায়্মগুলীর কোন উপকার হয় না। কিছু আমি চাই এমন একটা জিনিষ যা সারা দেহে উত্তেজনার স্থি করবে, ব্রদ্ধতালু থেকে পায়ের বুড়ো আঙুলের ডগার পর্যন্ত এনে দেবে এক নতুন চেতনা—হে-কোন সাধারণ মান্থবের বিগুণ, এমন কি তিনগুণ শক্তির সঞ্চার করবে। সেই রকম একটা জিনিষ আমি খুঁজছি, বুঝেছ ?

কিন্তু এতে যে মাতুষ পরিপ্রাপ্ত হয়ে পড়বে, আমি বললাম।

ভাতে সন্দেহ নেই। সেজ্ঞ না হয় ভোমার বিগুণ অথবা তিন গুণ আহারের দরকার হবে। কিন্তু একবার মনে করে দেখ দেখি সে জিনিষটার ফল কেমন দাঁড়াবে? ধর, ভোমার এমনি একটা ছোট শিশি আছে,—বলভে বলতে দে একটা স কাঁচের শিশি ভূলে বুজ দেখাল,—এই মহামূল্য শিশিতে রয়েছে বিগুণ গভিতে চিন্তা করার শক্তি, বিগুণ গভিতে চলাফেরা করার শক্তি, নির্দিষ্ট সময়ে এমনিতে যেটুকু কাজ করতে পার তার বিগুণ কাজ করার শক্তি।

কিন্তু তেমন জিনিষ কি সম্ভব ?

আমার ত তাই বিশাস। তা যদি না হয় তবে একটা বছর সময়-

আমি র্থাই নষ্ট করেছি। সে ধরণের জিনিষ যে সম্ভব, তার নিদর্শন হাইপোফস্ফাইট থেকে প্রস্তুত এই সব ওষ্ধ। এতে গতিশক্তি দেড়কুণ বাড়াতে পারণেও কাজ হয়।

তা হয়ত হবে, আমি বললাম।

মনে কর, তুমি একজন রাজনীতিবিদ, একটা সমস্তায় পড়েছ। সময় বয়ে যাচ্ছে, অথচ তোমার জরুরি একটা কিছু করা দরকার।

তোমার প্রাইভেট দেক্রেটারীকে ওষ্ধটি থাইয়ে দিতে পার, আমি বললাম।

এবং ভাতে ভোমার ভবল সময় লাভ হবে। আবার মনে কর, ভূমি একখানা বই লেখা শেষ করতে চাও।

এমন কাজে আমি বোধহয় হাতই দেব না! আমি বললাম।

অথবা মন্ত্রে কর, অভিপরিশ্রমে ক্লান্ত একজন ডাক্তার উঠে বসে
একটা রোগীর কথা চিন্তা করতে চায়, কিংবা একজন ব্যারিস্টার, বা
বকোন ছাত্র পরীক্ষার পাঠ মুখন্ত করছে।

এক ফোঁটা ওষ্ধের দাম এক গিনি হওয়া উচিত, এবং ঐ ধরণের লোকের বেলায় আরও বেশি! আমি মস্তব্য করলাম।

তারপর ধর, দ্বন্দ্র্যক্ষে, গিবার্ণ বলল, যেখানে ক্ষিপ্রগতিতে গুলি এটাডার উপরেই সব কিছু নির্ভর করে।

অথবা আত্মরক্ষার বেলায়, গিবার্ণের উদাহরণে আমি যোগ করলাম।
তাহলে দেখতে পাচ্ছ, গিবার্ণ বলল, দব দিক দিয়ে কার্যকরী
এমন একটা জিনিষ যদি আমি পাই। এর থেকে ভোমার কোনই ক্ষিতি
হবে না, শুধু অফ্রের চেয়ে ভোমার জীবনের গতিবেগ দ্বিশুণ হওয়ার
ফলে তুমি হয়ত একটু একটু করে বাধ্কোর দিকে এগিয়ে যাবে।

ছন্দ্রযুদ্ধে এমন জিনিধের স্থােগে নেওয়়া কি স**ল্ভ হবে ?** একটুচিস্তা আমি করে বললাম।

म प्रकारीया नुषर्य, शिवार्य छेखत मिन।

সত্যিই কি তুমি মনে কর এ-রকম কিছুর আবিদ্ধার সম্ভব ? আমি আবার জিঞাসা করলাম।

জানলার পাশ দিয়ে আওয়াজ করে যাচ্ছিল একটা মোটর বাস। সেটার দিকে একবার তাকিয়ে গিবার্গ বলল, ঠিক ঐ মোটর বাসের মতই সম্ভব। সতিয় কথা বলতে কি—

একটু থেমে, আমার দিকে তাকিয়ে সামাক্ত হেসে সব্জ শিশিটা ভেত্তের গায়ে আতে আতে ঠুকে বলতে লাগল, আমার মনে হয়, জিনিষটার অন্তিম আমি টের পেয়েছি...এর মধ্যে আমি কিছুটা আবিদ্ধারও করেছি। তার ম্থের মান হাসির ভেতর দিয়ে ফুটে উঠছিল তার আবিদ্ধারের গুরুত্ব। কোন পরীক্ষার কাজ প্রায় শেষ হয়ে না এলে সে বিষয়ে কোন কথা সে বড় একটা জানাত না।

তবে এমনও হতে পারে, আর হলেও আশ্চর্য হব না, সে জিনিষটা হয়ত কাজ করবে,—শুধু দিগুণ নয়, তার চেয়েও বেশী।

সে ভাহলে এক বিরাট ব্যাপার হবে, আমি ধীরে ধীরে মস্তব্য করলাম।

হবে বৈকি। আমার মনে হয়, সেটা বিরাটই একটা কিছু হবে। কিন্তু সেই বিরাট জিনিষটা যে ঠিক কী, তা সেও ভাল করে জানজে পেরেছিল বলৈ মনে হল না।

ঐ পদার্থটি সম্বন্ধে আমাদের মধ্যে পরে আরো কয়েকবার আলাপ হুমেছিল মনে পড়ছে। পদার্থটির নাম সে দিয়েছিল নভুন গতিশক্তি। যভবারই এর কথা সে বলত, ভার কথাবাতায় অধিকভর প্রভ্যায়ের আভাস পাওয়া যেত। কিন্তু পদার্থটির ব্যবহাবে দেহয়ের অপ্রভ্যাশিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে এমন ক্ষীণ আশহাও যথন সে কোন কোন সময় প্রকাশ করত, তথন ভার মনটা একটু ভারাক্রান্ত হয়ে উঠত। আবার কথনো অর্থাগমের দিক দিয়েও সে বস্তুটির বিচার করত। শুরুধটা দিয়ে কি ভাবে ব্যবসা চালান ষায়, সে বিষয়ে আমাদের মধ্যে আনেকক্ষণ ধরে সাগ্রহে আলোচনা চলত। বলত, চমংকার জিনিষ, একটা বিরাট জিনিষ এটা। আমি জানি, আমি জগংকে নতুন কিছু দিতে যাচ্ছি, এবং সেজস্থ ভার মূল্যস্বরূপ জগতের কাছ থেকে কিছু আশা করা আমার পক্ষে অসম্বত হবেনা। 'বিজ্ঞানের মর্যাদা' কথাটা ভাল, কিছু আমার মনে হয়, কিছুকালের জন্ম,—ধর দশ বংসর জিনিষটার একচেটিয়া অধিকার আমার রাখা দরকার। জীবনের সবটুকু মজা কেবল ব্যবসায়ীরাই ভোগ করবে কেন ?

নৃতন ৬ ষুধটি সম্বন্ধে আমার নিজের আগ্রহও যথেষ্ট চিল। যাকে বলে অধিবিতা, তার প্রতি বরাবরই আমাব একটু বিদ্পুটে কোঁক ছিল। স্থান ও কাল সংস্কে বরাবরই আমার কতকগুলো অভুত বিশাস ছিল। তাই মনে হল, গিবার্ণ সভাসভাই জীবনের গতিবেগ বাড়িয়ে ভোলবার মত একটা ওষুধ তৈরি করছে। কোন লোককে যদি এই ওয়ুধের কয়েক মাত্রা থাইয়ে দেওয়া যায় তবে তার জীবনযাত্রা হবে কর্মবন্তুল ও স্মরণীয়; কিন্তু এগার বৎসর বয়সে তাকে দেখাবে যুবকের মত, পঁচিশ বৎসরে সে হয়ে যাবে প্রোঢ় এবং ত্রিশ বৎসর যেতে না যেতে তার ওপর বার্ধ ক্যের ছাপ এসে পড়বে। ইছদী এবং প্রাচ্যবাসীর। ষেমন এক প্রাকৃতিক বিধান অমুসারে বিশ বৎসরে পদার্পণ করতে না করতেই প্রৌচুত্ব লাভ করে আর পঞ্চাশ বৎদরের আগেই বুদ্ধ হয়ে যায় কিন্তু চিন্তা ও কর্মক্ষেত্রে আমাদের চেয়ে সব সময়েই ক্ষিপ্রভর,—গিবার্ণের ওষুধ সেবনের ফলেও, আমার ধারণা, ঠিক তেমনি ধারাই হবে। এব্রধের আশ্চৰজনক শক্তি সম্বন্ধে আমার বরাবরই খুব বিশাস। ওষুণ দিয়ে লোককে পাগল করে তোলা যায় শান্ত করা যায়; ভাকে অসম্ভব त्रकम मंक्तिनानी ७ मजान अवना अमहाय ना कूर्फ नानित्य (मुख्या यात्र ; ভার চিত্তে চাঞ্ল্য ঘটান যায়, আবার তা প্রশমিত করাও যায়। এ সমস্তই ওযুধ দিয়ে স্ভব। হুতরাং ডাক্তারদের ব্যবহৃত ওযুধের অভুড

ভাণ্ডারে আর একটি নতুন আবিষ্কার স্থান লাভ করতে যাছে, এতে আর আশ্চর্য কি ? কিন্তু গিবার্গ তার বৈজ্ঞানিক খুঁটিনাটি নিয়ে এত বিভোর ছিল যে আমাব দৃষ্টিভঙ্গীতে জিনিষটা বিচার করার ফুরস্থ ভার হয় নি।

শেদিন বোধহয় ৭ই কি ৮ই অগাস্ট। গিবার্ণ আমাকে বলল তার ও্যুধ্টির পরিস্রবণ করা হচ্ছে, এর ফলাফলের উপর আপাতত তার সাফল্য অথবা ব্যর্থতা নির্ভির করছে। ১০ই তারিখে আমাকে জানাল, তার পরীক্ষাকার্য সম্পূর্ণ হয়েছে এবং নতুন গতিশক্তি জগতে বাস্তব রূপ পরিগ্রহ করেছে। স্থাপ্তগেট পাহাড় বেয়ে ফোক্স্টোনের দিকে বাবার পথে তার সক্ষে আমার দেখা হয়। য়তদ্র অরণ হচ্ছে আমি তথন চুল ছাটতে যাচ্ছিলাম। গিবার্ণ ছুটে আমার কাছে এল। সে বোধহয় তার সাফল্যের কথা তথনি আমাকে বলবার জক্তেই আমার বাড়ির দিকে আসহিল। মনে পড়ে, তার চোখে ফুটে উঠেছিল এক অখাভাবিক জ্যোতি, মুখখানা উত্তেজনায় রাঙা হয়ে উঠেছিল। তার চলংশক্তিও যে বেড়ে গিয়েছিল, তাও তথনই লক্ষ্য করলাম।

সে আমার হাতথানা ধরে চেঁচিয়ে বলে উঠল, হয়ে গেছে, আশাতীত রকম হয়েছে! এস আমার বাড়িতে, দেখবে। কথাগুলোও সে খুব ভাড়াভাড়ি বলেছিল।

সভ্যি ?

সভিতা! সে চীৎকার করে বলল,—বিশাস করা যায় না, এমনি সভিতা! এস না, দেখে যাও।

এবং এতে মিগুণ শক্তি লাভ হয়

ভার চেয়েও বেশী, অনেক বেশী। ভাতেই ভো আমার ভয় হচ্ছে।

এস, জিনিষটা দেখে যাও। চেখে দেখ, পরথ করে দেখ। পৃথিবীর

সবচেয়ে বিশায়কর বস্তু এইটি। সে আমার হাতথানা ধরে চীৎকার
করতে করতে পাহাড়ের গা বেয়ে উঠতে লাগল। এমন জোরে সে

ইটিছিল সে আমাকে ছুটতে হচ্ছিল। আরোহী ভর্তি একটা গাড়ি ৰাচ্ছিল, ভেতর থেকে সকলেই আমাদের দিকে ফিরে তাদের স্বভাব-স্থান্ত ভলীতে অবাক হয়ে চেয়ে রইল। দিনটা ছিল গ্রম, আকাশ স্বচ্ছ; ফোক্স্টোনে প্রায়ই এমন দিন দেখা যায়। প্রভাবটা রঙ উজ্জ্বল, প্রভ্যেকটা রেখা স্পষ্ট ফুটে উঠেছিল। বাতাস অবশ্র বইছিল একটু, কিন্তু আমার ঘাম শুকিয়ে ঠাণ্ডা করার মত তেমন জোর তাতে ছিল না। আমি ইাপাতে ইাপাতে বললাম, একটু আস্তে চল ভাই!

আমি ত জোরে ইাটছিনা, ইাটছি কি ? গিবার্ণ টেচিয়ে বলল। সেই সঙ্গে তার গতিবেগ একটু কমিয়ে দিল, অর্থাৎ দৌড় বন্ধ করে জোরে ইাটা ধরল।

ভূমি এই ওষ্ধ থানিকটা খেয়েছ বোধহয়, আমি হাঁপাতে হাঁপাতে ৰললাম।

না তো, সে বলল, বছ জোর এক ফোঁটা জল, যা ওষ্ধের পাত্রটাং শুমে ফেলবার পর ছিল, সেইটে কাল রাত্রে থেয়েছিলাম। কিন্তু সে ভ অনেককণ হয়ে গেছে।

ওটা থেকে ধিগুণ শক্তি পাওরা যায় ? দর দর করে ঘামতে ঘামতে ভার বাড়ির দোরগোড়ার কাছে এসে আমি জিঞ্জাসা করলাম।

দিগুণ নয়, সহস্র গুণ, শত-সংস্র গুণ! গিবার্ণ নাটকীয় ভঙ্গীতে চীৎকার করে উত্তর দিল, সেই সঙ্গে তার নতুন ইংলিশ ওক কাঠর তৈরি গেটটা সজোরে খুলে ফেলল।

বল কি । বলতে বলতে আমি দরজা পর্যন্ত তার অহুসরণ করেলাম। এর শক্তি যে কতগুণ, তা আমি জানি। দরজার চাবিটা হাতে নিয়ে সেবলল।

অথচ তুমি--

এই ওবুধ সায়বিক দেহবিভার ওগঙের অজস্র আলোকসম্পাত করেছে, দৃষ্টিশক্তি সম্বন্ধে সম্পূর্ণ নতুন মতবাদের ফৃষ্টি করেছে।.....ভগবান

জ্ঞানেন, এর শক্তি কত সংশ্র গুণ। সেটা আমরা পরে হাচাই করে দেশব। আপাডভ কাজ হচ্ছে জিনিষটা পর্থ করে দেখা।

পরথ করে দেখবে ? বারান্দা দিয়ে যেতে যেতে আমি ভিজ্ঞান†
করলাম।

হাা। গিবার্ণ তার পড়বার ঘরে চুকে আমার দিকে ঘুরে বলল, ঐ বে, সবুজ ছোট্ট শিশির মধ্যে। তুমি ভয় পাচ্ছ না ত ?

আমি স্বভাৰতই সাবধানী, শুধু মুখেই ত্ঃসাহস দেখাই। বাশুবিৰুট আমার ভর হচ্ছিল। কিন্তু তা স্বীকার করতে আমার বাধ্চিল।

মানে, আমি আমতা করে বললাম, তুমি না এটা পরথ করে দেখেছ বললে?

আমি ত পর্থ কবেছিই, উত্তর দিল সে, কিন্তু তাতে আমার কোন ক্ষতি হলেছে বলে মনে হচ্ছে কি ? আমাকে ক্ষত্রও নিশ্চয়ই দেখাচ্ছেনা, বরং আমার বোধ হচ্ছে—

আমি একটা চেয়ারে বসে পড়ে বললাম, দাও আমাকে ভ্রুণটা।
যদি ভালমন্দ একটা কিছু হরে যায়, আর কিছু না হোক আমার
চুল কাটা থেকে ড রক্ষা পাব—যে কাজটা সভ্য মান্ত্রের কর্তব্যের
মধ্যে সবচেয়ে ঘুণ্য বলে আমার মনে হয়! মিক্সচারটা কি ভাকে
থেতে হবে?

জলের সংশ,—জলের পাত্রটা কাত করতে করতে গিবার্ণ বলন।
তার ডেস্কের সামনে উঠে দাঁড়িয়ে দে আমাকে নিবিড়ভাবে লক্ষ্য করতে লাগন। তার হাবভাব দেখে মনে হচ্চিল, সে যেন হার্লে স্ট্রীটের একজন বিশেষজ্ঞ ডাজার। চমৎকার জিনিষ এটা, বুঝলে হে শ

আমি হাত নেড়ে ইসারা করলাম। সে বলতে লাগল, ভোমাকে প্রথমেই সাবধান করে দিচ্ছি, বে মৃহুর্তে ওর্ধটা গলাধঃকরণ করকে তথনই চোখ বুজে কেলবে, ভার মিনিট থানেক পরে ধীরে ধীরে চোখ খুলবে। দেখতে তৃমি তখনও পাবে, কারণ দৃষ্টির অহুভূতি স্পাননের দৈর্ঘ্যের ওপর নির্ভর করে, সংঘাতের সমষ্টি সেই অহুভূতি নয়। তবে, চোখ খোলা থাকলে সেই সময়ের জন্ম কতকটা অক্ষিপটে আঘাতের মড একটা বিশ্রী ঝিমঝিমে ভাব লাগতে পারে। চোখ বন্ধ করেই থেকো।

वक करत थाकव ? जान्छा,-- जामि वननाम।

তারপরে চুপ করে থাকবে, নড়াচড়া করবে না। নড়াচড়া করলে হয়ত একটা জাের আঘাত পাবে। মনে থাকে যেন তােমার গতিবেগ কয়েক সহস্রগুণ বেড়ে যাবে, যা তুমি কোনকালে কয়নাও করতে পার নি। তােমার হৃদ্পিও, মাংসপেশী, মন্তিষ্ক, সব কিছু ঐ গতিতে চলতে আরম্ভ করবে। তােমার অজান্তেই তােমার মধ্যে এক বিরাট পরিবর্তন ঘটে যাবে। তােমার অফ্ ভৃতি এখনকার মতই থাকবে, তা্ধু পৃথিবীর প্রত্যেকটি জিনিষ আগে যে গতিতে চলছিল তার চেয়ে অনেক হাজার গুণ মহুর গতিতে চলছে বলে তােমার মনে হবে। সেটাই ত সবচেয়ে তাজ্জব ব্যাপার!

বল কি ! ভূমি কি সভ্যিই মনে কর—আমি বলতে যাচ্ছিলাম।
এখনই দেখতে পাবে, বাধা দিয়ে দে বলল। তারপর দাগকাটা
একটা ছোট কাচের পাত্র হাতে ভূলে নিল। তারপর ভেস্কের ওপরের
পদার্থটির দিকে নক্ষর দিয়ে বললে, গ্লাস, জল, সবই এখানে রয়েছে।
প্রথমবার কিন্তু বেশী খাওয়া ঠিক হবে না।

ছোট শিশির মহাম্ল্য জিনিষ্টি সে একটু একটু করে দাগ-কাটা পাতে ফেল্ল।

আমি যা তোমাকে বলেছি ভূলো না যেন, বলতে বলতে সে ঐ
পাত্র থেকে জিনিষটা একটা গ্লাসে ঢালল, ইটালীর হোটেলের বয়
বেভাবে ছইন্ধি মেপে দেয় সেই ভাবে। বললে, চোথ শক্ত করে বন্ধ করে
দু-মিনিট একেবারে নিশ্চল হয়ে বস, তারপরে আমি কি বলি শোন।
দুটি গ্লাসে ঐ মাত্রার ওয়্ধে সে ইঞ্জিধানেক করে জ্ল মেশাল।

হাঁা, একটা কথা, সে বলল—তোমার গ্লাসটা নামিয়ে রেখো না কিন্তু, ওটা হাতে রেখে হাতটা ভোমার হাঁটুর ওপরে রাখো।...হাঁা, ঠিক হয়েছে। এবার—

সে ভার শ্লাসটা তুলে ধরল।

নতুন গতিশক্তি, আমি উঠগাম।

নতুন গতিশক্তি, বলে উঠল সে। তারপর মাসে মাসে একবার ছুঁইয়ে আমরা তরল পদার্থটি পান করলাম এবং সেই মৃহুর্তে আমি চোধ বন্ধ করলাম।

শরীরে গ্যাদ চুকলে ষেমন এক অচেতন অবস্থার সৃষ্টি হয়, চারিদিকে সব ফাঁকা হয়ে যায়, আমার অবস্থাও কিছুক্ষণের জন্ম হল তেমনি। তারপর গিবার্ণের গলার আওয়াজ পেলাম, আমাকে জেগে উঠতে বলছে। গাঝাড়া দিয়ে আমি চোধ খুললাম, দেখলাম গিবার্ণ আগের মতই দাড়িয়ে বয়েছে, য়াদটা তখনও তার হাতে, তবে দেটা এখন শুক্ত, এই যা তফাং।

কেমন লাগছে? আমি জিজ্ঞানা করলাম।

কিছু অস্বাভাবিক ঠেকছে না ত ?

কিছুনা। একটু বেন ফুর্তির ভাব ও খু, তা ছাড়া আর কিছুই নর। কোন শব্দ ওনতে পাচ্ছ?

বদলাম, সব বে নিভন্ধ, তাইত, কোন কিছুর শব্দ পাওয়া যাচ্ছে নাবে! তথু জিনিবপত্তের ওপর টিপ্টিপ্করে বৃষ্টি পড়ার মত একটা মৃত্ আওয়াজ ভেনে আসছে। ওটা কি বল ভো ?

শব্দ বিশ্লেষণ করলে যা পাওয়া যায় তাই,—এরক্ম একটা কি যেন বলল। তারপর জানলার দিকে তাকিয়ে বললে, জানলায় ওরক্ম ভাবে পদ। জাটকানো জাগে কথনো দেখেছ কি ?

আমি তার দৃষ্টি অসুদরণ করে দেখলাম, পর্দার প্রান্তটা বাভাসে পত্ পত্করে উড়তে উড়তে একটা কোণ উচু করে যেন হঠাৎ ক্ষমে গিরেছে & না, এ কি করে হয়? আমি বললাম।

এই দেখ, বলতে বলতে সে যে হাতে প্লাসটা ধরেছিল সেটা খুলে কেলল। সলে সঙ্গে আমি চমকে উঠলাম, প্লাসটা পড়ে ওঁড়ো হরে যাবে ভেবে। কিন্তু কী আশ্চর্য, পড়ে ওঁড়ো হওয়া ত দ্রের কথা প্লাসটা একট্ নড়লও না পর্যন্ত, শুন্তে ছির হয়ে ঝুলতে লাগল। প্রিবার্ণ বলল, সাধারণত এই অক্ষাংশে কোন জিনিষ সেকেওে ১৬ ফুট করে পড়ে যার। প্লাসটাও এখন এক সেকেওে ১৬ ফুট গতিতে পড়ে যাচেছ। কিন্তু ভূমি দেখতে পাচ্ছ, এক সেকেওের শতাংশের মধ্যেও প্লাসটা একট্ও পড়ছে না। এই থেকেই ভূমি আমার আবিষ্কৃত প্রিভালিক বরেগ সম্ভে কিছুটা আম্লাজ করতে পারবে। সে তার হাতথানি আন্তে আত্তে নেমে যাওয়া গ্লাসটির উপরে, নীচে চারিদিকে ঘুরিয়ে কিরিয়ে দেখাল। অবশেষে গ্লাসটির তলাতে ধরে টেনে নীচে নামিরে সেটাকে স্বত্তে টেবিলের উপর রাখল। দেখলে,—আমার দিকে ভাকিয়ে হেসে সে বলল।

ইয়া এবাবে ঠিক ব্রুতে পেরেছি, বলে অতি সাবধানে আমার চেয়ার থেকে উঠলাম। বেশ স্থাই বাধ করছিলাম, শরীরটাও পুর হালক। লাগছিল, মনে ভরদাও গাছিলাম হথেষ্ট। তবে, সবদিক দিয়েই আমার গতিবেগ যেন বেড়ে গিমেছিল—এই যেমন, আমার ফার্দিণেও প্রতি সেকেতে সংশ্রু স্পানন শুক হয়েছিল। কিছু ভাতেও আমার একট্ও অস্থবিধে হচ্ছিল না। জানলার বাইরে তাকিয়ে দেখলাম, রাজায় একটা ছুটস্ত গাড়িকে ধরবার জন্তে একজন লোক আপ্রাণ সাইকেল চালিয়ে চলেছে, কিছু মনে হল সাইকেল-আরোহীর চাকার পেছনের ধ্'লরাশি যেন শৃষ্টে জমে রয়েছে, ছুটস্ত গাড়িটাও নড়ছে না যেন। এই অবিখাক্ত দৃশ্রের দিকে আমি অবাক হয়ে ভাকিয়ে রইলাম। গিবার্ণ, আমি চীৎকার করে জিজ্ঞাসা করলাম, কড়ক্ষণ এই ক্ষুড়ে ওম্বের প্রভাব চলতে থাকবে গ

ভগবান জানেন! গভবার ওটা খেয়ে আমি ওয়ে পছেছিলাম,
ঘুম থেকে উঠে দেখি ওষ্ধের ক্রিয়া আর নেই। বলতে কি, আমার
ভয় হয়ে গিয়েছিল। ওয়্ধটার ক্রিয়া কয়েকমিনিট নিশ্চয়ই ছিল, কিছ
আমার কাছে মনে হচ্ছিল, বেশ কয়েক ঘণ্টা। ওর ক্রিয়া কিছুকণ পরে
কমে যায় এবং হঠাৎ কমে যায় বলেই মনে হয়।

ভয় পাচ্ছিলাম না দেখে আমি মনে মনে গর্ব অভ্নত্তব করছিলাম। ভয় না পাওয়ার কারণ বোধ হয়, আমরা ত্জন ছিলাম বলে। আমাদের বাইরে থেতে আপত্তি মাছে কি ? আমি প্রশ্ন করলাম।

আপত্তি কিলের ?

लाटक यनि जामात्मत्र त्मरथ रक्तन ?

লোকে দেখতে পাবে না, সে বিষয়ে ভূমি নিশ্চিন্ত থাক। কী করে দেখবে বল ? ম্যাজিকের খেলায় চক্ষের পলকে স্বচেয়ে ভাড়াভাড়ি যে হাত-সাফাই দেখান সম্ভব, ভার চেয়েও সহস্রগুণ বেলী ভাড়াভাড়ি আমরা চলতে থাকব যে! চল যাই; কোন্দিক দিয়ে যাবে বল, জানলা দিয়ে, না দরজা দিয়ে?

कानना निरम्हे आमता द्वतिरम् প्रकाम।

বত রকম অন্তত অভিজ্ঞত। আমার জীবনে ঘটেছে অথবা আমি কল্পনা করেছি, কিংবা বইয়ে পড়েছি অন্ত লোকের ঘটেছে বা অন্ত লোকে কল্পনা করেছে,—দে সবের মধ্যে, এই নতুন গতিশক্তির প্রভাবে ফোক্স্টোনের প্রান্তরে গিবার্ণের সজে আমার ছোট্ট অভিযানটি নিশ্চয়ই সবথেকে বিস্মাজনক, সবথেকে অন্তত! গেট থেকে বেরিয়ে রাজায় পড়লাম, সেখানে আমরা খুটি-নাটি করে লক্ষ্য করতে লাগলাম চলম্ভ যানবাহনগুলির নিশ্চল ছবি। ঐ বে যাত্রীবাহী ঘোড়ার গাড়িটা দেখা যাছে তার চাকগুলোর উপরের দিকটা, ঘোড়ান্তলোর পা, সহিসের চাবুকের আগাটা, হাই ভুলতে যাওয়া কণাক্টরের নীচের চোয়ালখানি,—বেশ দেখা গেল এগুলি একট্ট একট্ট করে নড়ছে;

কিছ এ বিবাটকায় গাড়ির আর সব কিছুই যেন স্থির হয়ে রয়েছে। মাসুষের গলার ঘড়ঘড়ানির মত সামাল আওয়াক ছাড়া আর কোন भक् भाना शास्त्र ना। এই क्यांह-वाँधा शानवाहत्तव मर्था हिन अक्कन কণ্ডাক্টর আর এগার জন আরোহী। গাড়িটার কাছ দিয়ে হেঁটে যাবার সময় তাদের দেখে প্রথমে অভ্যস্ত বিসদৃশ, পরে অভ্ত, বিশ্রী মনে হয়। ষারা গাড়িতে বসে ছিল আমাদের মতই মামুৰ ভারা, কিছু তবুও যেন ঠিক আমাদের মত নয়; এলোমেলো পোষাক পরে তারা যেন জমে রয়েছে, হাত পা নাড়তে নাড়তে এক সময় যেন থেমে গেছে। একটা মেয়ে আর একটা পুরুষ পরম্পরের দিকে চেয়ে একটু হাসল, কিছ তাদের **म्हिक हामि यन हित्रकालित जञ्ज जातित मूर्थ लिशिह थाक्र**व মনে হল। একজন জীলোক গাড়ির রেলিং-এর ওপর তার বাছ রেখে গিবার্ণের বাড়ির দিকে এক দৃষ্টিতে চেমে ছিল। মনে হল, অনস্ত কাল ধরে তার চোথের পলক পড়বে না। একটা লোক তার গোঁচে চাড়া দিচ্ছিল, মনে হল যেন সে একটা মোমের তাল পাকাছে। সাবার আর একজন যেন অতি কটে তার ক্লান্ত শক্ত হাতের আঙুলগুলো ভার ঢিলে টুপিটার দিকে বাড়িয়ে দিয়েছে। আমরা ভাদের দকলের দিকে তाकिया बहेनाम, जात्मत अडुड अवशा त्राय हामाहामि कत्रनाम, ভাদের ভেংচি কাটভেও ছাড়লাম না। ভাদের দেখে দেখে বিরক্ত হয়ে আমরা তখন সেখান থেকে ফিরে সাইকেল-আরোহীর সামনে मित्र चूद्र औ श्वामा मार्टित मित्क अधमद्र हमाम।

(मथ (मथ, अहे या। शिवार्ग हों। ही कात्र करत वनन।

সে আঙুল দিয়ে কি একটা দেখাতে তার আঙুলের ভগার দিকে তাকিয়ে দেখি, একটা মৌমাছি শৃষ্ঠে ঝুলছে; আব ভার ভানাগুলো শামুকের মত অতি ধীরে ধীরে নড়ছে।

এইভাবে আমরা প্রান্তরে এসে হাজির হলাম। সেধানকার ব্যাপার আরও বিসম্মকর। তাপার স্ট্যাওে ব্যাও বাক্চিল, কিছ ভার ভূম্ল ঝারারের আওয়াজ আমাদের কাছে মনে হচ্ছিল যেন একটা চাপা স্থারের মৃত্র কলতান, বাভাদের দেঁ। দেঁ। শব্দের মত একটা স্থায়ী দীর্ঘবাদের রেশ। মাঝে মাঝে সে রেশটুকু বড় হয়ে যেন প্রকাণ্ড একটা ঘড়ির চাপা মছর টিক টিক শব্দের মত শোনাচ্ছিল। মাঠের লোকগুলো পাথরের মত নিধর হয়ে মাথা তুলে দাঁড়িয়েছিল। অভুত, নির্বাক আত্মসচেতন লোকগুলে। ঘাসের ওপর দিয়ে হাঁটতে হাঁটতে যেন এক সময় থেমে পড়েছে, পা ফেলতে ফেলতে এমনি ভাবে দাড়িয়ে পড়েছে যে মনে হয়, টাল সামলাতে না পেরে পড়ে যাবে। পাশ কাটিয়ে যাবার সময় দেখি, একটা হুন্দর লোমওয়ালা কুকুর লাফিয়ে উঠে শুক্তে ঝুলছে। মাটিতে পড়বার সময় ভার পায়ের অভ্যন্ত মন্থর গতি লক্ষ্য করলাম। এমন সমহ গিবার্ণ চেঁচিয়ে উঠল, দেখ, দেখ, মজা দেখ। মুহুতেরি জন্ম হবেশগারী এক ব্যক্তির সামনে আমর। দাঁড়িয়ে পড়লাম। তার পরণে পাতলা ভোরা কাটা দালা ফ্লানেলের গ্রম পোষাক, পায়ে দালা জুতো, মাথায় টুপি। ভত্ৰলোকটি ত্ৰন স্থদজ্জিত মহিলার পাশ কাটিয়ে যাবার সময় তাঁদের দিকে কটাক হানবার উদ্দেশ্তে ঘাড় ফিরিরে আছেন। তাঁর সেই কটাক্ষপাত আমরা এডকণ ধরে লক্ষা করার স্থযোগ পেয়েছিলাম যে ভাতে কোন আকর্ষণ থাকতে পারে না। সেই চাউনিতে চটুৰ পুৰকের ছাপ নেই; কটাক হানতে গিয়ে চোখ ভাল করে বোজেই নি যেন;—চোধের পাতা ঝুলে चाह्न, जात नीत त्वथा यात्व्य त्वार्थत मितत नीत्वत विक्री। বলে উঠলাম, যতদিন এর এই অবস্থা মনে থাকবে ততদিন আমি আর চোধ টিপব না।

ভত্তলোকের কটাক্ষের উত্তরে একজন মহিলা দম্ভবিকাশ করেছিলেন, তাঁর দিকে চেরে গিবার্ণ বললে, তথু চোখ টেপা কেন, আর হাস্বেও না। কেমন যেন অত্যন্ত গরম লাগছে—আমি বললাম, চল, আর একটু আত্যে আত্যে যাই। चारत, हरम धम, निवार्ग वनम।

পথে বিলামের চেয়ারে বদে যারা রৌক্র উপভোগ করছিল আমরা তালের মাঝখান লিয়ে যেতে ওক করলাম। চেয়ারে অনেকেই চুপচাপ यन श्वाভाविक ভাবেই বদে আছে মনে হল, কেবল আদুরে বাছৰবদের দোমড়ানো লাল জামা মোটেই দেখতে ভাল লাগছিল না। লাল মুখওয়ালা এক ভদ্রলোক এই বাতালে তাঁর সংবাদপত্ত মোড়বার আপ্রাণ চেষ্টা করতে করতে স্থির হয়ে থেমে রয়েছেন। এইসব অলস লোকগুলোর ওপর দিয়ে যে জোরে হাওয়া বইছিল, তার অনেক প্রমাণ পেলাম, কিছু আমাদের অমুভৃতিতে দে হাওয়ার কোন অতিত ভিল না। দেখান থেকে সরে এদে একটু দূরে থেকে আমরা জনতাকে লক্ষ্য করতে লাগলাম। এক অভ্ত, আশ্চর্য দৃশ্য আমাদের সামনে ভেসে উঠল, সবওলো লোক যেন নিথর হয়ে একটা ছবিতে রূপান্তবিত হয়ে আছে—বাত্তব পুতৃল যেন। এও কি সম্ভব? কিছু মনে মনে এই ভেবে আমার একটা বিজাতীয় আনন্দ এই হল যে, অফের ওপর বাহাত্রি করার হযোগ পেয়েছি। এই আশ্চর্য স্থােগের কথা একবার চিস্তা করে দেখুন দেখি ! এ ওমুধটি আমার শিরা-উপশিরার ওপরে কাজ শুরু করার পর থেকে এ পর্যন্ত আমি যা কথাবাত । বলেচি, যা কিছু চিন্তা করেছি, যে-সব কান্ত করেছি —মাঠের লোকওলোর नघरकारे दशक आज वारेदात जन् नघरकारे दशक -- नघछरे ट्राय्थत এক পলকের মধ্যে সম্পন্ন হয়েছে। নতুন গতিশক্তি,--আমি বলতে আরম্ভ করেছিলাম, কিন্তু গিবার্ণ আমাকে বাধা দিলে-

ও: জ্বল্য বৃড়িটা! সেবলন। কোন্বৃড়ি?

আমার পাশের বাড়িতেই থাকে, গিবার্ণ বলল, ওর একটা ছোট কুকুর আছে, দিনরাত চেঁচায়। নাং, এ স্থোগ ছেড়ে দেওয়া বায় না! মাঝে মাঝে উত্তেজিত হয়ে গিবার্ণ বড় ছেলেমায়বি করে। তাকে ব্ৰিয়ে বলবার আগেই ছুটে এগিয়ে গেল, বেচারার কুকুরটাকে এড জারের ছিনিয়ে নিল যে তার অন্তিছই কেউ টের পেল না। তারপর কুকুরটাকে নিয়ে মাঠের সীমানায় পাহাড়টার দিকে গবেগে দৌড়ডে আবস্ত করল। সে এক অলৌকিক দৃশ্য। ছোট্ট কুকুরটা এডটুকু চীৎকার করল না, একটুও গা নাড়া দিল না, তার জীবনীশক্তির সামায় চিহ্নও দেখা গেল না, ঘুমোবার মত নিরুমভাবে প্রায়্ব অসাড় হয়ে রইল। গিবার্ণ এমনভাবে তার ঘাড় ধরে ছিল, সে যেন একটা কাঠের কুকুর নিয়ে ছুটছে। গিবার্ণ, আমি চীৎকার করে বললাম, ওটাকে ছেড়ে দাও। তারপর আমি অন্ত কথা পেড়ে বললাম, তুমি যদি ওভাবে দৌড়তে থাক তাহলে ভোমার জামাকাপড়ে আগুন লেগে বাবে। এরই মধ্যে ভোমার স্থাতর প্যাণ্ট গরমে বাদামী হয়ে গেছে।

পাহাড়ের ধারে দাঁড়িয়ে দে একটু ইতস্তত করতে লাগল। আমি তার কাছে এদে বললাম, গিবার্ণ, ওটাকে ছেড়ে দাও। এই তাপ অসহ। আমাদের অমনি দৌড়োবার ফলেই এ অবস্থা হয়েছে—দেকেন্ডে জ্-তিন মাইল! বাতাদের প্রবল ঘর্ষণ!

कि रनटन ? दन क्क्रों त्र मिटक टिटा किखाना करन।

বাতাদের ঘর্ষণ, আমি চীৎকার করে বললাম,—আমরা ভয়কর বেগে যাছি, উদ্ধার মত বেগে! উ:, ভীষণ গরম! গিবার্ণ গিবার্ণ, আমার সাবা গায়ে যেন জালা ধরেছে, ছেমে উঠছি।...লোকেরা সব একটু একটু করে নড়াচড়া করছে, দেখতে পাচ্ছ? আমার বিশাস, ওব্ধটার কিয়া শেষ হয়ে আসছে, না?—এ কুকুরটাকে ছেড়ে লাও।

কি বলছ? কুকুরটার দিকে তাকিয়ে সে জিজ্ঞাসা করল।

হাা, ওব্ধের প্রভাব ফ্রিরে যাচ্ছে, আমাদের শরীর প্রচও পরম হয়ে উঠেছে, এবং সেজস্তই, ওব্ধটার ক্রিয়া শেষ হয়ে আস্ছে! যামে ভিজে যাচ্ছি আমি।

নে প্রথমে আমার দিকে অবাক হয়ে তাকিয়ে রইল, তারপর ব্যাওের

দিকে। ব্যাণ্ডের ঝন্ধার আগের চেয়ে ক্রুত বেন্ধে উঠেছে, স্পষ্টই বোঝা গেল। তথন গিবার্ণ তার হাতটা অনেকথানি প্রসারিত করে সজোরে কুক্রটাকে ছুঁড়ে দিল। কুক্রটা ডিগবাজী থেতে থেতে অচেতন অবস্থায় শৃস্তপথে কিছুদ্র চলবার পরে একদল আডাধারী লোকের শ্রেণীবদ্ধ ছাতার ওপরে এসে শৃন্তে ঝুলে রইল। গিবার্ণ আমার ক্ষুইটা ধরে বলে উঠল, সত্যি, তুমি যা বলেছ তাই! আমারও সারা গায়ে জালা বোধ হচ্ছে। হাঁা, ঐ যে ঐ লোকটা তার পকেট থেমে ক্নমাল বাঁর করছে, বেশ ব্রুতে পাচ্ছি। চল, আমরা তাড়াতাড়ি সরে পড়ি।

কিছ খুব ভাড়াভাড়ি আমরা সরে পড়তে পারলাম না। সেটা হয়ত আমাদের সৌভাগ্যই বলতে হবে, কারণ, আমরা ছুটতে পারতাম वर्षे, किन्न हूरेतन, वामात विधान, वामात्रत त्यावातक वाकन धरत दशक, হাা, নিশ্চয়ই তাই! আমরা কেউ এতক্ষণ এটা ভেবে ণেখিনি... কিন্তু আমরা ছুটতে আরম্ভ করার আগেই ওযুধের ক্রিয়া বন্ধ হয়ে গিয়েছিল। মুহুর্তের মধ্যে এমন হয়ে গেল! যবনিকাপতনের মতই নতুন গতিশক্তির প্রভাব সঙ্গে সঙ্গে মিলিয়ে গেল। গিবার্ণের নিদারণ আভ্রন্তান্ত স্বর ভনতে পেলাম-বেদে পড়! মাঠের ধারে ঘাদের ওপর ধপাস্করে আমি বদে পড়লাম, তথনো প্রচণ্ড তাপে আমার শরীর যেন পুড়ে ষাচেছ। যেখানে আমি বদে পড়েছিলাম, কতগুলো তুর্বাঘাদ তথনও দেখানে পুড়ে ছাই হয়ে পড়ে ছিল। আমার বসার সঙ্গে সঙ্গে চারিদিকের ঘুমন্ত সব কিছু যেন জেগে উঠেছিল। ব্যাণ্ডের বিকৃত স্পন্দন ছাপিরে যেন সহসা এক মুখর যন্ত্রসঙ্গীত বেকে উঠল, ভা্মামান পুরুষ নারী মাটিতে পা ফেলে নিজ নিজ পথে হাঁটতে শুরু করল, কাগৰূপত আর নিশানগুলো পত পত করে বাতাদে উড়তে লাগল, মুচকি হাসির পরে কথাবাত বি আরম্ভ হল, কটাক্ষ হানার কাঞ त्मद्र डल्टानिक मानत्म भाष हम्ह नागामन, जात्र यात्रा प्रमिक्त ভারা ন্ডাচ্ডা করতে লাগল, কথাবাত বিক করল।

সমন্ত পৃথিবী আবার জীবন্ত হয়ে উঠেছে। আমাদের মতই ফ্রন্ড চলতে আরম্ভ করেছে—বরং আমরাই আর অবশিষ্ট জগতের থেকে অধিকতর ফ্রন্ড চলছি না বললেই ঠিক হবে। ফ্রেশনের কাছে এসে যেনন রেলগাড়ির গতিবেগ ধীরে ধীরে কমে যার, আমাদের অবস্থাও হল সেই রকম। প্রত্যেকটি জিনিষ যেন ত্ই এক সেকেত্তের জন্ত ঘুরপাক থাচ্ছিল মনে হল। অতি অল্লক্ষণের জন্ত আমার একটু গ্রকার ভাব দেখা দিল, বাস্, ঐ পর্যন্ত। যে কুকুরটাকে গিবার্ণ ওপরের দিকে ছুঁড়ে দিয়েছিল, মুহুর্তের জন্ত আকাশে ঝুলে থেকে এখন সেটা ক্রিপ্রতিতে একজন মহিলার ছাতার মাঝখানটা ফুঁড়ে ধপাস্করে পড়ে গেল।

ফলে আমরা বেঁচে গেলাম। চেয়ারে বদা এক সুলকার বৃদ্ধ ভদ্রলোক আমাদের দেখতে পেয়েই চমকে উঠলেন, পরে গভীর मत्मारहत रहारथ वात्र वात्र वामारमत मिरक नक्तर मिरक मागरमन । व्यवस्थित कींत्र नाम कि वामारित मश्य एवन कि वल्लन, वाध इन । কিছু এই ভন্তলোকটি ছাড়া দিতীয় কোন লোক আমালীর আকস্মিক আবিভাব লক্ষ্য করেছিল কিনা সন্দেহ। আমরা নিশ্চয়ই ভাদের মাঝখানে হঠাৎ আবিভূত হয়েছিলাম! দেই সঙ্গে আমাদের আগুনে-পোড়ার অমুভৃতিটাও কেটে গেল, তবে আমার পায়ের নিচের ঘাদ তখনও বেশ গ্রম লাগছিল। যেথানে ব্যাও বান্ধছিল তার পূর্বলিকে স্থানর নাতুস মুতুস যে ছোট কুকুরটা আরামে নিজা যাচ্ছিল সেটা যে হঠাৎ পশ্চিমদিকে একজন মহিলার ছাভার ওপরে গিয়ে ধপাস্করে পড়েছে, বাতাদের ভেতর দিয়ে ভার প্রচণ্ড গতিবেগের জন্ম তার শরীরটা ও একটু পুড়ে ধাবার মত হরেছে,—এই অমুত দৃক্তের দিকে সকলে ই দৃষ্টি আৰুষ্ট হল, এমন কি তা বাত্তকরদেরও দৃষ্টি এড়ায় নি,—যার ফলে তাদের कीवान এই প্রথম বাজনার হার বেডাল হয়ে গেল। अ चाहुक मुख प्राप्त हात्रविष्क कीयन हिहारमहि, देह देह स्क हन ह

লোকগুলো ঐ দৃশ্ব দেখে চেয়ার ফেলে উঠে দাঁড়াল, ছুটতে গিয়েএকজন আর একজনের ঘাড়ে পড়ল, ময়লানের প্লিলটাও ছুট দিল।
গোলমাল যে কি ভাবে থামল বলতে পারব না. কারণ দেখান
থেকে সরে পড়ার জন্মই আমর। বান্ত হয়ে পড়েছিলাম বেলী।
চেয়ারের বৃড়ো ভল্লোকটি পাছে আমালের সম্বন্ধ আরও
থোজধবর নিতে আরম্ভ করেন সেই ভয়ে তাঁর দৃষ্টিপথ থেকে সরে
পড়াই সৃদ্ধত মনে করলাম। আমালের শরীর যথন অনেকটা ঠাণ্ডা হল,
ম্যাজম্যাজেও বমির ভাব কেটে গেল, মনের বিহ্বলভাও দূর হয়ে
গেল,—তখন আমরা আর সময় নষ্ট না করে উঠে পড়লাম, সহরের
নীচের রাস্তাটা ধরে গিবার্ণের বাড়ির দিকে ফিরে চললাম। কিন্তু সেই
ছটুগোলের মধ্যেও আমি স্পষ্ট শুনতে পেলাম, যে মহিলাটির ছাভার
উপরে কুকুরটা পড়ায় ছাভাটা ছিঁড়ে গিয়েছিল ভার পাশের ভল্লোকটি
ইন্স্পেক্টর-নামান্বিত টুপিধারী কর্মচারীদের একজনকে অসন্সত ভাষায়
ধমক দিয়ে বলছে—তুমি যদি কুকুরটা না ছুঁড়ে থাক, তবে ছুঁড়েছে
কে, জিজ্ঞানা ধিরি ?

এই সমন্ত ব্যাপার হয়ত আমি খুঁটিনাটি করে পর্যবেক্ষণ করতে চাইভাম, কিন্তু ওা আর সম্ভব হয়নি কারণ সকলের, চলংশক্তি যেন হঠাং ফিরে এসেছে, পরিচিত শব্দগুলো আবার কানে আসছে। তারপর আমাদের নিজেদের জন্ত আমাদের স্বাভাবিক উৎকঠার দক্ষণও বটে। আমাদের জামাকাপড় তথনও ভয়ানক গরম, এমন কি গিবার্ণের সাদা পায়জামার সামনের দিকটা যেন আগুনের ভাতে বিদ্বুটে বাদামী রং ধরেছে। আগের অবহা ফিরে আসা সম্বন্ধে বাস্তবিক পক্ষে আমি এমন কিছু পরীকা করিনি বিজ্ঞানক্ষেত্রে যার কোন মূল্য আছে। মৌমাছিটা অবশ্য উধাও হয়েছিল। সাইকেল-আরোহীর খোঁজ করলাম, কিন্তু আমরা যথন আশাব স্থাপ্তগেট রোভে এসে পড়লাম ভার আগেই সে দৃষ্টিপথের বাইরে চলে গেছে, অথবা যানবাহনগুলির

পেছনে ঢাকা পড়েছে। জীবন্ত ঘাত্রীসমেত সেই গাড়িটা এতক্ষ ক্ষিপ্রপতিতে ঘড় ঘড় করতে করতে অদূরবর্তী গির্জাটার সামনে निय हुटि ठल्टा ।

তবে আমাদের নহুরে এল, গিবার্ণের বাড়ির যে জানলা গলে আমরা বেরিয়ে পডেছিলাম তার চৌকাঠটা আগুনের ভাতে সামাক্ত একটু পোড়ার মত হয়ে গিয়েছে, আর পথের কাঁকরের ওপরে আমাদের পাধের দাগ অস্থাভাবিক রকমের গভীর।

এই আমাব নতুন গতিশক্তির প্রথম অভিজ্ঞতা। ধরতে গেলে, আমাদের ছোটাছুটি, কথাবার্ডা, সবরকম কীতি,-এক-আধ সেকেও সময়ের মধ্যে সম্পন্ন হয়েছিল। ব্যাণ্ডের বাজনার ছটি ঝংকার जुन उ रय नमत्र निश्वित, जांद्र मार्था इया अभावता आध्यकीत জীবন উপভোগ করেছিলাম। তার ফল হয়েছিল এই, আমাদের কাছে সারা পৃথিবী যেন থেমে গিয়েছিল, আমরা যাতে ভাল করে नका कराज भाति। भव मिक मिछा ভাবলে, विश्व करत होर्श বাড়ির বাইরে বেরিয়ে পড়বার মত তুঃসাহসের কণা মনে করলে বলতে হয়, আমাদের যা অভিজ্ঞতা ঘটেছিল তার চেয়েও অপ্রীতিকর অভিজ্ঞতা নিশ্চয়ই ঘটতে পারত। এর থেকে নি:সন্দেহে বোঝা গেল. ভবুধটা ঠিকমত কাজে লাগাবার উপযোগী করবার আগে গিবার্ণের আরও অনেক কিছু শেখবার আছে। তবে, জিনিষ্টার কার্যকরিতা যে প্রমাণিত ংয়েছিল, তাতে একট্র ভুল নেই।

जामारमत्र ये जिल्लान्त भन्न त्थाक निवार्ग ध्यूपेटीन वस्त्रशत धीत्र খীরে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছে, ভার নির্দেশ অনুযায়ী আমি কয়েকবার ঠিকমত মাজায় দেটা থেয়ে দেখেছি, তাতে একট্ও খারাপ ফল হয়নি। ভবে আমাকে অবশ্ৰ স্বীকার করতে হবে, ওবুধের ক্রিয়া থাকতে থাকঞ ध्येन भर्वत जांत्र वाहेरत रावात माहम कति नि । अधूप मास्त्र मास्त्र

ব্যবহারের উনাহরণ অরপ বলতে পারি, এর সাহায্যেই এই গল্পট একবার বলে একটুও না থেমে লেখা হয়েছে, ভবে এর মধ্যে ত্চারটে চকোলেট যে না চিবিয়েছি তা নয়। গল্প লেখা আরম্ভ করি ছটো পচিশ মিনিটে, আর আমার ঘড়িতে এখন আড়াইটে বেজে এক মিনিটের বাছাকাছি। কর্মবছল দিনের মধ্যে দীর্ঘকাল অবাধে একটানা এতটা কাজ করার স্থোগ পাওয়া বড় কম কথা নয়। গিবার্ণ এখন তার আবিষ্কৃত ওষুধের পরিমাণমূলক গবেষণা করছে, বিভিন্ন গঠনের শরীরের ওপরে জিনিষ্টার কিরকম পুথক ফল পাওয়া ষায় তা বিশেষ করে পরীক্ষা করে দেখছে। এর পর সে গতিক্ষয়ী একটা ওষ্ধ বার করার আশা রাথে, যা মিলিয়ে বত মান ওষ্ধটার ষ্মত্যধিক শক্তির লাঘ্য করা যেতে পারে। গতিশাক্তির ওপর গতিক্ষীর ফল অবশ্র হবে বিপরীত; শুধু গতিক্ষী ব্যবহারে কোন রোগী সাধারণ সময়ের অনেকগুলো ঘণ্টাকে কয়েক সেকেণ্ডে পরিণ্ড করতে পারবে, যার ফলে সবচেয়ে উত্তেজনাপূর্ণ অথবা বিরজিকর পরিবেশের মধ্যেও সে বন্ধায় রাখতে পারবে এক উদাসীন নিজিয়তা, তুষারস্তুপের মত শীতলতা। হুটো জিনিষ একত করে সভাজগতে এক বিরাট বিপ্লবের স্থচন। করা যাবে নিশ্চরই। কার্লাইল যে সময়ের বাঁধনের কথা বলেছেন, ভার থেকে এইভাবে পাব আমাদের মৃক্তির পথ। যধন আমাদের স্বচেরে বেৰী অরুভৃতি ৬ অহপ্রেরণার দরকার, সেই মৃহুর্তে স্বাস্তঃকরণে মনোনিবেশ করবার ক্ষমত। আমাদের এনে দেবে এই গতিশক্তি; আর গতিক্ষয়ীর সংহাষ্টে আমর। অসীম হুর্দশা ও ক্লান্তিও কাটিরে উঠতে পারব নিশ্চেষ্ট প্রশান্তভাবে। গতিক্ষী সম্বন্ধ আমি হয়ত একটু বেশী আশা করছি, কেননা জিনিষটা এখনো আবিষ্ণত হয় নি: তবে গতিশক্তি সংক্ষে কোন রক্ম সন্দেহের অবকাশ থাকতে পারে না। স্থবিধানত ব্যবহার कदा याय, आयरखुत मर्सा जाथा याय এदः প्रदिशांक कता याय, अमनि

আবারে জিনিষটা আর করেক মাসের মধ্যেই হয়ত বাজারে দেখা দেবে। ছোট ছোট সবৃত্ধ শিশিতে এটা সব কেমিস্ট ও ভাক্তারের দোকানে পাওয়া যাবে,—দামটা একটু বেশী বটে, তবে ওষুণ্টার অসাধারণ গুণের কথা বিচার করলে দামটা নিশ্চয়ই খুব বেশী নয়। এর নাম দেওয়া হবে, গিবার্ণের আয়াবিক গভিশক্তি। তিন রক্ম শক্তিতে সে ওষ্ণটা দিতে পারবে আশা করে, ছ্-শো ভাগে এক ভাগ, ন-শো ভাগে এক ভাগ, আর ছ্-হাজার ভাগে এক ভাগ। তিনটি শক্তির পৃথক রভের লেবেল ধাকবে, বথাক্রমে, হল্দে, লালচে আর সাদা।

এ ওষ্ধটির ব্যবহারে যে অসাধারণ অনেক কিছু সম্ভব হবে, ভাতে সন্দেহ নেই। এমন কি, এর সাহায্যে সময়ের শক্ত বাঁধনের প্রেডম অবকাশেও, ফৌকলারী মামলার মীমাংসা করা যেতে পারে। অবশ্য সব শক্তিশালী ওষ্ধের মত এরও যে অপব্যবহার হতে পারে, একথা বলা বাহল্য। তবে আমাদের সমস্তার এই দিকটা বিশ্লভাবে আলোচনা করে আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি যে. এটা সম্পূর্ণরূপে চিকিৎসা-আইনের বিষয় এবং আমাদের এলাকার একেবারে বাইরে। আমরা গতিশক্তি তৈরী করে বিক্রী করব , তার ফল কী হবে দে প্রের কথা।

শ্রীমনতি দেবী

অলেকিক

ক্ষমতাটা ওর জ্বলত ছিল কিনা সন্দেহ। আমার তো ধারণা, নিভাম্ভ আকমিক ভাবেই ও এ ক্ষমতা লাভ করে। সভ্যি বলতে কি, ত্রিশ ৰছর বয়স পর্যন্ত ও ছিল সন্দেহবাদী, মানুষের যে অলোকিক ক্ষমতা থাকতে পারে, এ ও বিশাস করত না। এই হুযোগে ওর हिंदांत अवेही वर्गना स्वया याक। लाक्षि द्वेंदियाहे, हार्थित ब्रह शाह वानामी, माथाय भूव थाए। थाए। नान तर्छत हुन, भाकारमा शीक, আবার পারে হলদে রঙের হাল্কা ছিটে। লোকটির নাম ভর্জ भगकरहायांचीत कत्तातिस्ता,-नामहात मत्यास व्यम किছ विश्वस्थ নেই ষেজ্ঞান্তে ওর কাছ থেকে অলৌকিক কোন ক্ষমতা আশা করা যেতে পারে। লোকটি ছিল গমশট কোম্পানির কেরানী। ওর এক অভাস্ক বিশ্রী অভ্যাস হল তর্কের সময় বিশেষ জোরের সঙ্গে নিজের মন্তব্য প্রকাশ করা। অলৌকিক ঘটনার সম্ভাবাতার বিপক্ষেও যখন ভীত্র মন্তব্য কর্মিল ঠিক এহেন সময়েই ও প্রথম নিজের মধ্যে এই অসাধারণ ক্ষমতার আভাস পায়। তর্কটি ইচ্ছিল 'লং ছাগ্ন' হোটেলে বসে, আর ওর প্রতিপক্ষ ছিল টডি বীমিশ। টডি কেবল একঘেয়ে ভাবে খেকে থেকে বলে উঠছিল,—মানে, তুমি তাই বলতে চাও। এই को ननिष्ठ थक कार्यकती हात्र धार्ठ य स्माप्त कार्यक कार्यकार ধৈষের শেষ সীমায় এসে পৌছর।

এরা ত্জন ছাড়াও সেখানে উপস্থিত ছিল এক ধ্লো-মাখা সাইকেল-আরোহী, হোটেলওয়ালা কক্স, আর হোটেলের রীতিমত সম্রান্ত এবং গন্তীর প্রকৃতির কর্মচারী মিস মেত্রিজ। কদারিঙ্গের দিকে পেছন করে গাড়িয়ে মিস মেত্রিজ গেলাস ধৃচ্ছিল, আর বাকি গুজন তার শোচনীয় অবস্থা দেখে কৌতৃক উপভোগ করছিল। বীমিশের এই কৌশলে ভ্যক্তবিরক্ত হয়ে ফদারিও গে শেষপর্যন্ত ঠিক করল, এক অলহারবছল বক্তৃতায় দে বীমিশকে পরাস্ত করবে। বলল,—আচ্ছা বীমিশ, শোন। প্রথমেই বিচার করে দেখা যাক, 'অলৌকিক' কাকে বলে। অলৌকিক ঘটনা হল, ইচ্ছাশক্তির প্রয়োগে স্বাভাবিক নিয়মের ব্যক্তিক্রম স্বষ্টি করা,—এমন কিছু ঘটানো, এই ইচ্ছাশক্তির প্রয়োগ ছাড়া যা সাধারণ ভাবে কথনো ঘটে না।

ও, তুমি তাই বলতে চাও,—এই বলে বীমিশ ওকে কোনঠাসা করল।
ফলারিঙ্গে তথন সাইকেল-আরোহীর মত ক্সিফাসা করল। এতক্ষণ
সে বিনা বাক্যব্যয়ে তথু তনে যাচ্ছিল, এবার একটু ইতন্তত: করে,
একটু হেসে, চোরা দৃষ্টিতে বীমিশের দিকে একবার তাকিয়ে নিয়ে
সে ফলারিঙ্গের কথায় সায় দিল। হোটেলওয়ালা কিন্তু কোনো মন্তব্য
প্রকাশ করল না। তথন ফলারিঙ্গে বীমিশের দিকে তাকাতে বীমিশ
তার কথা মোটাম্টিভাবে মেনে নিয়ে একটু বিশ্বয়ের সৃষ্টি করল।

ফলে ফদারিঙ ুগে অনেকটা উৎসাহিত হয়ে উঠল। বলল,—বেমন ধর, ঐ বাডিটা। স্বাভাবিক নিয়ম অহসারে ঐ বাতিটার মৃথ নিচ্ করে ধরলে ওটা অমনভাবে জলবে না, কীবল বীমিশ? যদি জলে তবে দে এক অলৌকিক ব্যাপার হবে।

ও, তুমি তাই বলতে চাও— বীমিশ বলল।
আর তুমি ? নিশ্চর তুমি একথা বলতে চাও না যে—এঁয়া ?
না.—অনিচ্ছাসতেও বীমিশ স্বীকার করল,—না, তা জ্ঞাবে না।

আছে। বেশ। এমন সময় যদি একজন এসে বলে,—এই ধর, এই আমি যদি এসে আমার সমগু ইচ্ছাশক্তির একত্র প্রয়োগ করে বাতিটাকে বলি,—উন্টে যাও, কিন্তু ভেঙে যেয়ো না,—আর বাতিটাও অমনি উন্টে গিয়ে এমনি স্থিরভাবেই জলতে থাকে,—আরে আরে, এ কি!

ব্যাপারটা সভিয় এমন বিশ্বয়কর যে অমন অবাক হরে যাওছাই স্থাভাবিক। যা সম্পূর্ণ অসম্ভব, পরম অবিশ্বাস্ত, তাই ওদের চোথের সামনে ঘটে গেল। বাতিটা উন্টে গিয়ে শৃষ্টে ঝুলতে লাগল, আর তার শিখাটা নিচের দিকে প্রসারিত হয়ে দ্বিডাবে অলে চলল। বাতিটার ওপর যে কোনরকম কারসাজি ছিল এমন সম্পেহও প্রকাশ করা সম্ভব নয়, কারণ বাতিটা হল নিউ ছাগন হোটেলের খুব সাধারণ একটা বাতি।

তর্জনী প্রসারিত করে, জ্র কুঁচকে, আসম বিপর্যয়ের প্রতীক্ষায় क्माबिड्ल मां फिर् बड्ना नाहरकन-आरबाही वार्डिन कारक वरन ছিল, একলাফে সেধান থেকে সরে এল। মিস মেত্রিজ মুথ ফিরিয়ে এটচিয়ে উঠল। প্রায় তিন সেকেও বাতিটা ঠিক ঐ ভাবে দ্বির হয়ে बहेन। এकটা जम्में चार्क गव करत डिर्फन फनाविष्ट्रा, मन्न रन, ব্যন অত্যন্ত মান্সিক যন্ত্রণা তার হচ্ছে। বলল, আর আমি রাখতে পারছি না। এই বলে পিছু হঠে আসতেই বাতিটা ঐ অবস্থায় হঠাৎ একবার দণ্ করে জলে উঠেই বার-এর ওপর পড়ে দেখান থেকে ছিটকে সঞ্জোরে মেঝেয় পড়ে নিবে গেল। ভাগ্যে বাভিটার তৈলাধারটি ধাতু দিয়ে গড়া ছিল, নতুবা ভেঙে গিয়ে সমস্ত ঘরটাতেই আগুন ধরে যেত। করাই কথা বলল প্রথমে,—অবাস্তর উচ্ছাদ বাদ मिल जात वक्त वा अहे माजात वा, कमाति (त अकि शर्म । अमन একটা মন্তব্যে পর্যন্ত আপত্তি করবার মত অবস্থা তথন ফলারিও গের ছিল না,—বে ব্যাপারটা ঘটে গেল ভাতে দে অভিমাত্রায় বিশ্বিত হয়েছে। এর পর ওদের মধ্যে যে সব কথাবার্তা হল তাতে ফলারিউ গের এই ব্যাপারের ওপর কিছুমাত্র আলোকপাত হল ना ,- ७५ व्य कका- १ नमर्थनि में मार्थ श्रिक कार्र नम्, - अत्मत्र कथावार्जाय अकास क्रांचा अकाम त्मन-अत्मत्र धात्रधाः क्षनातिष्ठ त्म अत्रव अक त्नाःता हानांकि स्थरनरह, अनर्थक · अमाश्वित रुष्टि करवरङ् । क्षातिष्ठ त्वत्र निरम्ब मन्ति वक्षे वर्षामस्त्रा

ঝড় বয়ে চলেছে। ওদের সমস্ত অপবাদ সে বেন মেনে নিতেই প্রস্তুত। যে প্রতিবাদ সে তুলেছিল সেই ক্ষীণ প্রতিবাদ মোটেই কার্যকরী হয়নি।

অত্যন্থ উত্তেজিত অবস্থায় সে বাড়ি ফিরল,—মুখ টকটকে লাল, কোটের কলার কুঁকড়ে গেছে, চোথ জালা করছে, কান লাল হয়ে উঠেছে। বাড়ি যেতে দশটা বাতি তার পথে পড়ে, তথ ভয় চোথে সে সেগুলোকে লক্ষ্য কবল। চার্চ রো-তে বাড়ি, বাড়ি ফিরে সে গিয়ে চুকল' ছোট্ট শোবার ঘরটতে। একলা বনে এতক্ষণে সমন্ত ব্যাপারটা আত্যোপান্ত চিন্তা করবার মত অবস্থা তার হল। প্রশ্ন করল নিজেকে,—কী করে কী হল ?

কোট খুলে, জুতো ছেড়ে ফদারিঙ্গে বিছানার উপর বসল। পকেটে হাত রেখে একবার নয় ছ-বার নয়,—এই নিয়ে সতেরো বার সে তার নিজের সমর্থনে যুক্তি তুলল,—আমি তো চাই নি যে বাতিটা ওভাবে উপেট যাক! কিন্তু মঙ্গে-সম্পেই আবাব তার মনে হল, ঐ হকুম যথন সে করেছিল ঠিক সেই মুহুর্তে কিন্তু নিজের অজ্ঞাতসারে সে এই ইচ্ছে প্রকাশ করেছিল, যেন সে যা বলছে সত্যিই তাই ঘটে। তারপর বাতিটাকে সত্যিসভিত্তি ঐ অবহায় ঝুলতে দেখে তার যেন মনে হয়েছিল, বাতিটাকে ওভাবে রাখা আর না রাখা সম্পূর্ণ তার ইচ্ছাধীন, - যদিও কী করে যে ও বাতিটাকে ওভাবে রাখবে সে সহজে কোনো ধারণা তার ছিল না। জটিল মনত্তত্বের বিশেষ ধার ফলারিঙ্গে ধারত না, তা যদি না হত্য তাহলো হয়ত অজ্ঞাতসারে ইচ্ছা প্রকাশ করার ব্যাপারটা তথনকার মত সে মেনে নিতে পারত। কিন্তু তারু সহজ সরল মনে এই ধারণাই এখন কতকটা অস্পইভাবে হলেও অনেকটা সহজগ্রাছ্ হয়ে দেখা দিল। আর এই বিশাসের ওপর নির্ভর করেই এবং বিশেষ যুক্তিতর্কের মধ্যে না

মোমবাতিটার দিকে লক্ষ্য স্থির করে সে মনঃসংযোগ করল। কিস্তু কেবলই তার মনে হতে লাগল সে থুব বোকার মত কাজ করছে। ওপরে ওঠো—বাতিটাকে হুকুম করল সে, কিস্তু সে মাত্র এক সেকেণ্ডের জন্ম,—

তারপরেই তার সে মনোভাব কেটে গেল। মোমবাতিটা ওপরে উঠে এক সেকেণ্ডের জন্ম স্থির হয়ে রইল, তারপর অবাক ফদারিঙ্গের চোথের সামনে সশব্দে তার প্রসাধন-টেবলের ওপরে পড়েই নিবে গেল,— পলতের ক্ষীণ আভা ছাড়া সমস্ত বরটা সম্পূর্ণ অন্ধকার হয়ে গেল।

স্তব্ধ দলারিখণে সেই অন্ধকারে বসে রইল কিছুক্ষণ। তারপর নিজের মনে বলল, - ব্যাপারটা তো ঘটল ঠিকই। কিন্তু কী করে এ সম্ভব হল। দার্ঘস্থাস ত্যাগ করে যে দেশলায়ের জন্ম পকেট হাতড়াতে লাগল, কিন্তু পকেটে দেশলাই পেল না। উঠে আন্দান্ত করে টেবলটা হাতভাল। মনে হল, একটা দেশলাই পাকলে বেশ হত। তথন তার হঠাৎ মনে হল, অলৌকিক ঘটনা তো দেশলায়ের বেলাতেও ঘটতে পারে। অন্ধকারে হাত বাড়িয়ে সে নলল, এই হাতে একটা দেশলাই আত্মক। অমনি কি একটা হালকা বস্ত্র লম্বালিফ ভাবে তার হাতে এসে পড়ল। আঙ্লগুলো প্রটোতেই সে বুকল, এ একটা দেশলাই। দেশলাইটা জালাবার কয়েকটা বার্থ চেষ্টার পর ও আবিষ্কার করল, এ একটা সেফ্টি দেশলাই। দেশলাইটা ফেলে দিল সে। পরক্ষণেই তার মনে হল, বাতিটাকে জলতে বলতেই তো হয়। সেই ইচ্ছে প্রকাশ করতে না করতেই বাতিটা টেবলব্রথের ওপরে জলে উঠল। তাডাতাডি তলে নিতেই নিবে গেল বাতিটা। এই ক্ষমতার সম্ভাবনা ক্রমেই ওর কাছে প্রসারিত হয়ে উঠছে। বাতিটাকে আলাজ করে বাতিদানে বসিয়ে দিয়ে বলল,—এই, জলে ওঠ। সঙ্গে সঙ্গে বাতিটা জলে উঠল আর সেই আলোয় ফদারিঙেগে দেখল টেবলের-ক্লণের ওপর একটা কালো ছিন্ত মত হয়েছে, তথনো ধোঁয়া বেরোচ্ছে তা থেকে। এই ধোঁয়া থেকে মোমবাতির শিখার আর মোমবাতির শিখা থেকে এই ধোঁয়ায় কয়েকবার দৃষ্টি বুলিয়ে নেবার পর আয়নায় প্রতিফলিত তার নিজের দৃষ্টির ওপর তার. চোধ পড়ল। এইভাবে কিছুক্ষণ তার নিজের সঙ্গে নীরব কথোপকগন চলা। প্রতিবিম্বকে সম্বোধন করে ফ্লারিঙ্গে বলন, এইবার অলৌকিক ঘটনা

चक्र क्यांग (क्यन इत ?

ফদারিগুগের এর পরবর্তী চিন্তাধারা খুব গুরুত্বপূর্ণ হলেও একট্ট অগোছাল ধরণের। এ থাবং সে দেখেছে, যেমনটি সে ইচ্ছে করেছে ঠিক তেমনিই ব্যাপারটা ঘটে যাছে। প্রথম দিককার কয়েকটা পরীক্ষার ফলাফল দেখে সে ঠিক করেছে, বিশেষ সাবধান না হয়ে আর সে পরীক্ষা-কাজে রত হবে না। প্রথম সে এক শীট কাগজ উট্ট করে ধরল, তারপর এক মাস জল নিয়ে তার রঙ প্রথমে সোনালী, পরে সবুজ করল। তারপর সে একটা শামুক তৈরি করে সেটাকে অলৌকিক উপায়ে দূর করে দিল, একটা ট্গব্রাশও অলৌকিক উপায়ে সংগ্রহ করল।

এই অলৌকিক ক্ষমতা সম্বন্ধে যে অস্পষ্ট ধারণা তার ছিল, গভীর রাতের দিকে সে ধারণা আর অম্পষ্ট বইল না, সে স্থির বুঝল যে এ তার এক অনক্রসাধারণ বিশেষ ক্ষমতার পরিচায়ক। আবিষ্কারের প্রথম দিকটায় বে আশঙ্কা আর হিগা তার মনে আশ্রয় করেছিল তার জায়গায় এখন সে এই ক্ষমতার জন্তে গর্ণ অমুভব করছে। এর স্থবিধের একটা আভাসও তার মনে অম্পইভাবে ভেসে উঠন। চার্চের ঘডিতে একটা বেজে উঠতেই সে তাডাতাডি পোষাক ছাডতে নাগল,— এবার শুয়ে পড়তে হবে। একথা তার একবারও মনে হল না যে এই অলৌকিক উপায়ে সে থুব সহজেই গমশট কোম্পানির অফিসের দৈনন্দিন কাজ থেকে অব্যাহতি পেতে পারে। শাটটা মাথার ওপর দিয়ে খুলতে থুলতে এক চমংকার মতলব তার মাথার থেলে গেল। বলল,—আমি বিছানায় যেতে চাই। বলতে না বলতেই ও বিছানায় গিয়ে হাজির। তারপর বলল, - জামা-কাপড়গুলো খুলে যাক। সঙ্গে সঙ্গে তাই হল। ঠাণ্ডা লাগছে দেখে ও তথন বলল, আমার রাতের শার্টিটা,—না না, একটা সুন্দর, বেশ নরম পশমের শার্ট আমার গায়ে আফুক। ব্যাপারটায় তার থুব মজা লাগল, হর্ষস্চক একটা শব্দ তার মুথ থেকে বেরিয়ে এল। তারপর বললে,—এবার বেশ আরাম করে ঘুমোন গাক।

যথাসময়ে খুম ভাঙল। সারাটা সকাল চিস্তাগ্রন্ত হয়ে কাটাল সে।

>२ ८ थरनोकिक

গতকালের ঘটনাগুলো এক স্থেসন্ধন স্বপ্নমাত্র নয় তো ? শেষ পর্যস্ত সে খুব সাবধানে তার শক্তির পরীক্ষা শুরু করল,—এই যেমন, প্রাতরাশে তিনটে ডিম খেল—৩টো তার গৃহকত্রী দিয়েছিল, কেনন ফেন ভিজে ভিজে আর ডিম ছটো, বাকটো একটা হাঁসের ডিম, তারই ইচ্ছায় ডিমটা পাড়া হল, এমনকি পরিবেশিত পর্যন্ত হল। প্রবল উত্তেজনা সম্ভর্পণে গোপন রেখে সে ভাড়াতাড়ি গমশট কোম্পানির অফিসে গেল। রাত্রে যথন গৃহকত্রী তিনটে ডিমের খোসার কথা উল্লেখ করল তথন খেয়াল হল তার। নিজের ক্ষমতা সম্বন্ধে এই বিশ্বয়কর আবিকারের ফলে সারাদিন সে কোনো কাজে মন বসাতে পারেনি, যদিও অবশ্য তাতে তার কোনো অস্থবিধে শ্র্যনি, কারণ শেষ দশ নিনিটের মধ্যেই সে অলৌকিকভাবে সম্ব্যুক্ত স্থ্যসম্পন্ন করে।

বেলা পড়বার সঙ্গে সঙ্গে তার মনের এই বিশ্বয়ভাব ক্রমে দূর হযে গেল, আনন্দে অধীর হল সে। 'লং ড্রাগন' থেকে বিতাড়িত হবার ব্যাগারটা অবশ্র তথনো তাব অত্যন্ত অপ্রীতিকর বোধ হচ্ছিল, তার ওপর আবার ঘটনাটা পল্লবিত হযে বন্ধ মহলে প্রচাবিত হওয়ায় একট্ সম্বনের হানিও হয়েছিল তার। ফদারিঙ্গে বৃঞ্ল, ভন্নুর বস্ত্র নিয়ে নাড়াচাড়া করবার সময বিশেষ সাবধান হওয়া দরকার বটে, কিন্তু তাহলেও অন্ত সব বাপারেই এই ক্ষমতার অগীন সন্থাবনার ইফিড সম্বন্ধে ক্রনেই সে সচেতন হয়ে উঠল। ঠিক করল তার সম্পত্তি যে অলোকিক উপায়ে অনেকটা বাড়িয়ে ফেলবে,— এবং এমনভাবে বাড়াবে যাতে কেউ ভাতে সন্দেহ প্রকাশ করতে না পারে। জামার হাতার জন্তে এক জোড়া চমংকার হীরের বোতাম সে জোগাড় করল, কিন্তু ঠিক এমন সময়ে মফিনের একজন কঠা-ব্যক্তিকে তার দিকে আসতে দেখে তাড়াতাড়ি সেচটোকে নষ্ট করে ফেলল। ওর ভয় হল কঠা হয়ত ভাববে, হীরের বোতাম জোগাড় করবার ক্ষমতা তার কোথা থেকে হল। বেশ বৃঞ্জা, অলোকিক শক্তির প্রয়োগ খুব সতর্কভাবে করতে হবে। এ অম্বর্বিধে জয় করা অবশ্র গুব কঠিন ব্যাপার কিছু নয়,—সাইকেল চড়া আয়ত্ত

করতে যেটুকু অস্কবিধে ভোগ করতে হয় এও বড় জোর সেই রকম কিছু। এই ধারণা, আর 'লং ডাগন' যে তাকে বিশেষ স্বাগত সম্ভাষণ জানাবে না এই ছই কারণেই হয়ত সে নৈশ ভোজনের পর গ্যাস কোম্পানীর পেছনের গলিতে নিরিবিলি বসে অলৌকিক শক্তির মহড়ায় তৎপব হল।

ফদারিঙ গেব এই সমস্ত পরীক্ষার মূলে ২য়ত মৌলিকত্বের অভাব ছিল। কারণ অলোকিক শক্তির কথা বাদ দিলে বিশেষ অলাধারণত কিছুই তার মধ্যে ছিল না। মোজেদ এর লাঠির অলোকিক কাহিনী তার মনে পড়ল. কিন্তু বভ বভ দাপ নিয়ে থেলার পক্ষে এই অন্ধকাব রাত্রি বিশেষ স্থাবিধে-জনক বোধ হল না : তথ্য তার Tannhauser এর গল্প মনে পডল . -কোপায় যেন গল্পটা পড়েছিল সে। বাণপারটা তার বিশেষ উপযোগী এবং সম্পূর্ণ নির্দোষ মনে হল। ফুটপাথের নিচের ঘাসের ওপর হাতের লাঠিটা ঠকে ভকুম করল.—এই শুকনো কাঠিটাতে ফুল ফটে উঠক। সঙ্গে সংস্থ গোলাপের সুগন্ধে বাতাম আমোদিত হল। দেশলাই জেলে দেখল, তার অভীষ্ট সিদ্ধ হয়েছে। কিন্তু এ তুপ্তি ভার বেশিক্ষণ রইল না, কারণ এমন সময় এগিয়ে আসা পাষের শব্দ ভার কানে এল। পাছে ভার এই ক্ষমতার কথা অসময়ে জানাজানি হয় এই ভয়ে সে তাডাভাডি ফুল-ফোটা গাঠিটাকে ভক্ষ করল, - চলে বাও। তার বলার উদ্দেশ্ত ছিল, - আবার আগের অবস্থায় ফিরে যাও, কিন্দু তাড়াতাড়িতে আর তাবলা হয়ে উঠল না। সবেগে পেছু ক্ঠতে লাগল লাঠিটা, আন প্রায় সঙ্গে সঙ্গে শুনতে পেল এগিয়ে-আসা গোকটার ক্রন্ধ চীংকার আর গালাগাল, কে হে উজবুক এভাবে লাঠি ছুঁড্ছ ? চোট লাগে জান না ?

পত্যি আমি ছংখিত,—ফদারিঙ্গে বলে উঠন, কিন্তু কথাটা বলেই সে বুঝল, এ জবাবদিহি তার বিশেষ যুংসই হয়নি। ঘাবড়ে গেল, গোফে হাত বুলোতে লাগল। দেখল, ইমারিং-এর পুলিশ উইফ তার দিকে এগিয়ে আসছে। **) २७** व्यालो किंक

এর মানেটা কী শুনি ? – উইঞ্চ বলে উঠল,—আরে এই যে ! আপনি তো সেই 'লং-ছাগন'-এর বাতি ভেঙেছিলেন, না ?

ফদারিঙ্গে বলল,—মানে আবার কি, মানে কিছুই নেই। তবে ?

আরে সামান্ত ব্যাপার, ছেড়ে দাও।

বটে, সামার ব্যাপার ? জানেন না বুঝি যে লাঠি ছুঁড়লে লাগতে পারে ? বলুন, কেন এ কাজ করেছেন।

মূছ ঠকাল সে ঠিক করতে পারল না কী বলবে। কিন্তু ওকে নীরব দেখে উইঞ্চ বিরক্ত হল, বললে, দেখুন, আপনি পুলিশের গায়ে হাত তুলেছেন। অপরাধের গুরুত্বটা বুঝেছেন এবার ?

নিজের ওপরে বিরক্ত হযে উঠল ফদারিঙ্গে, ঘাবড়ে গিয়ে বলল, উইঞ্চ, সত্যি আমি তুঃখিত। ব্যাপারটা হল

कोश

সতি কথা বলা ছাড়। সক উপায় ফদারিভ্গে দেখল না, বললে, আমি একটা অলৌকিক গটনা ঘটাচ্ছিলাম। এমনভাবে কণাটা বলবার চেষ্টা করল যেন খুব সাধারণ ব্যাপাব একটা, কিন্তু কিছুতেই তা ক্ষে

কী ঘটাচ্ছিলেন ? দেখুন, ওসব বাজে কথা শুনতে চাই না। ওঃ, অলোকিক ঘটনা ঘটাছিলাম ! এমন অন্ধৃত কথাও কেউ কথনো শুনেছে ? আর আপনিই না মশাই অলোকিক বাপারে বিশ্বাস করেন না! ও আমি ঠিক ব্যেছি, ম্যাজিক মাাজিক ছাড়া আর কিছ্ নয়। দেখুন, আপনাকে বলে রাখছি

কিন্তু উইঞ্চএর বক্তবা আর তার শোনা হল না। থেয়াল হল তার রহস্থ সে একেবারে ফাঁস করে দিয়েছে। অসহ বিরক্তিতে তার সর্বশরীর জলে উঠল, চট করে পুলিষ্টার দিকে ফিরে কর্কশভাবে বলে উঠল,—দেখ, অনেক সহু করেছি তোমায়। কি বললে, ম্যাজিক? বেশ, ম্যাজিকই তোমাকে দেখাব। নরকে যাওগে,—যাও, এখুনি যাও।

ফদারিঙ্গে একা!

সেরাত্রে ফদারিঙ্গে আর নতুন কোনো অলৌকিক কাণ্ড করেনি, তার কুল-ফোটা লাঠিটার কী দশা হল তাও তার জানতে কৌতুহল হয় নি। শহরে ফিরে, তীত, অত্যন্ত শাস্ত মনে শোবার ঘরে গেল। নিজের মনেই বলল, ওঃ, অভ্যুত, অভ্যুত এই ক্ষমতা! সত্যিই আনি চাইনি অতটা বাড়াবাড়ি কিছু হোক, একবারও চাই নি। ……নরক কেমন জায়গা কে জানে।

বিছানায় বদে বৃট খুলতে খুলতে একটা মতলব তার মাণায় থেলে গেল, পুলিশটাকৈ সে নরক থেকে চালান দিল স্তানফানসিদ্কোয়। এর পর আর কোনো অলৌকিক ব্যাপারের মধ্যে না গিয়ে ফদারিও গে শুয়ে পড়ল ছপচাপ। রাত্রে ঘুমের ঘোরে সে কুক উইন্পের শ্বপ্ন দেখল।

তুটো মজার থবর পর্যদিন তার কানে এল। লালানেরো রোডে মিঃ গমশটের বাড়ির গায়ে কে নাকি একটা অতি স্থান্দর গোলাপ গাছ লানিয়েছে। আর অপর থবরটা হল, উইফের সন্ধানে রলিন মিল পর্যস্ত সমত নদীতে জাল ফেলার কথা হয়েছে। সমত্ত নিনটা সে চিফায় ডুবে থেকে আনমনা কাটাল, মলোকিক কাওও বিশেষ কিছু করল না, —্যা করল যে কেবল উইফকে কিছু খাবার-দাবার পাঠিয়ে দেওয়ঃ, মানসিক অন্তিরতা সত্তেও অফিনের কাজ য়পাসময়ে স্থচাক্রভাবে সম্পাধ্র করা। তার এই অস্তামনয় ভাব আর শাস্ত-শিষ্ট বাবহার আনেকের দৃষ্টি আকর্ষণ করে, এ নিয়ে অনেকের অনেক ঠাটাই তাকে সইতে হয়ছে।

রবিবার বিকেলে গীর্জায় গেল সে। দৈবে বিশ্বাসী মিঃ নে-ডিগ যথা রীতি তাঁর প্রচারকার্য চালাচ্ছিলেন, কিন্তু আশ্চর্য, সেদিনে তাঁর বক্রব্য বিষয় ছিল,—কোন্কোন্কাজ ঠিক আইনসঙ্গত নয়। ফ্লারিঙ্গে নিয়মিত গীর্জায় যেত না, কিন্তু এই প্রচারকার্যে তার মন্তব্য প্রকাশের **अल**िक

শ্বভাব অত্যন্ত আহত হল। তার অলোকিক ক্ষমতার ওপরে এই প্রতার কার্য এক সম্পূর্ণ নতুন আলোকসম্পাত করল,—সে হঠাৎ ঠিক করে ফেলল, এবিষয়ে মিঃ মে ডিগ্রের সঙ্গে পরামর্শ করে দেখবে। আশ্বর্ষ, এ বৃদ্ধি এককণ তার মাণায় আসেনি কেন।

মিঃ মে-ডিগ লোকটি রোগা ধরণের, লখা লগা হাতের কল্পি, গুবু লশা গলা। একট্তেই ভিদ্লোক উত্তেজিত হয়ে পড়েন। ধর্মকর্মের ব্যাপারে ফদারিঙ্গের অবলোর কথা কারো অজানা ছিল না এবং এ নিয়ে শহরে সাধারণভাবে আলোচনা প্রক হত। এ হেন যুবকের কাছ থেকে নিভূত-আলোচনার অভ্যাধা পেয়ে মে-ডিগ কুভার্গ হলেন। তুক্যেকটা প্রয়োজনীয় কাজেব পর তিনি ফদারিঙ্গেকে গাঁওার পাঠাগারে নিয়ে গিয়ে বেশ আরান করে বসালেন আর নিজে আগুনের কাছে দাঁড়িয়ে থেকে তার বক্তবা জিজ্ঞাসা করলেন। তার তপাথের ছালা দ্রেব দেখালে পড়ে রোড্সের বিখ্যাত মতির মত দেখাল।

কদারিঙ্গে একট লজ্জিত হয়ে পড়েছিল প্রথমটা, তাই একট ইতন্ততঃ করবার পর কথা শুরু করল ে আমার মনে হয় নিঃ মে-ডিগ, বাাপানটা হয়ত আপনি বিশ্বাস করবেন না - এই রক্ম কিছুক্ষণ ভূমিকা করবার পর মে একটা প্রশ্ন করে দেখল। জিন্তানা করন, অলোকিক গটনা সম্বন্ধে কী তাঁর ধাবণা।

খুব ভারিন্ধি চলে, বিচারকের রায় দেবার ভদিতে মে-ডিগ শুরু করনেন, দেখ কিন্তু ফদাবিত্তা তাঁকে বাবা দিয়ে বলল, আপনি হয়ত বিশ্বাসই করবেন না মিং মে-ডিগ যে একজন খুব সাধারণ মান্ত্ব— এই যেমন ধরন আমারই মত একজন লোক হঠাৎ এমন এক ক্ষমতার 'মধিকারী হল ধার বলে মে ইচ্ছেমত যা খুনি তাই করতে পারে।

হাা, তা হতে পারে বৈকি, এ ধরণের একটা কিছু হতেও পারে সম্ভব।
ফদারিঙ্গে বলল, এখানকার কোনো বস্তুতে যদি আমাকে হাত দিতে
অমুমতি দেন তো আমাক পক্ষে এর প্রমাণ দেওয়া সম্ভব হতে পারে।

এই যেমন ধরুন, টেবেলের ওপরের ঐ গড়গড়াটা। বলুন, ওটার ওপর আমার অলোকিক শক্তির পরিচয় দেব ? বেশীক্ষণ নয়, মাত্র আধ মিনিটই যথেষ্ট।

ক্র কুঁচকে, গড়গড়াটার দিকে তাকিয়ে ফদারিঙ্গে বলল, এক টব ভায়োলেট ফুল হয়ে যাও।

গ্রভগ্রাটা হুক্ম তামিল করল।

এই দেখে অত্যন্ত চমকে উঠলেন মিঃ মে-ডিগ, কোনো কথা না বলে অবাক হয়ে তাকিয়ে রইলেন শুধু। তারপর সংহসে তর কবে টেবলের ওপর ঝুঁকে পড়ে ফুলের আন নিলেন। ফুলগুলো খুব টাটকা, তারি চমংকার। তারপর ফনারিঙ্গের দিকে তাকিয়ে বল্লেন, এ তুমি কী কবে করলে?

গৌফ নিয়ে খেলা করতে করতে ফদারিঙ্গে বলল, দেখলেন তো, বললাম, আর সঙ্গে সঙ্গে ঐ। এ কী, অলৌকিক, না মাজিক, না অক্স কিছু ? এ আমার কী হয়েছে বলুন তো ?

ে এক অতি অসাধারণ ব্যাপার, বললেন মিঃ মে-ডিগ।

অগচ মাত্র এক সপ্তাহ আগেও আমার এ সহয়ে কোনো ধারণা পর্যস্ত ছিল না। অত্যস্ত আকস্মিকভাবেই আমি এ ক্ষমতা লাভ করেছি। যা বুগছি, আমার ইচ্ছাশক্তির ওপর একটা কিছু ঘটেছে।

শুর্ব কি ঐ একটা অলৌকিক ব্যাপারই তুমি করতে পার না আরো কিছু গ

৫কটা! বলেন কি, যা খুসি তাই আমি করতে পারি। এই বলে কিছুক্ষণ চিন্তা করল সে। একটা ম্যাজিক সে দেখেছিল, সেটার কথা মনে পড়তে বলন, এই যেমন দেখুন না,—এই, মাছের জার হয়ে যা,—না না, জলভতি একটা কাঁচের জার হয়ে যা, সেই জলে সোনালী মাছ সাতরে বেড়াক। ইয়া, বেশ। দেখছেন তো মিঃ মে-ডিগ ?

আশ্রুষ, অবিশ্বাস্ত ব্যাপার! হয় তুমি এক অত্যন্ত অসাধারণ---

১৩• অলৌকিক

এটাকে আমি যে-কোনো জিনিয়ে বদলে ফেলতে পারি, সেরেফ যে-কোনো জিনিয়ে। এই যেমন, ে এই, পায়রা ছ।

মুহূর্ত পরেই দেখা গেল একটা নীল পাদরা ঘরের মধ্যে উড়ে বেড়াচ্ছে। যতবার পায়রাটা মে-ডিগের কাছে আসছে ততবার তিনি সভয়ে মাথা নিচ্ করছেন। ফলারিঙ্গে বলল এই, ওথানে থেমে যাক্। কথাটা উচ্চারিত হতে না হতেই পায়রাটা নিশ্চল হয়ে শৃলে ঝুলে রইল। তারপর বলল, পায়রাটাকে আবার আমি ফুলের টব করে ফেলতে পারি। বলে পায়রাটাকে টেবলের ওপরে রেখে তার কথানত কাজ করল। তারপর বলল, আপনার বোধ হয় ধ্মপানের প্রয়োজন হতে। বলে দে আবার সেটাকে গড়গড়ায় ফিরিয়ে আনল।

শেষের দিকের এই ক্লাভ পরিবর্তনগুলো নীরবে লক্ষ্য করতে করতে মে-ডিগ প্রতিবারই বিশ্বয়ণ্ডক শব্দ করছিলেন। এবার একটু বিরস মুখে তিনি ফদরিঙ্গের দিকে ভাকালেন, ভারপর গড়গড়াটা হাতে নিয়ে একট্ পরীক্ষা করে আবার নামিয়ে রাখলেন। তাঁর মনের ভাব মাত্র একটা কগায় পরিজুট জ্লা,— 'ভুম্'!

এবার হয়ত আমার বক্তব। আপনাকে বোঝানো সংজ্ হবে। এই বলে ফলারিঙ্গে 'লং ড্রাগন' হোটেলেব বাতির বাপোর থেকে শুরু করে তার সমস্ত অলোকিক ঘটনা আর তার ফলে যে অছুত পরিস্থিতির উদ্ভব হয়েছে সমস্ত বিস্তারিতভাবে তাঁকে শোনাল। বিবৃতি প্রসঙ্গে উইঞ্চ-এর নাম এতবার সে উচ্চারণ করেছে যে ব্যাপার্টা জটল হয়েই দাড়িয়েছে মে-ডিগের পক্ষে।

এই সব অলৌকিক ব্যাপারে মে-ডিগ বিশ্বর প্রকাশ করায় যে ক্ষণিক গবে তার মন ভরে উঠেছিল, কাহিনীর বর্ণনার সঙ্গে সঙ্গে কথন তা দূর হয়ে গেল, ফদারিঙ্গে আবার সেই দৈনন্দিন জীবনের সাধারণ মাছ্যে পরিণত হল। গড়গড়াটা লাতে নিয়ে অথও মনোধোগের সঙ্গে মে-ডিগ তার কাহিনী শুনে চললেন, জামই তাঁর মুখের ভাবে পরিবর্তন দেখা দিল। কদারিঙ্গে যখন তৃতীয় ডিমের ব্যাপারটা উল্লেখ করল তাকে বাধা দিয়ে মে-ডিগ বললেন, হাঁা, এ অবশু সম্ভব, শুধু সম্ভব কেন, বিশ্বাস্থাসাও বটে। ব্যাপারটা হতই অভূত হোক না কেন, তব্ও অনেকগুলো সম্প্রার সমাধান এর মধ্যে পাওয়া যাচছে। অলৌকিক কিছু ঘটানোর এক বিশেষ ক্ষমতা, প্রতিভার মত কিংবা তে অস্তর্গৃষ্টির মত এক বিশেষ গুণ এ, যার পরিচয় কচিং কথনো পাওয়া যায়, তাও পুর অসাধারণ কারো কারো মধ্যে। কিন্তু এ ক্ষেত্রে তালাকিক ঘটনাগুলোও আমার থুব বিশ্বয়কর মনে হয়েছে। হাা, এ এক বিশেষ ক্ষমতা, তা ছাড়া আর কিছু নম্। মহামনীবী তারপর গলার শ্বর একটু নামিবে বললেন, মহামান আরগাইলের ডিউকের যুক্তির চমংকার সমর্থন এতে গাওয়া যাচেছ। প্রস্তির সাধারণ নিয়মের চেয়ে অনেক গভীব এক নিয়মের সন্ধ্রখীন আমার। হচ্ছি। তারপার গ্রেগর হবল বল, শুনি।

ফদারিঙ্গে তথন উইন্ধের কাহিনী তাঁকে শোনাল। মে-ডিগের আহন্ধ-ভাব এতক্ষণে দূর হয়েছে, এখন শুধু তিনি কাহিনী শুনতে শুনতে কথনো হাত পা নেড়ে, কথনো বা মুখে শন্ধ করে বিশ্বয় প্রকাশ করছেন। ফদারিঙ্গে বলল, এই ব্যাপারটা নিয়েই আমাব মুক্সিল হয়েছে স্বচেরে বেশি, আর এই ব্যাপার নিয়েই আমার আপনার সঙ্গে পরামর্শ করতে আসা। অবস্থা এখন সে আছে স্যানক্রান্সিদ্কোর, তা সে যেখানেই হোক। ব্যাহেন তো নিঃ নে-ডিগ্ন ব্যাপারটা একট্ট অয়ন্সিকর আমানের হজনের পক্ষেই। আমার তো মনে হয় না এ স্বের কিছুমাত্র সে ধারণা করতে পেরেছে। সে যে খুব্ ঘাবড়ে গেছে, ভ্য পেরেছে এতে সন্দেই নেই, এবং সে যে আমার ওপর প্রতিশোধ নিতে আমাছে, তাতেও আমি নিঃসন্দেই। বারেবারেই সে এখানে আসবার জন্ম বেরোর, আর একথা মনে হতেই করেক ঘণ্টা অন্তর আমি ওকে আবার সেখানে পাঠিয়ে দিই। এস্ব অনুত্র ব্যাপারের নিশ্বর কিছুই সে ব্যুতে পারছে না, খুব্ ঘাবড়াছে, বিরক্ত হছে।

५०२ अ(तो किंक

তাছাড়া দেখুন, প্রতিবার এখানে আসবার জন্ম টিকিট বাবদই ওকে কত খরচ করতে হছে। ওর জন্ম অবশু যথাসাধ্য যা করবার আমি করেছি। পরে আমার মনে হয়েছে, ওথান থেকে স্যানজ্ঞানসিস্কোয় পাঠাবার আগেই ওর সমন্ত পোবাক হয়ত জলে গেছে,—নরক সম্বন্ধে আমাদের যা ধারণা তাই খনি সতিয় হয়। সে ক্ষেত্রে হয়ত ওকে স্যানজ্ঞানসিস্কোয় আটকে রাখা হয়েছে। অবশু একথা মনে হতেই আমি ওকে একটা নতুন স্থট দিগেছি। তাহলে দেখছেন তো, এরই মরে আমি কেমন একটা গোলমালে ছড়িয়ে পড়েছি।

নে-ডিগ গতীর থয়ে গেলেন। বললেন, বৃধতে পেরেছি তুনি একট্
মৃদ্ধিলেই পড়েছ। খা, মৃদ্ধিলে পড়বারই কথা। কেনন করে যে এ মনাট পেকে বেরিয়ে আসরে কলাটা এলোনেলা হয়ে অসমাপ্তই রয়ে গেল। কিছুক্ষণ থেনে বললেন, যাই হোক, উইকের কলা ছেড়ে এবার আমর। আসল কথায় ফিরে যাছি। বাগিপারটা যে ম্যাজিক বা ঐ ধরণের কিছু, তা আমার মনে হয় না এবং এ যে কোননতেই একটা অপরাধের পথায়ে পড়েনা এ কথাও ঠিকক কমতা ছাড়া এ আর কিছু নয়। অলৌকিক ক্ষমতার চরম নিবশন একে বলতে হবে।

চিস্তাগ্রন্থভাবে পাষ্টারি করতে নাগলেন মে-ডিগ। ফনারিঙ্গে টেবলে হাত রেখে আর হাতে মাধা রেখে উদ্বিগ্রভাবে বসে রইন। কিছুক্ষণ পরে সে বনন, উহক্ষের ব্যাপারটা নিয়ে কা যে করি কিছু ভেবে উঠতে পারছি না।

এমন অলোকিক শক্তির যে অধিকারী, উইঞ্জের ব্যাপার নিয়ে তার মাথা-বংথার কারণ নেই। বলতে কি, তুমি তো মহা বিখ্যাত ব্যক্তি হে,— অনেক বিশ্বয়কর কীতির সম্ভাবনা তোমার মধ্যে রয়েছে। এই বেমন ধর, মাক্ষোর ব্যাপারে। অস্থান্ত অনেক ব্যাপারেও তোমার দ্বারা যা যা সম্ভব— ফদারিও গে বলল, হয়েকটা কথা আমি ভেবে রেখেছি, কিন্তু হুয়েকটা ব্যাপারে আবার গোলমালও দেখা দিয়েছে একট। মাছটা প্রথমবার লক্ষ্য করেছিলেন তো ? মাছের জাব বা মাছটা হুটে।ই বেমনটি হুল্যো উচিত ছিল ঠিক তেমনটি হুম্বি। এ বিষয়ে কাইকে জিজ্ঞানা করে দেখতে হুবে।

ভারসম্বত, সম্পূর্ণ ভারসম্বত এ ক্ষমতা—বলে মে ডিগ ফলারিড্গের দিকে তাকালেন। বলনেন, এ শক্তির কোনো সীমা নেই বসলেই হয়। আজ্ঞা, ভোমার শক্তির পরীক্ষা করা যাক, দেখাই যাক, সভিচ এ শক্তি ভোমার কভদ্র প্রস্কু আছে।

ব্যাপার্টা ঘট্ট অবিশ্বাস বোদ হোক না কেন, ১০ই ন্ডেম্ব ১৮৯৬ খুস্টান্ধে সেই ছোট ঘরটায় বনে ফলারিও গে মে-ডিগের প্ররোচনায় জুমাগত অলোকিক ঘটনা ঘটায়ে চলল। ঐ তারিখটার ওপরেই বিশেষ করে পাচকের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। এই কাহিনীর কয়েকটা ঘটনায় নিশয় তিনি আপত্তি প্রকাশ করবেন, ইতিমধ্যেই হয়ত তা করেছেন; বলবেন, এ কাহিনীর কয়েকটা ঘটনা ঠিক ঘাকে বলে সন্থবপর তা নয় এবং সত্যিই যদি এমন কিছু ঘটে পাকত তো খবর কাগতে তা প্রকাশিত হত। এবং এর পবে যে ঘটনাগুলোর উল্লেখ করা হড়ে, সেগুলো বিশ্বাস করা আরো কঠিন তার গক্ষে, কারণ তা যদি মানতে হয় তো এও ধরে নিতে হবে যে এক বছনের কিছ বেশা আগে, অত্যন্ত ভয়াবহ ও সম্পূর্ণ অভিনব উপাত্র পাঠকের মৃত্যু হয়েছে। এখন কথা হচ্ছে, অলোকিক ঘটনার অলোকিক বুই থাকে না যদি না তা সতিয় হয়, আর বলতে কি, এক অত্যন্ত ভয়াবহ ও সম্পূর্ণ অভিনব উপায়ে সত্যিই সেই সময়ে পাঠকের মৃত্যু হয়েছিল। কাহিনীর শেষ পর্যন্ত পাঠ করলে স্থানী পাঠকনাত্রেই তথন এ কাহিনী বিশ্বাস করবেন। গাই হোক, গল্পের শেষ এখনো অনেক দুরে, এই সবে আমরা মধ্যপথ অতিক্রম করেছি। প্রথম প্রথম ফদারিও গে ভয়ে ভয়ে ছোটখাট অলোকিক ব্যাপারেই শাস্ত থাকত. কিন্তু এই সব

সামাক ব্যাপারেই তার সঞ্চী মে-ডিগ ভয় পেয়ে উঠতেন। উইঞ্বেব ব্যাপারটাই ফলারিঙ্গে সবপ্রথম ঢুকিয়ে ফেলতে চাইছিল, কিন্তু মে-ডিগ কিছুতেই তাতে রাজি হলেন-না। গোড়ায় গোড়ায় গোটা বারো ঐ ধরণের আলোকিক ঘটনা ঘটাবার পর ওদের নিজেদের ওপর আজা হল, কল্পনা প্রযারতা লাভ করল, উচ্চাশাও সীমা ছাড়াল। প্রথম যে বড় কাজে ওরা হাত দেয তার স্ত্রপাত হয়েছিল কিন্দের তাড়নায় আর মে-ডিগের গৃহকরী মিনেস নিনচিনের অবহেলার ফলে। যে থাবার মিসেস নিনচিন ওদের দিয়েছিল, ওদের মত গুজন মলোকিক ঘটন-বীরের কিছুমাত্র কুধার উদ্রেক তাতে হয়নি। যাই হোক, ওরা বসে পড়ল। মিসেস নিনচিনের এ অপরাবের জক্ত নে-ডিগের ক্রোবের চেয়ে গৃঃথই হল বেশি। কিন্তু ফলারিঙ্গের মনে হল, এই তো স্ক্রোগ! বললে, আছল নিঃ মে ডিগ, আপনি কি কিছু মনে করবেন যদি—

বুঝেছি ফ্লারিঙ গে, বুঝেছি। না কিছু মনে করব না।

ফদারিঙ্গে হাত তুলে বনল, কী থাওয়া যায় ? বেশ ব্যাপকভাবেই কথাটা বনল সে। তারপর মে-ডিগের ইচ্ছে মত তাঁর আহারের আফল পরিবর্তন করে নিজের পছন্দ মত থাবার জোগাড় করল। অনেকক্ষণ ধরেই হদের এই থাওয়া চলল, থেতে থেতে সমান-ওরের বন্ধুর মত কত আলোচনাই ওদের চলল। যে যে অলোকিক ঘটনার চিন্তা ওর মাথায় এসেছে সে সবের কথা চিন্তা করে ফদারিঙ্গে উল্লসিত হয়ে উঠল, বললে, হ্যা, বলছিলাম কি মি: মে-ডিগ, আপনার ঘরোয়া ব্যাপারে হয়ত আমি কোন রক্ম সাহায়ে আসতে পারি।

বৃথলাম না ঠিক, বার্গাভি মাসে চালতে চালতে মে-ডিগ বললেন।
ভার এক গ্রাস খাবার মুখে তুলে ফরারিঙ্গে বলল, ভাবছিলাম,
খোবার চিবোনোর শব্দ) এই অলৌকিক বলে (খাবার চিবোনোর শব্দ)
মিসেস মিনচিনকে অনেকটা ভাল মাহুধ করা বার কিনা।

গ্লাস নামিয়ে দলিত্ব দৃষ্টিতে ফ্লারিঙ্গের দিকে তাকিয়ে মে-ডিগ

বললেন, মানে, কথা হল কি, ওর—ওর ব্যাপারে হস্তক্ষেপ করাটা ও মোটেই পছন্দ করে না। আর তা' ছাড়াও রাত হয়েছে, **অনেকক্ষণ** এগারোটা বেজে গেছে। ২য়ত সুমিষে পড়েছে। ভোমার কি মনে হয় -

আপতিগুলো মনে মনে বিচার করে দেখে ফদারিছ্গে বলল, খুমস্ত মান্নবের ওপর অলোকিক ক্ষমতা প্রয়োগে তো কোনো অস্ত্রিধে দেখছি না।

কিছুখন আপত্তির পর রাজি হলেন মে ডিগ। ফদারিছ্গে তখন অলোকিক শক্তির শরণ নিল। বাকী থাওয়াটা আর ওপের টেমন জমে উঠল না। এর ফলে তার গৃহকর্ত্রীর ওপর কী পরিবর্তন পর্রদিন সকালে দেখা দিতে পারে সেবিষয়ে যে ডিগ তার ধারণা বাক্ত করলেন। তিনি এতটা আশান্বিত হয়ে উঠেছিলেন যে এই আনন্দের মূহুতেও তা কদারিছ্গের কাছে কণ্টকল্পনা বলে মনে হল, মনে হল যেন এতটা আশা করা ঠিক হবে না। এসন সময় ওপরতলা থেকে কয়েকটা মিলিত শক্ত শোনা গেল। সপ্রশ্ন দৃষ্টিতে ওরা পরস্পরের দিকে তাকাল, আর মে-ডিগ তাড়াতাড়ি ঘর থেকে বেরিয়ে গেলেন। ফদারিঙ্গে শুনল তিনি গৃহক্ত্রীকে ডাকছেন, তারপর তার পারের শক্ত ধীরে ধীরে ঘরের দিকে এগিয়ে গেল।

মিনিটথানেক পরেই হালা পায়ে, উদ্থাসিত মূথে মে-ডিগ ফিরে এলেন। বললেন, অস্কৃত, অতি করণ সে দৃষ্ট !

পায়চারি করতে কবতে বললেন, এক অতান্ত করণ অন্তলোচনার দৃশ্য তিনি দরজার ফাঁক দিয়ে দেখে এসেছেন। সতিত আশ্চর্য পরিবর্তন ওর হয়েছে। ও উঠে পড়েছিল, সঙ্গে সঙ্গেই ইয়ত। নিজের বান্ধের শ্রেতর লুকিলে রাথা এক ব্র্যান্ডির বোতল অত অপরাধ স্বীকার করবে বলে ঘুম ভেঙে উঠে পড়ে। এক বিপুল সন্তাবনার ইন্ধিত আমরা এ থেকে পান্চি ফদারিঙ্গে। কারণ ওর ওপরে গ্রন্থ বথন এমন অভাবনীয় পরিবর্তন সন্তব হয়েছে অ

রে সম্ভাবনার হয়ত সত্যিই কোনো সীমা-পরিসীমা নেই, মিঃ মে-ডিগ। কিন্তু উইঞ্চ— ১৩৬ অলৌকিক

সভিয়, একেবারে কোনো সীমাপরিসীমা নেই। এই বলে হাতের ইসারার উইঞের ব্যাপারটা উড়িয়ে দিয়ে মে-ডিগ একধার থেকে অনেক অপূব সন্তাবনার কথা বলে চললেন বং আরো অনেক নতুন সন্তাবনার কথা তাঁর মাথায় ভিড় কবে এল।

এ সন্তাবনার কথা আনামের কাহিনীর মূল বিষয়বস্তু নয়, স্নতরাং এসমকে विकेत बनातारे गरपरे रत रा जातक कन्यानिकत कार्र्जर उत्पन्त रा मछानना রূপ নিয়েছিল। উইঞ্চ সম্বন্ধেও এটুকুই যথেষ্ট যে তার সমস্যা সমস্রাই রয়ে গেল। এই অলৌকিক শক্তি কত্যুর এবং কী ভাবে কাজে পরিণত হয়েছিল, সে কথাও এখানে অবাস্তর। চারিদিকেই বিশ্বয়কর পরিবর্তন দেখা দিয়েছিল। গভীর হাতে, শুরু টাদের আলোয় মে-ডিগ আর ফদারিও গে কণকণে ঠাণ্ডায় বাজার পেরিয়ে উত্তেজনায় অবীব হয়ে এগিয়ে চলেছে, - মে-ডিগ খুব হাত পা নাড়ছেন, অঙ্গভঙ্গি করছেন। প্রথম আবিষ্ণারের সলজ্জ ভাব এতক্ষণে কাটিসে উঠেছে ফরারিও গে, ছোট ছোট কথায় উৎসাহিতভাবে কথা কইতে কইতে সে চলেছে। মন্ত্রীসভার প্রত্যেকটি মাতালকে তারা মদ ছাডিয়েছে, বেখানে যত মদ আর বিয়ার ছিল মে সমস্তকে জলে পরিণত করেছে। (এক্ষেত্রে ফদারিঙ্কগের আপত্তি মে ভিগের কাছে টেঁকেনি) শুরু তাই নয়, ওথানকার রেল-পথেরও ওরা অনেক উন্নতি করেছে, ক্লিভারের জলা নিষ্কাযণ করেছে, ওয়ান-ট্রি হিলের মাটি ভাল করেছে, ভিকারের চর্মরোগ সারিয়েছে। ইাফাতে ইাফাতে মে-ডিগ বললেন, এ জায়গাটা দেখে স্বাই কেন্ন আশ্চর্য হবে, কত ধহাবাদ দেবে! ঠিক এমন সময় গিজার ঘড়িতে চং চং করে তিনটে বাজল। कमार्छतिरा वर्त छेठेन, िनरिं वाकन ! ध्वांत তाश्र्ल कित्ररू হচ্ছে। আটটার সময় কাজে যেতে হবে। আর তা ছাড়াও, মিসেস উই লিয়মস · · ·

—এই তো সবে শুরু,—অণরিমিত ক্ষমতার অধিকারীর বেমন বিনয়-নম্র ভাবে কথা বলা উচিত তেমনি করে মে-ডিগ বলদেন,—এই তো সবে আমাদের কাজ শুরু ! ভেবে দেখ তো, কত কল্যাণকর কাজ আমরা করেছি ! কাল স্বাই ঘুমিয়ে উঠে

কিন্ধ---

হঠাৎ তার হাতটা চেপে ধরলেন মে-ডিগ,—এক বস্তু, উজ্জ্বল দৃষ্টি তাঁর চোথে ফুটে উঠেছে। বললেন, ফদারিঙ্গে, বাস্ত হবার কিছু নেই। বলে মধ্যাকাশে চাঁদের দিকে ইন্ধিতে দেখিয়ে দিয়ে বললেন, ঐ দেখ। ধেন্তেরি!

বুঁম ট

ধেত্তেরি, তা নয় ত কী ? দাও থামিয়ে !

চাঁদের দিকে তাকাল ফদারিঙ্গে। কিছুক্ষণ চুপ করে থেকে বলল, একটু বাড়াবাড়ি হয়ে উঠছে না কি ?

হলেই বা ! · · · · না না, ওটা থামবে কেন, তুনি পৃথিবীর অরুপ্রদক্ষিণ বন্ধ করে দাও, ব্যস। অমনি সময়ও অরি চলবে না, বন্ধ হয়ে যাবে। আমরা তো আর অনিটকর কিছু করছিনা!

হঁ! আচ্ছা! দীর্ঘখাস ছেড়ে সে বলল, বেশ, চেষ্টা করেই দেখি! গায়ের জ্যাকেটে বোভাম লাগিয়ে, একাগ্র মনে ধরিত্রীকে সংখাধন করে ফদারিঙ্গে বলল,·····অক্ষপ্রদক্ষিণ বন্ধ কর।

দক্ষে নতান্ত নিরবলন্ধ অবস্থার মাথা নীচু করে মিনিটে বহু
মাইল বেগে কদারিঙ্গে উৎক্ষিপ্ত হল! প্রতি সেকেণ্ডে অসংখ্য পাক
থেতে থেতে সেই অবস্থাতেও ও চিস্তাশক্তি হারাল না, (অভূত এই
চিস্তাশক্তি, পরম মহুর গতিতে হোক অথবা বিহাৎ-গতিতেই হোক,
উভর ক্ষেত্রেই তার সমান বিকাশ) এক সেকেণ্ডের মধ্যে সে মতি স্থির
করে নিল, ইচ্ছা প্রকাশ করল, … আমি যেন নিরাপদে নেমে বেতে পারি,
… আর যাই হোক, অস্ততঃ আমি যেন নিরাপদে ফিরতে পারি।

একেবারে শেব মুহুর্তে সে এ ইচ্ছা প্রকাশ করছিল, কারণ বাযুপথে মহাবেগে ধেয়ে বাবার ফলে ইভিমধ্যেই তার পোষাক প্রায় জলে উঠেছিল। ১৩৮ অনে কিক

একটা মাটির টিবির ওপরে সে সবেগে পতিত হল, কিছু কোন আঘাত পায়নি। ধাতব হাপত্যের এক বিরাট ধ্বংসাবশেষ (বাজারের কাছের প্রকাণ্ড ঘড়িটার মঙ্গে অছুত তার সাদৃশ্র) ঠিক তার পাশে এসে পড়তেই তার টুকরো অংশগুলা হঁট পাথর আর চুণবালির আকারে সবেগে উংক্ষিপ্ত হল। তারই একটা বড় টুকরো একটা গরুর ওপরে পড়তেই গরুটা একবারে ডিমের মত গুঁড়ো হয়ে গেল। তারপর এমন একটা প্রচণ্ড শব্দ হল যার তুলনায় যত শব্দ সোরা জীবনে শুনেছে সব তার নেহাং সামান্ত বলেই বোধ হল। এর পর কয়েকটা ছোটখাট শব্দ সেনতে পেল,—কি সব ভেঙে যাওয়ার মত শব্দ। মাটিতে, আকাশে, মড়ের প্রচণ্ড গর্জন শোনা যেতে লাগল, নাথা তুলে তারিছে, এত আশ্রম্প সেহার হল না। এমন দম আটকে আসছিল, এত আশ্রম্প সেহারছিল যে নে এখন কোথায়, এসব কী তার চারিছেকে ঘটে চলেছে,—সেট্রু দেখার চেটা করাও কিছুক্ষণের জন্ত তার পক্ষে অসন্ভব হয়ে উঠল। নড়ারড়ার শক্তি যথন কিরে পেল, মাথায় হাত দিয়ে তবে সে নিজের সম্বন্ধে নিশ্চয় হল।

ওঃ, কী সাজ্যাতিক !—হাঁপাতে হাঁপাতে কোনমতে সে বলল—ঝড়ের দাপটে কথাই বলতে পারছে না সে,—ওঃ বড় ছোর বেচে গেছি এ যাত্রা! কোথায় কী ভূল হল ? ঝড়, বৃষ্টি, বছ্রপাত! অথচ এক মিনিট আগেও কেমন শাস্ত রাত্রি ছিল! মে-ডিগের কথা শুনেই এ আহল! ওঃ, কী সাজ্যাতিক ঝড়! এমন বোকার মত কাজ করলে তো মহা বিপদে পড়ব কোন দিন।……

মে-ডিগ কোথার ?

সমস্ত এ কেমনধারা এলোমেলো হয়ে পড়েছে!

ক্যাকেটটা সামলে রেথে সে যতদ্র সম্ভব চারিদিকে তাকিয়ে দেখল।
সমত কিছুই কেমন অভূত দেখাছে। বলল, যাক ওবু ভাল আকাশটা
ঠিক আগের মতই রয়েছে। হাঁ, আকাশটাই শুধু একট্ও বদগায় নি।

কিন্তু সেথানেও আবার প্রচণ্ড ঝড়ের পূর্বাভাস। না, ঐ চাঁদ উঠেছে, যেমনটি উঠত তেমনিই! কিন্তু একেবারে মধ্যান্ডের মত উচ্ছল। কিন্তু আর সব—গ্রামটাই বা গেল কোথায়? কোথায় কী, কিছুই তো দেখতে পাছিনা? আর এই ঝড়ই বা এল কোথা থেকে? ঝড় তো আমি চাই নি? পায়ে ভর করে দাঁড়াবার চেষ্টা করল, কিন্তু বুথা। তথন সে চার হাত পায়ে ভর করে শক্ত হয়ে রইল। যেদিক থেকে ঝড় বইছে না সেদিকে ফিরে চাঁদের আলো মাথা পৃথিবীর দিকে তাকাল। তার জ্যাকেটের নিচের দিকটা ঝড়ের দাপটে মাথার উপরে ঠেলে উঠেছে। কোথায় একটা মন্ত ভ্ল হয়েছে নিশ্চয়,—ফালারিঙ্গে বলে উঠল,—কিন্তু কাঁ সে ভূল, ভগবান জানেন।

ঝড়ের তাওবের সঙ্গে সঙ্গে যে উংক্ষিপ্ত ধ্লিরাশি চারিদিক ছেয়ে ছিল, প্রথর শ্বেলাভ জ্যোতিতেও তার আবরণ ভেদ করে বহুন্র পর্যন্ত কেবলমাত্র দেখা যায় মৃত্তিকার স্তুপ, প্রায়ন্ধর ধ্বংসের চিহ্ন,—নেই কোন
গাছপালা ঘরবাড়ি, বান্তব পৃথিবীর কোন কিছুর অন্তিম্ব সেখানে নেই,
চারিদিক আচ্ছন্ন করে রয়েছে শুরু বিশৃষ্ণলার বিশ্রীর্ণ প্রায়র। সেই
বিশৃষ্ণলাও অবশেষে ক্রমবর্ধমান ঝন্ধার বজ্ঞবিদ্যাৎ-জালায় উৎক্ষিপ্ত এক
ঘূর্ণগুন্তের তমনার অন্তরালে লুপ্ত হয়ে গেল। সেই প্রথর আলােয় যে
বস্তুটি কাছে রয়েছে দেখতে পেল, কোনকালে হয়ত তাকে একটা এলম্ গাছ
বলে চেনা যেত। বহুতর পদার্থের রাশীক্ষত ধ্বংসন্ত্রপ তার ডালে ডালে,
তার কাণ্ডে শিউরে উঠছে—সেই ধ্বংসন্ত্রপের ওপরে মাথা ত্লে
যে অতিকায় লােহময় বস্তুটি হুমড়ে মৃচড়ে পড়ে রয়েছে, সেটাকে দেখলে
পরিচিত পোল বলে চিনতে ভূল হয় না।

ব্যাপারটা হল এই—ফদারিঙ্গে যথন পৃথিবীর অক্ষপ্রদক্ষিণ বন্ধ করে, পৃথিবীর ওপরকার ছোটথাট অস্থাবর পদার্থের জন্ত কোন ব্যবস্থা সে আগে থেকে করেনি। পৃথিবীর অক্ষপ্রদক্ষিণের গতি এত তীত্র যে বিষ্বরেশা অঞ্চলে তার বেগ ঘণ্টায় হাজার মাইলেরও অধিক আর এ অক্ষাংশে তার বেগ কিঞ্চিদ্ধিক এর অর্থেক। ফাদারিঙ্গের ইচ্ছাশক্তির প্রভাবে সমস্ত গ্রাম,—মে-ডিগ, ফদারিঙ্গে নিজে,—যে যেথানে ছিল, সে বস্তু যেথানে ছিল সমস্ত কিছু……সেকেণ্ডে ন' মাইল বেগে—অর্থাৎ কামানের গোলার চেয়েও তীত্র বেগে—উৎক্ষিপ্ত হয়েছিল। এবং এর ফলে, যেথানে যত মামুষ যত প্রাণী, যত ঘর বাড়ি, গাছপালা,—আমাদের পরিচিত বিরাট জগতের সমস্ত কিছু……উৎক্ষিপ্ত, ধবংস, চুর্ণ হয়ে গেছে।

বলা বাহুল্য, এ সম্ভাবনার কথা ফদারিঙ্গের মাথায় আগে আসেনি।
ও শুধু দেখল, ওর অলৌকিক শক্তি ভুলপথে চালিত হয়েছে। ফলে
আলৌকিক শক্তির ওপরে ওর আন্তরিক বিতৃষ্ণা জেগে উঠল। ওর চারিদিকে কেবল অন্ধকার, কারণ চাঁদের যে আলো মাঝে মাঝে দেখা যাচ্ছিল
তাও এখন মেখে ঢাকা, বাতাসে কেবল থেকে থেকে ভেসে আসছে ঝড়ের
কাতরোক্তি। ঝড়ের আর জলের প্রচণ্ড আলোড়নে আকাশ বাতাস
মুখরিত। চোথে হাত ঢাকা দিয়ে সেই ছ্যোগের মধ্যে ফলারিঙ্গে ঝড়ের
দিকে তাকিয়ে বিজ্যতের আলোয় দেখতে পেল,—অসীম জলরাশি
চলমান প্রকাণ্ড এক দেওয়ালের মত সবেগে তার দিকে ধেয়ে আসছে।

চারিদিকের বিপথয় তেদ করে ফদারিগুগের তীক্ষ চীৎকার ক্ষীণ হয়ে শোনা গেল—মে-ভিগ।

থামো !--এগিয়ে আসা জলরাশিকে ফদারিঙ্গে চীৎকার করে বলে উঠল, থামো, ·····থমে যাও দয়া করে !

এক মুহূর্ত !—বিহাৎ আর বজ্রকে উদ্দেশ্য করে ফদারিপ্রগৈ বলে উঠল,— এক মুহূর্ত থামো, চিস্তা করতে দাও আমাকে · · · · কী যে করি ! ছা ঈশ্বর, এখন যদি মে-ডিগ এখানে থাকত ।

ফদারিঙ্গে বলে উঠল, আচ্ছা—এবারকার মত দয়া করে সামলে নিতে দাও!

ৰাতাদে হেলান দিয়ে, চার হাতে পায়ে ভর করে

ফদারিঙ্গে। আবার আগের অবস্থা ফিরিমে আনবার চেষ্টান্ন সে উন্মূপ হরে। উঠেছে।

বলল,—আমি এখন যা যা ছকুম করব,—তারপর যতক্ষণ না আমি বলছি, 'ব্যদ',·····ততক্ষণ যেন কিছু না ঘটে। হা ভগবান, একথা যদি আমার আগে মনে হত!

প্রবল ঘূর্ণিবায়ুব তাগুবনাদ অতিক্রম করে যাতে ওর ক্ষীণকণ্ঠ নিজের ক্রতিগোচর হয় সেই চেন্তায় কেবলই ও গলার স্বর চড়াতে লাগল, কিন্তু রুণা সে চেন্তা। বলল,—এবার শোনো। মনে রাথবে বা আমি একুপি বললাম। প্রথমেই বলে রাথছি, আমি যা যা হুকুম করছি সেই মত কাজ হয়ে যাবার পর আর যেন আমার এই অলৌকিক শক্তি না থাকে, আমার ইচ্ছাশক্তি যে-কোন সাধারণ মাম্বরের ইচ্ছাশক্তির সমান হয়, আর এই সমস্ত সাজ্যাতিক ব্যাপারের অবসান হয়,—এ আর আমার সহু হচ্ছে না। এই হল প্রথম কথা। আর হু'নম্বর, আমি যেন আবার অলৌকিক কাও শুকু হবার আগের অবস্থায় ফিরে যাই,—বাকি সমস্ত কিছুও যেন সেই লং ড্রাগনের' বাতি উল্টে যাবার আগের অবস্থায় ফিরে যায়। বুঝেছ তো? অলোকিক ব্যাপার-ট্যাপার আর নয়,—সমন্তই ঠিক আগে যেমনটি ছিল,—গ্লং ড্রাগনে' আমি আধ-পাইন্ট নিয়ে বসেছি—ঠিক তার আগের অবস্থায় ফিরে যায়। ক্রেছ

এই বলে, হাতের আঙুলগুলো দিয়ে মাটি আঁকড়ে ধরে চোথ বুলিরে ও বলল,—ব্যস!

চারিদিক ত্তর। ফদারিঙ্গে অমুভব করল, ও সোজা হয়ে দাঁড়িয়েছে।
—ও তুমি তাই বলতে চাও,—কথাগুলো ওর কানে এল।

ফদারিঙ্গে চোথ মেলল। 'লং ড্রাগনে' বসে ও টডি বীমিশের সঙ্গে অলৌকিক ক্ষমতা নিয়ে তর্ক করছে। পলকের জন্ম ওর মনে হল, কি একটা বিরাট ব্যাপার ও যেন ভূলে গেছে, কিছ তকুণি সে ভাব তার কেটে বোল। ব্যাপারটা হল কি, ওর অলোকিক ক্ষমতা লোপ পাওয়া ছাড়া আর সমস্তই ঠিক বেমনটি ছিল তেমনি আছে,—ফলে ওর মন, ওর অরণশক্তি আমার কাহিনী শুরু হবার সময় বে অবস্থায় ছিল ঠিক সেই অবস্থায় ফিরে এসেছে এবং ফলে এই কাহিনীতে বর্ণিত সমস্ত বৃদ্ধান্তের কিছুই সে জানে না। স্রভরাং আগের মতই অলোকিক ঘটনাতে তার কিছুমাত্র বিশ্বাস নেই।

সত্যি বলতে গেলে বলতে হয়, ফদারিঙ্গে বলল, আলাকিক ঘটনা কোনমতেই সম্ভব হতে পারে না, সে তুমি যা বল না কেন। এ আমি একেবারে অকট্যিভাবে প্রমাণ করতে পারি।

ও তুমি তাই বলতে চাও,·····টিডি বীমেশ বলল,·····বেশ, পার তো প্রমাণ কর।

ফদারিঙ গে বলল, আচ্ছা বীমিশ, শোন। প্রথমেই বিচার করে দেখা যাক, 'অলোকিক' কাকে বলে। অলোকিক ঘটনা হল, ইচ্ছাশক্তির প্রয়োগে স্বাভাবিক নিয়মের ব্যতিক্রম স্থাষ্ট করা·····

—ञलक ८मन

মাজিকের দোকান

মাজিকের দোকানটাকে দেখেছি দূর থেকে করেকবার। হুএকবার গিয়েওছি ওটার সামনে দিয়ে। দোকানটার কাঁচ-ঢাকা জানলায় যত রাজ্যের সব অভূত আর আশ্চর্য জিনিব সাজানো রয়েছে — ম্যাজিকের বল, ম্যাজিকের মুর্গি, হরবোলা পুতুল, ম্যাজিকের তাস (দেখতে যদিও নিতান্তই সাধারণ তাসের মত) আর সেই ম্যাজিক-চুপড়ির খেলা দেখাবার সর্ক্লাম, গল্পুজের মত দেখতে সেই আশ্চর্য ঢাকাগুলো, যার তলা থেকে সব অভুত জিনিব বেরিয়ে আসে আবার ফুস্-মন্তরে উপাও হয়ে যায়! এমনি আরো যত সব উদ্ভট, আজগুরি জিনিয়ে ভতি দোকানটা।

লোকানটাতে ঢোকবার সদিক্ষা ছিল না অবশু আমার কোনো কালেই

— যদিও একদিন শেষকালে তা ই ঘটল। আমার আঙুলাট ধরে জিপ
নিঃশব্দে সোজা টেনে নিয়ে গেল ঐ দোকানটার জানলার কাছে, ভাববার
অবসরই দিল না। এমন ভাব দেখাল, যেন দোকানটাতে না গেলেই নয়।

মাঝারি গোছের এই দোকানটা রিজেণ্ট খ্রীটের ওপরেই - ঠিক যে এই - থানটাতেই ছিল, সভিা বলতে কি, এ আমি লক্ষাই করিনি। ঐ ডিম ফোটাবার কলের দোকান, দেখানে প্রায়ই দেখি মুর্গির বাচ্চাগুলো ডিন থেকে বেরিয়ে ছুটে ছুটে বেড়াচ্ছে, আর ঐ ছবির দোকানটা — এহুটোর মাঝামাঝি জায়গাতেই কোথাও ঐ মাঝারি সাইজের ম্যাজিকের দোকানটা। অথচ আমার ধারণা ছিল, · · · · ঐ দিকে সেই সার্কাদের কাছে বৃথি হবে দোকানটা, কিংবা অক্সফোর্ড খ্রীটের মোড়টাতে, নয় ত একেবারে সেই হবর্ণে; আর দোকানটা বড় রাভার ওপরে ঠিক হয়ত নয়, এবং এমন একটা জায়গায়, যে সব সময়ে যেন খুঁজে পাওয়াই ছকর।

যাক্, দোকানটা যে ঠিক এইখানটাতেই, এখন আর ভাতে সন্দেহ নেই। জিপ ভার আঙুলের ডগাটা জানদার কাঁচের ওপর চেপে ধরে দেখাচ্ছিল দোকানের জিনিব-পত্র। চাপ পড়তেই কি রকম একটা আওয়াজ হল।

আমার যদি অনেক, অনেক টাকা থাকত—একটা উপে-যাওয়া ডিমকে দেখিয়ে জিপ বলল,— তা হলে আমার জন্মে এইটে কিনতাম; আর — আর এটে, বলে জিপ যা দেখিয়ে দিল সেটা হল একটা কাঁছনে ছেলে, অবিকল জ্ঞান্ত মান্নযের মত দেখতে,—আর কিনতাম এইটে—জিপ বলে চলল। এবার যেটা দেখাল সে হচ্ছে একটি আশ্চর্য রহস্তময় বস্তু—গায়ে লটকানো এক টুকরো ধবধবে কাগজে গোটা গোটা করে লেখা — 'কিনে ফেল, তোমাদের বন্ধদের তাক লাগিয়ে দাও।'

জিপ বলন, যা-কিছু ঢেকে রাথোনা ঐ গমুজের মত ঢাকনাটার তলায়, দেখতে না দেখতে কোথায় অদৃশ্য হয়ে যাবে। এ আমি পড়েছি একটা বইয়ে। আর—দেখেছ, বাবা! ঐ যে সেই মিলিয়ে-যাওয়া পয়সা? ঐ ত!—ওয়া অবশ্যি এটাকে এখন ঘুরিয়ে রেখেছে, পাছে ওর ভিতরকার সব কৌশল সবার চোখে আগে থাকতেই ধরা পড়ে যায়।

বেচারা জিপ! ও ঠিক ওর মায়ের স্বভাবটি পেয়েছে। দোকানের ভেতরে ঢোকবার নাম গন্ধটি সে করল না। সে সম্বন্ধে তার যে কোনও আগ্রহ আছে — তারও বিন্দু-বিসর্গ সে প্রকাশ করল না। আঙুলটি ধরে দোকানের দরজার দিকে ধীরে ধীরে আমাকে টেনে নিয়ে গেল সে— এক-রক্ম তার অজান্তেই যেন।

স্পষ্টই বোঝা গেল ওর মতলবটা কী!

ঐটে !—ম্যাজিকের বোতলটা দেখিয়ে জিপ বলল।

ঐটে তোমার চাই ? আমি জিজ্ঞাসা করলাম। আমার গলায় আগ্রহের স্বর শুনে ওর চোথ মূথ থুসিতে উল্জল হয়ে উঠল, ও মূথ তুলে তাকাল আমার দিকে।

জেসিকে তা হলে ওটা দেখাতে গারতাম—জিপ বলন। অর্থাৎ যত ভাবনা ওর অক্তদের জন্মেই যেন। আমি বলনাম, তোমার জমদিন আসতে আর তো একশোটা দিনও বাকী নেই, জ্বিপ? সঙ্গে সঙ্গে দোকানের দরজার হাতলে হাত দিলাম। জিপের মুখে জ্বাব নেই, আমার আঙ লটা চেপে ধরল কেবল, আরও জোরে।

হ'জনে গিয়ে ত দোক।নে চুকলাম। দোকান—মানে, ম্যাজিকের দোকান এটা, যে-সে দোকান নয়! কেবল মামূলি খেলনা কেনার ব্যাপার হতো যদি, তা হলে জিপ এতক্ষণে আনন্দে লাফালাফি শুরু করে দিত। এখানে এসে সেসব কিছুই করল না সে, রইল প্রায় হুপচাপ, কথাবার্তা বলবার ভারটা যেন আমার ওপরেই হুড়ে দিল।

ছোট্ট সরু মতন দোকানটা, ভেতরে আলো তেমন বেশী নেই।
দোকানে চুকে দরজাটা ভেজিয়ে দিতেই একটা করুণ টানা আওয়াজ
করে সেটা বন্ধ হয়ে গেল। মুহূর্তকাল আমরা সেখানে দাঁভিয়ে রইলাম;
কেউ কোথাও নেই। একবার চারদিকে তাড়াতাড়ি তাকিয়ে দেখবার
স্থযোগ পেলাম।

নীচু কাউন্টারটাকে আড়াল করে রেথেছে একটা কাঁচের বড় বাক্স।
বাক্সটার ওপরে একটা বাঘ, কাগজের মণ্ডের তৈরী। গম্ভীর-গম্ভীর কি
রকম চেহারা যেন বাঘটার; চোখের দৃষ্টিও নিরীহ গোছের। বাঘের
মাথাটা চলছিল—একবার এদিকে একবার ওদিকে।

কাঁচের তৈরি কয়েকটা বড় বড় বল, চীনামাটির একটা হাতে ম্যাজিকের তাস ধরা রয়েছে; একটা বড় পাত্র, আর একটা বিতিকিচ্ছি স্প্রিং বের করা ম্যাজিক-টুপি—এইসব চোথে পড়ল। মেনেতে রয়েছে করেকটা ম্যাজিক-আয়না,—তার একটাতে তাকালে তোমাকে দেখাবে অতি বিদ্রী-রকম রোগা আর ঢাঙা, আর একটাতে আবার মুণ্টা দেখাবে বিকট রকম ঢ্যাপ্টা, আর পা তুটো কোখায় গেছে চলে। আর একটা যেটা আছে তাতে আবার দেখাবে বেঁটে-মোটা, হোঁদলকুংকুং সঙ্রের মত।

আমরা এইসব দেখছি আর হাসছি, এনন সময় দোকানদার—মনে হল সে দোকানদারই হবে—এসে চুকল সেধানে—(মানে চুকল বা বা-ই করল)—দেখা গেল, লোকটা দাঁড়িয়ে রয়েছে কাউন্টারের পেছনে। অন্তুত রকমের চেহারা তার—গায়ের রঙ বেশ পোড়াপোড়া, মুথথানা শুকনো, ফ্যাকাশে। একটা কান আরেকটা কানের চাইতে লখা, আর জুতোর ডগার মত ছুঁচলো, বেঁকানো চিবুক। কাঁচের বাক্সীর ওপরে তার ম্যাজিক-হাতের লখা লগা আঙুলগুলো ছড়িয়ে ধরে সে যথন জিজ্ঞাসা করল,— আপনাদের কি দেব বলুন, আমরা চমকে উঠে তার সম্বন্ধে সচেতন হলাম। আমি বললাম, আমার এই ছেলেটির জন্মে গোটাক্যেক সহজ্ঞ ধরণের মজার খেলা কিনতে চাই।

হাত সাফাই, যন্ত্রপাতি, না ঘরোয়া ধরণের ?—দে জিজ্ঞাসা করল।
মজাদার কিছু পাব না? আনি বললাম। দোকানদার বলল, হঁ!
মাথাটা একটু চুলকে দেখাল, যেন সে কত ভাবছে। তারপর অতি
পরিষ্কারভাবে তার মাথা থেকে একটা কাঁচের বল বার করে আনল।
বলল, অনেকটা এই ধরণের হলে চলবে, কেমন? বলে কাঁচের বলটা হাত
মেলে ধরে রইল। এমনটা যে হবে তা আমরা ভাবতেই পারিনি। নানা
রক্ম মজলিসে আসরে ম্যাজিকের এই খেলাটা এর আগে কতবার যে
দেখেছি তার হিসেব নেই;—সব ম্যাজিকভরালাই এটা দেখিয়ে থাকে।
কিন্তু এখানে যে এই খেলা দেখব, এমন আশা করিনি। হেসে বললাম,
বেশ, বেশ!

—তাই নয় কি ? দোকানদার বলল।

ম্যাজিকওয়ালার হাত থেকে কাঁচের বলটা নেবার জন্মে জিপ তার হাতটা আমার হাত থেকে ছাড়িয়ে নিয়ে যেই হাত বাড়াল, অমনি ম্যাজিকওয়ালার হাতে—কিছু নেই!

দোকানদার বলল, ওটা তো তোমার পকেটে রয়েছে! সঙ্গে সঙ্গে দেখা গেল, বলটা জিপের পকেটে চলে গিয়েছে।

ওটার দাম কত হবে ? আমি জিজ্ঞাসা করণাম। কাঁচের বলের জয়ে আমরা দাম নিই না; · · · · · বনীতভাবে শোকানদার বলন, আমরা ওগুলো বিনা পয়সায় পাই—বলতে বলতে তার কমুই থেকে একটা কাঁচের বল বের করল, তারপর আরু একটা তার ঘাড়ের কাছ থেকে বের করে কাউণ্টারের উপরে আগের বলটার পাশে রাখল।

তার নিজের কাঁচের বলটার দিকে জিপ গন্তীরভাবে চেয়ে দেখল, তারপর কাউন্টারের উপরে রাখা বল হুটোর দিকে সপ্রশ্ন দৃষ্টিপাত করল। তারপর তার গোল গোল চোথ হুটি মেলে দোকানদারের মুথের ভাবটা লক্ষ্য করতে চেষ্টা করল।

দোকানদার একটু হাসল, বলল, ওগুলোও তুমি নিতে পার। আর, যদি কিছু না মনে কর তবে আরো একটা নিতে পার—এই আমার মুখ থেকে। এই নাও।

জিপ মুহূর্তকাল আমার মুখের দিকে তাকিয়ে আমার ইচ্ছেটা কি তাই বুঝতে চেষ্টা করল। তারপর খুব গছার মুখে চারটি কাঁচের বলই সরিয়ে ফেলল চুপচাপ। আবার সে নির্ভাবনার সঙ্গে আমার আঙুলটা মুঠো করে ধরে, এরপরে কি ঘটে তার জন্ম তৈরী হয়ে রইল।

দোকানদার বলল, ছোটখাট খেলনাগুলো আমরা সব এই ভাবেই জোগাড় করি।

যেন একটা ঠাট্টা ব্যুতে পেরেছি, এমনি ভাবে হাসলাম। বললাম, বড় বড় পাইকারী দোকানে যাওয়ার চাইতে ধরচের দিক দিয়ে-এটা ল'ভের বটে!

হাা, এক রকম কতকটা তাই বৈকি—দোকানী বলল—যদিও লাভ আমরা শেব পর্যন্ত করেই থাকি। কিন্তু লোকে যতটা ভাবে, সে রকম কিছু বেলী সেটা নয়। রোজ রোজ আমরা বে সব বড় বড় ম্যাজিকের খোল দেখাই, আমাদের রোজকার খাই-খরচ আর অস্তু যা কিছু আমাদের দরকার হয় সে সব আমরা পাই এই টুপিটা থেকে·····

আর যদি দোষ না ধরেন তো বলি, 'খাঁটি ম্যাজিকের পাইকারী দোকান'
—এই ক'টি কথা আপনার নজরে পড়েছে কিনা জানি না—দেখুন,
লেখা রয়েছে আমাদের দোকানের গায়ে,……বলেই ওর গাল থেকে
দোকানের নাম ছাপানো একটা কার্ড টেনে বের করে আমার হাতে
দিল।

খাঁটি স্থার ! কার্ডে ছাপানো কথাটার উপর আঙুল রেখে দোকানী বললো, এর মধ্যে একটুও ফাঁকি পাবেন না কোথাও। ঠাট্টাটাকে সপ্রমাণ করবার জন্মই যেন সে তৎপর হয়ে উঠেছে মনে ২ল।

জিপের দিকে তাকিয়ে সে অতি মোলায়েম স্থারে বলল, জেনো, তুমিই হচ্ছ সত্যিকারের ভাল ছেলে।

ভেবে অবাক হলাম, খবরটা সে জানল কি করে। কারণ ছেলেপুলেদের কাছে বাড়ীতে পর্যস্ত সে কণা গোপন রাখা হয়, যাতে তারা বিগড়ে না যায়। কথাটা শুনে কিন্তু জিপ তেমনি অবিচলিত শাস্তভাবে দোকাননারের মুখের দিকে একদৃষ্টে চেয়ে রইল।

ঐ দরজা দিয়ে কেবল সত্যিকারের ভাল ছেলেরাই চুকতে পারে—সঙ্গে সঙ্গেই, যেন তার কথাটা সপ্রমাণ করবার জন্তেই দরজার দিক থেকে একটা তীক্ষ আওয়াজ এল, আর শোনা গেল কচি গলার অস্পষ্ট কলধ্বনি—না-না—ওথানে আমি যাব, ওর ভেতরে—বাবা, ওর ভেতরে আমি যাবই—না-না-আ আ! সেই সঙ্গে শোনা গেল পিতার সান্তনা আর অনুরোধ মেশান অনিক্ষুক কণ্ঠশ্বর। তিনি বললেন, ও দরজাটা চাবিবন্ধ, এড় ওয়ার্ড।

কিন্তু সভিয় তো আর দরজাটা চাবিবন্ধ নয়, বললান আমি।

আজ্ঞে হাঁ। চাবিবন্ধই—দোকানী বলন, ঐ রক্ম ছেলেদের জক্মে সর্বনাই বন্ধ থাকে। তার কথা বলার সঙ্গে সন্দে আমরা দরজার কাঁচের ভেতর দিয়ে এক মুহুর্তের জক্তে দেখতে পেলাম একটি ছোটু কর্দা মুখ— অতিরিক্ত মিষ্টি আর মুখবোচক খাবার খেয়ে খোর খাবালে। আখ্থুটে

একরোথা স্বভাবের ছাপ কুদে মামুষটির চোথে মুথে স্পষ্ট। সেই জাত্ব-করা দরজার কাঁচের গান্ধে হাত দিয়ে দাঁড়িয়ে রয়েছে ছোট্ট ছেলেটি।

নাহায্য করবার স্বাভাবিক প্রেরণার বশেই আমি উঠে যাচ্ছিলাম দরজাটা খুলে দিতে। কিন্তু দোকানদার বলল, আজে, কিচ্ছু দরকার নেই তার।

সেই মূহুর্তে শোনা গেল সেই ছুষ্টু ছেলেটি চেঁচাচ্ছে আর তাকে সরিষে নেওয়া হচ্ছে। একটু যেন আখাস পেয়ে দোকানদারকে জিজ্ঞাসা করনাম—ও ব্যাপারটা হল কী করে ?

ষেন কিছুই নয়, এমনি ভাব দেখিয়ে আর তাচ্ছিল্য ভাব এনে বলল, ম্যাজিক।

কি আশ্চর্য ! দেখলাম, তার আঙু লের ডগা থেকে রঙ বেরঙের আগুনের শিথা ছুটে বেরুছে, আর মিলিয়ে যাছে দোকানের ছায়াবেরা কোণগুলিতে।

জিপের দিকে চেয়ে দোকানী নিজে থেকেই বলল, এই দোকানে টোকবার আগে তুমি বলছিলে,……'এইটি কেনো আর ভোমার বন্ধদের ভাক লাগিযে দাও'– আমাদের ঐ থেলনার বাক্সটি তোমার পছন্দ ?

জিপ বেশ খানিকটা চেষ্টা করে বলল—হাঁ।।

ওটা তো তোমার পকেটেই রয়েছে !

এই অছুত লোকটি - সাধারণ মান্নবের চাইতে তার শরীরটা যথার্থ ই বেশী লখা—কাউণ্টারের ওপর দিয়ে ঝুঁকে পড়ে ঐ বস্তুটি আর পাঁচজন ম্যার্জিকওয়ালাদের মতই বার করে আনল— একেবারে জিপের পকেট থেকে। · · · · কাগজ! বলার সঙ্গে সঙ্গেই থানিকটা কাগজ বার করে আনল সেই জ্রিং-ওঠা টুর্গিটার ভেতর থেকে। · · · · · স্তাে! যেমনি বলা অমনি ওর মুথ থেকে হতাে বেরিয়ে আসছে অফুরস্ত, অনর্গল; বেন ওর মুথে একটা স্তাের গুলিই রয়েছে! বাঙিলটা বাঁধা হয়ে গেলে সে দাতে স্তােটা কেটে ফেলল আর মনে হল যেন গিলে কেলল বাকী স্তোটা। তারপর সে ঐ হরবোলা পুত্লদের একটার নাকের ডগায় নোমবাতি জালল আর তার হাতের একটা আঙুল (আঙুলটা ততক্ষণে লাল টক্টকে গালা হয়ে দাঁড়িয়েছে) ধরল সেই মোমবাতির শিখায়। গালার মতই সেটা গেল গলে, আর তাই দিয়ে দোকানদার পার্সেলটা গীল করে দিল।

েতারপর হল সেই অদৃশু ভিম—বলতে না বলতে সে আমার কোটের ভেতর থেকে ভিম একটা বের করে আনল আর সেটাকেও পুঁটলিতে বেঁধে দিল, এবং সেই সঙ্গে ঐ কাঁছনে থোকা— সত্যিকারের', তাও একটা দিল বেঁধে। এক একটা পুঁটলি বেঁধে লোকটা আমার হাতে দিতে লাগল আর আমি সেগুলো তুলে দিলাম জিপের হাতে। জিপ তার হ'হাত দিয়ে বুকের সঙ্গে আঁকড়ে ধরে রাখল সে সব। জিপ মুখে বিশেষ কিছু না বললেও তার চোথের দৃষ্টি আর আঁকড়ে ধরার ধরণ থেকেই বোঝা যাছিল তার মনের ভাবটা। মনের কথাগুলো তার মুখের ভাবে, তার স্বান্ধীরে ফুটে বেরোছিল যেন। দোকানদার বলল, দেখছ কি, এগুলো সব হছে সত্যিকারের মাজিক!

আমি হঠাৎ চমকে উঠলাম—আমার টুপির ভেতরে কি একটা যেন হেঁটে বেড়াচ্ছে—বেশ নরম, নড়বড়ে! তাড়াতাড়ি টুপি থেকে এক ঝটকায় ওটাকে ফেলে দিতে গিয়ে দেখি—জলজ্ঞান্ত একটা পায়রা! ঝট্পট করে সেটা ঐ দোকানদারের কাউটারে গিয়ে বসল, তারপর নেন একটা কার্ডবোর্ডের বাজ্মে গিয়ে চুকল—বাক্সটা ছিল ঐ কাগজ্ঞের মণ্ডের বাঘটার আড়ানে।

আহা-হা-হা, সাস্থনার স্থারে বলে উঠন দোকানদার, বেচারা পাখী
—এখানে বাসা বাঁধতে চেষ্টা করছে! এই বলে লোকটা আমার টুপিটা
নিয়ে একটু ঝেড়েঝুড়ে দিতে লাগল। এ দিকে ঝাড়াপোছা চলছে,
আর ওদিকে অনর্থন বক্ বক্ করে চলেছে লোকটা—কেন যে আজকাল
ভদ্রলোকেরা তাঁদের টুপির ভেতর-বার ছ'দিক পরিকার করতে ভূলে

যান! কথাগুলো বলছিল খুব বিনয়ের সঙ্গেই, যদিও ব্যক্তিবিশেষের সম্বন্ধে একটুথানি খোঁচাও তার মধ্যে ছিল। পরিষ্কার করতে গিয়ে টুপিটাকে ঝাঁকুনি দিছে এক একবার, আর তার ভেতর থেকে একে একে বেরিয়ে আসছে ছতিনটে ডিম, প্রকাণ্ড মার্বেলের একটা ঘড়ি, প্রায় আধডজন কাঁচের গুলি (ওগুলো যেন থাকা চাই-ই), আর তারপর দোমড়ানো-কোঁকড়ানো কাগজ—বেরিয়ে আসছে ত আসছেই!

যত রাজ্যের জিনিষ এসে জমেছে, দেগুন মশাই ! না, কেবল আপনার বেলাতেই নয়, । । তেওঁ থাদের আসেন প্রায় সবাইকারই । । কত কি যে ভদ্রলোকেরা বয়ে বেড়ান । তাজ্জব কাণ্ড মশাই, তাজ্জব কাণ্ড! সেই কোঁচকানো দোমড়ানো কাগজ ক্রমশঃ স্ত্পাকার হয়ে জমতে লাগল কাউন্টারের ওপরে, —কাগজের পাহাড় হয়ে দাড়াল শেষ পর্যন্ত। লোকটা সেই গাহাড়ের আড়ালে ঢাকা পড়তে পড়তে অবশেষে একেবারেই ঢাকা পড়ে গেল। কিন্তু তার বকবকানির বিরাদ নেই, — আড়াল থেকে তথনো তার গলা শোনা যাছে — আর বলেন কেন মশাই! দেখতে দিন্যি ভালো মান্ত্রটি, কিন্তু কার পেটে কি যে আছে, বোঝবার জো নেই। আমাদের যেন কেবল চুণকাম করা, ধোপত্রত, ফিট্ফাট্ চেহারাই সার…

হঠাং সব চুপ.—চলন্ত গ্রামোফোনের ওপরে খুব টিপ করে এক রও টিল মারলে যেমন হয়, সেই-রকম এক মুহূর্তে গেল সব থেমে। খস খস করে আর কাগজ্ঞও জড় হচ্ছে না, সব একেবারে ঠাণ্ডা…

থানিকক্ষণ কাটল চুপচাপ।

থানিকক্ষণ অপেক্ষা করে শেষটায় আমি হাঁকলাম—
আমার টুপিটার কাজ শেষ হল কি? আমি জিজ্ঞাসা করলান,
কিন্ত কোন জবাব পেলান না।

আমি তাকালাম জিপের দিকে, জ্বিপ তাকাল আমার দিকে; সেই

অন্ত আয়নাগুলোতে আমাদের ছারা পড়তে আমাদের দেখাতে লাগল শান্ত, গন্তীর, বোকা-বোকা, কিছুতকিমাকার·····

আমাদের এখন যেতে হচ্ছে, আমি বললাম। সবশুদ্ধ কত দিতে হবে আমাকে বলুন তো ?

আবার হাঁকতে হল, এবার আরো জোরে—ও মশাই, শুনছেন! আমার বিলটা দিন, আর আমার টুপিটা।

এবার কাগজের শুপটা বেশ একটু খদ্থসিয়ে উঠতে কেমন সন্দেহ হল।

বললাম, কাউণ্টারের পেছনটা দেখি চল তো, জিপ্! লোকটা বোধহয় আমাদের সঙ্গে তামাসা করছে।

সেই মাথা-দোলানো বাঘটার পাশ দিয়ে জিপকে নিয়ে এগোলাম। বল তো, কি দেখলাম সেখানে? দেখলাম-কেউ কোখাও নেই, আমার টুপিটা কেবল পড়ে রয়েছে মাটতে, আর একটা লম্বা কানওয়ালা সাদা খরগোস যেন ধ্যানে বসে রয়েছে। সব বাজিকরদেরই ঐ রকমের খরগোস থাকে। খরগোসটার চোখে মুখে এমন একটা হাবাগোবা ভাব ফুটে বেরোছে, যা একমাত্র বাজিকরের খরগোসের পক্ষেই সম্ভব।

টুপিটা কুড়িয়ে নিলাম মাটি থেকে। থরগোসটাও পপ থপ করে লাফাতে লাফাতে চলে ণেল এক দিকে।

বাবা! জিপ ডাকলো আমাকে চুপি চুপি, যেন কত দোব করেছে।

কী হয়েছে, জিপ ?

বাবা! এই দোকানটা আমার বেশ ভাল লাগছে বাবা।

আমারও তাই লাগত, মনে মনে বললাম,—যদি না ঐ কাউণ্টারটা এই রকম একটা জলজ্ঞান্ত মাত্মযুক্তে বেমালুম গায়েব করে ফেল্ড!

কিছ জিপকে সে সৰ কিছুর আভাসমাত্রও দিলাম না। ধরগোসটাকে

আবার বেরিয়ে এনে থপ্ থপ্ করে আমাদের পাশ দিয়ে যেতে দেখে জিপ হাত বাড়িয়ে তাকে ডাকল, পু-সি!

জিপকে একটা ম্যাজিক দেখাও না, পুসি—আমিও বললাম। জিপ চেয়ে দেখছিল থরগোসটাকে, সেই সঙ্গে আমারও চোথ ছিল ওটার ওপরে। দেখলাম একটা দরজার অতি সক্ষ ফাঁক দিয়ে অতি কষ্টে থরগোসটা গলে বেরিয়ে গেল। ওখানে যে একটা দরজা আছে, এক মুহূর্ত আগেও তা আমার নজরে গড়েনি। দরজাটা ক্রনশঃ চওড়া হতে হতে খুলে গেল আর তার ভেতর দিয়ে সেই এক কান ছোট এক কান বড় দোকানদারট আবার এসে হাজির। তার মুখের হাসি তখনও মিলিয়ে যায়নি, কিন্তু আমার চোথে চোথ পড়তেই দেখতে পেলাম, হাসি-তামাসার সঙ্গে বেশ থানিকটা তাজিলাও মিশে রয়েছে সেখানে।

যেন কিছুই হয়নি এমনি গোবেচারা গোছের মুখখানা করে, বিনয়-নম্র বচনে দোকানদার বলল— গরীবের দোকানখানা একট্থানি ঘুরে-ফিরে দেখবেন নাকি? শুনেই জিপ আমার আঙুল ধরে টান লাগান। আমি কাউন্টারটার দিকে তাকালান, আবার দোকানদারের চোথের ওপরে চোথ পড়ল। দোকানদারের ম্যাজিকগুলো যেন একট্ বেশিরকম খাটি ঠেকছে আমার কাছে!

সত্যি বলতে কি, খুব বে^{না} সময় এখন আমাদের নেই—আমি বলনাম। কিন্তু কথাটা শেব হবার আগেই কেমন করে জানি না— লোকান্নদারের সঙ্গে সঙ্গে দোকান্টার মধ্যে ঘুরে বেড়াতে আরম্ভ করেছি।

এখানে বা কিছু দেখছেন, সব একেবারে পয়না নম্বরের জিনিব,
—এখানকার সব কিছু; বেতের মত লিক্লিকে নরম হাত ছটো
কচলাতে কচলাতে দোকানদার বলে চলন একটিও ম্যাজিকের
জিনিষ পাবেন না এখানে—বাকে একেবারে খাঁটি বলা চলে না।

স্মান করবেন - দোকাননারের কথার চনকে তাকিরে দেখি, লোকটা আনার গায়ের জামার আন্তিন থেকে একটা লাল রঙের পোকা টেনে ছাড়িয়ে নিচ্ছে। পোকাটার লেজ ধরে লোকটা ঝুলিয়ে রেথেছে আর সেটার সমস্ত শরীর রাগে গাক থাছে, দোকানদারের হাতে কামড়াতে প্রাণপণে চেটা করছে।

দোকানদার বন্দা, মাফ করবেন,—বলেই কিছুমাত্র ক্রক্ষেপ না করে পোকাটাকে একটা কাউন্টারের পেছনে ছু ড়ে ফেলে দিল।

পরে অবশ্য বোঝা গেল—ওটা আদল পোকা নয়, রবারের তৈরী নকল পোকা মাত্র। কিন্তু প্রথমটার দত্তরমত ঘাবড়েই দিয়েছিল আমাদের! তা ছাড়া, দোকানলার এমন ভাবটা দেখিয়েছিল, যেন সত্যিকারের একটা পোকাই ওকে কামড়াতে যাছিল আর ও সরে সরে যাছিল। জিপের দিকে একবার তাকালাম, কিন্তু জিপ তথন তাকিয়ে ছিল একটা দোলন-খাওয়া ঘোড়ার দিকে। বাক্, ভালই হলো যে পোকাটাকে জিপ দেখতে গায়নি। শুরুন—চাপা গলায় বললাম দোকানীকে, চোগের ইমারাম জিপ আর মেই পোকাটাকে দেখিয়ে চুপিচুপি বললাম, উন্কম বন্ধ নিশ্চমই খুব বেণা লেই এখানে — মানে, আপনার দোকানে ?

ওপ্তরো তো এখানকার নয় মোটেই। আপনাদের মানেই এমে থাকরে হযত-—দোঝানী চাপা এলার জবাব দিল, আর তার মুখে কুটে উঠন অতি ধারালো এক টকরো হাণি।

অজান্তে কত কী না মান্ত্র বয়ে বেড়ায়,— ভাবলে আশ্রুর্থ লাগে! আবার তক্ষ্নি দোকানদার জিপকে বলল—এখানে কিছু পছন্দ হছে কি তোমার, থোকা? খোকার পছন্দসই বস্তু মেলাই ছিল সেখানে। এই অঙ্ত দোকানদারটির দিকে জিপ কিরে তাকাল, তার ওপরে বিশ্বাসে আর শ্রদ্ধায় তার মন ভরে উঠল। ওটা কি ভুতুড়ে তলোয়ার? —জিপ জিন্তানা করেল। হাঁা, ছোটা, খেলনা ম্যাজিক-তলোয়ার ওটা একটা। ওটা ভাঙা যায় না,—হাত পা-ও কটা যায় না ওটা দিয়ে।

কিছ ওটা যার কাছে থাকবে—দোকানী বলতে লাগলো—আঠারো বছরের নীচের কোন শক্র তাকে হারাতে পারবে না। ছোট বড় সব রকমেরই আছে। দান হক্তে গিয়ে এই—আধ ক্রাউন থেকে সাত পেনি, ছ' পেনি পর্যন্ত, সাইজ অন্তযায়ী। পিসবোর্ডের তৈরী এই বর্মগুলো ছোট-খাট বীরপুরুষদের থুব কাজে আসে। এই বে ঢানটা, তোমাকে সব বিপদ থেকে বাচাবে; এই যে চাট জোড়া—এ তোমাকে সবেগে উড়িয়ে নিয়ে যাবে; আর এই পাগড়ীটি দেখছ, এ একবার পরলেই হল;—কেউ তোগাকে দেখতে পাবে না।

ও বাবা ৷— জিপের নিঃশ্বাস বন্ধ হ্বার জোগাড় !

ওগুলোর দান কত পড়বে জানবার চেষ্টা করলাম হ' একবার, কিছু দোকানদার আনার কথাতে কানই দিল না। দে এখন জিপকেই পেরে বসেছে; জিপও আনার আঙুল ছেড়ে দিয়েছে। তার পুঁজিতে যত থিছু কিছুত, উছট জিনিষ ছিল সব সে উজাড় করে জিপের কাছে টেলে দিতে বলেছে; কার সাঝ এখন তাকে থামায়! আমার আঙুলটা যেনন করে নিজের মুঠোতে চেপে ধরে, দেখলাম ঠিক তেমনি করেই চেপে থরেছে জিপ এই লোকটার আঙুল। দেখামাত্র কেমন একটা সন্দেহ আর ঈর্ষার ভাব মনটাকে নজ়ো দিল। লোকটা ভারি মঞ্জাদার তাতে সন্দেহ নেই—মনে মলে ভাবনাম; যত রাজ্যের মজাদার নকল জিনিষে সোকটার দোকান ভতি;—মত্যিই ভারি মজার মজার নকল জিনিষ সব, কিছু তবু—

ত্যদর গুজনের পেছনে পেছনে আমি দোকানটার ভেতরে যুক্তে লাগনাম। কথা খুব কনই কইছিলাম, কিন্তু সর্বদাই দৃষ্টি ছিল আমার এই লবা নিক্লিকে আঙু নুওয়ালা লোকটার ওপরে। আর যাই হোক, জিপ যে বেশ খুশি হয়েছে, এটা দেখছিলাম। তা ছাড়া, কতক্ষণই বা থাকব এই দোকানটাতে! একটু বাদেই ত জিপকে নিয়ে চলে যাব।

দোকানঘরটার মধ্যে নানা দিকে নানা রকম জিনিব-পত্র এলোমেলো করে সাজানো; এধারে ওধারে স্টল, মাঝে মাঝে থাম আর কাঠের তাকে সাজানো জিনিব, মানা রকমের অভুত আয়না আর পর্দা—আর আঁকাবাকা পথ। তার মধ্যে দোকানদারের যে সব কর্মচারীরা বদে বদে জটলা পাকাচ্ছে আর কেউ সামনে দিয়ে গেলে ড্যাব ডাব করে তাকাচ্ছে—তাদের মৃতিগুলিও একেবারে জবরজঙ। সব কিছুতে মিলে দোকানটাকে এমন করে রেথেছে যে, ওর ভেতরে খানিকটা ঘূরলে মাথা গুলিযে যার। আমারও যেন কি রকম সব গোলমাল হয়ে গেল,—চট্ করে খুঁজেই পেলাম না কোন্ দিক দিয়ে চুকেছিলাম আর কোন দিক দিয়ে বেরোতে হবে।

দোকানদার তথন জিপকে ম্যাজিক-রেলগাড়ী দেখাডিল। সেগুলো চালাতে প্রীম কিংবা স্প্রিং কিছুরই দরকার হয়না একবার কেবল সিগন্তাল নামিয়ে দিলেই হল, বাস! তারপর দেখাল খুব দামী বাজ্মে ভতি কতকগুলো সৈন্ত। বাজ্মের চাকনটো খুলে একটিবার শুবু বললেই হল ব্যস্ দেখবে একেবারে জ্যান্ত হয়ে উঠেছে সেই সৈন্তদল! ছঃখের বিষয়, ফুস্মন্তরটা জিপ শুনতে পেলেও আমার শোনা হলোনা, কারণ, আমার কান ততটা সজাগ নয়। তা ছাঙা ওটা উচ্চারণ করতে জিভের কসরতও বড় কম হয়না। কিন্তু জিপের কান তার মায়ের মতই প্রথব, চট্ করেই শিথে নিতে পারল সে। বছং আছল, সাবাস! দোকানদার বাহবা দিয়ে উঠল জিপকে। তজুনি আবার চট্ করে সৈন্তদলকে পূরে ফেলল বাল্যর মধ্যে, তারপর সেগুলো জিপের হাতে তুলে দিল। দিয়ে বলল—আছল, দেখি কেমন পার? মুহুর্ত না বেতে জিপ তাদের জ্যান্ত করে তুলল। বাজ্যটা তুমি নিয়ে যাবে? দোকানদার

হাা, বাক্সটা আমরা নেব,—আমি বললাম, ওর দামটা যদি কিছু

কমিরে দেন; তা না হলে — ব্যুতেই পারছেন, এতগুলো জোয়ান-মার্কা সেপাই পুষতে লক্ষপতির পুঁজি—

আজ্ঞে হাা,— তা নিশ্চয় দেব বৈকি— বলতে না বলতে দোকানদার সেপাইগুলোকে আবার বাজের মধ্যে পূরে কেলল, তারপর বাজটা বন্ধ করে একবার একট্ট দোল খাওয়ালো— আর অমনি দেখা গেল, সেটা প্যাকিং কাগজে মোড়া হয়ে, ফিতে-বাধা হয়ে গেছে পর্যন্ত,—জিপের পূরো নাম আর ঠিকানা পর্যন্ত তার ওপরে লেখা!

আমাকে একেবারে থ' মেরে যেতে দেখে একটু হাসল দেকানদার। বলল—আজে, এ হচ্ছে আসল ম্যাজিক। একেবারে খাঁট জিনিষ।

এ যেন একেবারে বড় বাড়াব।ড়ি রকমের গাঁটি ঠেকছে আমার কাছে— আমি এবার বলনাম।

ও তথন জিপকে নানা রক্ষম ম্যা জিকের থেলা দেখাতে দেখাতে মেতে উঠল; নানা রক্ষমের অন্তুত, শক্ত শক্ত থেলা। তাকে সে সব বোঝাতে লাগল, উন্টেপ্নাণ্টে ম্যাজিকের ভেতরকাব সব কায়দাকায়ন সমঝাতে লাগল। আর তার সামনে বসে বসে ছোট ছেলেট মাঝে মাঝে তার ছোট্ট মাথাখানি কাং করে পরম বিজ্ঞের মত তার মতামত জানাজিল।

আমি প্রোপুরি মন দিতে পারিনি ওদের দিকে। এই, শীগগির তেন্দ্র, তাহিকর দোকানদারটি কাকে ডেকে উঠল, আর একটু পরেই শোনা গেল কচি গলার স্পষ্ট শ্বর—এই তো বাচ্ছি! কিন্তু আমার মন ছিল তথন আঁক্য দিকে।

জায়গাটা যে কি রক্ম সেকেলে ধরণের আর তয়য়র অছুত, এই ভাবনাটাই আমার মনকে পেয়ে বসেছিল। সত্যি, কেবলই মনে হচ্ছিল, যেন একটা অছুত, সেকেলে, পুরোনো আবহাওয়া চারিদিক থেকে এসে চেপে ধরেছে। ঘরের ছাদ, দেয়াল, মেঝে, কিংবা এলোমেলো করে এখানে-ওথানে রাথা চেয়ারগুলো—সব কিছুতে যেন লেগে রয়েছে

এই সেকেলে আর কেমন একটা অদ্বুত রকমের গন্ধ। আমার কি রকন যেন মনে হতে লাগল যে, যথনি আমি ঐ সব জিনিষের দিকে সোজাস্থজি না তাকিয়েছি, ওগুলো যেন সাঁ করে এদিকে ওদিকে সরে যাছে, নড়ে চড়ে বেড়াছে আর আমার পেছন দিকে গিমে নিঃশব্দে 'কাণামাছি' ধেলা করছে। কার্ণিশটা ছিল মুখোস-ঢাকা, লাগের মত নল্লা করা; সাধারণ চ্ণ-বালি দিয়ে তৈরি মুখোসগুলো যে এমন জ্যান্ত দেখাবে— কে জানত!

এমন সময় হঠাৎ আমার চোথ পড়লো দোকানদারের কিছুতকিমাকার কর্মচারীদের একজনের ওপর। আমাদের থেকে একট্রথানি তফাতেই ছিল লোকটা এবং বোঝাই যাজিল, আমাদের দিকে
তার নজর ছিল না। লোকটার শরীরের প্রায় বারো আনা
অংশ একগাদা থেলনা পুতুলের ওপর দিয়ে দেখা যাজিল। একটা থামের
গায়ে হেলান দিয়ে ছিল লোকটা—খুব আরামের ভঙ্গীতে। তার শরীরটা
নিয়ে সে যে-সব কাণ্ড করছিল, তা দেখে ত আমার চকুছির! সবচেয়ে
ভয়য়র কাণ্ড করছিল ওর নাকটা নিয়ে। কোন কাজ হাতে নেই বলে
সময় কাটাবার জন্তেই হয়ত ঐ রকন করছিল। প্রথমে দেখা গেল
একটা ছোট্ট মোটা-সোটা নাক, তারপর হঠাং হুদ্ করে সেটাকে
টেলিয়োপের মত লহা করে দিল। তারপরে ক্রমশং সেই নাক সক্র, আরো
সক্র হতে হতে লমা, লাল টক্টকে, লিক্লিকে বেতের মত হয়ে দাঁড়াল।
মনে হল যেন জ্বেগে স্বপ্ন দেখছি!

লোকটা সেই লম্বা নাকটাকে এপাশে ওপাশে দিব্যি খেলাতে লাগল, আবার সামনের দিকেও ছুঁড়ে মারতে লাগল,— ছিপের স্থতোতে টোপ গেঁথে জলে ছুঁড়ে ফেলবার মত করে।

সেই মুহূর্তেই আমার মনে হলো, জিপ যাতে এই লোকটাকে দেখতে না পায় সে চেষ্টা করতে হবে। ফিরে তাকালাম জিপের দিকে। দেখি, সে তখনও দোকানদারের সঙ্গেই খুব জমে রয়েছে—কোনো বিদ্যুটে চিম্ভা ওর মাধায় চুকতে পারেনি। ছু'জনে কি বেন কানাকানি করছে আর তাকাচ্ছে আমার দিকে। জিপ ছিল একটা টুলের ওপর দাঁড়িয়ে, আর দোকানদার একটা মস্ত ঢোলক হাতে নিয়ে ছিল। চোর-চোর থেলব—বাবা! জিপ আমার দিকে তাকিয়ে চেঁচিয়ে বলল তুমি কিন্তু চোর!

ওকে থামাবার চেইায় কিছু বনার আগেই দেকে নদার তার হাতের সেই মস্ত বড ঢোলকটা দিয়ে জিপকে চাপা দিয়ে দিল।

কি যে হবে এর ফলে, স্পটই দেখতে পেলান। টেডিয়ে উঠলাম—
শীগ্গির ওটা তুলে নিন্, এই মুহুঠে। ছেলেটাকে ভয় খাংগ্লানেন দেখছি। সরিয়ে নিন ওটা।

জসমান কানওয়ালা পোকানদাব বিনা বাকাব্যয়ে সেই ঢোলকটা তুলে নিয়ে জামার দিকে ঘুরিয়ে দেখাল যে ওটার ভেতরটা একেবারে কাকা।

দেখলাম, ঢোলকটা থালি পড়ে রয়েছে, আর এই এক মুমূতেই জিপ একেবারে উবাও !

একটা অজানা ভয়ন্ধর আশকা,— একটা ভীষণ ত্রাস তেন স্বাপ্পিও-টাকে সবলে আঁকড়ে ধরেছে একিছিনি লোপ পেতে কসেছে, এমনি অবহা মান্তবের কথনো কথনো আসে। আমারও তথন ঠিক তাইই হয়েছিল।

দোকানদার তথনও দাঁত বের করে হেসে চলেছে। সোজা তার কাছে গিয়ে ট্লটাতে এক লাখি মেরে একপাশে সরিয়ে নিলাম।

বর্ণনাম, রাথো ওসব বুজরুকি ! আনার ছেলে কোথায়, বল ?

আজে দেখুন না—ঢোলকটার ফাঁকা দিকটা তথনও সে ঘুরিয়ে ফিরিয়ে দেখাছে, · · · · · দেখুননা, এর ভেতরে ফাঁকি কিছু নেই —

হাত বাড়িরে ওকে ধরতে যেতেই লোকটা সা করে এক দিকে সরে গেল। আবার গেলাম ধরতে, ও তক্নি ফিরে এক ধারুায় একটা দরজা খুলে ফেলে সেইখান দিয়ে ছুটে পালাতে চেঠা করল। দাঁড়াও—টেচিয়ে বললাম আমি। সে হাসতে হাসতে সরে থেতে লাগল। তক্ষ্নি লাফিয়ে লোকটার পিছনে ছুটতে গিয়ে—পড়লাম গিয়ে কালো, ঘুরঘুটি অঞ্চকার রাজ্যে—

म्काम्!

হা ভগবান ৷

আজ্ঞে, মাপ করবেন, আপনি ওদিক থেকে আসছিলেন, দেখতে পাইনি!

দেখলাম, রিজেট খ্রীটে দাঁড়িয়ে আছি, আর ঠোকর থেয়েছি এক স্থাদনি দিনমজুরের সঙ্গে। আমার থেকে প্রায় হ'হাত দূরে জিপ দাঁড়িয়ে - মুখখানা তার একেবারে কাঁচুমাচু। যেন সে কত অপরাধ করেছে, এই রকম ভাবখানা। একটু পরেই হাসি-হাসি মুখটি নিয়ে সে এল আমার কাছে; যেন মাত্র হু' দণ্ড আগেও আমাকে খুঁজে পাজিছল না।

চারটে বাণ্ডিল সে হ'হাত দিয়ে আঁকড়ে রেথেছে!

আর দেরি না করে চট করে সে আমার আঙু নটি দখল করল।

আমি যেন মৃহুর্তের জন্ম বোকা বনে গেলাম। চারিদিকে তাকিয়ে পুঁজতে লাগলাম। ম্যাজিকের দোকার্নটার দরজাটা কোথায়—অবাক কাণ্ড! কোথাও সেটা নেই!

দরজা নেই, দোকান নেই—কোন কিছু নেই সেথানে। সেই ছবি বিক্রীর যায়গাটা আর সেই মুর্গীর ছানা দেখা যাচ্ছে যে জানালাটায়, তাদের মাঝখানে পুরোনো থামটা দাড়িয়ে রয়েছে।……

মনের এই অবস্থায় যা করা চলে, তাই করলাম। গাড়ী দাঁড়াবার জায়গাটাতে গিয়ে ছাতাটা তুলে ধরলাম, গাড়ী!

আনন্দে গলে গিয়ে জিপও বলে উঠল,—গাড়ী!

জিপকে গাড়ীতে তুলে দিয়ে আমার বাড়ীর ঠিকানাটা অতি কটে মনে করে ড্রাইভারকে বল্লাম এবং আমিও ভেতরে চুকে পড়লাম। কোটের পকেটে কি যেন একটা রয়েছে মনে হল, অথচ বোঝা যাজিলনা কী সেটা।

আবিষ্কার করনাম – একটা কাঁচের গুলি!

রেগে-মেগে ওটাকে রাস্তায় ছুঁড়ে ফেললাম। জিপ নির্বাক।

কিছুক্ষণ পর্যন্ত আমর। হ'জনেই রইলাম চুপচাপ। অবশেষে জিপ বলল—বেশ ভাল দোকানেই কিন্তু গিয়েছিলাম আমরা, না বাবা?

জিপের কণায় আমার চমক ভাঙল,—তাই তো, এই গব ভুতুড়ে কাণ্ড দেখে ও না জানি কি ভাবছে! কিন্তু মুথ দেখে স্পাইই বোঝা গোল, কিত্ই হয়নি ওর! যাক, বাঁচা গোল তব্। বিদ্যুটে কাণ্ড দেখে দেখে যে ও মনে মনে গুঁত গুঁত করছে কিংবা ভয় পেয়েছে, এমন মনে হলনা। সমস্ত বিকেলটা ওর আজ কী আনন্দে কেটেছে, এই ভাবনাতেই ও মহা থুসি। চার চারটে বড় বড় বাঙিল এখন ওর বগলদাবায় রয়েছে।

কিন্তু কী আছে ওগুলোর মধ্যে? মাথা না মুগু?

বলনাম, হঁ! কিন্তু ও রকম দে।কানে ছোট ছোট ছেলেরা তো রোজ থেতে পারে না! শুনে সে গন্তীর হয়ে রইল — যেমন গন্তীর আর নির্নিপ্ত তাকে সরদাই দেখা থায়। দেখে আমার হুংথ হল — আমি ওর বাবা, ওর মা নই, — এই ভেবে। তাই সেই ট্যাক্সির মধ্যেই তক্ষ্ণি ওকে একটু হুমু থেতে পারলাম না। মনে মনে ভাবলাম, এমন কিছু মন্দ নয় দোকানটা। কিন্তু আমার ধারণাই যে ঠিক, এ সম্বন্ধে বিশ্বাসংআরও পাকা হয়ে গেল বখন ঐ চারটে পুঁটুলি ক্রমে ক্রমে পোলা হতে লাগল। তিনটে পুঁটুলি থেকে বেরোলো কেবল কয়েক বাক্স সেপাই—অতি সাধারণ, সীসের তৈরি মামুলি সেপাই। কিন্তু পুতৃলগুলো দেখতে সতিয় খুব স্কলর, — ওগুলো যে গোড়াতে একেবারে খাঁটি ম্যাজিক-পুতৃল ছিল, জিপের দে কথা আর মনেই নেই। চার নম্বর পুঁটুলি থেকে বেরোল একটা বেড়াল-বাচচা। ছোট্ট ধ্বধপে সাদা

বাচ্চাটি,—দিব্যি মোটাদোটা; তার বেমন ক্ষিধে, তেমনি স্থন্দর মেজাজ। মনে মনে একটা উরেগ মেশানো স্বস্তির ভাব নিয়ে দেখছিলাম,—পুঁটলিগুলো খোলা হক্তে একে একে। এমনি করে কতক্ষণ যে জিপের বরে কেটে গেল—আমার হাঁশই ছিল না।

এই ঘটনা ঘটেছিল ছ' মাস আগে।

আমার মনে হয়, এ-সবই সতিয়। বেড়াল-বাচ্চার মধ্যে যেনন ম্যাজিকের সাধারণ গুণ থাকে – আমাদের বাচ্চাটির মধ্যেও তার চেয়ে বেশী কিছু নেই। সীসের সেপাইগুলি ঠিক তেমনি ধীর-স্থির, যেমনটি হলে খুসি হত যে-কোনও জাঁকালো সেনাপতি।

আর জিপ ?…

ওর সম্বন্ধে যে খুব হঁশিয়ার হয়েই চলছি—আশা করি নেকোন বিচক্ষণ পিতামাতাই এটা বৃগবেন। একদিন কি করলাম, তাই বলছি। জিপকে বললাম, আচ্ছা জিপ, তোমার সেপাইগুলো যদি বাস্ত হয়ে ওঠে আর নিজে-নিজেই চারদিকে মার্চ করতে শুক্ত করে দেয়, তা হলে কেমন হয় ?

ওরা ত মার্চ করেই, ·····জিপ বলন – আমার জানা একটা মন্তর আছে কিনা, বাক্সর ঢাকনাটা খোলবার ঠিক আগেতে সেইটে একবার বললেই, ব্যস্।

তথন ওরা নিজেরাই মার্চ করে বেড়ায় ?

হাঁা বাবা, খুব জোর্দে মার্চ করে ওরা। তা না করলে কি আমার ওনের জাল লাগত!

আমি যে অত্যন্ত অবাক হয়ে গিয়েছি—এমন ভাব ওকে দেখালাম না। এর পর থেকে মাঝেমাঝে আচমকা ওর খেলাঘরে গিয়ে হাজির হতাম: দেখতাম ওর সেপাইরা তথন মার্চ করতে বেরিয়েছে। অবশ্র ম্যাজিক-ছরন্ত ভাবভঙ্গির কোনও লক্ষণই কোনদিন ওদের কোন কিছুতে দেখতে পাইনি।·····

কাউকে এসব ব্রিয়ে বলা শক্ত। তা ছাড়া টাকা-পয়সার দিকটাও রয়েছে এর মধ্যে। পাওনাদারের বিল্ চুকিয়ে দেওয়া আমার একটা নিতান্ত বদভাদের মধ্যেই দাঁড়িয়েছে বলা চলে। রিজেট ব্রীট দিয়ে হাঁটাইটি করেছি বেশ কয়েকবার—ঐ দোকানটার খোঁজে। আমার মনে হয় আমার কঠব্য আমি পালন করেছি—স্কতরাং আমার মর্যান্ত তাতে রক্ষা পেয়েছে। তা ছাড়া, জিপের নাম আর ঠিকানা ত ওরা জেনেই গিয়েছিল! ওদের খুসিমত যে কোন দিন বিল্টা আমার কাছে পাঠিয়ে দেবার পথ ত ওদের খোলা রইল!

—বিনয় ঘোষ

প্রাচীতেরর দরজা

প্রায় মাসতিনেক আগে এক নিতৃত সন্ধ্যায় ওয়ালেস আমাকে এই কাহিনী শোনায়। তার দিক দিয়ে অন্ততঃ তথন এ কাহিনী আমার সত্য বলেই মনে হয়েছিল।

তার থিরতিতে যে সহজ স্থর, যে স্থির প্রত্যয় **ফুটে উঠেছিল,** তাতে আমি তাকে বিধাস না করে পারিনি। পরদিন নিজের যরে বিভিন্ন পরিবেশের মধ্যে ঘুম ভাঙতে শুয়ে শুয়ে তার বৃত্তাস্ত চিন্তা করতে লাগলাম। তার অন্তচ্চ কর্তস্বরের মধুর আবেশ, সেই তিমিত বাতি, পারিপার্থিকের আবছায়া, হোটেলের পানাহারের স্থলর সরঞ্জাম,—দৈনন্দিন জীবনের বাস্তবতা থেকে মুহুর্তের জন্ম এক সম্পূর্ণ বিভিন্ন জগতে আমাদের নিয়ে গিয়েছিল। এখন সম্পূর্ণ অন্ত অবহার মধ্যে জেগে উঠে তার কাহিনী নিতান্ত অবিধান্ত বলে মনে হচ্ছে। কী অন্ত্রভাবে ও আমার ওপরে মাহ বিতার করেছিল। ওর কাছে অন্ততঃ এতটা নিগ্যত কাজ আশা করিনি।

অথচ ওর এই অসন্তব কাহিনীকে তো সত্য বলেই মনে হয়েছিল!
বিছানায় বসে চা পান করতে করতে এই অহেতুক অহুভূতির কারণ
সন্ধানে তংপর হলাম। মনে হল, ওর এই অবাত্তব স্মৃতিকাহিনী হয়ত
আমার মনের গহনে কোন অন্তর্গ অহুভূতিকে জাগিয়ে তুলেছে—বে
অহুভূতির প্রকাশ অন্তভাবে সন্তব নয়।

ও আলোচনা এখন থাক। তর বিবৃতি শোনবার পর তার সত্যতা সম্বন্ধে আমার মনে যে সন্দেহ খনীভূত হয়ে উঠেছিল, এত দিনে তা দূর হয়েছে। ওয়ালেস যে তার কাহিনীর যথাসম্ভব নয় রূপটাই আমার কাছে তুলে ধরেছিল, এতে আর আমার সন্দেহ নেই। তবে সতাই সে এই অপূর্ব অভিজ্ঞতার সন্মুখীন হয়েছিল, না এ কেবল তার ধারণা মাত্র,—এবিষয়ে কোন নিশ্চিত ধারণা আমার নেই। ওর মৃত্যুর সঙ্গে সঙ্গেই এ প্রশ্নের সমাধানের ওপরে যবনিকাপাত হয়েছে, এবং সেই মৃত্যুর ঘটনাবলী পর্যস্ত এ রহস্তের ওপরে কিছুমাত্র আলোকসম্পাত করে না।

স্থতরাং সে বিচারের ভার পাঠকের ওপরেই রইল। আমার কোন্
মতামত, অথবা কোন্ বিরুদ্ধ সমালোচনায় বিচলিত হয়ে ওর মত স্বল্পবাক্
ব্যক্তি নিজের গোপন তথা আমার কাছে প্রকাশ করেছিল, সে আজ
আমার মনে নেই। কোনো গুরুত্বপূর্ণ আন্দোলনে বোধহয় ওর ওপরে
বিরক্ত হয়ে ওর মনোযোগ অথবা দায়িস্বভ্ঞানের ওপরে কটাক্ষপাত
করেছিলাম, আর ও নিজেকে নির্দোষ প্রতিপন্ন করতে চেটা করছিল।
ও হঠাং বলে উঠেছিল, কী যেন একটা আমাকে ভয় করে রয়েছে……

কিছুক্ষণ থেমে আবার বলন, আমি জানি, আমি ২থেই মনোযোগ দিতে পাবিনি। ব্যাপারটা—ভোতিক কিছু নয়—কিন্তু রেডমণ্ড, শুনতে ইয়ত তোমার অদ্যুত লাগবে, - এমন কিছু এফটা আমাকে আশ্রায় করেছে যার প্রভাবে সমস্ত জগং আমার কাছে নিরানন্দ হয়ে উঠেছে, — যা আমার মধ্যে বাসনার শিখা জানিয়ে ভুগেছে।…

এই স্থানর করণ দৃশ্রের বর্ণনার সময়ে সাধারণ ইংবেজের মত ওয়ালেসও সলজ্জ হয়ে উঠল। বলল, তুনি ত চিরটা কাল এ্যাল্পেল্ট্যানে কাটিয়েছ। তার এই কথা আমার সম্পূর্ণ অপ্রাস্থানিক মনে হয়েছিল। তবে,এই পহস্ত বলে সে পেমে গেল। তাবগর সে শুরু করল তাব জীবনের সেই গোপন অধ্যায়ের কথা। প্রথমটা ধীরে ধীরে আরম্ভ করে ক্রমশঃ সহজ ভাবে বলতে লাগল তার জীবনের সেই হারানো অধ্যায়ের কাহিনী, যে যৌদ্রুর্দ, যে অপার আনন্দ তার মনে বাসনার শিখা জালিয়ে দিয়েছে, যার অভাবে সমস্ত জগং তার কাছে মিধ্যা, অর্থহীন হয়ে পড়েছে।

এতক্ষণে ওর গোপন তথ্যের একটা হত্র লাভ করলাম। ওর মুখের অভিব্যক্তিতেই যেন তা প্রকাশ পেল। ওর মুখের সেই অনাসক্তির ছবি আমার ক্যামেরা নিগুঁত ভাবে ধরে রেখেছে। সেই ছবি দেখলে মনে পড়ে এক রমণী ওর সম্বন্ধে যা বলেছিলেন, যে রমণী ভালবাসতেন ওকে,—হঠাং ওর সমন্ত উৎসাহ দ্র হয়ে যায়, ঘনিষ্ঠতম ব্যক্তিকে পর্যস্ত ও এতটুকু গ্রাহ্য করে না।

কিন্তু চিরদিন ঠিক এমনটি ছিল না। এমন দিন ছিল যথন জ্য়ালেসের যে কোন বিষয়ে মনোনিবেশ করবার অসামান্ত ক্ষমতা ছিল, সাফল্যই যেন তাকে অনুসরণ করে ফিরত। পশ্চিন কেনসিংটনের সেন্ট্ এ্যাল্পেল্স্ট্যান কলেজে আমরা সহপাঠী ছিলাম। আমার সহপাঠী হিলাবে এলেও অতি সহজেই সে আমাকে অনেক পেছনে ফেলে গিয়েছিল, লাভ করেছিল স্ফুর্লভ সম্মান, বৃত্তি। জগতের বৃক্তে যে স্থান সে অবিকার করেছিল, তা আমার সাব্যাতীত। তার বয়স হয়েছিল মাত্র উনচল্লিশ, কিন্তু সাধারণের ধারণা, অকালমৃত্যু না হলে এতদিনে সে নতুন মন্ত্রীসভাষ স্থান পেত।

প্রথম যখন তার মুখে প্রাচীরের দরজার কথা শুনি, তথন আমরা স্কুলে পড়ি। দ্বিতীয়বার শোনবার একনাম পরেই তার মৃত্যু হয়।

ত্র দিক থেকে অন্ততঃ যে প্রতিরের দরজা কবি-করনা মাথ ছিল না, ছিল সনাতন সৌন্ধলোকের প্রবেশপথ, এ বিষয়ে আর আজ আমার সন্দেংমাত্র নেই। আমার কাছে বদে ধীর গন্তীর ভাবে তার কাহিনীর বর্ণনা-প্রসঙ্গে নির্দিষ্ট তারিথের চুলচেরা হিসাবের কথা এখনো আমার স্পাই মনে পড়ে। একটা গাঢ় রক্তবর্ণ ভার্জিনিয়া লতা সেই সাদা প্রাচীর বেয়ে উঠেছিল। সে বলল, তারা মনে পড়ে, সবুজ দরজাটার বাইরের উঠোনের ওপরে বাদাম-জাতীয় একটা গাছের পাতা পড়ে ছিল—পাতাগুলোয় ছিল হলদে আর সবুজ রঙের ছোপ। পাতাগুলো ভকিয়ে যায়নি কিংবা খুলোয় ময়লা হয়ে যায়নি,

স্থতরাং তা থেকে অনুমান করা যায় তথন অক্টোবর মাস, কারণ প্রতিবংসরই আমি ঐ পাতার সন্ধানে থাকতাম বলে ওর সম্বন্ধে এ থবরটুকু আমার জানা ছিল।

এ ধারণা যদি আমার সতিয় হয় তাহলে আমার বয়স তথন পাচ বছর চার মান হবে।

কোন্ অবছেলার স্থােগ নিয়ে সে গৃহতাাগ করেছিল, অথবা পশ্চিম কেন্সিংটনের কোন্ রাভা ধবে নে চলছিল, সে তার মনে পড়েনা; বিশ্তির অনােঘ অপ্পইতার অভি তা স্লান। কিন্তু নেই নালা প্রাচীর আর তার স্বৃদ্ধ দেওয়াল আছেও তার স্পট মনে আছে।

ছেলেবেশার কথা ওর যতদূর মনে পড়ে, দরজাটা প্রথমবার চোথে পড়তেই ওর মনে এক অড়ত আবেগের সঞ্চার হয়, দরজাটা খুলে ভিতরে যাবার বাসনা প্রবল হয়ে ওঠে। কিন্তু সঙ্গে সঙ্গেই আবার মনে হয়, এ লোভ দমন করতে না পারলে অবিবেচনার কাজ হবে। ওর শ্বতিশক্তি যদি ওকে সম্পূর্ভাবে প্রবঞ্চনা করে না থাকে,—

প্রথম থেকেই ওর মনে স্থির ধারণা হয়েছিল যে দরজাটা খোলাই থাকবে, স্নতরাং দেদিক দিয়ে কোন বাধা ছিলনা।

ছোট্ট ছেলেটি দরজার কাছে দাঁড়িয়ে ইতন্তত করছে,—এ দৃশু
আমার কল্পনানেত্রে ভেনে উঠছে। তার নিশ্চিত ধারণা ছিল
(কিন্তু এ ধারণার কোন যুক্তিসঙ্গত কারণ সে খুঁজে পায়না) যে,
সে যদি ঐ দরজা দিয়ে প্রবেশ করে তার বাবা অত্যন্ত ক্রন্ধ হবেন।

তার মনের এই ইতন্তত ভাবের প্রত্যেকটি খুঁটনাটি ওয়ালেস অত্যস্ত পুঙ্মামপুঙ্খভাবে বর্ণনা করেছিল। দরজাটার সামনে দিয়ে চলে গিয়ে পকেটে হাত দিয়ে প্রাচীরের শেষপ্রান্ত পর্যন্ত সে চলে যায়। সেথানে কয়েকটা নোংরা দোকানের কথা তার মনে পড়ে, বিশেষ করে মনে পড়ে একটা ড্রেনপাইপের দোকানের কথা, চারিদিক ধুলায় ধূলা, কয়েকটা মাটির পাত্র, সীসের পাত্র, নল, দেওয়ালের কাগজের প্যাটার্নের বই, এনানেল আর টিন,—চারিদিকে এলোমেলো ছড়ানো রয়েছে। অক্যমনস্ক ভাবে এসব লক্ষ্য করতে করতে সবৃজ্ব দেওয়ালটার কাছে যাবার বাসনা তার প্রবল হয়ে উঠল।

এমন সময়ে তার মধ্যে এক আক্ষ্মিক আবেংগর প্রাবল্য দে অফুভব করল, আর সঙ্গে সঙ্গে সেই দর্পার দিকে ছুটে চলন, পাছে আবার দিবার পড়ে যায়। হুহাত বাড়িয়ে দরজাটা ঠেলতেই খুলে গেল, আর সে প্রবেশ করবার সঙ্গে সঙ্গেই বন্ধ হয়ে গেল। চক্ষের নিমেষ ফেলতে না ফেলতেই সে সেই বাগানে গিয়ে উপস্থিত হল,—যে বাগান মারা জীমন তাকে অদ্বতভাবে আফ্র্যণ করে এসেছে।

সেই বাগান সম্বন্ধে ভার সম্পূর্ণ ধারণা কথায় প্রকাশ করা ওয়ালেনের পক্ষে অত্যন্ত কঠিন হায় পড়েছিল।

···সেথানকার বাতামে প্রশ্নত এমন কিছু মেশানো ছিল, যার হাল্কা স্থর, সহজ সাক্তন্দা আর সমৃদ্ধি আমাকে অসীম আনন্দে অভিভূত করে তুলেছিল। প্রথম দর্শনেই সেথানকার সমস্ত কিছু স্কুম্প্টি, বর্ণবহুল হয়ে আমার চোথে ধরা দিয়েছিল; প্রবেশমাত্রেই সুত্র্লভ আনন্দে মনপ্রাণ পূর্ণ হয়ে উঠেছিল। সেথানকার যা কিছু সব অপূর্ণ সৌন্দর্যে ছাওয়া।

কিছুক্লণ চিন্তার পর ওয়ালেদ্ আবার শুরু করল, েদেখ, েতই পর্যন্ত বলে দ্বিধাভরে সে থেমে গেল,—যেন এমন কিছু সে বলতে যাজে যা বিশ্বাসযোগ্য নয়। সেখানে হটো বড় বড় চিতাবাঘ ছিল েতিলভেটের মত নরম গায়ে ফোঁটা ফোঁটা দাগ। আমি তাদের একটিও ভয় করলাম না। ছিলকের বাগানের মধ্যে দিয়ে যে মার্বেল-বসানো পথটা চলে গেছে, অতিকাম চিতা ছটো একটা বল নিয়ে সেখানে গেলা কয়ছিল। তাদের একটা আমার দিকে মুখ তুলে তাকিয়ে একট এগিয়ে এল—মনে হল, আমার সহস্কে তার কোতৃহল ছেগে উঠেছে। সোজা আমার কাছে চলে এল, আমার ছোট ছোট নরম হাতে তার কান বোলাতে বোলাতে শঙ্গ করে উঠল। এ বাগান বে যাহমন্তে তৈরী, তাতে আর সন্দেহ কি? কি বলছ, কত বড় বাগানটা ? ওঃ, বছদূর পর্যন্ত বিস্তৃত! দুরে, অনেক দুরে পাহাড় ছিল মনে হচ্ছে—পশ্চিম কেন্সিংটন কোথায় অদৃশ্র হয়ে গিয়েছে কে জানে! অথচ কেন জানিনা, এখানে এসে মনে হল আমি যেন বাড়ীতেই এসেছি।

আমি ভেতরে প্রবেশ করবার পর দরজাটা বন্ধ হয়ে যেতেই, সেই বাগানের পাতা-বিছানো পথ, গাড়ী-ঘোড়া, সবকিছুই সঙ্গে সঙ্গে ভূলে গেলাম। বাড়ীর শাসনের গুকতর তয়, যত কিছু ছিলা তয় ছশ্চিস্তা, বাস্তবজীননের সমত অহুভূতি, আমার মন থেকে সম্পূর্ণ লুপ্ত হয়ে গেল, মূহ্ঠনধ্যে আমি এক বিভিন্ন জগতের বাসিন্দায় পরিণত হলাম,—আনন্দের বিশ্বয়ে মন প্রাণ ভরপুর। এ এক সম্পূর্ণ অহু ধরণের জগও; এথানে আলোয় কোমলতা আছ, আছে স্থ্রপ্রসারী শক্তি; বাতাসে আনন্দের মৃত্ হিল্লোল; আকাশের নীলিমার স্থকরোজ্জল মেঘে অবান্তবতার স্পর্ণ। আমার সামনের বিস্তৃত পথ, স্প্নারের অবস্থবর্শিত

অথচ আগাছাবিহীন ফুলের সারি আর সেই চিতা ছটো নিয়ে হাতছানি দিয়ে আমায় ডাকছে। নিঃসঙ্গোচে ওদের নরম গায়ে আমায় ছোট্ট হাতছটো রেথে ওদের স্থভোল কানে স্লড্রম্ডি দিয়ে আদর করতে লাগলাম। তারপর ওদের নঙ্গে থেলা শুরু করে দিলাম। ওরা বেন আমাকে বাড়ীতে অভার্থনা করে এনেছে। এ যে আমার নিজের ঘরবাড়ী, এ ধারণা অত্যন্ত দৃঢ়ভাবে আমাকে পেযে বসল; তাই যথন স্থানর লগা নেয়েটি পথে এসে আমাকে কোলে তুলে চুমু থেয়ে জিজ্ঞাসা করল, কেমন আছ,—আশ্রুর হওয়া তো দ্রের কথা, খুসিতে মন পূর্ণ হয়ে উঠল,— মনে হল, এই তো ঠিক, এতদিন কেন যে এ আনন্দ অবহেলা করে এগেছি! কয়েকটা গাছের ফাঁক দিয়ে বড় বড় লাল সিঁড়ি দেখা গেল। বহু পুরোনো, ছায়াবছল গাছের মধ্যে দিয়ে সেই সিঁড়ি বেয়ে উঠে গেলাম। এই পথের ধারে এদিকে ওদিকে অনেক সম্মানস্চক মার্থেলের শুন্ত ছিল, আর ছিল খুব শান্ত পোষন্যান্যুর্র বাঁক ———

এই ছারাশতল পথ ধরে মেষেটির পেছনে পেছনে চলতে লাগলাম।
তার কমনীয় মূপে অপার করণা দুটে উঠছিল। তার চিরুকের
ফলর রেখা আজও আমার মনে পড়ে,—মনে গড়ে তার ধীর মধুর
কঠে আমাকে প্রশ্ন করা, মজার মজার গল বলা। কিন্তু কী সে গল,
সে আর আমার মনে নেই···· হঠাৎ একটা অন্তুত ধরণের বানর
একটা গাছ থেকে আমার কাছে নেমে এসে আমার দিকে তাকিয়ে
অন্তুত মুখভিদ্ধি করে একেবারে আমার ঘাড়ে লাফিয়ে উঠল। খানরটার
চোখে শান্ত দৃষ্টি, বেশ ফিটফাট চেহারা। মহা আনন্দে আমরা পথ
চলতে লাগলাম।

এই পর্যন্ত বলে সে থামল। থামলে কেন. বল।

কয়েকটা ছোটপাট ঘটনা মনে পড়ছে। এক জাযগায় লরেল

গাছের ঝোপের মধ্যে দেখলাম এক বৃদ্ধ চুপ করে বদে রয়েছে।
সেখান থেকে যেখানে গিয়ে পৌছলাম, রঙ্-বেরণ্ডের ছুলের শোভায়
জায়গাটা মনোরম দেখতে হয়েছে। তারপর একটা ছায়াঘন কুঞ্জ-পথ
অতিক্রম করে এক প্রকাণ্ড প্রাসাদের কাছে এনে উপস্থিত হলাম।
কী স্থলর জায়গাটা! চারিদিকে স্থলর স্থলর ঝরণা, আরো কত মনোহর
দৃশু! মনের মত আরও কত কি জিনিব সেখানে রয়েছে! কত
রকমের লোক, কত কি জিনিব দেখলাম;—তাদের কোনটার কথা
স্পাই মনে রয়েছে, কোনটার শ্বতি মান হয়ে গিয়েছে। কেন জানিনা
আমার মনে হল, তারা গ্রাই আমার ওপরে সন্থই, আমার পেয়ে
স্থা হয়েছে। তাদের বিশিই অস্বতিনি, সম্লেহ দৃষ্টিপাত, তাদের
কোমল স্পর্ণ,—আমার অতান্ত ভাল লেগেছিল। সত্যি

কিছুক্ষণ নীরবে চিন্তা করে আবার সে বলতে শুরু করল—
বাদের সঙ্গে আমি পেলা করতাম তারা আমাকে বড় ভালবাসত।
ঘাসে ছাওয়া এক মাঠে একটা স্থ-ঘড়ি ছিন, ফুলে ঢাকা; সেথানে
কত সব স্থন্দর স্থন্দর পেলা আমরা থেলতাম! যত থেলতাম ততই
ভাল লাগত।

কিন্তু আশ্চব, এর পরেই আমার শৃতিতে একটু ছেদ পড়েছে। কী থেলা যে থেলতাম কিছুতেই ননে পড়ে না—হাজার চেষ্টা করেও মনে করতে পারিনি। পরে শিশুকাল অতিক্রম করে যথন কৈশোরে পদার্পণ করেছি, মেই সব ভুলে-যাওয়া থেলা মনে করবার আপ্রাণ, চেষ্টার চোথে ভল পর্যন্ত এসেছে, কতবার ইডেছ হয়েছে, একা-একাই এইসব থেলা থেলি। কিন্তু কিছুতেই কিছু মনে পড়েনি। মনে পড়েছে শুধু সেই অপূর্ব স্থথের শ্বতি, আর আমার অভিনহন্য সঙ্গী তৃজনের কথা। তেন্দ্র সময়ে এলেন এক শান্ত, গন্তীর প্রকৃতির শ্বীলোক, ফ্যাকাশে মুথে চোথে স্বপ্লের ছায়া। তাঁর পরণে লাল রঙের নরম দীর্ঘ পোষাক, হাতে একটা বই। আমাকে

হাতছানি দিয়ে একটা বড় হলখারের দিকে নিয়ে গেলেন। আমার বন্ধুদের ইচ্ছা ছিল না আমি তাদের কাছ থেকে চলে যাই, তাই আমাকে চলে যেতে দেখে তারা থেলা ছেড়ে আমার দিকে তাকিয়ে রইল।

—ফিরে এসো, জাবার র্ণগ্গিরই আমাদের কাছে ফিরে এসো,
—তারা টীংকার করে ববল। আমি মুখ তুলে স্ত্রীলোকটির দিকে
তাকালান, কিন্তু তিনি তা' গ্রাহ্থ করনেন না, শান্ত, গভীর ভাব
বজায় রেথে পথ চলতে লাগলেন। তিনি গ্যালারীতে বসে বই
খুলতে আমি তাঁর পাশে গিয়ে দাড়ালাম, বইতে কাঁ আছে দেখব।
পাতাগুলো খুলে-খুলে বেতে তিনি আমাকে দেখাতে লাগনেন।
অবাক বিশ্বরে আমি সেই বইরের পাতাগুলো লক্ষ্য করতে লাগলাম।
সেই জীবস্ত বইয়ে আমি দেখলাম নিজেকে—তাতে ছিল আমারই
জীবনের কাহিনী—আমার জন্ম থেকে সমস্ত ঘটনার নিথুঁত বর্ণনা।

আরো আশ্চর্য হলাম কেন জান? সেই বইয়ের পাতায় কোন ছবি ছিল না; ছিল শুধু বাত্তব ঘটনা।

একটু থেমে, গভীর, সদ্ধিগ্ধ দৃষ্টিতে ওয়ালেদ্ আমাকে লক্ষ্য করতে লাগল। ...

বলে যাও, আমি বললাম, আমি বুঝতে পারছি।

বান্তব—হাা, নিশ্চরই বান্তব সে দব ঘটনা। কত নান্তব, আরও কত কি, এল আর মিলিয়ে গেল—আমার মা, যাকে আমি প্রায় ভুলতে বসেছিলাম, আমার কঠোর, কর্তব্যনিষ্ঠ পিতা, ভূত্ত্বে দল, আমার থেলাঘর, আমাদের বাড়ীর বহুপরিচিত অরও অনেক কিছু। তারপর দেখলাম আমাদের সদর দরজা, জলবহুল পথে যান-বাহনের চলাচল। যত দেখি ততই চমংক্ত হই, আবার সন্দিগ্ধ ভাবে তাকাই স্ত্রীলোকটির দিকে,—আর ভাড়াভাড়ি পাতা উলটে এই অন্তুত বইয়ের যত্ত্যী পারি দেখে নিতে চেষ্টা করি। শেষ পর্যন্ত এনে থামি দেই

সাদা প্রাচীরের স্বৃত্ত দরভার সামনে। আমার প্রাণে জাগে সন্দেহ, ভীতি: দ্বিগায় গুলে ওঠে মন।

তারপর, তারপর কি? চীংকার করে উঠলাম। তাড়াতাড়ি পাতাটা ওলটাতে যাব, এমন সময় তাঁর শীতল হাতের ছোঁয়ার বাধা পেয়ে আমাকে থামতে হল।

তারপর কী ? আবার জিজ্ঞাসা কবলাম; আমার কচি কচি কচি কাত দিয়ে প্রোণপণ শক্তিতে তাঁর হাত সরিয়ে দিয়ে জোর করে দেখতে চেষ্টা করলাম। তথন তিনি হাত সরিয়ে নিলেন, তারপর নিঃশব্দে মাথা মুইয়ে আমার কপালে চুমু খেলেন। পাতাটা উলটে গেল।

কিন্তু কী আশ্রুর্ক, কোথায় সেই স্তন্তর বাগান, চিতা বাব ছটো, আর আমার থেলার সঙ্গীরা,—কোথার সেই মেয়েট যে আমাকে হাত ধরে নিয়ে গিয়েছিল ? এসবের কিছুই সে বইয়ে দেখা গেল না ;—তার জায়গায় দেখা গেল শুপু শীতল-হয়ে-আসা অপরাক্ষে পশ্চিম কেন্সিংটনের এক বিন্তুত গ্লি-গুসর পথ। তথনো আলো জলেনি। সেখানে দেখলাম আমাকে,—ছোট খাট বেচারাটি, কিছুতেই কায়ার বেগ দমন করতে পারছিনা,—কাঁদছি, কারণ আমার খেলার সঙ্গীদের ডাকে সাড়া দিতে পারছিনা—তাদের কাছে ফিরে যেতে পারছি না। তাদের ডাক শুনতে গাছি,—ফিরে এস, শীগ্ গির আমাদের কাছে ফিরে এস। আমি গেলাম সেখানে। কিন্তু এ তো বইয়ের পৃষ্ঠার কোন ঘটনা নয়, এ যে রাঢ় বাশুব! কোথায় সেই মনোময়কর বাগান, কোথায় সেই মায়ের মত মেহময়ী স্ত্রীলোকট যার কোলের কাছে আমি দাড়িয়ে ছিলাম, কোথায় তাঁর সেই গম্ভীরভাবে আমাকে বাধা দেওয়া ? কোথায় গেল সব?

এই পর্যন্ত বলে আবার সে চুপ করল, তারপর কিছুক্ষণ আগুনের দিকে তাকিয়ে রইল। সেথান থেকে সেই ফিরে আসা,—সে এক অত্যন্ত ছঃথের কাহিনী···বিষণ্ণ স্থারে সে বল্ল।

এমনি আমার ভাগ্য, সঙ্গে সঙ্গে আবার এই নিরানন্দ জগতে ফিরে এলাম। সমস্ত ঘটনাগুলো ভালো করে চিন্তা করতেই মন নিবিড় বেদনায় পূর্ণ হয়ে উঠা। সকলের সামনে কেঁদে ফেলার অপমান, বাড়ী ফিরে আসার নিগ্রহ, আজও মনে পড়ে,—আর মনে পড়ে সেই নিরীহগোছের, সোনার চশনা পরা ভদ্রলোককে, যিনি প্রথমে ছাতার খোঁচায় আমার মনোযোগ আকর্ষণ করে আমার মঙ্গে কয়েছিলেন। তিনি বলেছিলেন, আহা, বেচারা ছেলেনান্ত্য- পথ হারিয়ে ফেলেছ বৃঝি ?—আনি লণ্ডনের ছেলে, বয়স তথন সবে পাচ্ পেরিয়েছে। তিনি ঠিক করলেন একজন ভালনান্ত্য, ছোকরা-গোছের পুলিশ ডেকে আমাকে বাড়ী পাঠিয়ে দেবেন—অর্থাৎ আমার অবহা দেখে ভীড় জমে যাক আর কি! ভরে বিহরল হয়ে, উধর্ব হরে কানতে কালতে, আমি সেই বাগান থেকে বাড়ী ফিরনাম।

সেই বাগানের কথা এর বেশী আর আমার মনে পড়ে না, কিন্তু তার নেশা আজও আমার মধ্যে প্রবল রয়েছে। সেই বর্ণনাতীত আলোকিক সৌন্দর্য, সাধারণ জগৎ থেকে সম্পূর্ণ বিভিন্ন সেই পরিবেশ, —এর কিছুই আমি বর্ণনায় সঠিক ফুটিয়ে তুলতে পারিনি। কিন্তু এ তো স্বপ্ন নয়,— আর বদি স্বগ্রই হয় তো বলব, দিবাস্বগ্ন —স্বপ্ন বলতে আমরা সচরাচর যা বুঝি তার মঙ্গে এর কোন মিল নেই। —হাঁ, তারপর? তারপর আর কি? পিসিমা, বাবা, নার্ন, এক ধার থেকে সকলের কাছ থেকেই প্রশ্নের পর প্রশ্নে জর্জরিত হয়ে উঠলাম।……

সকলকে বোঝাতে চেষ্টা করবার ফলে জীবনে এই প্রথম মিথ্যা বলার অপরাধে বাবার কাছে আমাকে প্রকার থেতে হল। পরে পিসিমার কাছেও একগুঁরেমির জন্ম শাস্তি পেয়েছিলাম। বারণ করে কেওয়া হল সকলকে, কেউ যেন আমার কথায় কান না দেয়:
এবং আমার কল্পনাশক্তির উর্বিতার অপরাধে আমার রূপকথার বইগুলো
পর্যন্ত আমার কাছ থেকে সরিঘে নেওয়া হল। বিশ্বাস হছে না
বোধ হয় ? কিন্তু আমি যা বনতি এর প্রোত্যকটি বর্ণ সত্য—বাবা অত্যন্ত
সেকেলে ধরণের ছিলেন কিনা!

আমার কাহিনী কেউ বিশ্বাস না করায় তা আমার কাছেই রয়ে গেল। আমার বালিশকে আমি সে ইতিয়ত্ত শুনিয়েছি; শিশুর অশ্বতে ভেজা বালিশের কাছে চুগা চুগি বনতে গিয়ে কতদিন জিভে লোনা স্বাদ লেগেছে। দৈনন্দিন প্রাথমার পর প্রাণের এই নিচুত বাসনা জানিয়েছি,—হে ইপর, আমি শেন জামার সেই বাগানের স্বপ্ন দেখি। প্রায়ট সে বাগানের স্বপ্র দেখতাম। বাস্তবে যা দেখেছিলাম স্বপ্নে তাতে কিছু যোগ করেছি কিনা, কিংবা তার কিছু রপান্তর ঘটেছে কিনা, তা আজ বনতে পারি না। শের শুরু কেবল স্মরণের কণা সংগ্রহ করে করে স্কুরে মতীতের আদ-ভুলে-যাওয়া এক সম্পূর্ণ বিবরণ গড়ে তোলবার তেয়। বালের এ ঘটনা মার তার পরবর্তী ঘটনার মধ্যে রয়েছে বিশ্বতির ব্যবনিকা। হত্যশ হয়ে কতদিন মনে করেছি, এ যবনিকা বোকেয় কোনদিনই উল্লোটত হবে না।

আমার মনে স্বভাবতই যে প্রশ্ন জেগে উথেছিন, তার উত্তরে ওয়ালেস বলন, না, নেই বয়সে আর কথনো নেই বয়ানে ফিরেক মেতে চেষ্টা করেছিলাম বলে মনে পড়ে না। আজে একথা চিন্তা করলে আশ্চর্ম হয়ে ঘাই। হয়ত আমার চলাফেরার ওপরে কড়া নজর রাখা হয়েছিল, যাতে এই ছর্মটনার পরে আর আমি বিপথে বেতে না পারি।—না, তোমার সঙ্গে পরিচিত হবার আগে পর্যন্ত আরা কথনো সেই বাগানে যাবার চেষ্টা করিনি। এখন অবশ্য আমার নিজেরই তা বিশ্বাস হয়্ম না;—কিন্তু আমার

জীবনে এমন এক সময়ে সত্যিই হয়ত এনেছিল যথন আমি দেই বাগানের কথা সম্পূর্ণ ভূলে গিয়েছিলাম। তথন আমার বয়স বোধহয় আট কিংবা নয়।

সেণ্ট এাল্থেলস্টানে পড়বার সময়কাব আমার ছোটখাট চেহারটা তোমার মনে পড়ে ?

পড়ে বৈকি।

আমার ব্যবহারে কি এমা কিছুর আভাস তোমরা তথন পেয়েছিলে যাতে মনে হতে পারত,—আমার মনের গহনে কোন গোপন স্বপ্ন বাসা বেঁবেছে ?

<u>– ছই–</u>

হঠাং হেসে মূথ তুলে তাকাল ওয়ালেস—তুমি কি কথনো আমার সঙ্গে 'উত্তর-পশ্চিম পথ' থেলা খেলেছিলে,? না, তা কী করে হবে—তুমি তো আমার পথে আসতে না?

কল্পনা-বিলাগী বালকমাত্রেই সারাদিন ধরে 'ওই ধরণের থেলা থেলে। ব্যাপারটা হল, উত্তর-পশ্চিম পথ ধরে নতুন রাস্তার স্কুলে পৌছোন। স্কুলে বালার সহজ পথ তো ছিলই; কিন্তু আমাদের থেলা ছিল, এমন কোন রাতা আবিক্ষার করতে হবে যা মোটেই সোজান্ত্রজি নয়। আনরা করতাম কি, প্রায় দশ মিনিট আগে বাড়ী থেকে বেরিয়ে এমন এক পথ ধরে চলতান, বে-পথে স্কুলে পৌছোন প্রায় অসন্তব মনে হত। অনেক অজানা পথ যুরে যুরে শেষ পর্যন্ত ঠিক স্কুলে গিয়ে পৌছতাম।

একদিন এইভাবে চলতে চলতে ক্যাম্ডেন হিলের ওপারের বন্তির মধ্যে গিয়ে পড়লান। মনে হল, এবারে বোধহয় খেলায় হার হল, কোন মতেই ঠিক সময়ে স্কুলে পৌছতে পারব না। শেষ পর্যস্ত মরীয়া হয়ে এমন একটা গলিতে ঢ্কে পড়ল ম যেখান থেকে বেরিয়ে আসবার অন্থ কোন পথ আছে বলে আমার ধারণা ছিল না। যাই হোক, ভাগ্যক্রমে শেষ পর্যন্ত একটা পথ পাওয়া গেল। নতুন আশা নিয়ে সেই পথ ধরে ছুটতে লাগলাম। কয়েকটা দোকানের সামনে দিয়ে যেতে কেন জানি না তাদের পরিচিত বলে মনে হল। এমন সময় হঠ়ৎ সেই প্রাচীর আর তার সেই স্বুজ দরজার কাছে গিয়ে পড়লাম।

হঠাং ব্যাপারটা আমার কাছে স্পষ্ট হয়ে উঠল,—সেই স্থন্দর বাগান তাহলে শুধু স্বপ্নমাত্রই নয়!

একট্ থেনে ওয়ালেদ্ আবার শুরু করল, স্থলের ছেলের ব্যন্ত জীবন, আর শিশুর কর্মহীন অনস্ত বিশ্রাম— এ ছয়ের মধ্যে যে কী অপরিমের পার্থকা, সেই সবৃজ্ব দরজার সঙ্গে আমার দিতীয় অভিযানের অভিজ্ঞতা থেকেই তা বেশ স্পষ্ট হয়ে ওঠে। সে যাই হোক, এবারে কিন্তু আমার একবারও ইভ্ছা হল না সেই দরজা দিয়ে প্রবেশ করি। ব্যাপারটা কি জান, আমার মনে তথন একমাত্র চিন্তা, কী করে ঠিক সময়ে স্থলে পৌছতে পারি।

স্থুলে নিয়নিত উপস্থিতির খ্যাতি বজার রাথবার জন্ম উদ্বিধ হয়ে উঠেছিলাম। সেই বাগানের লোভ একেবারে যে আনার হয়নি তা অবশু নয়—একটু আধটু নিশ্চয়ই হয়েছিল… মনে পড়ে য়েন, বাগানে প্রবেশের সেই লোভকে আমার স্থলে যাবার অদনা বাসনার বাধাস্বরূপই ধয়ে নিয়েছিলাম। আমার এই স্নাবিকারে অবশু আমি অতান্ত উৎসাহিত হয়ে উঠেছিলাম, এবং আমার মনের মধ্যেও তার ক্রিয়া চলছিল,—কিন্ত সে বাধা অগ্রাহ্ম করে ঘড়িটা বের করে ছুটতে লাগলাম,—তথনো দশ মিনিট সময় রয়েছে। ঢালু পথ বেয়ে কিছুদ্র যেতেই চেনা জায়গায় গিয়ে পড়লাম। ঘামে ভিজে, দম হায়িয়ে হাঁপতে হাঁপাতে যথন স্থলে পৌছলাম, তথনো স্থল বসেনি। কোট, হাট থুলে যথাছানে

রেখে দেওয়ার কথা আজও স্পাই মনে পড়ে। --- দরজাটার সামনে দিয়ে এভাবে চলে যাওয়া — অত্যস্ত অদ্ভুত, নর কি ?

চিন্তাতুর মুথ তুলে আমার দিকে তাকিয়ে আবার সে বলতে লাগল, তথন কি জ্ঞানতাম যে পরে আর দরজাটা সেথানে দেখতে পাব না ? ছোট ছেলের সীনাবদ্ধ কল্পনায় তথন হয়ত আমার মনে হয়েছিল, বাগানের পথ যথন জানা রইল, তথন আর ভাবনা কি ? ভারী মজা হবে। আপাতত তো স্থলটা সেরে আসি ! সেদিন সকালটা আমার অত্যন্ত উদ্বেশের ওপর দিয়ে কেটেছিল, পড়াশুনোতেও বিশেব মন দিতে পারিনি। ছুটির পরে সেই বাগানে গিয়ে যে সব অন্তুত, স্থলব নাম্বদের দেখা পাব, তাদের চিন্তাতেই বিভোর হয়ে ছিলাম। কেন জানি না আমার মনে হল, আমাকে পেয়ে তারা গুব খুসি হবে। বাগানটা সেদিন আমার কাছে যেন শুধু এক স্থলর বিশ্রামের জাসগা বলেই মনে হলেছিল, গেখানে কেবল পড়াশুনোর চাপের মধ্যে সময় করে কথনো লখনো যাওয়া চলে।

কিন্তু সেদিন আমার বাওয়া হয়ে উঠল না। পরেব দিন স্থানর তাড়াতাড়ি ছুট হবে একথা ভেবেই হোক, অথবা পাঠে অমনোয়োগের হেতু ছুটির পর যথেষ্ট সময়ের অভাবের জন্ত গোক, যে আজ মনে নেই। এইটক শুধু মনে আছে, সেই অপূর্ণ বাগানের স্বৃতি এত নিনিড়ভাবে আমাকে আছের করে রেথেছিল যে আনি আর তা আনার নধ্যে গোপন রাখতে পারলাম না।

সেই যে ছোট মত ছেলেটা পিটপিট করে তাকাতো,—যাকে আনরা স্কুইফ্ বলে ডাকতান,—কি ধেন নামটা তার ?

হণ্কিন্স, আমি বললাম।

হাা, হপ্কিন । ঠিক যে ওকে বলতে চেয়েছিলান তা নয; কেমন যেন মনে হয়েছিল, ওকে একথা জানানোটা আইন-বিক্রক কাল হবে। আমরা ওজনে একসঙ্গে বাডীর পথে কির্ছিলাম। অত্যন্ত কথা বলত সে; স্থতরাং সেই বাগানের কথা না তুললে অন্থ কোন প্রসঙ্গ তুলতে হত, আর আমার তথনকার মনের অবহার পক্ষে অক্থ কোন প্রসঙ্গের অবতারণা একেবারে অস্থ ছিল। বাধ্য হয়েই তাই আমাকে সমত কথা খুলে বলতে হল।

আমার গোপন কথা হপ্কিন্স ফাঁস করে নিল। পরের দিন স্কুলে থেলার বিরতির সময়ে প্রায় গোটা ছয়েক বড় বড় ছেলে সেই বাগানের গল্প কোনবার জন্ম কোতুলনী হয়ে আমাকে ঘিরে ধরে। সেই বড় ছেলেটা, ফসেট,—মনে পড়ে তাকে ? কার্ণেবি আর মর্লে রেনন্ডস্প্ও তানের মধ্যে ছিল। তুমিও ছিলে নাকি ? না, তাহসে আমার মনে থাকত।

ছোট ছেনেদের অন্তভতি নাধারণ মান্তবের মাপকাহিতে একট্ট আছত ধরণের মনে হয়। সত্যি বলতে কি, কথাটা বলে নেলনার জলেনিজের ওপরে আন্তরিক বিরক্তি সম্বেও এই লব বড় বড় ছেলেদের মনোযোগ আকর্ষণ করতে পেরেছি বলে বেশ একট্ট গণ অন্তল্ভব করনাম। জেশোকে মনে পড়ে—গীতকার জ্ঞশোর ছেলে ? তার গ্রেশগোতেই আমি আত্মপ্রসাদ লাভ করেছিলাম সবাধকে বেনী। সে বলেছিল, জীবনে এত স্থানর নিথ্যা এর আগে কথানা শোনেনি। কিন্তু আমার একান্ত নিজন্ম গোপন কথা এভাবে প্রকাশ করে নেবার জন্ত লচ্চার মন ব্যথিত হয়ে উঠল। পশু ফমেট সবৃদ্ধ পোবাক পরা নেয়েটির সন্বন্ধে একট্ট রসিকতা করতে পর্যন্ত ছাড়ল না!

দেই লজ্জাকর ঘটনার স্থুস্প ই শৃতিতে ওয়ালেসের কণ্ঠ্যর ক্ষ্মিণ হয়ে এল । বলল, আমি এমন ভাব দেখালাম, যেন ওর কথা শুনতে পাইনি। হঠাং কার্ণেবি আমাকে নিগ্যাবাদী বলে গাল দিল; আমি যত বলতে লাগলাম আমার কাহিনী সম্পূর্ণ সত্যি, ততই সে আমাকে অবিখাস করতে লাগল। তথন আমি বললাম, আমি জানি দর্জাটা কোথায় এবং দশ মিনিটের মধ্যে সকলকে দেখানে নিয়ে যেতে পারি। এতে কার্ণেবি আমাকে আরো পেয়ে বসল, বলল, যদি আমি তানের না নিয়ে যেতে পারি তো আমাকে শান্তি পেতে হবে। কার্ণেবির হাতের মোচড় যদি কখনো থেয়ে পাক তাহলে আমার অবস্থাটা বুয়তে পারবে। আমি শপথ করে বললাম যে আমি যা বলেছি সব সত্যি, কিন্তু সারা স্কুলে এমন কেটছিল না যে কার্ণেবির হাত থেকে আমাকে রক্ষা করতে পারে। কেবল ক্রশোই সামান্ত আপত্তি তুলেছিল। শেষ পর্যন্ত কার্ণেবির কথামতই আমাকে চলতে হয়েছিল। ভয়ে, উত্তেজনায় আমার কাণ পর্যন্ত লাল হয়ে উঠেছিল। কোথায় ছুটির পর একা সেই বাগানে যাব, তার জায়গায় আমার নিজের বোকামির জন্ত ছচ-ছ'টা স্কুলের ছেলেকে পথ দেখিয়ে সঙ্গে নিয়ে যেতে হছে—মুখ লাল হয়ে উঠেছে, কাণ জালা করছে, চোথ দিয়ে আগুন বেরোছে; আর আমার সঙ্গীরা টিটকিরি করতে করতে, শাসাতে শাসাতে আমার সঙ্গে চলছে।

কিন্ত সাদা প্রাচীর বা তার সব্জ দরজা কোথাও খুঁজে পাওয়া গেল না।

এ্ম :

কোথাও খুঁজে পাওয়া গেল না। খুঁজে পাওয়া সম্ভব ছিল না, সম্ভব হলে আমি নিশ্চয়ই খুঁজে পেতান।

এর পরে করবার একা সেখানে গিগেছি, তব্ও খুঁজে পাইনি। সুলে থাকতে থাকতে আরো কতবার খোঁজ করেছি, কিন্তু এক-বারের জন্মও সেই সালা প্রাচীর বা তার সব্জ দরজার "সন্ধান পাইনি—একবারের জন্মও না।

বন্ধুরা তোমার জীবন গুর্বিসহ করে তুলেছিল তো ?

ওঃ, সে কী পাশবিক ব্যবহার…। বেপরোক্স মিথ্যা বলাব অপরাধে কার্ণেবি সভা আহ্বান করণ। সেই প্রহারের চিহ্ন লুকোরার জন্ম কিভাবে চোরের মত বাড়ী ফিরেছিলাম, সে আমার আজও ননে পড়ে। শেষ পর্যন্ত কাঁদতে ঘুমিয়ে পড়েছিনাম,
—প্রহারের জন্ম নয়,…..কেদেছিলাম, আমার এত লাধের সেই
বাগান খুঁজে না পাওন্নার হঃথে। কত আশা করেছিলাম বিকাল
বেলাটা আনন্দে কাটবে,—সেই স্কুলর মেয়েদের দেখা পাব, আমার
প্রতীক্ষমান স্পাদের সঙ্গে কত খেলা খেলব, সেই দুলে-যাওয়া
স্কুলর হৃদ্র খেলাগুলো আবার নতুন করে শিথে নেব!

আমার দৃঢ় ধারণা ছিল, আমার গোপন রুজু যদি একাশ না করতাস,···

ভারপব কিছুদিন আমার অভান্ত চঃধের মধ্যে দিয়ে কেটেছে,
— সারারাত ধরে কেবল কেঁদেছি, আব সারাদিন বিদল আশায
পুরে বেড়িয়েছি। এমনি করে আমার ছ-ছটো পরীক্ষা হয়ে গেল,
ফলাফল মোটেই আশান্তরূপ হয়নি। ভোমার মনে আছে হয়ত,
— হাা, নিশ্চয়ই মনে থাকবে – অস্কে ভুমি আমার থেকে বেশী নম্বর
পেতেই আবার আমাকে পড়াশুনোর জাঁতাবালে আবদ্ধ হতে হল।

–ভিন–

কিছুক্ষণ আগুনের দিকে তাঞ্চিয়ে থেকে ওয়ানেস্ আবার শুরু করল, এর পরে যথন আমি সেই দর্জা দৈখি, তথন আমার বয়স সতেরো।

বৃত্তি পরীক্ষার জন্ম তক্মফোর্ডের পথে প্যাডিংটন দিয়ে চনেছি, হঠাং তৃতীয়বারের মত দরজাটা মাত্র এক পলকের জন্ম আমার সামনে দেখা দিল। সিগারেট মুখে দিয়ে গাড়ীর বাইরে তাকিয়ে মনে মনে নিজের সম্বন্ধে অনেক আকাশ-কুস্থম রচনা করে চলেছি, এমন সময় হঠাং চোখে পড়ল সেই প্রাচীর, সেই দরজা,—মনে জাগল সেই সব জিনিষের স্থৃতি যা মান্ত্রব ভূলতে পারে না অথচ যা লাভ করাও অসম্ভব নয়। শব্দ করতে করতে আমাদের গাড়ী চলতে লাগল। বিশ্বয় কাটিয়ে সজাগ হয়ে উঠতেই নোড় ফিরল গাড়ীটা। তারপর এল এক অপূর্ব মূহ্ঠ,—হ'রকম বিপরীত মনোভাব একসঙ্গে আমার মধ্যে প্রবল হয়ে উঠল। গাড়োয়ানকে ইলারা করে ঘড়িটা বের কর্লান। সঙ্গে সঙ্গে গাড়োয়ান সাড়া দিল, আজে ভার ?—
ইয়ে কি বলছিলাম – না, কিছু না—আমি বলে উঠলাম,—আমারই ভুল। চল চল, বেশা সনয় নেই। গাড়োয়ান এগিয়ে চলল।

বৃত্তি পেলাম। তার প্রদিন রাত্রে আমার ছোট ঘরে আগগুনের ধারে বসে বাবার উপদেশ, বাবার হুছল ত প্রশংসারাণী শুনছি, কাণে বাজছে তাঁর যুক্তিপূর্ণ উপদেশ,—নন কিন্তু পড়ে রয়েছে সেই সাদা প্রাচীরের সবুজ দরজাটার ওপরে। মনে মনে ভাবলান, সেদিন যান সেই দরজার কাছে নেমে পড়তাম, তাহলে আমার বৃত্তি, অন্যান্দার্ড, আমার উজ্জল ভবিষ্যৎ, সবই নই হয়ে যেত! না গিরে ভালই করেছি। তন্ময় হয়ে চিন্তা করতে লাগলাম,—এমন উজ্জল ভবিষ্যতের জন্ত ওরকম লোভ সংবরণ করা ঠিকই হয়েছে।

সেই প্রিয় বন্ধর দন, নেই অপূব পরিবেশের চিন্ত। শ্রানার অত্যন্ত মধুর লেগেছিল, কিন্তু তবুও তাদের মনে হয়েছিল নিতান্ত জুন্ব পরাহত। জগতের বুকে তথন আমি সপ্রতিষ্ঠ হতে চলেছি, আমার মামনে আর একটা দর্জা উন্যাটিত হচ্ছে – আমার উজ্জ্বন ভবিঞ্জের প্রবেশ্বথ।

আবার সে আগুনের দিকে তাকাল। আগুনের রক্তিন আভার তার মুখের অনমনীয় দৃঢ়তার ছবি পলকের জন্ম ফুটে উঠেই আবার নিসিয়ে গেল।

দীর্ঘধান ফেলে সে বলন, আমার সে ভবিত্রৎকে আমি সাফল্যমন্তিত করেছি। পরিশ্রম করেছি,—হাড়ভাঙা, কঠোর পরিশ্রম। হাজার বার সেই দরজার ধ্রপ্ল দেখেছি, অ:র তাকে প্রত্যক্ষ করেছি—আমার সামনে ক্ষণিকের ছারার মত তা ফুটে উঠেছে—চারবার,—হাঁ। ঠিক চারবার। পার্থিব স্থথের আতিশয়ে কখনো কখনো আত্মহারা হয়ে উঠেছি, মনে হয়েছে, এ জীবন সম্পূর্ণ অর্থপূর্ণ। স্থযোগের সদ্বাবহারেও বিশ্বাস করেছি, এই স্থথের তুলনায় সেই বাগানের আধাে-তুলে-যাওয়া হাতিও মনে হয়েছে য়ান, কুয়াসাছেয়। স্থন্দরী মহিলার সঙ্গে, বিশিষ্ট নাগরিকের সঙ্গে ভাজে যাবার পথে কার আর ইছে হয়, গাড়ী থেকে নেমে গিয়ে চিতা বাঘের পিঠে হাত বুলােই ? অয়দােও থেকে অনেক উচ্চাশা নিয়ে যে লওনে এসেছি !…অগচ তব্ও আমাকে হতাশ হতে হয়েছে।

মুহুর্তের জন্মে কেবল ইচ্ছা হয়েছিল, একবার ভেতরে ঘাই, মাত্র তিন পদক্ষেপের ব্যববান! আমি গেলেই যে দরজাটা তক্ষুনি থুলে যাবে, এতে আমার কোন সন্দেহই ছিল না। কিন্তু পরক্ষণেই মনে হল, তাহলে তো আর যথাসময়ে পৌছতে পারব না, খেলো হয়ে যেতে হবে! এই নির্মায়্বতিতার জল্ম পরে আমাকে অমুতাপ করতে হয়েছিল। একবার ভুগু উঁকি দিয়ে প্র থেকে চিতা ছটোর উদ্দেশ্যে হাত নেড়েও ভোচলে আসতে পারতাম! কিন্তু আসল কথাটা

কী জান! এটুকু জ্ঞান তখন আমার হয়েছিল যে, যা খুঁজে পাওয়া যায় না তার পেছনে ঘুরে বেড়ানো নিরর্থক। সেবার আমার সভাই অত্যন্ত হঃথ হয়েছিল····।

তারপর বহু বছর কঠোর পরিশ্রম করেছি, কিন্তু একবারও সেই দরজার দেখা পাইনি। কিছুদিন হল আবার আমি তার দেখা পেয়েছি। সেই সঙ্গে এ-ও মনে হয়েছে, কিসের বেন একটা পাতলা আবরণ আমার জগৎকে আভ্রম করে রেখেছে। সে বাগান আর আমাকে দেখা দেবেনা—একথা চিন্তা করে মনে ব্যথা পেয়েছি। হয়ত অতিপরিশ্রমের ফলে অস্তম্ব বোব করছিলাম, কিংবা হয়ত, য়াকে বলে,—চাল্শে ধরেছিল। সেই বাগানের নেশা কিছুদিন অত্যন্ত নিবিড় ভাবে অন্থভাব করেছিলাম। তা, আরো তিনবার আমি তা দেখেছি।

কী দেখেছ, সেই বাগান ?

না, দরজাটা। অথচ একবারও প্রবেশ করিনি।

টেবলের সামনে ঝুঁকে পড়ে অত্যন্ত ব্যথাভরা স্বরে সে বলতে লাগল তিনবার আমি সে স্বযোগ পেয়েছিলাম,—হাা, তিন তিনবার। প্রতিজ্ঞা করেছি, আর যদি কখনো সে দরজা দেখতে পাই,—এই ধ্লিধুসর জীবনের উত্তাপ, এই প্রাণহীন আড়ম্বর, এই ব্যর্থ পরিশ্রম ত্যাগ করে চিরদিনের মত চলে যাব, আর ফিরব না। এবারে বলব,…প্রতিজ্ঞা করেছি, কিন্তু চরম মুহুর্তে পেছিয়ে পড়েছি বারবার।

গত এক বছরের মধ্যে তিনবার আমি ওই দরজার সামনে দিয়ে চলে গিয়েছি, অধ্চ একবারও বাগানে প্রবেশ করতে পারিনি।

প্রথম যে রাত্রে তার সামনে দিয়ে যাই, ভাড়াটিয়াদের বিষয়ে কি একটা নিয়ে সেদিন পার্লামেণ্টে ভীষণ উত্তেজনা। মাত্র তিন ভোটের জন্ম গভর্মেণ্ট সে যাত্রা রক্ষা পেয়ে গিয়েছিল।—তোমার মনে আছে কি? আমাদের পক্ষের কেউ ত নয়ই, এমন কি শত্রুপক্ষেরও বিশেষ কেউই এ ধারণা করতে পারেনি। তারপরে হঠাং নিতান্ত সহন্ধ ভাবেই বিতর্কের শেষ হল। হচ্কিসের সন্ধে সেদিন তার এক আত্মীয়ের বাড়ীতে নিমন্ত্রণ ছিল। আমরা হজনেই কুমার ছিলান,— টেলিফোনে নিমন্ত্রিত হয়ে তার গাড়ীতে করে গেলাম। সমর অত্যন্ত অয় ছিল। যেতে যেতে হচাং চোপে পড়ল সেই প্রাতীর, সেই সর্জ দরজা,—চাদের আলোয় ফাকানে দেখতে হয়েছে, আমাদের গাড়ীর হলদে আলোর ছিটে এখানে ওখানে কটে উসেছে। খ্ব স্পেট দেখা না গেলেও এ-ই যে সেই সর্জ দরজার প্রাচীর, তাতে আর'কোন সন্দেহ নেই। হা ঈশ্বর! আমি চীৎকার করে উঠলাম। কী বাপোর ? হচ্কিস জিজাসা করল। না, ও কিছু নয়, আমি উত্তর করলাম। লগ্ন বয়ে গেল।

ভোজসভায় প্রবেশ করে হুইপকে বলনাম, আমি একটা বড় রকমের ত্যাগ স্বীকার করে এসেছি।

সে ত ওরা সকলেই করেছে, বলে তিনি তাড়াতাড়ি সেথান থেকে চলে গেলেন।

ও ক্ষেত্রে আর আমার এ ভিন্ন কীই বা করবার ছিল ় এর পরে আবার যথন সেই দরজা প্রত্যক্ষ করি, তথন আমি আমার কঠন্যনিঠ তৃষ্ণ পিতার কাছে বিদায় নিতে চলেছি। কঠনোর দাবী সেক্ষেত্রও ছিল অলজ্মনীয়। কিন্তু তৃতীয়বার সম্পূর্ণ বিভিন্ন পরিবেশে আমি দরজাটার দেখা পাই। এ হল এক সপ্তাহ আগেকার ঘটনা। সে কথা চিন্তা করতেও মন অভতাপে দক্ষ হয়ে যায়। গারকর আর র্যালক্ষ্ আমার সঙ্গে ছিল্লার্রুরর সঙ্গে আমার সেই কথোপকথন, সে আর এখন গোপন নেই। ক্রোবিশারের বাড়ীতে সেদিন আমাদের ভোজ ছিল। আমাপ আলোচনা বেশ ঘরোয়া ধরণেরই হয়ে উঠছিল নতুন গড়ে-ওঠা মন্ত্রিসভায় আমার স্থান পাওয়ার সন্তাবনাই ছিলই যত আলোচনার বিষয়বন্ধ । ত্রানাক করা উচিত নর, তব্ও তোমাকে জানাতে বাধা নেই।

··· हैं। भक्तान, भक्तान !-- यांक, आगांत काहिनी आरंग (भारता ।

সেদিন রাত্রে কোন কিছুরই নীনাংসা হল না। আমার নিজের পরিস্থিতি সহদ্ধে গারকরের কাছ থেকে পাকা কথা শোনবার জক্ষ উদ্গ্রীব হয়ে উঠেছিলাম, কিন্ধু র্যালফ্ সের উপস্থিতি বিন্নু ঘটাতে লাগল। বাতে খোলা- খুলিভাবে আমার সম্বন্ধে আলোচনা না হয়, সেই চেপ্তার অনেক মাথা আমাতে হয়েছিল। র্যালফ্ সের পরবর্তী ব্যবহারে বেশ প্রমাণ পাওয়া গিয়েছিল বে আমার এ সাবধানতার প্রশ্নোজন ছিল। ঠিক করেছিলাম, কেন্সিংটন হাই ব্রীটের কাছ বরাবর গিয়ে র্যালফ্ স্ আমাদের সঙ্গ তাগ করলে সেই স্থযোগে হঠাৎ সরাসরি কথাটা তুলে গারকরকে হকচকিয়ে দেব। এ রক্ম ছোটখাট মতলবের সাহাব্য নাত্রকে মাঝে মাঝে গ্রহণ করতে হয়ে

এ ছেন সময়ে আমাদের সামনে, আমার দৃষ্টিরেথার সীমাদেশে, সেই সাদা প্রাচীর আর সেই সবুজ দরজার উপন্থিতি সংক্ষে সচেতন হয়ে উঠলাম !

কথা বলতে বলতে আমরা ওর সাননে দিয়ে চলে গোলাম। আজও যেন দেখতে পাই,—গারকরের মুখের একটা দিকের, তার খাড়াই নাকের ওপরে ঝুঁকিয়ে-দেওয়া অপেরা-হাটের, আর তার কাধের চাদরের ভাঁজগুলোর ছায়া,—আমার আর রালিদ্নের ছায়ার ওপর দিয়ে ধীরে ধীরে চলে যাজেঃ।

যেথান দিয়ে আমরা চলে গেলাম, দরজাটা সেথান থেকে কুড়ি ইঞ্জিরও বেশী দূরে হবে না। মনে মনে বলেছিলাম, ওদের কাছে বিশায় নিয়ে যদি ঐ দরজা দিয়ে ঢুকে পড়ি তো কেমন হয়? কিন্তু গারকরের সঙ্গে কথাটা শেষ না করে কী করেই বা তা সম্ভব!

আরো অনেক সমস্তা এসে আসল প্রশ্নতীকে গোলমাল করে নিল।
মনে হল, ওরা হয়ত আমাকে পাগল মনে করবে। আছা,
আমি যদি সবার অগোচরে হঠাং অদৃশু হয়ে যাই? 'বিখ্যাত
রাজনীতিবিদের অন্তুত অন্তর্ধান!' এই সব চিন্তা, আরও হাজারটা

অতি তুচ্ছ বৈষয়িক বৃদ্ধি, নেই পরম মূহুর্তে আমাকে এর বিপক্ষে যুক্তি দিল।

হৃঃথের হাসি হেসে আমার দিকে তাকিয়ে ওয়ালেদ্ বলল, তারপর,—এই আমি।

এই আমি। আমার স্থযোগ চলে গিয়েছে। এক বছরের মধ্যে তিন তিনবার সেই দরজা দিয়ে প্রবেশের স্থযোগ পেয়েছি—যে দরজা নিয়ে যায় শাস্তি ও আনন্দের দেশে, স্বপ্রাতীত সৌন্দর্যের এলাকায়, করুণার অন্তঃপুরে—যে অসীম করুণা সাধারণ মামুষের কল্পনারও অতীত। আর আমি সেই দরজা প্রত্যাথ্যান করেছি, রেডমণ্ড; আর সে ফিরে আসবে না।

কেন এ কথা বলছ!

জানি, আমি জানি। যে কাজের অজুহাতে সে দরজাকে আমি এত অবহেলা করে এসেছি, সেই কাজ আজও আমার শেষ হয়নি। তুমি হয়ত বলবে, আমি সাফল্য লাভ করেছি,—এই অর্থহীন, বিরক্তিকর সাফল্য, যার জন্ম আমাকে অনেকের ইর্যাভাজন হতে হয়েছে। হাা, সে সাফল্য আমি লাভ করেছি।—একটা আথরোট তার হাতে ধরা ছিল, সেটা দেখিয়ে বলল—এ-ই যদি আমার সাফল্য হয় তাহলে দেখ—বলে সেটা ও ডো করে আমার সামনে তুলে ধরল।

একটা কথা তোমাকে না বলে পারছি না। গত ছ'মাস—ছ'মাস কেন, গত দশ সপ্তাহের মধ্যে নিতান্ত প্রয়োজনীয় কাজ ভিন্ন আমি কিছুই করিনি। যে অন্তলোচনায় আমার হৃদয় পূর্ণ হয়ে উঠেছে, তার সান্থনী নেই। রাত্রির অন্ধকারের আড়ালে, যথন আমাকে চিনতে পারার সন্থাবনা অল, আমি বেরিয়ে পড়ি। ঘুরে বেড়াই কেবল। লোকে জানতে পারলে কী বলবে কি জানি, হয়ত বলবে,…মন্ত্রিসভার একজন সভ্যা, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিভাগের একজন দায়িত্বশীল প্রতিনিধি,—একটা দরজা, একটা বাগানের জন্ত শোক প্রকাশ করছে— কুঁপিয়ে ফুঁপিয়ে কোঁদে উঠছে বারবার! তার পাণ্ডর মুথের ছালা এখনো যেন আমার সামনে স্পষ্ট ভেসে উঠছে। সেই কাহিনীর বর্ণনার মময়ে যে সম্পূর্ণ অপরিচিত ধুমল, অগ্নিমফ জ্যোতি তার চোথে দেখা দিয়েছিল, তার স্মৃতি আজ রাত্রেও আমার কাছে স্পষ্ট। ঘরে বসে তার কথা, তার বাচনভদী মনে করবার চেষ্টা করছি,—এখনো সোফার ওপরে পড়ে রয়েছে গতরাত্রের ওয়েন্ট-মিন্স্টার গেজেট, যাতে তার মৃত্যুসংবাদ প্রকাশিত হয়েছিল। ক্লাবের ভোজে আজ কেবল তার সম্বন্ধেই আলোচনা হয়েছে।

গতকাল অতি প্রত্যুবে পূর্ব-কেন্সিংটন স্টেশনের কাছে এক গভীর গতেঁর মধ্যে তার মৃতদেহ পাওয়া যায়। দক্ষিণ দিকে রেল লাইন বসাবার জন্ম যে ছটো গর্ত করা হয়েছিল, এই গর্তটা তাদেরই একটা। জন-সাধারণের অবগতির জন্ম এর ওপরে একটা বিজ্ঞাপন দেওয়া ছিল, আর শ্রমিকদের প্রবেশের জন্ম ছিল একটা ছোট দরজা। ছ'জন কুলির মধ্যে ভুল-বোঝার ফলে দরজাটা রাত্রে খোলাই ছিল, যার ফলে এই ছুর্যটনা।

অনেক প্রশ্ন, অনেক দলেহের বাপে আমার মন ভরে উঠেছে।

গত সেশনের অভ্যাসমত সেদিনও বোধহয় সে সমস্ত পথটা পাযে হেঁটে গিয়েছিল। কল্পনায় দেখতে পাই, আপাদমস্তক আনৃত এক ছায়াম্তি গভীর রাত্রে নির্জন পথ ধরে আচ্ছল্লের মত এগিয়ে চলেছে। স্টেশনের কাছাকাছি আসতে ইলেক্ট্রকের মান আলোয় কি তার বিভ্রম ঘটেছিল, না কি, সেই সর্বনাশা খোলা দরজা তার মনে কোন অতীত স্থতি জাগিয়ে তুলেছিল?

প্রাচীরের গায়ে সত্যিই কি কোন খোলা দরজার অন্তিম্ব ছিল ?

জানিনা। তার কাহিনী যেমনটি তার কাছে শুনেছি, ঠিক তেমনই তুলে দিলাম। কথনো মনে হয়েছে, এক অভুত ধরণের ভ্রান্তি ওয়ালেসের মনকে আশ্রয় করেছিল,—হয়ত বা কোন ফাদে পড়েছিল সৈ। কিন্তু আমার আন্তরিক বিশ্বাস তা নয়। আপনারা হয়ত আমাকে মৃর্থ, কুসংস্কারাছেয় মনে করবেন, কিন্তু তাতে আমার কিছু যায় আসে না। আমার প্রায় নিশ্চিত ধারণা,—কোন অলৌকিক ক্ষমতা, স্বয়্রলভ কোন ময়ভূতি কিংবা ঐ রকম একটা কিছু,—একটা প্রাচীর, একটা দরজার রূপ পরিগ্রহ করে দৈনন্দিন জীবনের থেকে সম্পূর্ণ বিভিন্ন এক স্থানরর জগতের পথে তাকে হাতছানি দিয়ে ডাকত! আপনারা হয়ত বলবেন, শেষ পর্যন্ত তাকে প্রতারিত হতে হয়েছিল। এইখানেই আমরা এই সব স্বয়ালস, কল্পনাবিলাসীদের রহছের সম্থীন হই। সাধারণের চোথে জগও একই রূপে দেখা দেয়, কোপাও তার খাদ, কোপাও তিবি। নয় বান্তবের মাপকাটিতে দেখতে গেলে আমরা বলব, জীবনের নিশ্চিন্ত স্বছ্ছলতাকে জলাঞ্বনি দিয়ে সে অন্ধকারে, বিপদের মধ্যে ঝাঁপিয়ে পড়েছিল আর তাতেই হল তার মৃত্য়।

কিছু সে নিজে কি ব্যাপারটা সেভাবে দেখেছিল?

-- অমিয়কুমার চক্রবর্তী

পরলোকগত মি: এভস্হাচমর কাহিনী

বে গল্প এখন আপনাদের সামনে উপস্থিত করতে চলেছি, লোকে যে তাকে সত্য বলে বিশ্বাস করে নেবে, এ আশা করি না; তবে, আমারই মতন আর যদি কেউ বিপন্ন হন, তা হলে, সেই বিপদ এড়াবার একটা পথ খুব সম্ভবত এই গল্প থেকে তিনি খুঁজে পেতে পারেন। আমার অবস্থা, আমি বেশ ভালভাবেই জানি যে সব আশা-ভরসার বাইরে এবং এখন ভাগ্যকে শ্বীকার করে নেবার মতন কথঞ্চিৎ নিজেকে প্রস্তুত করেও নিয়েছি।

আমার নাম হল এডওয়ার্ড জর্জ ইডেন। স্ট্যাফোর্ডশায়ার অঞ্চলে ট্রেণ্টহানে আমি জন্মগ্রহণ করি। আমার বাবা সেথানকার বাগানের কাজে নিস্কু ছিলেন। যথন আমার তিন বছর বয়স সেই সময় আমার মারা যান, তার ত্বছর পরেই বাবাকে হারাই। অগত্যা আমার কাকা জর্জ ইডেন আমাকে তাঁর নিজের ছেলে হিসেবে গ্রহণ করেন। তিনি অবিবাহিত একক জীবন যাপন করতেন। নিজের চেটায় নিজেকে গড়ে তুলেছিলেন। করিংকমা সাংবাদিক হিসেবে বার্মিংহানে তাঁর যথেই খ্যাতিও ছিল। আমার লেখাপড়া সম্পর্কে তিনি মৃক্তহত্তে থরচ করেছিলেন এবং আমার মধ্যে তিনি জাগিয়ে দিয়ে গিয়েছিলেন জগতে আয়-প্রতিষ্ঠা করবার কামনার শিথাকে। বছর চারেক আগে যথন তিনি পর্রলাক গমন করেন তথন তাঁর সমগ্র সম্পত্তি আমাকেই দিয়ে যান, সমস্ত প্রাস্কিক থরচ-থরচা বাদ দিয়ে সে সম্পত্তির অঙ্ক দাঁড়ালো পাঁচলো পাউত্তে। তথন আমার আঠারো বছর বয়স। এই টাকাটা দিয়ে আমার অসমাপ্ত শিক্ষাকে সম্পূর্ণ করবার উপদেশ তিনি উইলে লিখে যান। আমি ইতিমধ্যেই ডাকারী পড়বার কথা ঠিক করে

রেপেছিলাম। তাঁর পরিত্যক্ত সেই দানের সাহায্যে এবং সৌভাগ্যবশত অর্জিত একটা স্থলারলিপের ভরসায় আমি লণ্ডনের বিশ্ববিত্যালয় কলেজে ডাক্টারী পড়বার জন্তে ভর্তি হলাম। আমার এই কাহিনী যে-সময় থেকে, শুরু হয়, সে-সময় আমি ১১-এ য়ুনিভার্সিটে স্ত্রীটের বাড়ীর উপরতলায় একটা ছোট ঘরে বাস করছিলাম। ঘরের মধ্যে আসবাবপত্র এলোমেলোভাবে ছড়ানো স্কর্কার, ছোট্ট ঘর। এই একটি ছোট্ট ঘরেই শোয়া-বসা সক্র সারতে হত, কারণ আমার হাতে সামান্ত যে টাকা-কড়ি ছিল, যাতে তার পাই-পয়সাটিরও উপযুক্ত সম্বাবহার হয়, সেদিকে বিশেষ লক্ষ্য রেথে আমাকে জীবন্যাত্রা করতে হত।

লেদিন একজোড়া পুরাণো জুতো নেরামত করিয়ে নেবার জন্মে যথন আমি টোটেনহাম কোর্ট রোডের দোকানের অভিনুথে যাত্রা করেছি, তথন সেই থর্বাক্তি বৃদ্ধ লোকটির সঙ্গে আমার প্রথম সাক্ষাং ঘটে। বয়সের দরুণ বৃদ্ধের মুথের রঙ হলদে হয়ে এসেছিল। আজ আমার জীবন এই বৃদ্ধের সঙ্গে অবিচ্ছেতভাবে জড়িয়ে গিয়েছে। দরজা খুলে সবে মাত্র যথন রাস্থায় নামব, দেখি, কুটপাতের ওপর দাঁড়িয়ে বৃদ্ধ সন্দিগ্ধভাবে বাড়ীর নগরের প্রেটের দিকে চেয়ে আছে। নিম্প্রভ ধোঁয়াটে ছই চোথ—চোথের ভেতরে কোলে কোলে একটা লাল রেখা ফুটে উঠেছে। দরজা খুলে দাঁড়াতেই সোজা চোথ ছটো আমার মুথের ওপর এনে পড়ল। আমাকে দেখতে পাওয়র সঙ্গে সঙ্গেই বৃদ্ধের মুথে একটা বহু দিনের অভ্যন্ত স্থপ্রাতীন আন্তরিকতার ছাপ ফুটে উঠল।

ঠিক মুহূঠে তুমি এনে পড়েছ দেখছি! বৃদ্ধ বলে উঠন। তোমার বাড়ীর নম্বরটা ভুলে গিয়েছিলাম। কেমন আছ নিঃ ইডেন?

এই অতি-পরিচিত সম্বোধনের ভঙ্গীতে আমি বিস্মিত হয়ে গেলাম, কারণ এর পূর্বে আর কোন দিন এই বৃদ্ধকে আমি চোখে দেখিনি পর্যন্ত। তা ছাড়া, বগলে ছেঁড়া ছুতো নিয়ে সেই অবস্থায় তার সামনে দাঁড়িয়ে থাকতে মনে রীতিমত বিরক্তিও বোধ করছিলাম। প্রত্যুত্তরে আমি যে অমুরূপ ফগুতা দেখাতে পার্লাম না, সে জিনিষ্টা বুরের দৃষ্টি এড়াল না।

ক ! ভাবছ এ আপদ আবার কে এল ? বিশ্বাস কর, আমি তোমার বন্ধ । বিদিও তুমি আমাকে দেখো নি, কিন্তু আমি তোমাকে এর আগেদেখেছি । বলি, নিরবিলি কোন জায়গাব তোমার সঙ্গে হুটো কথা বলতে পারি ?

আমি ইতস্তত করতে লাগলাম। আমার ঘরের অগোছালো কদর্যতার মধ্যে যে কোন অপরিচিত লোককে নিয়ে যাওয়া চলে না! তাই বলগাম, বেশ তো, রাস্তা দিয়ে হাঁটতে হাঁটতে কথা হতে পারে। আপাতত এখন আমার পক্ষে ফিরে যাওয়া……

আমার বক্তব্যটা অঙ্গভঙ্গী দিয়েই শেষ করনাম।

বৃদ্ধ বলে উঠন, তা ঠিকই বলেছ ! বলার সঙ্গে সঙ্গে এদিক এদিক মুখ ঘূরিয়ে দেখে নিল।

—রান্তায় ··· এঁ ্য ·· তাই হবে ! কোন্ দিক দিয়ে তাহলে যাওয়া যাবে ? বগল থেকে পুরোণো জুতোজোড়াটা নিমে দরজার ভেতরে কেলে রেথে দিলাম।

হঠাৎ বৃদ্ধ বলে উঠল, দেখ, আমি বেজন্তে তোমার কাছে এসেছি, সে বাাপারটা একটু থাপছাড়া গোছের। তাই বলি কি, চল এক জায়গার বলে লাঞ্চ থাওয়া যাক। দেখছ তো, আমি বুড়ো মান্ত্র্য, একান্ত বুড়ো মান্ত্র্য— সব কথা গুছিয়ে বলবার ক্ষমতা হারিয়েছি—আর তা ছাড়া, রাস্তার এই অই-প্রহর ঘড়ঘড় শব্দের মধ্যে আমার গলার এই মিহি আওয়াজ——

আমি যাতে আর অমত না করি, বৃদ্ধ তার লোলচর্ম হাতথানি দিয়ে আমার হাত ধরে মিনতি জানাল। দেখলাম, তার হাত কাঁপছে।

অবশ্য আমার দিক থেকে আমি ততথানি বৃদ্ধ হই নি যাতে করে আর একজন বৃদ্ধ লোক তার সঙ্গে লাঞ্চ থেতে আমাকে আমন্ত্রণ না করতে পারে। কিন্তু এই হঠাং-আপ্যায়নকে আমি ঠিক সহজভাবে গ্রহণ করতে পারছিলাম না। তাই বললাম, আমি বলি কি… কিন্তু আমাকে বলতে না দিয়ে বৃদ্ধ বলে উঠণ, বলতে যদি হয় আমিই বলি, আমার এই পাকা চুলের দর্শ অন্তত আমি থানিকটা সহলয়তা দাবী করতে পারি!

অগত্যা আমাকে রাজী হতেই হল এবং বৃদ্ধের সম্পেই চলতে শুক করলান।

বুদ্ধ আমাকে নিয়ে ব্ল্যাভিটম্বীর হোটেলে গিয়ে উঠল। তার গতির সঙ্গে তান রেখে চলবার জন্ম আমাকে বাব্য হয়েই দীর পদক্ষেপে চলতে হচ্ছিল। থা ওয়ার সময় দেখলাম, বৃদ্ধ সমত্তে আমার সমন্ত কৌতৃহলী প্রশ্নকে এড়িয়ে চলতে লাগল। সেই অবকাশে বন্ধের চেহারাটা আমি ভাল করে দেখবার স্থযোগ পেলাম। দাড়ি-গোঁক পরিষ্কার ভাবে কামানোর দর্যণ মুখটা পাতলা দেখাচ্ছিল এবং প্রত্যেকটি রেখা স্পষ্ট হয়ে ফুটে উঠেছিল। ঠোঁট শুকিয়ে কুঁচকে গিয়েছে, তার ভেতর থেকে তৈরী-করা নকল দাতের পাট ধরা পড়ছে। মাথার চুল সাদা হয়ে কমে এসে:ছ কিন্তু বেশ লম্বা চেহারা গড়নের দিক থেকে ছোট-খাট· অবশ্য আনার দেহের তুলনায় অধিকাংশ লোককেই আমার ছোটখাট বোধ হয়। বৃদ্ধকে লক্ষ্য করে দেখবার সময়, আমি বুঝলাম, বৃহ্ধও আমাকে ঠিক তেমনি ভাবে লক্ষ্য করছে। তার চোথের দৃষ্টির মধ্যে একটা আশ্চর্য লোভাতুর কামনার শিখা যেন জলছে; আমার প্রশন্ত কাঁধ থেকে আরম্ভ করে রৌদ্র-পুষ্ট বর্লিষ্ঠ হুই বাছর ওপর मिरा यामार माता यन राम क्षांजुत मुष्टे मिरा वातवात लाइन करत চলেছে। গিগারেট ধরাতে ধরাতে সে বলে উঠন, ই্যা, এখন যে কাজের জন্মে এসেছি, সেই কাজের কথা বলা যাকু!

প্রথমেই অবশু বলে রাথছি, আমি রুদ্ধ। বলেই কয়েক মৃহুর্তের জন্তে থেমে গিয়ে আবার বলতে শুরু করল,—এবং ব্যাপারটা হচ্ছে মে, আমার কিছু টাকাকড়ি আছে, যা আমাকে অবিশবেই ব্যবস্থা করে দিয়ে যেতে হবে…তবে, নিয়ে যাব এমন কেনে সন্তানসন্ততি আমার নিজের নেই।

বৃদ্ধের কথার আমার মনে পড়ে গেল, এইতাবে বিশ্বাস উৎপানন করিয়ে ধৃঠ লোকেরা তাদের ব্যবসা চালায়। তাই আমার পাঁচশো পাউণ্ডের অবশিষ্ট যা পড়ে আছে, গে-সম্বন্ধে আমি মনে মনে সতর্ক হয়ে উঠলাম। তার নি:সঙ্গ জীবনের কথা বৃদ্ধ ঘূরিয়ে ফিরিয়ে বিস্তারিত ভাবে জানাতে লাগল এবং বলল, টাকাটার ব্যবস্থা সম্বন্ধে সেইজন্যে তার ফুর্ভাবনার অস্ত নেই।

এটা-ওটা-সেটা নানা রকমের পরিকল্পনার কথা আমি ভেবে দেখেছি; দাতব্য প্রতিষ্ঠানে দান করে যাওয়া, কোন ভাল প্রতিষ্ঠানে দেওয়া, স্কলারশিপের ব্যবস্থা কিম্বা কোন লাইত্রেরীর জন্তে দান, সবই ভেবে দেখেছি। শেবকালে এই সিদ্ধান্তে উপস্থিত হয়েছি যে, স্পের ওপর বদ্ধ দৃষ্টিতে চেয়ে থেকে আবার বলতে শুরু করল, আমি স্থির করেছি যে আনি এমন একজন তরুণ যুবাকে খুঁজে বার করব, দেহে ও মনে যার ম্বাস্থা অনুট, জীবনে যার হ্রাকাজ্জা আছে, মন যার স্থপবিত্র এবং অর্থের দিক থেকে যে দরিদ্র। তাকেই আমার উত্তরাবিকারী স্করণ আমার যা কিছু আছে সব দিয়ে যাব।

শেষ কথাটার পুনরাবৃত্তি করে সে আবার বলল, তাকেই আনি সব দিয়ে যাব· তার ফলে সেই যুবা তার আদর্শের সংগ্রামের দরণ যে ছর্ভোগ আর বিপত্তির মধ্যে পড়ে থাকতে বাধ্য হয়েছে, হঠাং একদিন তার ভেতর থেকে মাথা ঠেলে উঠবে, স্বাধীন জীবনে আরু নিঃশঙ্ক প্রতিপত্তিতে।

নিজেকে উদাসীন দেখাবার চেটা করলাম। একান্ত বচ্ছ আত্ম-প্রবিষ্ণনার স্থারে বলে উঠলাম, এবং আপনি সেই ব্যাপারে আমার সাহায্য চান, অর্থাৎ ডাক্তার হিসাবে সেই যোগ্য গুবকটিকে খুঁজে বার করতে যাতে আপনার সহায় হতে পারি ? বৃদ্ধ হেসে উঠল এবং সিগারেট থেতে থেতে এমন ভাবে আমার দিকে চাইল যাতে আমার বৃথতে বাকি রইল না যে আমার এই বিনীত আত্মপ্রবঞ্চনা বৃদ্ধ অনায়াসেই ধরে ফেলেছে। ফলে আমিও হেসে উঠলাম।

বৃদ্ধ বলে উঠল, আমি ভাবি, সেই টাকা নিয়ে সেই যুবকটি জীবনকে কতভাবেই না গড়ে তুলতে পারে! মনে মনে হিংসা হয় যথন ভাবি, আমি সারাজীবন ধরে সঞ্চয় করে গেলাম, যাতে আর একজন লোক খরচ করতে পারে!

কিন্তু কতকগুলি সত্ অবশু থাকবে, কতকগুলি বোঝা তাকে বইতে হবে। উদাহরণ স্বরূপ ধর, প্রথমে তাকে আমার নামটিকে গ্রহন করতে হবে। বিনিময়ে কোন কিছু না দিয়ে জগতে কেউ কিছুই পেতে পারে না। তাকে গ্রহণ করার আগে, তার জীবনের সমস্ত ব্যাপার তন্ন তন্ন করে আমি পরীক্ষা করে দেখব। তাকে সব রকমে বলিষ্ঠ হতে হবে। তার জন্মে আমাকে তার বংশের খবর জানতে হবে, তার বাবা ঠাকুরদা কিভাবে দেহত্যাগ করেছেন জানতে হবে, তার নিজের ব্যক্তিগত চরিত্র সম্বন্ধে পুঝারুপুঝারপে আমাকে অনুসন্ধান করে দেখতে হবে—

বৃদ্ধের উক্তিতে মনে মনে সে সংগোপন আত্মপ্রসাদ অন্তভব করছিলাম, তা যেন কমে এল। বলে উঠলাম, তাহলে কি আমি বুঝব···আপনি আমাকে·····

তীব্ৰ, উত্তেজিতভাবে বৃদ্ধ বলে উঠলো, গ্ৰাণ্ড তুমি ৷ তুমিই ়

আমি কোন জবাব দিতে পারলাম না। মনের ভেতর তথন কলনা উদাম নৃত্য শুরু করে দিয়েছে, আনার সমন্ত সাংসারিক নেতিবাদ কোনমতেই আর তাকে ধরে রাথতে পারছে না। মনের মধ্যে ক্তুজ্ঞতার কোন চিক্টই দেখতে পেলাম না। কী যে বলব, কিভাবেই বা তা বলব কিছুই ঠিক করে উঠতে পারণাম না । অবশেষে জিজ্ঞাসা করে উঠণাম, কিন্তু বিশেব করে আমাকেই এ অনুগ্রহ কেন ?

বৃদ্ধ তার উত্তরে জানাল, অধ্যাপক হাস্লারের কাছ থেকে আমার বিষয়ে সে শুনেছিল যে আমি শরীর ও মনের দিক থেকে একজন সাঁচ্চা যুবক। বৃদ্ধের বাসনা, এমন লোকের কাছেই সে তার সম্পত্তি রেথে যাবে, যেখানে স্বাস্থ্য এবং চরিত্র সম্বন্ধে তার কোন সন্দেহের অবকাশ থাকবে না।

সেই থর্বাকার রূদ্ধের সঙ্গে সেই আমার প্রথম সাক্ষাৎ। নিজের সম্বন্ধে বৃদ্ধ কোন রহন্তই আমাকে ভেদ করতে দিল না, এমন কি তার নামটি পৃথস্ত জানাল না। আমার সম্বন্ধে কতকগুলি প্রশ্ন করে বৃদ্ধ হোটেলের দরজার সামনে থেকেই বিদায় নিয়ে চলে গেল। হোটেলের দাম চুকিয়ে দেবার সময়, আমি লক্ষ্য করনাম, বৃদ্ধ পকেট থেকে মুঠো করে কতকগুলো নোহর তুলল। দৈহিক স্বাস্থ্যের ওপর বুদ্ধের সেই অত্যাধিক ঝোঁক আমার কেমন যেন বিস্মাকর লাগল। বৃদ্ধের সঙ্গে আমার যে বন্দোবস্ত হয়, তারই সিদ্ধান্ত অনুযায়ী আমি সেইদিনই লয়্যান ইন্সিওরেন কপ্পানীতে একটা নোটা টাকার বীমার জন্ম দর্থান্ত করলাম । পরের সপ্তাহে সেই কম্পানীর ডাক্তারেরা এদে আমায় আগা-পাশ-তলা পরীক্ষা করে গেল। তাতেও সম্বষ্ট না হয়ে বৃদ্ধ বলল, স্বনামখ্যাত ডাক্তার হেণ্ডারসনকে দিয়ে আবার নতুন করে পরীক্ষা করাতে হবে। খুই-পর্বের সেনিন শুক্রবার, রন্ধ মতিস্থির করণ। তথন সন্ধা উত্রে প্রায় ন'টা হয়ে গিয়েছে, আমি প্রাথমিক বৈজ্ঞানিক পরীক্ষার দরুণ একমনে রসায়নের সমীকরণ নামতা মুধত্ব করছি—এমন সময় বুদ্ধ আমাকে নীচে থেকে ডাকল। গ্যাসের বাতির ক্ষীণ আলোর তনায় দাঁড়িয়ে ছিল। আলো-ছায়ার রেথায় বৃদ্ধের মূথ বিশ্বয়কর, জয়াবহ नाशिक्त। अथम या प्रतिकृतिम, त्रिषिन मत्न इन वृक्ष त्यन আরো কুঁজো হয়ে গিয়েছে, তার ছই গণ্ড যেন আরো ভেঙে গিয়েছে।

আবেগে তার কঠম্বর কাঁপছিল। সমস্ত অন্নসন্ধানের ফল খুব ভালই হয়েছে মিঃ ইডেন—বৃদ্ধ বলে উঠল, চমৎকার, সত্যিই চমৎকার হয়েছে ! আজ সব রাতের সেরা এই রাত, আজ রাতে তৃমি আমার সঙ্গে খাবে এবং আজই হবে তোমার প্রাপ্তি-যোগ।

হঠাৎ কাশতে গিয়ে বৃদ্ধ থেনে গেল। ক্রমাল দিয়ে মুখ মুছে নিয়ে, বৃদ্ধ তার হাড়-বার-করা হাতের থাবা দিয়ে আমার হাত সজোরে ধরে বলে উঠল, তোমাকে বেশীদিন অপেক্ষা করেও থাকতে হবে না·····আমি বলছি, বেশীদিন নয়·····

রান্তায় নেমে একটা গাড়ী ডাকলাম। সেইটুকু রান্তার সব কিছুই আজ স্পষ্ট আমার মনে পড়ছে। গাড়ীর সেই স্বচ্ছল ক্রতগতি, পথ চলতে চলতে গ্যাস, তেল আর বিহাতের আলোর সেই পরস্পার-পার্থক্য, রাস্তায় লোকের ভিড়, রিজেন্ট খ্রীটের যে হোটেলে আমরা গিয়ে উঠেছিলাম, সেথানে পর্যাপ্ত পরিমাণে যে-সব উপাদেয় খাছ আমরা গ্রহণ করেছিলাম, – সবই স্পষ্ট মনে পড়ছে। মনে পড়ে, হোটেলের স্থসজ্জিত বেযারাগুলো বখন আমার এলোমেলো পোযাকের দিকে কটমট করে চাইছিল, সেই' সময় প্রথমটা একটু বিব্রত হয়ে পড়েছিলাম; কিন্তু দেহের ভেতর খ্যামপেনের রস যাওয়ার সঙ্গে সঙ্গে রক্ত আবার চন্চুনে হয়ে উঠল, নিজের ওপর আহা আবার ফিরে এল। গোড়ার দিকে বৃদ্ধ তার নিজের কথাই বলে চলেছিল। গাড়ীতে আসবার সময়েই বুদ্ধ তার নাম আমাকে জানিয়েছিল। স্থবিখ্যাত দার্শনিক এগবার্ট এভ সহ্যাম, বার নাম আমি স্কুলে ছাত্রাবস্থা থেকে শুনে আসছি! একথা ভারতেই বিশ্বয় লাগে যে, থার অসামান্ত প্রতিভা সেই বালককাল থেকেই আমার ওপর প্রভাব বিস্তার করেছিল, আজ এইভাবে সেই স্ব্যুখান ক্রনার ছবি আমার সামনে এই ধর্বাকার, অতিপরিচিত বৃদ্ধের মূর্তিতে প্রকট হয়ে উঠেছে! আনার বিশ্বাস, প্রত্যেক তরুণই যথন তাদের ধ্যানের মহাপুরুষকে সহসা এইভাবে চোধের সামনে মূর্ত দেখে, তথন আনারই মতন নৈরাশ্রের বেদনা ভোগ করে। তিনি অচির-ভবিশ্বতের কথা তুলে বললেন, শীঘ্রই তাঁর শীর্ণ জীবন-ধারা শেষ হয়ে আসবে; তথন আনি তাঁর কাছ থেকে সব কিছুই পাব,—বাড়ী, কপিরাইট, বিভিন্ন কম্পানীর শেয়ার। কোনদিন আনার স্বদূরতম কল্লনাতেও আমি ভাবতে পারিনি যে দার্শনিকেরা এত ধনী হয়। আনি যেভাবে পান করছিলান এবং যে-মাত্রায় থাছ গ্রহন করছিলান, আনি ম্পষ্ট লক্ষ্য করলাম, তিনি রীতিমত যেন তা ঈর্ধ্যার চোধে দেথছেন। তিনি বলে উঠলেন, বাঁচবার কি ত্রন্ত শক্তিই না তোমার নধ্যেরছে।

তারপর একটা দীর্ঘাস কেলে বলে উঠলেন, আর বেশী দেরী নেই!
আমার মাথায় তথন শ্রাম্পেনের তীব্র স্থরা টলমল করছে।
বলে উঠলাম, হাাঁ, মনে হচ্ছে যেন আমার সামনে স্থলর ভবিশ্বৎ
রয়েছে স্পেনর বৈকি অবশ্র আপনার অন্প্রহের ফলেই! আজ
থেকে আপনার নাম ব্যবহার করবার সৌভাগ্য আমার হবে।
কিন্তু আপনার যে গৌরবোজ্জন অতীত রয়ে গেল, তার কাছে আমার
সমন্ত ভবিশ্বং অতি তুক্ত।

মনে হল, আমার সেই প্রেমন্ন প্রশংসাবাণী যেন তিনি ঈষৎ মান হাসি। হেসে গ্রহণ করলেন।

হঠাং বলে উঠলেন, তোমার দেই ভবিশ্বং, সত্যিই কি তুমি চাও পরিবর্ত হিসেবে নিতে?

এমন সময় বেয়ারা আরো স্থরা পরিবেশন করে গেল।

আমার নাম গ্রহণ করতে তুমি রাজীই আছ—হয়ত আমার স্থনাম, প্রতিপত্তিও নিতে পার, কিন্তু সতিটি কি তুমি স্বেচ্ছার আমার এই বার্ধ ক্যকে নিতে চাও? বীরত্ব দেখিরে বলে উঠলাম, নিশ্চরই, যদি তার সঙ্গে পাই আপনার কীতিকে !

তিনি আবার হেসে উঠলেন।

বেয়ারার দিকে চেয়ে আদেশ করলেন, তেটো থেকেই দাও, কুনেলও দাও।

পকেট থেকে একটা ছোট কাগজের মোড়ক বার করলেন। বললেন, এক পেট থাওয়ার পর লোকে সাধারণত হাল্কা জিনিব নিয়েই আলোচনা করে। আমার অপ্রকাশিত বিভার মধ্যে এইটে হলো এক টুকরো একটা হালকা জিনিব!

এই বলে কম্পান্থিত জীর্ণ হাত দিয়ে সেই কাগজের মোড়কটা খুলে তার মধ্যে থানিকটা লালচে রঙের গুঁডো মেশালেন।

বললেন, এই যে দেখছ, এটা যে কী, তা তুমি যা হোক অনুমান করে নিতে পার। কিন্তু এই যে এক গেলাস কুমেল, এতে এই গুঁড়োর একট ফেলে দাও, এখনি তা হয়ে যাবে হিমেল।

আমার ভাবতে রীতিমত আঘাত লাগছিল যে, এতবড় একজন দার্শনিক এমনি ভাবে মদে বেদামাল হয়ে থেতে পারে। যাই হোক, আমি এমনি ভাব দেখাতে চেটা করলাম, যেন তাঁর এই ব্যাপারে আমার রীতিমত একটা উৎস্কর্য জন্মছে। আমারও মাধায় যেন মদের খেলা শুরু হয়ে গিয়েছে, তাই ঐ সব ছোটখাট পাগ্লামি সহ্ করতে আমারও কোথাও বাধছিল না।

তুটো প্লানেই সেই শুঁড়ো একটু একটু করে দিয়ে তিনি হঠাং অপ্রত্যাশিত এক মহিমান্তিত ভঙ্গীতে দাঁড়িয়ে উঠলেন এবং আমার দিকে আমার গেলাসটি এগিয়ে দিয়ে নিজের গেলাসটি তুলে ধরলেন। আমিও দেখাদেখি অমুরূপভাবে আমার গেলাসটি তুলে ধরলাম। ছটো গেলাসে ঠেকাঠেকি করা হল। তিনি বলে উঠলেন, যাতে অতি ক্রুত্ত তুমি তোমার অধিকার পাও, তার ক্রম্ম এই পান-পাত্র তুমলাম।

আমি তাড়াতাড়ি বললাম, না না, তা কেন, তা কেন ?

গেলাসটা চিবৃকের কাছে ধরে রেখে তিনি থেনে পড়লেন, তারপর জলস্ত দৃষ্টিতে আমার চোথের দিকে তাকিয়ে রইলেন।

আমি সেই দৃষ্টির উত্তরে বলে উঠলাম, আপনার দীর্ঘ জীবন কামনায় এই পাত্র আমি তুললাম!

প্রত্যুত্তর দিতে গিয়ে তিনি থেমে গেলেন। তারপর হঠাং চীংকার করে হেসে উঠে বললেন, হাা দীর্ঘ জীবনই বটে।

পরস্পরের চোথের ওপর চোথ রেথে আবার আমরা যে-যার গেলাস ওপরে তুলে ঠেকাঠেকি করলাম। আমি যথন এক চুমুকে পাত্র নিঃশেষ করছিলাম, তিনি স্থিরদৃষ্টিতে আমার দিকে চেয়ে ছিলেন। পাত্র শেষ করবার সঙ্গে সঙ্গে আমার দেহের মধ্যে এক তাঁর আলোড়ন অন্তর্ভব করতে লাগলাম। তার প্রথম স্পান্দনে, বিচিত্র মনে হল, মন্তিক্ষের মধ্যে যেন উন্মান কলরোল শুরু হয়েছে। মাথার খুলির ভেতর থেকে কি যেন শরীরী হয়ে জেগে উঠেছে, তু'কান ভরে যেন অবিবল গুল্পন শুরু হয়ে গেল। মুথেতে কোন আস্বাদ-বোধই ছিল না। শুধু চোথে পড়ল, আমার সামনে তাঁর সেই ধুনল চোথের দৃষ্টি যেন শাণিত ছুরিকার মত আমাকে ভেদ করে চলেছে। সেই স্থরা, আমুবিদিক মানসিক আলোড়ন, মন্তিক্ষের ভিতর সেই কোলাহল,—যেন মনে হতে লাগল সমগ্র কালকে আছের করে ফেলেছে। চেতনার সীমান্ত-রেথায় যেন অর্ধ-বিশ্বত ঘটনার বিচিত্র স্ব অস্পষ্ট ছায়া নৃত্য করে চলেছে। অবশেষে বৃদ্ধ সেই মায়াজাল ছির করে একটা স্থ-উচ্চ দীর্ঘশ্বাস ফেলে গেলাস্টানামিয়ে রাগলেন।

কেমন ? বৃদ্ধ জিজ্ঞাসা করে উঠলেন। অপূর্ব !

মাথাটা বুরছিল। বলে পড়লাম। মাথার ভেতর সমস্টা থেন এলোমেলো, গওগোল হয়ে গিয়েছে। ক্রমণ ধীরে চেতনা স্পষ্ট হয়ে উঠল এবং অবতল আয়নার ভেতর দিয়ে বেমন স্ক্রাতিস্ক্রভাবে সব দেখা যায়, তেমনি যেন সব দেখতে লাগলাম। বৃদ্ধের দিকে চেয়ে দেখলাম, তাঁর ভাবভঙ্গী যেন পরিবর্তিত হয়ে গিয়েছে…চঞ্চল, নার্ভাস! পকেট থেকে ঘড়ি বার করে মুখবিক্রত করে বলে উঠলেন, এগারোটা-সাত! আজ রাত্রে আমাকে—নিশ্চয়ই—সাতটা-পচিশ—স্বস্! ওয়াটার্ল্! আমাকে যেতেই হবে এক্পি!

তাড়াতাড়ি বিল আনতে বলে কোন রকমে কোটটা গায়ে চড়িয়ে নিনেন। আমাদের সাহাত্য করবার জন্ম হোটেলের নিযুক্ত লোক অপেক্ষা করেই ছিল। কয়েক মূহূর্ত পরেই একটা গাড়ীর সামনে দাড়িয়ে আমি তাঁকে বিদায়-সম্ভাষণ জানালাম।

সেই জিনিবটা, তিনি বলে উঠলেন; তারপর কপালে হাত ঠেকিয়ে বললেন,—তোমাকে দেওয়া ঠিক হয়নি। কান সকালে তার জন্মে মাথা যন্ত্রণায় তেঙে পড়বে। আচ্ছা, এক মিনিট দাঁড়াও!

সঙ্গে সঙ্গে পকেট থেকে সিডলিজ পাউডারের মোড়কের মতন একটা জিনিষ আমার হাতে দিয়ে বললেন, যথন শুতে যাবে, জলে শুলে একটা থেয়ে নিয়ো। এর আগে যে জিনিবটা তোমাকে দিয়েছিলান, সেটা একটা ওয়ুধ। মনে থাকে, ঠিক শোবার সময় থেয়ে নেবে, কেনন ? তাহলেই সকালবেলা মাথা পরিষ্কার হয়ে যাবে। ব্যস্ক্রিশ্ব হাতটাক্তিবার, হে আমার ভবিশ্বং!

বৃদ্ধের চর্মসার থাব। গুহাত দিয়ে জড়িয়ে ধরলাম। বৃদ্ধ বলে উঠলেন, বিদায়! বৃদ্ধের চোথের পাতা দেখলাম আরোঝালে পড়েছে। বৃষ্ধাম, সেই মন্তিক্ষ-বিদারক ওষ্ধের প্রভাবে তিনিও কথঞ্চিৎ প্রভাবাধিত হয়েছেন।

চলে যাবার মুখে বৃদ্ধ হঠাৎ নিজেকে ঝাঁকানি দিয়ে ফিরে দাঁড়ালেন, কি যেন হঠাৎ মনে পড়ে গিয়েছে। বৃক-পকেট হাতড়ে আর একটা মোড়ক বার করলেন। মোড়কের ভেতরের জিনিষটা কামাবার সাবানের মতন দেখতে। এই দেখ, আমি প্রায় ভূলেই গিয়েছিলাম। কাল আমার সঙ্গে দেখা না হওয়া পর্যন্ত এটা খুলো না—তবে এটা এখন তোমার কাছেই রেখে দাও——

জিনিসটা এত ভারী লাগলো যে হাত থেকে পড়ে যাবার মতন হল। বেশ···তা···ই দিন্···আমি উত্তর দিগাম। গাড়ীর জানলার ভেতর থেকে বৃদ্ধের বাঁধানো দাত ঝিকমিক করে উঠল।

গাড়োয়ান চাব্কে ঘোড়াকে সজাগ করে তুলতেই গাড়ী চলতে আরম্ভ করে দিন।

বে জিনিবটি বৃদ্ধ আমাকে রাখতে দিলেন, দেখলাম সেটা সাদা মোড়কে ঢাকা, ছদিকে হাল গালা দিয়ে আঁটা। ভাবলাম, এতে যদি টাকা না থাকে, তাহলে এতে নিশ্চয়ই প্ল্যাটনাম কিংবা সীসে আছে।

বিশেষ যত্নসহকারে জিনিসটি বৃক পকেটের ভেতরে রেখে দিয়ে রিজেন্ট ব্রীটের পদচারী জনতার মধ্য দিয়ে, পোর্টল্যাণ্ড রোড পেরিয়ে, অন্ধকার গলি-পথ ধরে বিঘূর্ণিত মন্তিকে বাড়ীর পথ ধরলাম। বাড়ী আসবার পথে যে সব বিচিত্র অন্থভূতি সেদিন অন্থভব করেছিলাম, আজও তার চেতনা একান্ত স্পষ্টভাবে মনে জেগে আছে। তথনো পর্যন্ত আমি নিজের সন্তার জ্ঞান এতদূর পর্যন্ত হারাই নি যে, নিজের মনে কি হচ্ছে তা বৃন্নতে পারব না। তাই বিশ্বিত হয়ে ভাবছিলাম, পান-পাত্রের সঙ্গে যে পদার্থটি রজের কাছ থেকে গলাকঃরণ করেছি, সেটা বোধহয় আফিং হবে—এমন কোন জিনিষ যার কোন পূর্ব-অভিক্ততা আমার ছিল না। সেই সময় আমার মনের মধ্যে যে বিচিত্র আবেশের স্কৃষ্টি হয়, তার লক্ষণ স্পষ্ট করে বর্ণনা করা আজ আমার অসাধ্য। কতকটা বলা যেতে পারে যে, আমার নিজের মধ্যে যেন তথন তটো মনের স্কৃষ্টি হয়ে গিয়েছিল। রিজেন্ট ষ্ট্রাট দিযে হেঁটে যাবার সময় হঠাৎ আমার মধ্যে কে যেন জোর করে আমাকে বৃথিয়ে দিছিল, এটা

वित्रक्क द्वीं नव, विशे हन **उद्योगित्रन् हिननवर** मिह मान वक्की বিচিত্র বাসনা জেগে উঠছিল যে, এখনি পলিটেকনিক বাড়ীতে গিয়ে উঠে পড়ি। ভাল করে একবার চোথটা রগড়ে নিলাম, হাা এটা তো রিজেট ট্রীটই ! কী করে বোঝাব আমার তথনকার অবস্থাটা কি রকম? ধরুণ আপনি দেখছেন, আপনার সামনে একজন প্রতিভাশালী অভিনেতা আপনার দিকে স্থিরদৃষ্টিতে চেয়ে আছে… হঠাৎ অভিনেতাটি একটা মুখভঙ্গী করল, সঙ্গে সঙ্গে সে বদলে मन्पूर्न जानामा लाक हाय जान ! यो कि छनाउ थुवरे जानखि লাগবে যদি বলি রিজেন্ট খ্রীট যেন আমার সামনে ঠিক সেই ব্যাপারটি করে তুলল? তারপর যথন আবার ধারণা ফিরে এল যে, এটা तिरङ्ग द्वीवेर, उथन मत्नत मर्सा हो कि त्यन मत व्यामिकक মৃতি জেগে উঠল । ভাবতে লাগলাম, ত্রিশবছর আগে, এইখানে, আমার ভায়ের সঙ্গে ঝগড়া করেছিলাম ! তারপর হঠাৎ নিজের মনে হেলে উঠলাম। আমার সেই হাসি দেখে একদল নিশাচর পদতারী বিস্মিত হয়ে আমার দিকে চেয়ে দেখল। হাসলাম, ত্রিশ বছর আগে আমার তো জন্মই হয়নি, আর তা ছাড়া, আমার যে ভাই বলে কেউ আছে, একথা গর্ব করেও বলতে পারি না। হয়ত যে জিনিটো মদের সঙ্গে গ্রহণ করেছি, সেটাই মূর্তিমান তরল ভ্রাম্ভি: কেননা তথনও পর্যন্ত যে ভাই আমার নেই তাকে হারানোর ব্যথা আমার মনের পেছনে ধারু। দিচ্ছিল। পোর্টলাও রোড দিয়ে যাবার সময় দেখি, আমার এই উন্মাদনা আর এক রূপ গ্রহণ করেছে। আমার মতে গড়তে লাগল, রান্তার ছুধারে আগে বে-সব দোকান ছিল, সেগুলো এখন আর নেই। মনে মনে রাস্টাটার আগেকার চেহারার সঙ্গে বর্তমান চেহারার তুলনা করতে লাগলাম। যে-মাত্রায় সুরা গ্রহণ করেছিলাম, তাতে যে চিস্তা এলেমেলোভাবে ব্রাড়িয়ে বিল্লাস্ত হয়ে বেতে পারে, সে কথাটা বুঝতে থুব কট হল না.

কিছ যে চিন্তা আমাকে বিচলিত করে তুলল, সেটা হল এই,—
মনের মধ্যে কোথা থেকে এই সব ছায়াময় বিচিত্র শ্বৃতির
ছরস্ত অভ্যুদয় সন্তব হল ? শুপু যে এই সব বিচিত্র শ্বৃতির
মধ্যে জেগে উঠতে লাগল তা নয়, সেই সঙ্গে বহু শ্বৃতি যেন
পিছলে সরে সরে বেতে লাগল । প্রিভেন্স্-এর জীব-বিজ্ঞান সংক্রাস্ত
দোকানের সামনে হঠাৎ দাঁছিয়ে পড়লাম, মাথা খুঁড়ে কিছুতেই
বার করতে পারলাম না, তার সঙ্গে আমার কী সম্পর্ক থাকতে
পারে। পাশ দিয়ে একটা বাস্ চলে গেল, স্পষ্ট মনে হল ট্রেণের
আভিয়াজের কথা । হারানো শ্বৃতি খুঁজে বার করবার জন্ত যেন
গভীর অন্ধকারময় এক গহররে পড়ে গিয়েছি। অবশেষে বলে
উঠলাম, হাা হাা, কাল সে কথা দিয়েছে, তিনটে বাাঙ্ আমাকে
এনে দেবে৽
আশ্বর্ণ, সেকথা ভুলে গিয়েছিলাম

।

া আজও কি ছেলেদের সেই থেলা দেখানো হয়, কাঁচের ভেতর দিয়ে একটার এর একটা দৃশ্য চলে যাছে অদৃশ্য হয়ে ? মনে পড়ে সেই ছবির থেলাতে দেখেছি, একটা ছবি প্রথমে আবছা ভূতের মতন অম্পষ্ট দেখা দেয়, তারপর সেটা স্পষ্ট হয়ে ওঠে, আবার অস্পষ্ট হয়ে আর একটা ছবির সঙ্গে মিশে যায়। ঠিক সেই রকম ভাবে মনে হছিল, আমার ভেতরে আমার নিজের প্রতিদিনের সভার চেতনার সঙ্গে যেনঃসম্পূর্ণ নতুন এক সেট ভুতুড়ে চেতনা জড়িয়ে মিশিয়ে যাছিল।

াইউস্টন রোড দিয়ে টোটেনহাম কোটে যাবার সময় কেমন নেন একাট্র ভয়-ভয় করতে লাগল। তথন লক্ষ্যই করিনি যে, সাধারণতঃ এ-পঞ্চ দিয়ে আমি কোন দিন বাড়ী ফিরি না। সেথান থেকে যুরে ার্নভার্মিট ষ্ট্রাটে ঢুকে মনে পড়ে গেল, তাইত, আমার বাড়ীর নম্বরাতা ভূলে গিয়েছি! অনেক চেষ্টার ফলে ১১-এ নম্বর মনে প্রডল, কিন্তু সেই সঙ্গে মনে ধল যে এই নম্বরটা একজন লোক আয়াকে জানিয়ে দিয়েছিল, কিন্তু সেই শোকটা যে কে, তা আর মনে

পড়ল না। মনকে স্থান্থির করবার জন্তে সান্ধ্য ভোজনের কথা
মনে করতে চেষ্টা করলাম। কিন্তু শত চেষ্টা করেও বে-লোকটি
আমাকে আপ্যায়িত করে খাওয়াল, তার মুখের চেহারা কিছুতেই
মনে করতে পারলাম না। বহু চেষ্টার ফলে শুরু একটা ছারামর
রেখা মনে পড়ল, জানলার ভেতরে বেমন নিজের অস্পষ্ট চেহারার
ছারা চোখে পড়ে। যে জারগার সেই লোকটির বসবার কথা,
আশ্চর্যের ব্যাপার, দেখলাম সেখানে যেন আমিই বসে আছি
টেবিলের সামনে, মুখ-চোখ টলটল করছে…অনবরত কথা বলে
চলছি।

ভাবলাম, সঙ্গে যে আর একটা পাউডার আছে, সেটা খেরে দেখব…এ অসম্ভব হয়ে উঠেছে!

বাতি আর দেশলাই হলের যে কোণে থাকে, আমি তার উল্টো কোণে গিয়ে খুঁজতে লাগলাম। সেই সঙ্গে মনে সন্দেহ এল, কোন্ চন্তব্যে আমার ঘর তা ঠিক করে উঠতে পার্ছিনা।

নিশ্চরই মাতাল হয়ে গিয়েছি, এবং সেই কথাটাই প্রমাণ করবার জন্ম ইচ্ছা করেই সি^{*}ডির ওপরে ভল পা ফেলতে লাগলাম।

প্রথম চোথ পড়তেই মনে হল, এ ঘরটা যেন ঠিক আমার পরিচিত
নয়। মনে মনে বলে উঠলাম, কী আজগুরি ভাবছি! এবং চারিদিকে
ভাল করে চেয়ে দেখলাম। কিছুক্ষণ চেষ্টা করার ফলে নিজের সন্থিৎ
ফিরে পেলাম এবং এতক্ষণ ধরে যে ভূতুড়ে ভাবনা মনকে আছের
করে ছিল, দেখলাম সেই পরিচিত পরিবেশের মধ্যে সে নিঃশন্দে বিশৃপ্ত
হয়ে গেছে। সেই পুরাণো আয়না, আয়নার কোণে কোণে গোঁজা
আমার হাতের লেখা কাগজের টুকরো, মেঝেতে ইতঃন্তত ছড়ানো সেই
আমার জীর্ণ প্রতিদিনের পোষাক, সেবই ঠিক রয়েছে তবুও কেমন যেন
মনে হতে লাগল, যা দেখেছি তা যেন সত্য নয়। আমার মনের মধ্যে
একটা ল্রান্ক ধারণা যেন জোর করে জেগে উঠছিল, আমি যেন একটা

ট্রেনের কামরার বলে আছি, ট্রেণটা একটা ষ্টেশনে এলে এইমাত্র থেমেছে আমি কামরার জানালা দিরে যেন আর একটা অজানা ষ্টেশনকে দেখতে পাছি। নিজের প্রত্যয়কে স্থপ্রতিষ্ঠিত করবার জ্বল্যে আমার খাটের রেলিঙ্ জোর করে মুঠো দিয়ে ধরলাম। বলে উঠলাম, নিশ্চরই আমি কোন প্রেত-তত্ববিদের হাতে পড়ে গিয়েছি…এথ্নি সাইকিক্যাল রিসার্চ সোসাইটিকে লিখে জানাতে হবে।

সেই গোল পদার্থটি টেবিলের ওপর রেখে, বিছানার ওপর বসে পায়ের জুতো থুলতে লাগলাম। মনে হল, আমার সেই সময়কার মনের অবস্থার ছবি বেন সামনের আর একটা ছবির ওপর আঁকা রয়েছে। নিজেকে অভিশাপ দিয়ে বলে উঠলাম, একি, পাগল হয়ে বাচ্ছিনিকি? না, একই সঙ্গে আমি ছ'জায়গায় রয়েছি?

কোনরকমে আধাআধি পোষাক খুলে সেই গুঁড়োটা একটা গেলাসে চেলে খেয়ে ফেললাম। গেলাসে ঢালার সঙ্গে সক্ষে গুঁড়োটা ফুলে ফেঁপে উঠলো শেষ্ড নীলার মত রঙ। বিছানায় শোবার সময় দেখি মন শাস্ত হরে এসেছে। ছই গাল দিয়ে মাথার বালিশটা চেপে অন্তব করে দেখলাম শতারপর ঘূমিয়ে পড়েছি।

বিচিত্র সব বস্ত জন্তদের স্বপ্ন দেখতে দেখতে হঠাৎ ঘুন ভেঙে গেল। দেখি, বিছানায় পিঠ দিয়ে সোজা শুয়ে আছি। প্রত্যেকেই জানেন, ভয়াঠ স্থপের মধ্যে যখন হঠাৎ ঘুন ভেঙে যায়, জেগে উঠলেও তখনো মনের মধ্যে বিচিত্র ভয়ের ভাবনা চলতে থাকে। মুখের মধ্যে কেমন যেন বিহাদ বোধ হতে লাগল, সারা অঙ্কের মধ্যে তীব্র ক্লান্তি, গায়ের চামড়ায় অভ্যন্ত অস্বস্থি বোধ করতে লাগলাম।

বালিশে মাথা রেখে চুপটি করে শুয়ে রইলাম; মনে হল এই ভাবে কিছুক্ষণ চুপটি করে শুয়ে থাকলে এই ভয়াঠ ভাব এবং বিচিত্র অমুভ্তির চেতনা কেটে যেতে পারে এবং আবার হয়ত খুমিয়ে পড়তে পারি। কিন্ত তার পরিবর্তে দেখলাম, সেই ভয়াত অমুভৃতি যে বেড়েই চলেছে। কোথায়

বে কী গণ্ডগোল ঘটেছে, কিছুতেই বৃষতে পারলাম না। ঘরের মধ্যে একটা ক্ষীণ আলো জলছিল, এত ক্ষীণ যে তাকে অন্ধকারের সামিলই বলা যায়। সেই ক্ষীণ আলোয় ঘরের আসবাব-পত্রগুলোকেও মনে হচ্ছিল যেন এক বিরাট অন্ধকারের বিচ্ছিন্ন সব কুদ্র কুদ্র অংশ। বিছানার চাদরের ওপর দিয়ে শুধু চেয়ে রইলাম।

হঠাৎ মনে হল, আমার টাকার বাঙিলটা চুরি করবার জন্ম ঘার যেন অক্ত আর একজন কেউ চকেছে। যুম আনবার চেষ্টায় নিয়মিত জোরে নিশ্বাস-প্রশাস নেওয়ার চেষ্টা করতে লাগলান। ঘুম এলো না বটে কিন্ত চোরের ভাবনা কেটে গেল। বুমলাম, ওটা আমার কল্পনা। কিন্তু মনের মধ্যে তথনও সমান ভাবে কে যেন আমাকে বোঝাতে চাইছে যে নিশ্চাই কোথাও কিছু গণ্ডগোল হয়ে গিয়েছে। চেটা করে বালিশ থেকে নাথা তলে অন্ধকারে চারদিকে চোথ ঘুরিয়ে ঘুরিয়ে দেখলাম। কী যে দেখলাম. তা বুঝে উঠতে পারশাম না। আমার চারদিকের সেই সব অম্পই আসবাবপত্রের চেহারার দিকে চেয়ে চেয়ে ওধু মনে হতে লাগল, তারা টেবিল বা আলমারী, বা বই-এর শেলফ নয়, তারা যেন যে-যার আরুতি অমুযায়ী ছোট-বড়-মাঝারি রকমের টকরো টকরো অন্ধকার। ক্রমশঃ সেই ছিন্নভিন্ন অন্ধব্যরের মধ্যে সব যেন কেমন অপরিচিত মনে হতে লাগল। বিছানাটা কি ঘুরিয়ে নতুন করে পাতা হয়েছে ? ঘরের এখানটাতে তো বই-এর শেলফ গুলো থাকা উচিত ছিল, কিন্তু তার পরিবর্তে বতই চেয়ে দেখি, তত্তই যেন দেখতে পাই, বস্ত্রাবৃত বিবর্ণ কি একটা রয়েছে, তাকে আর যাই মনে করা যাক, বই-এর শেলফ কিছুতেই মনে করা যায় না। চেয়ারের ওপরে আমার শার্টটা খুলে রেখেছিলাম, কিন্তু তার পরিবর্তে যে জিনিষটি চোখে পড়ছে, সেটা এত লম্বা বে কিছুতেই শার্ট হতে পারে না।

শিশু-স্থলত তয় জাের করে ঝেড়ে ফেলে দিয়ে, গায়ের চাদর সরিয়ে বিছানা থেকে নামবার জন্ম পা বাড়ালাম। কিন্তু আশ্চর্যের ব্যাপার, পা-টা তাে মেঝেতে গিয়ে লাগল না! তার বদলে দেখি, পা-টা বিছানার ওপরে তোষকের কাছে গিয়ে পড়েছে। আর এক পা এগিয়ে বিছানার ধারে গিয়ে বসলাম। সাধারণতঃ আমার বিছানার ধারেই মোমবাতিটা থাকে এবং দেশলাইটা পাশের ভাঙা চেয়ারে থাকে। অভ্যাসমত হাত বাড়ালাম কিন্তু হাতে কিছুই ঠেকল না। অন্ধকারে হাত তুলতে হাতে ভারী নরম কি একটা জিনিষের স্পর্শ লাগল,—মশারির পশমি ঝালর, খুব মোটা আর নরম। হাতের সংস্পর্শে মোলায়েম খদ্থদ্ শব্দ উঠল। সেটা ধরে টান দিতে দেখলাম, বিছানার ওপর টাঙানো ঝালরওয়ালা মশারি।

ইতিমধ্যে চোথ থেকে ঘূমের রেশ পর্যন্ত চলে গিয়েছে। বুঝলাম, সম্পূর্ণ অপরিচিত এক ঘরে আমি শুয়ে আছি। অবাক হয়ে গেলাম। রাত্রির ঘটনা মনে করতে চেষ্টা করলাম এবং আশ্চর্যের ব্যাপার, এখন স্পষ্ট সব মনে পড়তে লাগল। হোটেলে খাওয়া, সেই ছোট ছোট ছটো কাগজের মোডক, নেশা হয়ে গিয়েছে বলে আমার হুর্ভাবনা, পোষাক ছাড়া, বালিশে মুখ দিয়ে স্পর্শ করা, সবই মনে পড়ল। হঠাৎ একটা সন্দেহ জেগে উঠন। এই যে সব ঘটনা মনে করছি, এগুলো কি গত রাত্রিতে ঘটেছিল, না তার আগের দিন রাত্রিতে ঘটেছিল? যাই হোক, এটা কিন্তু স্থানিশ্চিত বুঝতে পারলাম, এই পর আমার সম্পূর্ণ অপরিচিত এবং কি করে যে এখানে এলান, কিছুতেই মনে করে উঠতে পারলাম না। সামনে বস্তাবৃত যে অস্পষ্ট রেথাময় ছায়ামূতি দেখছিলাম, ক্রমশ তা স্পষ্ট হয়ে ফুটে উঠল,—দেথলাম, সেটা হলো একটা জানলা, জানলার ভেতর দিয়ে নকল উষার ক্ষীণ আলো এসে পড়েছে একটা গোল ড্রেসিং-আয়নার ওপরে। উঠে দাড়ালাম। একটা অন্তত হুর্বলতা অহুভব করলাম, সোজা হয়ে দাঁড়িয়ে থাকতে পারছি না। কম্পান্বিত হুই হাত বাড়িয়ে জানলার দিকে অগ্রদর হলাম, একটা চেয়ারে ধান্ধা লেগে হাঁটুটা ছড়ে গেল। জানলার পর্দার দড়িটা থোজবার জন্মে আয়নার চারদিকে হাতডে বেড়ালাম। পেলাম না। হঠাৎ একটা দড়ির ওপর হাত পড়তে,

টানতেই স্প্রিংএর মতন শব্দ করে জানলার পর্দাটা উঠে গেল।

জানলার বাইরে গিয়ে যে দৃশ্য দেখলাম, তা আমার চোখে সম্পূর্ণ
নতুন লাগল। তথনও আকাশ আছের করে রয়েছে রাত্রি, পঞ্জীভ্ত
ধ্রল স্বচ্ছ মেঘের ভিতর থেকে অদ্রাগত উযার অর্ব পদধ্বনি বেজে
উঠছে। নিম্ন আকাশে মেঘের চাঁদোয়ার তলায় তলায় কীন রক্তবলয়
রেখা ফুটে উঠছে। আকাশের তলায় তথনও পর্যন্ত সর কিছু অন্ধকারে
অম্পষ্ট, দ্রে দেখা যাছে পাহাড়ের ছায়ামৃতি, ন্তরের পর হুর সৌধচ্ড়া
অন্ধকারে পঞ্জীভ্ত হয়ে রয়েছে, এখানে-ওখানে ছিটোন কালির মতন
বড় বড় গাছগুলো দাঁড়িয়ে রয়েছে, জানলার তলায় কালো ঝোপ-ঝাপ
আর ছাই-রঙা পথ এক হয়ে মিশে আছে। এত পরিচিত এই পরিবেশ
যে মনে হল, হয়ত এখনো স্বন্ন দেখছি। সামনে প্রসাবনের টেবিলটা
স্পর্শ করে দেখলাম, মনে হল, রীতিমত ভাল পালিশ-করা কাঠের তৈরী,
তার ওপরে ছোট ছোট কাট্ মাসের বোতল আর একটা বাদ্ রয়েছে।
একটা রেকাবির ওপর ঘোড়ার ক্রের মতন গড়ন কি একটা বিচিত্র বস্ত্ব
রয়েছে—কোথাও দেশলাই বা মোমবাতি কিছুই দেখতে পেলাম না।

সেথান থেকে দৃষ্টি ফিরিয়ে ঘরের ভিতরে আবার আবদ্ধ করলাম। জানলার পর্দা উঠিয়ে দেওয়ার দরুণ ঘরের ভেতরকার আসবাবপত্রের স্পষ্ট অঙ্গ-রেথা সব দেখতে পেলাম।

প্রদাধন-টেবিলটার ওপর ঝুঁকে পড়ে চোথ বন্ধ করলাম, আবার খুললাম; ভাবতে চেটা করতে লাগলাম। সমস্ত ব্যাপারটা এত সত্য বে বিশ্বপ্র বলে আর ভাবা চলে না। তথনও পর্যন্ত আমার শ্বৃতির মধ্যে একটা আবর্ত চলেছে। বে সম্পত্তি আমার পাবার কথা ছিল, সে সম্পত্তি পাওয়ার ঘোবণার আনন্দে হয়ত আমার পূর্ব-শ্বৃতি সমস্ত হারিয়ে ফেলেছি। হয়ত আর একটু অপেক্ষা করে থাকলেই সব জিনিয় পরিষ্কার, স্বছ্ক হয়ে উঠবে। বৃদ্ধ এভস্ক্লামের সঙ্গে আমার সেই নৈশ ভোকন তথনও পর্যন্ত আমার মনে গতরাত্রির ঘটনার মত

অতি স্পষ্ট হয়ে ছিল। স্থাম্পেন, সেই বেয়ারাগুলো আমার পোষাকের দিকে যারা চেয়েছিল, স্থরার পাত্রে সেই বিচিত্র গুঁড়ো মেশানো— আমি হলক কবে বলতে পারি, কয়েক ঘণ্টা আগেই তা আমার জীবনে ঘটেছিল। তারপরে এমন একটা জিনিব ঘটে গেল যা অতি তৃচ্ছ কিন্তু অতি ভয়ন্ধর,—যা মনে করতে আজও আমার বৃক্ক কেঁপে ওঠে। আমি চীৎকার করে বলে উঠলাম, কিন্তু এখানে এলাম কি করে? সঙ্গে সঙ্গে আমি বৃম্বলাম, এ কণ্ঠস্থর আমার নয়।

এ কণ্ঠস্বর আমার নয়; পাতিলা, উচ্চারণ ভাঙা-ভাঙা, মুথের প্রত্যেক পেশীর প্রতিক্রিয়া স্বতম। এই উপলব্ধি যে মিথাা নয়, সে সম্বন্ধে নিশ্চিত হবার জন্ম হাতের ওপর হাত রেখে দেখলাম, চামড়া আলগা হয়ে ঝুলে পড়ছে, বার্ধ ক্যের হাড় নড়বড় করছে। আমার কণ্ঠে যে স্বর তথন আধিপত্য করতে শুরু করে দিয়েছে, সেই ভয়াবহ কণ্ঠস্বরেই বলে উঠলাম, মিশ্চয়ই, নিশ্চয়ই এটা স্বপ্ন।

বলার সঙ্গে সঙ্গে মুথের মধ্যে আঙু লগুলো পুরে দিলাম। একটিও দাঁত নেই! থাকের পর থাক সাজানো সঙ্গুচিত মাড়ির আর্দ্র গহরব-গুলোর ওপর দিয়ে আঙ্লগুলো ফিরে এল। আতত্ত্বে ও বিরক্তিতে আমি বিভ্রান্ত হয়ে পড়লাম।

সেই সময় একটা তাঁব্র বাসনা আমাকে পেয়ে বসল, এই মুহূর্তে দেখতে হবে, কী ভয়াবহ পরিবর্তন আমার ঘাড়ের ওপর এসে পড়েছে,—তার সম্পূর্ণ মূর্তি দেখতে হবে। কোর রকমে টলতে টলতে ঘরের ভিতর টেবিলের কাছে গিয়ে দেশলাই পাওয়া যায় কি না দেখতে চেষ্টা করলীম। হচাৎ একটা তীব্র কাশি গলার ভেতর থেকে উঠল। দেখলাম আমার গায়ে একটা পুরু ফ্ল্যানেলের নাইট-গাউন রয়েছে। সেইটাই তাড়াতাড়ি ছড়িয়ে নিলাম। টেবিলের ওপর দেশলাই পেলাম না। সেই সময় ব্রুতে পারলাম, আমার হাত-পা, আঙু লের ডগা, সব হিম হয়ে এসেছে। নাফ দিয়ে সর্দি ঝরার সঙ্গে সঙ্গে আবার কাশি হয়ে হল, কাঁপতে কাঁপতে

আবার বিছানায় গিয়ে উঠলাম। বিছানায় ফিয়ে গিয়ে য়ান অহ্যোগেব হারে বলে উঠলাম, নিশ্চয়ই স্বপ্ন দেখছি শর্ম ছাড়া আর কিছুই নয়! রজেরা ঠিক এই রকম করে এক কথাই বারবার বলে। ঘাড়ের ছদিকে হাকাণ ঢেকে চাদরটা টেনে নিলাম, শীর্ণ হাত ছখানি গরম করবার জন্ম বালিশের তলায় চালিয়ে দিলাম, হির করলাম, নিজেকে স্থাহির করে নিয়ে ঘুমোবার চেটা করব! স্বপ্ন ছাড়া এ আর কিছুই নয়। সকাল বেলা স্বপ্ন যথন ভেঙে যাবে তথন আমি আবার যথাপুর্ব যৌবনের সমন্ত শক্তি আর তেজ নিয়ে শয়া থেকে জেগে উঠব এবং আবার পূর্ণ উছামে পড়াশে নায় মন দেব। চোথ বন্ধ করে নিয়মিত নিঃখাস-প্রখাস নিতে আরম্ভ করলাম, কিন্তু কিছুক্ষণ করার পর ব্র্লাম আমি জেগেই আছি। আপনার মনে ধীরে ধীরে তিনের নামতা আওড়াতে শুরু করে দিলাম।

কিন্ত যা কামনা করলাম, তা এল না। যুম আর কিছতেই এল না। পরিবর্ত নের রুড় বাস্তবতাকে আমাকে দিয়ে স্থীকার করিয়ে নেবার জন্মে মনের মধ্যে আবার শুরু হল চেষ্টা। কিছুক্ষণ পরে দেখলাম, স্পষ্ট চোথ চেয়েই শুয়ে আছি, তিনের নামতা ভূলে গিয়েছি, অন্থিমার আঙ্গুল দিয়ে মুখের ভেতরের মাড়ির গর্ত শুলি অমুভব করছি। অকত্মাং এবং অতি অল্লসময়ের মধ্যে সত্যই আমি বৃদ্ধ হয়ে গিয়েছি। কোন এক অনির্দেশ্য উপায়ে আমার জীবনধারা থেকে আমি বিচ্নত হয়ে গিয়েছি এবং সহসা বার্ধ ক্যের শেব সীমায় উপনীত হয়েছি। কে বেন সংগোপন এক প্রক্রিয়ায় আমার জীবনের যা কিছু শ্রেষ্ঠ … আমার যৌবন, প্রেম, শক্তি, সাধনা আনন্দ ও আশা, — সমন্তই আমার কাছ থেকে ঠকিয়ে চুরি করে নিয়ে পালিয়েছে। অসহায়ভাবে বালিশের মধ্যে যেন চুকে গিয়ে আমি নিজেকে বোঝাতে চেষ্টা করতে লাগলাম, এরকম মায়া-পরিবর্তন সন্তব। অগোচরে, ধীরে, বাইরে উবার আলো তথন স্প্রইতর হয়ে উঠছিল।

অবশেষে যথন বুঞ্লাম নিদ্রার আর কোন সম্ভাবনা নেই তথন বিছানার উঠে বসলাম এবং চারিদিকে চেয়ে দেখতে লাগলাম। হিমেক

ঊষার আলোয় ঘরের ভিতরটার সব স্পষ্ট হয়ে উঠেছিল। দেখলাম স্থপ্রশন্ত ঘরে দামী দামী সব আসবাব পত্র, সে রক্তম আসবাব-পত্তের মধ্যে জীবনে আর কোন দিন আমি রাত কটোইনি। এক কোণে একটা ছোট টুলের ওপর দেখলাম, মোমবাতি আর দেশলাই রয়েছে। গা থেকে চাদরটা সরিয়ে ফেলে দিয়ে প্রথম উবার সেই হিমেল আবহাওয়ায় কাঁপতে কাঁপতে উঠে গিয়ে মোমবাতিটা জালনাম। তারপর ভীষণ ভাবে কাঁপতে কাঁপতে কোন রকনে আয়নার সামনে বাতি তলে ধরে দাঁড়িয়ে দেখলাম,—দেখলাম, আয়নার ভিতরে স্পষ্ট এভস্ফামের মুখ! যদিও মনে মনে অস্পষ্ট সেই আশকাই করেছিলাম, কিন্তু এখন তার স্পষ্ট প্রমাণ দেখে আতক্ষে শিউরে উঠলাম। যথন তাকে আমি প্রথম দেখেছিলাম তথন তার হুর্বল জার্ণ দেহ দেখে আমার মনে করুণারই উদ্রেক হয়েছিল, কিন্তু এখন শুধু একটা আলগা নাইট-গাউনের ভিতর থেকে সেই সঙ্গতিত-স্কন্ধ জীর্ণ দেহ যথন চোথে পড়লো, যদিও ব্যলাম এখন সেটা আমারই নিজের দেহ, তবুও তার সেই অসহায় স্থবিরত্বের বর্ণনা করা আমার পক্ষেও অসম্ভব বোধ হল! গালের ছদিকে চটো গর্ত বদে গিয়েছে, মাথায় ধ্সর নোংরা চুলগুলোর ডগা ঝুলে ঝুলে পড়েছে, বাতগ্রন্থ রোগীর মত নিপ্সভ ঢোখ, ঠোট ছটো শুকিয়ে চুপদে গিয়ে কাঁপছে, নিচের ঠোটের ফাঁক দিয়ে ভেতরের মাড়ির লাল রেখা দেখা যাচ্ছে···আপনারা কল্পনা করতে পারবেন না, আমার মধ্যে সেই পৈশাচিক অবরোধের যন্ত্রণা কী মর্মান্তিক হয়েই না জেগে উঠেছিল! এই কয়েক ঘণ্টা আগে আমি ছিলাম পূর্ণ যৌবনের অধিকারী, যৌবনের আশা ও আনলে উদ্বেশ অার তার কয়েক ঘণ্টা পরেই আর্টাদে পড়ে একটা মুমূর্ দেহের ধ্বংসাবশেষের বোঝার চাপে নিজেকে নিম্পেষিত করে মেরে ফেলা · · · · ·

কিন্ত আমার মূল কাহিনীর ধারা থেকে আমি সরে যেতে চাই না। বিশ্চরই কিছুকাল ধরে নিজের এই পরিবর্তনের বেদনায় মূহ্মান হরে কাটিয়েছিলাম। দিনের আলো বাডার সঙ্গে সঙ্গে নিজেকে কতকটা সংহত করে নিয়ে ভাবতে চেষ্টা করলাম। বুঝলাম, কোন অজ্ঞেয় এক উপায়ে আমি এইভাবে পরিবর্তিত হয়ে গিয়েছি: কিন্তু মাঞ্জিক ছাড়া এ যে কী করে সম্ভব হল তা কিছুতেই ভেবে ঠিক করতে পারণাম না। চিন্তা করার সঙ্গে সঙ্গে মনের মধ্যে জ্বেগে উঠল, এভস্ফামের শয়তানী বিস্থার কথা। ক্রমশঃ আমি স্পষ্ট বুয়তে পারলাম, আমি যেমন তার দেহের বোঝা বইতে বাধ্য হয়েছি, তেমনি সে আমার সমস্ত ঘৌবন তার নিজের দেহে ভোগ করছে অমার সমন্ত শক্তি, সমন্ত যৌবন, অর্থাৎ আমার সমন্ত ভবিশ্বৎ এখন তার দেহগত। কিন্তু কী করে তা প্রমাণ করব ? ভাবতে ভাবতে ব্যাপারটা এমন কি আমারও কাছে এমন অবিশান্ত হয়ে উঠল যে আমার সমন্ত চেতনা যেন বিলুপ্ত হয়ে আমবার মতন হল, তাই নিজেকে নিজেই চিমটি কেটে আঘনার সামনে দাডিয়ে নিজের আঙ্ল দিয়ে মাড়িকে অন্তব করে দেখতে হল, আনি এখনো সচেতন আছি কি না। জীবনটা কি তাহণে একটা ভোজবাজির খেলা? আনি কি স্তিট্র এভসহাম ২য়ে গিয়েছি ? আর সে হয়েছে আনি ? গতরাত্রিতে কি ভাহলে আমি ইডেনের স্বংই দেখছিলাম ? ইডেন বলে কি সত্যি কেউ ছিল ? কিন্তু আমি যদি 'সত্যিই এভসহাস হই, তাহলে আমার মনে পড়া উচিত, আগের দিন স্কালে কোথায় ছিলাম, কোনু শহরে আনি বাস করতাম ? রাত্রিতে স্বপ্ন দেখার আগেই বা কি ঘটেছিল মনে করবার জন্ম প্রাণপণ চেষ্টা করতে লাগলাম। কাল রাত্রিতে আমার মনের মধ্যে যে ছটো লোকের মরণ-শক্তির সংঘাত বেধেছিল তা স্পষ্ট বুকতে গারলাম। কিন্তু এথন আমার মন দিবি। পরিষার। সেখানে ইডেনের শ্বতিতে যা থাকা উচিত, তা ছাড়া আর কারুরই কোন শ্বতির চিহ্নমাত্র নেই।

সেই পরিবর্তিত ক্ষীণ কঠে চীৎকার করে কেঁদে উঠলান·····এই ভাবেই লোকে উন্মাদ হয় ? কাঁপতে কাঁপতে উঠে দাঁড়ালাম, কোন রকমে ছর্বল জরাগ্রন্ত দেহটাকে মুথ-ধোবার বেসিনের কাছে নিয়ে এলাম, এক বেসিন ভতি ঠাণ্ডা জলে বিরল-কেশ মাথাটি তুবিয়ে দিলাম। তারপর গামছা দিয়ে মাথা মুছে আবার ভাবতে শুরু করণাম। কোন ফলই হল না। সন্দেহাতীত ভাবে ব্যলাম, আমার দেহের মধ্যে যে মন রয়েছে, যে মন হল ইডেনের কিন্তু হায়, দেহটা এভসহামের!

যদি তরুণ না হয়ে অশু যে কোন ব্য়ুদের হতাম, তা হলে হয়ত যাতুমুগ্ধ হয়ে গিয়েছি বলে কোন রকনে নিজেকে শান্ত করতে পারতাম। কিন্তু আজকের এই বৈজ্ঞানিক যুগে যাহ্নবিভার তো চনন নেই। এ নিশ্চয়ই মনস্তব্ধ-বিজ্ঞানের কোন স্ক্র্যা কায়দা। এক মোড়ক ওষুধ, আর চোথের দৃষ্টিতে যা সম্ভব হয়েছে, হয়ত সেই ওয়ুধ আর সেই দৃষ্টির সাহায়ে চিকিৎসায় তার প্রতিবিধানও ঘটতে পারে। মামুষ যে শ্বতিশক্তি হারিয়ে ফেলে, এ কিছু নতুন নয়। কিন্তু ... একজনের স্মৃতির বদলে আর একজনের স্মৃতি দেওয়া-নেওয়া, ঠিক যেমন ছাতি দেওয়া-নেওয়া,তা কি সম্ভব ? হেসে উঠলাম। হায়! যৌবনের সে বলির্চ হাসি নয়, বার্ধ ক্যের খনখনে কার্চ হাসি। হয়ত বৃদ্ধ এভস্ছান আমার অবস্থা দেখে হাসছে ... এই চিন্তা মনে হওয়ার সঙ্গে সঙ্গে এক হরন্ত ক্রোধের বহিং সমন্ত মনকে আচ্ছন্ন করে ফেলল। মেঝের চারিদিকে যে সব পোষাক পড়ে ছিল, তাই নিয়ে তাড়াতাড়ি পোষাক পরিবর্তন করতে শুরু করে দিলাম কিন্তু পোষাক পরেই মনে হল, এ তো সান্ধা-পোষাক 🛎 পোষাকের বাজ টেনে দেখলাম, ভেতরে খানকতক সাধারণ জামা আর প্যান্ট রয়েছে, আর একজোড়া পুরাণো নাইট-গাউন,। বার্ধক্য-মণ্ডিত শিরে বার্ধক্য-মুশোভন একটা টুপি পরলাম। পরিশ্রমের ফলে আবার কাশি দেখা দিল। কাঁপতে কাঁপতে ঘরের বাইরে এসে দাভালাম।

তথন হয়ত সকাল ছ'টা বেজে মিনিট পনেরো হবে। চারদিকে জানলায় দরজায় তথনো পর্দা জড়ানো, সমস্ত বাড়ী নিজন। ঘরের বাইরের চত্তরট বেশ প্রশৃত্ত, সেথান থেকে রীতিমত দামী কার্পেটে মোড়া একটা চওড়া সিঁড়ি নীচের অন্ধকার হলখরের দিকে নেমে গিয়েছে। সামনেই একটা দরক্ষা একট্থানি খোলা, দরজার ফাঁক দিয়ে একটা লেখবার ডেস্ক, একটা ঘোরানো বই-এর শেল্ফ, বসে পড়বার একটা চেয়ারের পেছন দিকটা, আর শেল্ফের ওপর থাকের পর থাক সাজানো মোটা মোটা বাধানো সব বই দেখা যাছিল।

ঠোটে ঠোট জড়িয়ে বলে উঠলাম, আমার পড়বার ঘর! তারপর .সেই দিকে এগিয়ে চললাম। নিজের গলার আওয়াজে হঠাং একটা কথা মনে এলো, শোবার ঘরে ফিরে গেলাম। একসেট নকল দাঁত পড়ে ছিল, সেটা পরলাম। পুরাণো অভ্যাসের মতন সেটা চমংকার বসে গেল। দাঁতে দাঁত চেপে বলে উঠলাম, তা মন্দ নয়!

পড়বার ঘরে এসে দেখলাম ডেক্টের ছ্রারগুলোতে চাবি দেওয়। ডেস্টের ঘোরানো মাথাটাও বন্ধ । কোথাও চাবি দেখতে পেলাম না। জামার পকেট হাতড়ালাম, পেলাম না। শোবার ঘরে কিরে গিয়ে নাইটগাউনের পকেট, ইতন্তত: যে হ'একটা জামা পড়েছিল, তাদের পকেট হাতড়ে দেখলাম। চাবিটার জল্যে ভীষণ ব্যস্ত হয়ে পড়লাম। তয় তয় করে খুঁজতে গিয়ে ঘরটার যে অবস্থা করলাম, লোকে দেখলে মনে করত যে, রাত্রিতে নিশ্চয়ই ঘরে চোর চুকেছিল। চাবি ত পাওয়াই গেল না, একটা সামান্ত পেনি বা এক টুকরো কোন কাগজ, কিছুই হাতে ঠেকল না। শুধু গত রাত্রির ডিনারের বিলটা দেখতে পেলাম।

একটা বিচিত্র অবসাদ সারা অদে নেমে এল। বলে পড়লাম, পোযাক-পত্র যেদিকে খুলি ছুড়ে কেলে দিয়েছি। জামার পকেটগুলো নব ওলটানো, সেই দিকেই এক দৃষ্টিতে চেয়ে রইলাম। আমার প্রথম উন্মাদনার ধাকা তথন কেটে গিয়েছে ব্যলাম। যতই চিন্তা করি, ততই স্পষ্টভাবে ব্যতে পাবি, আমার সেই শত্রু আমাকে ধরবার জন্মে যে ফাঁদ পেতেছিল, তার পিছনে ছিল কী বিপুল বৃদ্ধি। এই অভিজ্ঞাক্তির সঙ্গে স্বাবর ব্যতে পানি, কী অনুহার অবহার না আমি পড়েছি! চেটা করে আবার

উঠে দাঁড়ালাম এবং তাড়াতাড়ি পড়বার ঘরে আবার গিয়ে ঢুকলাম।
সিঁড়ির ওপর দেখলাম একজন পরিচারিকা পর্দাগুলো টেনে সরিয়ে দিছে।
আমাকে দেখে আমার দিকে চোখ বার করে চেয়ে রইল। মনে হল, আমার
মুখের ভঙ্গী দেখে সে অবাক হয়ে গিয়েছে। ঘরে ঢুকে দরজা বন্ধ করে
দিলাম। একটা কাঠি তুলে নিয়ে ডেফটা ঘেঁটে ঘেঁটে দেখতে লাগলাম।
তারা যখন আমাকে খুঁজে বার করে তখন দেখতে পায়, ডেস্কের ঢাকনাটা
জোর করে ভাঙা, ভেতরে চিঠির খোপ থেকে চিঠিগুলো চারদিকে ছড়িয়ে
পড়ে আছে। অসহায় বার্ধকোর ক্রোধে, টেবিলের ওপর হালা যে সব
জিনিষ পেয়েছি সব ছুঁড়ে ছুঁড়ে ফেলে দিয়েছি দোয়াতটা উল্টে কালি
ছিটিয়েছি। একটা বড় টব টেবিলের কাছে ছিল, সেটা পড়ে ভেঙে
গিয়েছে। কী করে ভেড়েছে তা জানি না। চেক বই বা টাকাকড়ি বা
আমার দেহকে ফিরিয়ে পেতে পারি এনন কোন আভাস, ইন্সিত, কোথাও
দেখতে পেলাম না। পাগনের মতন যথন ছয়ায়গুলোকে আঘাত করে
ভাঙতে শুরু করেছি, সেই সময় বাড়ীর বাট্লার ছজন পরিচারিকাকে সঙ্গে

এই হনো আমার পরিবর্তনের সংক্ষিপ্ত কাহিনী। আমার এই প্রলাপ কেউই বিশ্বাস করবে না। মন্তিক বিক্বত বনে আমার তিকিংসা হছে এবং এই মুহুর্তে আমি নজরবন্দীরূপে বাস করছি। কিন্তু আমার বিন্দুমাত্র মন্তিক-বিকৃতি ঘটেনি—বিন্দুমাত্র না; সেই কথা প্রমাণ করবার জন্তই আমার এই কাহিনী লিখতে বসেছি এবং এমনভাবে লিখছি, যাতে সামান্ত একটা শুত্রও না বাদ যায়। আমি আমার পাঠকদের অন্থরোধ করছি, তাঁরা আমার এই কাহিনী পড়ে বিতার করে দেখুন, এর লেখার ভন্দীর মধ্যে কিংবা গল্প-পরিচালনার মধ্যে কোখাও কোন মন্তিক-বিকৃতির চিহ্ন আছে কি না। একটি বৃদ্ধ, জরাজীর্ণ, হবির দেহের মধ্যে অবরুদ্ধ হয়ে রয়েছে আমার যৌবনদ্বপ্তি আমি,—এই সহজ সত্যটি লোকে বিশ্বাস করতে চায় না। যারা আমার এই কাহিনী বিশ্বাস করে না, বীভাবতই

তারা আমাকে পাগল বলে ধরে নিয়েছে। এটা খুবই স্বাভাবিক যে আমার সেক্রেটারীদের নাম আমি জানি না, যে সব ডাক্তার আমাকে দেখতে আদে তাদের আমি চিনি না, আমার ভূত্য বা প্রতিবেশী কাউকেই আমি জানি না, এমন কি, যে সহরে আমি এসে পড়েছি, তার নামও জানি না। তাই নিজের বাড়ীতে আমি নিজেকে হারিয়ে ফেলি এবং তার দরুণ হাজার রকমের অস্থবিধা ভোগ করি। তাই আমি যে সব প্রশ্ন করি, যারা শোনে স্বভাবতই তাদের অন্তত লাগে। তাই একান্ত স্বভাবতই আমি হতাশায় কেঁদে উঠি মাঝে মাঝে। কোন আশার চিহ্ন কোথাও দেখতে পাই না। টাকা প্রদা আমার কিছুই নেই, চেক-বইও নেই। ব্যাক্ত আমার স্বাক্ষর স্থীকার করতে চার না কারণ যদিও আমার হাত এখন জরাজীর্ণ কিছু তাতে ইডেনের অভ্যাস-মত ইডেনের হন্তাক্ষরই বেরিয়ে পড়ে। আমি যে নিজে বাাঙ্কে যাব, তাও এরা আমাকে যেতে দেবে না। ব্যক্তি, এই সহরে কোন ব্যাঞ্চ নেই এবং লণ্ডনের কোন একটা ব্যাক্ত আমার কিছু টাকা আছে। এভসহাম যে তার স্লিসিটরের নাম বাড়ীর কাউকে জানায় নি, এটা তাদের কথাবাঠা থেকে বুঝতে পারি। এভসহাম মনন্তর-বিজ্ঞানের একজন মন্ত বড় পণ্ডিত ছিল, তাই আমি এই ঘটনা সম্বন্ধে যে-সব কণা বলতে যাই, তারা মনে করে অতিরিক্ত মানসিক পরিশ্রমের ফলেই এই মন্তিক-বিক্লতি ঘটেছে। মাত্র কয়েকদিন আগে আমি ছিলাম যৌবন-উদ্বেল একজন তরুণ, আমার সামনে ছিল জীবনের পরিপূর্ণ আনন্দ-সন্তার। আর আজ আমি ক্রোধান্ধ, জরাজীর্ণ এক বৃদ্ধ, অপরিষ্ঠার, অপরিষ্ঠন্ধ, অসহায় ; সম্পূর্ণ অজানা বিরাট এক বাড়ীর ভিতরে বিপূল আসবাবের মধ্যে আঠ, বন্ধ জন্তর মত ঘুরে বেড়াচ্ছি পাগল বলে স্বাই আমাকে চোখে চোখে রেখেছে, সহত্বে সব বিষয় এড়িয়ে চলৈছে। ঠিক এই সমূরে কণ্ডনে এভসহাম বলিঠ যৌবনদীপ্ত দেহ নিরে

সম্পূর্ণ নতুন করে জীবন সম্ভোগ করে চলেছে, তার চরম সৌভাগ্য, আমার কাছ থেকে পাওয়া যৌবন-দীপ্ত দেহের আড়ালে আছে তার নিজের তিনকুড়ি আর দশ বছরের তিল তিল সঞ্চিত জ্ঞানের ভাগুার। সে চরি করে নিয়েছে আমার জীবন।

কী ভাবে কী যে ঘটন, তা আমি স্পষ্ট করে জানি না।
পড়বার ঘরে দেখলাম, রাশি রাশি পাণ্ডুলিপি, মান্নযের স্মরণ-শক্তির
বিজ্ঞান-তত্ত্ব সধক্ষে আলোচনা,—তার ধারে ধারে দেখছি সাঙ্কেতিক
ভাষায় কি সব লেখা; তার পাঠোদ্ধার করা আমার পক্ষে অসন্তব।
পাণ্ডুলিপির কোন কোন অংশ থেকে বোঝা যায় যে সে অস্কশান্তের
দর্শন সম্বন্ধেও মাথা ঘামাত। আমার সিদ্ধান্ত হল তার সমস্ত
স্মৃতি যা তিল তিল করে তার ব্যক্তিত্বকে গড়ে তুলেছিল, সে
তার ক্ষয়মান মন্তিক্ধ থেকে আমার মন্তিক্ষে চালিয়ে দেয় এবং ঠিক অন্তর্প
কোন পদ্ধতিতে আমার স্মৃতিকে তার পরিত্যক্ত দেহের মধ্যে চালিয়ে দেয়।
কার্যতঃ নে এক দেহ থেকে আর এক দেহে নিজেকে পরিবর্তিত করল।
কিন্তু কী ভাবে যে এই ঘটনা সন্তব হতে পারে, তা আমার দর্শন-বৃদ্ধির
বাইরে। আমার যেটুকু চিন্তাময় জীবন ছিল তাতে আমি বস্তুরাদী
বৈজ্ঞানিকই ছিলাম, কিন্তু এক্ষেত্রে সহসা দেখতে পেলাম যে মান্ত্র্য জড় বস্তু
থেকে নিজেকে বিচ্ছিন্নও করতে পারে।

শেষ অবলম্বন স্বরূপ একটা চরম পরীক্ষা করে আমি দেখব । সেই
বিষয়টা স্থির করে আমি লিখতে বসেছি। খাবার সময় একটা টেবিল-ছুরি
আমি সুকিয়ে সরিয়ে রেথেছিলাম। তার সাহায্যে এই লেখবার ডেম্বের
ভিতরে সম্পূর্ণ গোপন এক ছুয়ার আমি ভেঙে, দেখেছি যে তার ভিতরে
একটা ছোট সবৃজ্ব কাঁচের শিশি রয়েছে, শিশির ভিতরে শাদা মতন কি
একটা গুঁড়ো আছে। শিশিটার ঘাড়ের কাছে একটা লেবেলে শুধু একটা
কথা লেখা রক্ষেছে, মৃক্তি। হয়ত এটা—হয়ত কেন, নিশ্রুই, বিষ।
যদি এত যুত্তে শিশিটাকে লুকিয়ে না রাখা হত, তাহলে আমি অকার্যাসেই

ধরে নিতে পারতাম যে, এভস্হাম আমারই জল্যে এই বিষ রেথে দিয়ে গিয়েছে, যাতে করে এই বিষ গ্রহণের ফলে আমি মরে যাই; কারণ তার এই কার্যের একমাত্র সাক্ষী আমিই। এভস্হাম নিশ্চয়ই অমরত্বের সন্ধান পেয়ে গিয়েছে! আকম্মিকতার কথা বাদ দিয়ে, একথা অনায়াসে অমুমান করা যায় যে, দে পরমানন্দে আমার দেহে দীর্ঘকাল পর্যন্ত বাস করবে। তারপর কালক্রমে যথন সে দেহ আবার বৃদ্ধ হয়ে আসবে, তথন সেটাকে আবার ফেলে দিয়ে, নতুন কোন তরণ দেহকে ফাদে ফেলে তার যৌবন ও শক্তিকে গ্রহণ করবে। তার হয়য়হীনতার কথা মরণ করে তন্তিত হতে হয়, কিছু যথন ভাবি, এইভাবে দেহ থেকে দেহান্তরে পরিভ্রমণ করতে করতে নে কী অসামান্ত জ্ঞান আর অভিজ্ঞতারই অধিকারী না হবে ত্যান্তা, কতদিন ধরে সে এইভাবে এক দেহ থেকে আর এক দেহে পরিক্রমণ করে আসছে? শক্তির আর লিখতে পারছি না; ক্লান্তি ছেয়ে আসছে শেথছি গুঁড়োটা জলে গলে গেল ত্যান ব্যব থারাপও নয়ে ত্যা

নিঃ এভদ্য়ামের ডেম্বের ওপর বৈ কাহিনীর পাণ্ডলিপি পাওয়া যায়, তা এইথানেই শেষ হয়ে গিয়েছিল। ডেয় আর চেয়ারের মাঝানামি তাঁর মৃতদেহ পড়ে ছিল। চেয়ারটা উলটে পড়ে ছিল, মনে হয় য়ৢঢ়ৣয়-য়য়ৢঀার শেয় আক্ষেপের দরুণই উলটে য়য়। পাণ্ডলিপিটি পেন্সিলে খুব তাড়াতাড়ি বড় বড় অক্ষরে লেখা, সাধারণতঃ লিঃ এভদ্য়াম ধরে গরে ছোট ছোট স্পষ্ট অক্ষরে যেভাবে লিখতেন, তা নয়। এই সম্পর্কে মাত্র ছাট বিচিত্র ব্যাপার উল্লেখ করা এখনো বাকি আছে। একথা আরু স্থনিন্চিত যে, ইডেন আর এভদ্য়ামের মধ্যে একটা কিছু যোগাযোগ ছিল কারণ এভদ্য়ামের মৃত্যুতে তার সমস্ত সম্পত্তি তরুণ ইডেনের ওপরই বর্চায়। কিন্তু ইডেন সে সম্পত্তি গ্রহণ করবার স্থবোগ পায় নি। যথন এভদ্য়ান আত্মহত্যা করে, আশ্চর্যের ব্যাপার, ইডেন তার আগেই পরলোক গমন করেছে। মাত্র চবিস্প ঘটা আগে, গ্রাপ্তমুদ্ধর ষ্রীট যেথানে ইউটোন রোডের সঙ্গে মিলেছে, সেই

জনাকীর্ণ মোড়ের মাথায় রান্ডা পার হবার সময় সে একটা গাড়ীর ধাঞ্চায় আহত পড়ে যায় এবং সেইখানেই তংক্ষণাৎ তার মৃত্যু ঘটে। স্বতরাং এই অলোকিক কাহিনীর রহস্ত ভেদ করবার উপযুক্ত যে একটি মাত্র লোক ছিল, সে-ও এইভাবে সব ধরা-ছোঁয়ার বাইরে চলে গেল।

—नृटशस्त्रकः हटहे।शानाम

এইচ্জি ওয়েল্সের এই বইগুলোর অমুবাদও অভ্যুদয় প্রকাশ-মন্দির থেকে প্রকাশিত হয়েছে—

- • দি আইল্যাণ্ড অব্ ডক্টর মোরে।

 (২য় সংস্করণ) ২১
- দি ইনভিজিব্ল্ ম্যান (২য় সংস্করণ) ৯।০
- ছি ওয়ার অব্ দি ওয়ার্লডস্
 ২
- ছি ফার্স্ট মেন ইন ছি মুন ২

धन भटन द्वटनाद्व

- ছি ফুড অব্ছি গডস্
- দি শ্লীপার এ্যায়োয়েকস্